সাংখ্যদর্শন মূলতঃ দ্বৈতবাদী দর্শন, কেননা সাংখ্যমতে জগতের মূল তত্ত্ব দুটি — পুরুষ (আত্মা) ও প্রকৃতি (জড় সত্তা)। পুরুষ নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত চৈতন্যস্বরূপ। প্রকৃতি ত্রিগুণাত্মিকা — সত্ত্ব রজঃ ও তমঃ গুণের সাম্যাবস্থা। মঙ্গলাচরণ কারিকায় এই তত্ত্বদুটির সূচনা করা হয়েছে —

অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং নমামঃ
অজা যে তাং জুষমাণাং ভজন্তে জহতোনাং ভুঞ্জভোগাং নুমস্তান্ ১১

শুধুমাত্র যে মঙ্গলাচরণ কারিকার প্রথম চরণে প্রকৃতিকে নমস্কার করে দ্বিতীয় চরণে পুরুষকে নমস্কার করা হয়েছে তাই নয়, সাংখ্যকারিকার তৃতীয় কারিকায় সাংখ্যশাস্ত্রের যে চারটি প্রতিপাদ্য বিষয়ের কথা বলা হয়েছে, তার মধ্যে সর্বপ্রথমে প্রকৃতিতত্ত্বের ও সর্বশেষে পুরুষতত্ত্বের উল্লেখ করা হয়েছে —

মূল প্রকৃতিরবিকৃতির্মহাদ্যায়াঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত
ষোড়শকস্ত বিকারো ন প্রকৃতিবিকৃতয়ঃ পুরুষঃ ১২

চরকসংহিতা ভারতীয় আয়ুর্বেদ চিকিৎসাশাস্ত্রের আকর গ্রন্থ। বিশাল এই গ্রন্থে চরক বিভিন্ন রোগের কারণ, লক্ষণ, ঔষধতৈরি এবং রোগের চিকিৎসা-নির্ণয়ের কথা উল্লেখ করেছেন। চরকসংহিতায় আটটি স্থান আছে এবং ১২০ টি অধ্যায় আছে। এই আটটি স্থান হল — সূত্রস্থান, নিদানস্থান, বিমানস্থান, শারীরস্থান, ইন্দ্রিয়স্থান, চিকিৎসাস্থান, কল্পস্থান এবং সিদ্ধিস্থান। ভারতীয় চিকিৎসাবিজ্ঞানের ইতিহাসে চরকসংহিতা এত বড় ও বিষয়বহুল যে, এই সংহিতাটিকে মহাভারতের মতো বলা হয়েছে — চিকিৎসা বহিবেশস্য বৃশ্চাতুরহিতং প্রতি, যদিহাস্তি তদন্যত্র যন্নেহাস্তি ন তৎ কচিৎ ১৩

চরকসংহিতা যে এককালে বহুল সমাদৃত হয়েছিল তার প্রমাণ এই গ্রন্থের উপর অসংখ্য টীকা। চরকসংহিতার টীকাকারদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলেন চক্রপাণি দত্ত, তাঁর টীকার নাম আয়ুর্বেদ-দীপিকা, শিবদাসেনের চরকতত্ত্বদীপিকা, গঙ্গাধরকৃত কল্পতরু প্রভৃতি। চরকসংহিতার সূত্রস্থানের প্রথম অধ্যায়ে বলা হয়েছে শরীর, মন ও আত্মার মিলিতরূপই হচ্ছে পুরুষ। সেখানে একটি উপমার সাহায্যে দেখানো হয়েছে যে — তিনটি দণ্ডের সংযোগের ফলে যেমন একটি ত্রিদণ্ড প্রস্তুত হয়, যার উপর সব দ্রব্য রাখা যায়। তেমনি শরীর, মন ও আত্মার মিলিতরূপের দ্বারা যে-পুরুষ গঠিত হয়, সেই পুরুষেতেই সুখ,

দুঃখ, বিষয়, বাসনা, জ্ঞান, অজ্ঞান সব কিছু থাকে। শরীর, মন ও আত্মা এই তিনটি যতদিন পরস্পর থেকে বিচ্ছিন্ন না হয় ততদিন লোক জীবিত থাকে, চেতন এই পুরুষকে লক্ষ্য করেই আয়ুর্বেদশাস্ত্রের যা কিছু উপদেশ।

সত্ত্বমাত্মা শরীরঞ্চ ত্রয়মেতত্রিদণ্ডবত, লোকস্তিষ্ঠতি সংযোগাত্ তত্র সর্বং প্রতিষ্ঠিতম্।
স পুমাংশ্চেতনং তচ্চ তচ্চাধিকরণং স্মৃতম্, বিদেশ্যাস্য, তদর্থং হি বেদোহয়ং সম্প্রকাশিতঃ।।^{১৭}

চেতন শব্দের ব্যাখ্যা করতে গিয়ে চক্রপাণি দত্ত আয়ুর্বেদ-দীপিকা টীকায় চেতনাকে জ্ঞানবান্ বলে উল্লেখ করেছেন। চেতনমিতি জ্ঞানবত্।^{১৮} সাংখ্যপ্রবচনসূত্রে বলা হয়েছে — এই পুরুষ ভোক্তা অর্থাৎ সকলের দ্রষ্টা, পুরুষ শরীর প্রভৃতির ব্যতিরিক্ত — শরীরাদিব্যতিরিক্তঃ পুমান্।^{১৯}

চরকসংহিতায় পুরুষতত্ত্বের প্রভাব: চরকসংহিতার সূত্রস্থানের ২৫তম অধ্যায়ের ৮ থেকে ২০ সংখ্যক শ্লোক পর্যন্ত পুরুষের উৎপত্তির কথা বলা হয়েছে। এও বলা হয়েছে, আত্মাই কর্ম করেন এবং আত্মাই কর্মের ফল ভোগ করেন। চেতনাস্বরূপ আত্মা ছাড়া সুখ-দুঃখের প্রবৃত্তি হতে পারে না- আত্মাজঃ পুরুষে রোগাশ্চাত্মজাঃ কারণং হি সঃ।^{২০} শরীরব্যতিরেকে শারীরিক রোগের এবং মনের স্থিতি হতে পারে না। চরকসংহিতায় বলা হয়েছে, রস থেকেই প্রাণী ও তাদের রক্ত উৎপন্ন হয়ে থাকে। আবার জল থেকে এ রস উৎপন্ন হয়। অতএব জলই পুরুষের ও রোগের উৎপত্তির কারণ —

নর্ভে শরীরাচ্ছারীররোগো ন মনসঃ স্থিতিঃ।

রসজানি তু ভূতনি ব্যাধেষ্চ পৃথগ্বিধাঃ

আপো হি রসবতাস্তাঃ স্মৃতা নিবৃন্তিনিবৃন্তিহেতবঃ।^{২১}

চরকসংহিতায় পুরুষকে ষড়্-ধাতুজ বলা হয়েছে — ষড়্ধাতুজস্ত পুরুষো রোগাঃ ষড়্ধাতুজস্তথা, রাগিঃ ষড়্ধাতুজো হ্যেব সাংখ্যৈরাদ্যৈঃ পরীক্ষিতঃ।^{২২}

পুরুষ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম এই পঞ্চ ধাতু এবং আত্মা — এই ছয় ধাতু থেকে উৎপন্ন হয়েছে এবং রোগ সকলও এই ছয় ধাতু হতে জন্মেছে। এই পুরুষের ছয় ধাতুর সমষ্টিমাত্র প্রাণী সাংখ্যশাস্ত্রে ঋষিরা বলেছেন। ষড়্-ধাতুজ বলা হলেও মাতাপিতা ছাড়া পুরুষের উৎপত্তি সম্ভব নয়। একটি উদাহরণের সাহায্যে চরকসংহিতায় তা বোঝানো হয়েছে। যেমন পুরুষ থেকে পুরুষ, গরু থেকে গরু, অশ্ব থেকে অশ্ব জন্মায়, সেরূপ মাতা-পিতা থেকে পুরুষের, রোগসমূহও উৎপন্ন হয়। অতএব মাতা-পিতাই পুরুষের ও রোগসমূহের কারণ — পুরুষঃ পুরুষাদ্ গৌর্গোরশ্বাদশ্বঃ প্রজায়তে, মাতাপিতৃভবাস্তেজ রোগাস্তাবত্র কারণম্।^{২৩} আবার বলা হয়েছে, কর্ম থেকেই পুরুষের উদ্ভব। সৃষ্টির প্রথমে মাতা-পিতার অভাব ছিল। অতএব মাতা-পিতা কখনো জন্মের কারণ নয়। পূর্বজন্মার্জিত কর্মকে এক্ষেত্রে কারণ বলা হয়েছে। কর্ম হতেই পুরুষের উৎপত্তি, কর্ম হতেই রোগেরও উৎপত্তি। পুরুষের জন্ম বা রোগ কর্ম ছাড়া সম্ভব হয় না।

মাতাগিত্রোচ্চ পূর্বমুৎপত্তিনোপপদ্যতে।
 কর্মজন্তু মতো যন্তুঃ কর্মজাতস্য চাময়াঃ।
 নহ্যতে কর্মণো জন্ম রোগাণাং পুরুষস্য বা।

চরকসংহিতার শারীরস্থানে কর্ম থেকে যে পুরুষের উৎপত্তির কথা বলা হয়েছে, সেখানে বলা হয়েছে, যেহেতু পরমাত্মা অনাদি, অতএব তাকে কোনো কিছুর উৎপত্তির কারণ বলা চলে না। মোহ, ইচ্ছা ও দ্বৈষকৃতকর্ম থেকেই রাশিসজ্জক পুরুষ অর্থাৎ চতুর্বিংশতি পুরুষ উৎপন্ন হয় — পুরুষে রাশিসজ্জন্তু মোহেচ্ছাদ্বৈষকর্মজঃ।

পুরুষের স্বরূপ: পুরুষের স্বরূপ প্রসঙ্গে চরকসংহিতার শারীরস্থানে উল্লেখ পাওয়া যায়, সেখানে বলা হয়েছে — এই পুরুষ নিত্য, অনাদি। কিন্তু হেতুজাত পুরুষ অনিত্য-অনাদিঃ পুরুষো নিত্য বিপরীতস্ত হেতুজঃ। নিত্য আত্মার স্বরূপ হচ্ছে বিভূ, অব্যয়, ক্ষেত্রজ, শাশ্বত, অব্যর্থ ও অচিন্ত্য।

তদব্যক্তমচিন্ত্যং ব্যক্তমন্যাথা, অব্যক্তাত্মা ক্ষেত্রজঃ শাশ্বতো বিভূরব্যয়ঃ।
 তস্মাদ্ যদন্যাৎ তদ্ব্যক্তং বন্ধতে চাপরং দ্বয়ম্, ব্যক্তমৈন্দ্রিয়কঞ্চৈব গৃহ্যতে তদ্ যদিদ্ভিয়েঃ।
 অতোহন্যাৎ পুনরব্যক্তং লিঙ্গগ্রাহ্যমতীন্দ্রিয়ম্।

এখানে অব্যক্ত বলতে যা ইন্দ্রিয়ের সাহায্যে গ্রহণ করা যায় সেগুলো ভিন্ন যা কিছু অতীন্দ্রিয় লিঙ্গ গ্রাহ্য। আত্মা অব্যক্ত, শাশ্বত, বিভূ ও অব্যয়। অনাদি পুরুষের স্বরূপ হল—সৎ এবং নিত্যধর্মবিশিষ্ট। হেতুজাত পুরুষ অসৎ।

অব্যক্ত থেকে পুরুষ কিভাবে ব্যক্ত হয় সে সম্পর্কেও চরকসংহিতার শারীরস্থানের প্রথম অধ্যায় নির্দেশ পাওয়া যায়। সেখানে বলা আছে অব্যক্ত থেকে বুদ্ধির জন্ম হয়, আর এই বুদ্ধির সাহায্যেই অব্যক্ত নিজেকে মনে করে আমি কর্তা। অর্থাৎ বুদ্ধি হতেই অহঙ্কার উৎপন্ন হয়, অহঙ্কার থেকেই যথাক্রমে আকাশ প্রভৃতি পঞ্চভূতের উৎপত্তি। এইভাবে পুরুষ সম্পূর্ণ হলে তাকে জাতি বা অভূদিত বলা হয়। প্রলয়কালে পুরুষ এইসকল ইষ্টভাব থেকে বিযুক্ত হয়ে পড়েন। এইভাবে পুরুষ রজঃ তমোগুণ সংযুক্ত হয়ে অব্যক্ততা থেকে ব্যক্ততা এবং ব্যক্ততা থেকে আবার প্রলয় অব্যক্ততা হয়ে চক্রবৎ বারবার পরিবর্তিত হতে থাকে। যারা রজঃ ও তমোগুণযুক্ত দ্বন্দ্ব লিঙ্গ হন এবং অহঙ্কারপ মোহে আবিষ্ট হন, তাঁদেরই জন্ম ও মৃত্যু বারবার হতে থাকে, কিন্তু যারা অনাসক্ত এবং অহঙ্কার বুদ্ধিশূন্য তাঁদের বার বার জন্ম ও মৃত্যু হয় না, তাঁরাই মুক্তি লাভ করেন।

জায়তে বুদ্ধিরব্যক্তাদ্ বুদ্ধ্যাংহমিতি মন্যতে, পরং খাদীন্যাংহঙ্কারাদুৎপদ্যন্তে যথাক্রমম্।।
 ততঃ সম্পূর্ণসর্ব্বাসৌ জাতোহভূদিত উচ্যতে, পুরুষঃ প্রলয়ে চেষ্টা পুনর্ভাবৈর্ধিয়ুজ্যতে।
 অব্যক্তাব্যক্ততাং যাতি ব্যক্তদব্যক্ততাং পুনঃ, রজস্তমোগুণ্যবিষ্টচক্রবৎ পরিবর্ততে।
 যেমাং দন্দ্বৈ পরা সঞ্জিরহঙ্কারপরাশ্চ যে, উদয়প্রলয়ৌ তেবাং ন তেবাং যে ততোহন্যাথা।।

পুরুষ, রজঃ তমোগুণের সঙ্গে সংযুক্ত হলে এই সংযোগ হয় অনেকপ্রকার এবং এদের দ্বারা পুরুষ নিরাকৃত হলে একমাত্র সত্ত্ববুদ্ধি দ্বারাই এই সংযোগের নিবৃত্তি হতে পারে। অর্থাৎ রজঃ ও তমোগুণের সংযোগ হলে চতুর্বিংশতি পুরুষের সৃষ্টি হয় এবং রজঃ তমোগুণের অভাব হলে সত্ত্ববুদ্ধি দ্বারা পুরুষের মুক্তি হয়ে থাকে — রজস্তমোগুণাং যুক্তস্য সংযোগোহয়মনস্তবান্। তাত্যাং নিরাকৃতাত্যাং সত্ত্ববুদ্ধ্যা নিবর্ততে।^{১৬} সাংখ্যকারিকায় বলা হয়েছে ত্রিগুণাদি অর্থাৎ সত্ত্ব, রজঃ ও তমোগুণের বিপরীত পুরুষ হচ্ছেন সাক্ষী অর্থাৎ দুঃখ প্রভৃতি ছাড়া নিত্যমুক্ত, উদাসীন, দ্রষ্টা ও অকর্তা — তস্মাচ্চ বিপর্যাসাৎ সিদ্ধং সাক্ষিত্বমস্য পুরুষস্য। কৈবল্যং মাধাস্ত্যং দ্রষ্টৃত্বমকভূভাবশ্চ।^{১৭} সাংখ্যপ্রবচনসূত্রেও বলা হয়েছে পুরুষ জন্ম প্রভৃতি ব্যবস্থার জন্য বহু — জন্মদিব্যবস্থাতঃ পুরুষবহুত্বম্।^{১৮} এবং ব্যবস্থাদিজন্য পুরুষ বহু বলা হয়েছে — পুরুষবহুত্বম্ ব্যবস্থাতঃ।^{১৯}

চরকসংহিতায় পুরুষ সম্পর্কে বিভিন্ন মতবাদ: চরকসংহিতায় পুরুষ সম্পর্কে বিভিন্ন স্থানে বিভিন্ন মতবাদ দেখা যায় — কোথাও বলা হয়েছে চতুর্বিংশতিপুরুষ, কোথাও বা ষড়্ধাতু পুরুষ এবং কোথাও বা পুরুষ এক প্রকার বলে উল্লেখ করা হয়েছে — ষড়্ধাতুক একধাতুকচতুর্বিংশতিধাতুকশ্চেতি ধাতুভেদেন ত্রিবিধঃ পুরুষো ভবতীতি।^{২০}

চতুর্বিংশতি পুরুষ: চরকসংহিতায় ধাতুভেদের কল্পনানুসারে পুরুষকে চব্বিশ প্রকার বলা হয়েছে। মন, দশটি ইন্দ্রিয় ও পাঁচটি ইন্দ্রিয়ের অর্থ অর্থাৎ শব্দতন্মাত্র, স্পর্শতন্মাত্র, রূপতন্মাত্র, রসতন্মাত্র ও গন্ধতন্মাত্র এবং আটটি ধাতু বিশিষ্ট প্রকৃতি — এই চতুর্বিংশতি ধাতুর সমষ্টিকে চতুর্বিংশতিক পুরুষ বলে — পুনশ্চ ধাতুভেদেন চতুর্বিংশতিকঃ স্মৃতঃ, মনো দর্শেন্দ্রিয়াণ্যর্থাঃ প্রকৃতিশ্চাষ্টধাতুকী।^{২১} এই চব্বিশ প্রকার ধাতুর সমবায়কে চতুর্বিংশতি পুরুষ বলা হয়েছে। আটটি ধাতু বিশিষ্ট প্রকৃতি হল- আকাশ, জল, তেজ, বায়ু ও পৃথিবী—এই পঞ্চমহাভূত, বুদ্ধি অহঙ্কার ও অব্যক্ত এই আটটি— খাদীনি বুদ্ধিরব্যক্তমহঙ্কারস্তথাষ্টমঃ।^{২২} চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্- এই পাঁচটি বুদ্ধীন্দ্রিয়। বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ- এই পাঁচটি কর্মেন্দ্রিয়। মনঃ এবং শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটি পঞ্চতন্মাত্র। এই ষোলটিকে প্রকৃতির বিকৃতি বলে গণ্য করা হয়। অব্যক্ত ছাড়া অন্যগুলোকে ক্ষেত্র এবং অব্যক্তকে ক্ষেত্রের ক্ষেত্র বলা হয়েছে—অব্যক্তমস্ব ক্ষেত্রস্য ক্ষেত্রজ্ঞমৃষয়ো বিদুঃ।^{২৩}

সাংখ্যদর্শনে পঞ্চবিংশতিতত্ত্বের উল্লেখ দেখা যায়। জড়বর্গের আদি কারণ প্রকৃতি, এটি কার্য নয় কেবল কারণ। সাংখ্যদর্শনে কার্য-কারণতত্ত্ব সংকার্যবাদ নামে খ্যাত। সংকার্যবাদানুসারে কার্যোৎপত্তির পূর্বে কার্যকারণের মধ্যে প্রচ্ছন্নভাবে থাকে, কাজেই সাংখ্যমতে উৎপত্তির পূর্বে জগৎ জড়প্রকৃতির মধ্যে প্রচ্ছন্নভাবে ছিল। মূলপ্রকৃতি বা অব্যক্ত থেকে উদ্ভূত মহৎ, অহংকার ও পঞ্চতন্মাত্র—এরা সকলেই কার্যকারণ উভয়রূপ। অপরপক্ষে পঞ্চমহাভূত, পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চকর্মেন্দ্রিয় ও মন—এই ষোলটি কেবলমাত্র কার্য, এরা কারণ। পুরুষ সকলের উর্ধ্বে। এটি কার্যও নয়, কারণও নয়— মূলপ্রকৃতিরবিকৃতির্মহাদায়াঃ প্রকৃতি-বিকৃতয়ঃ সপ্তঃ। ষোড়শকস্ত বিকারো ন প্রকৃতিবিকৃতিঃ পুরুষঃ।^{২৪}

ষড়্-ধাতুজ পুরুষ: ক্ষেত্রবিশেষে পুরুষকে ষড়্-ধাতুজ বলা হয়েছে। আকাশাদি পঞ্চমহাভূত অর্থাৎ আকাশ, জল, তেজ, বায়ু, পৃথিবী এই পঞ্চমহাভূত এবং চেতনা ধাতু—এই ষড়্-ধাতুর সমষ্টিকেও চরকসংহিতায় পুরুষ বলে অভিহিত করা হয়েছে — খাদয়শ্চেতনাষষ্ঠা ধাতবঃ পুরুষঃ স্মৃতঃ।^{২৫} চক্রপাণির দত্ত চরকসংহিতার টীকায় চেতনা বলতে 'মনসংযুক্ত আত্মাকে' বুঝিয়েছেন। চক্রপাণির এই ব্যাখ্যানানুসারে,

যে আত্মা পুরুষ শব্দের দ্বারা উক্ত হয় তাকেই চেতনা বলে।^{২৬} এই চেতনাকে স্থান বিশেষে ব্রহ্মা বা অব্যক্ত ব্রহ্মরূপে অভিহিত করা হয়েছে। এজন্য চরকসংহিতায় আমরা দেখতে পাই — পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ ও অব্যক্ত ব্রহ্ম একত্রে মিলিত হলে পুরুষ বলে অভিহিত করা হয় — পৃথিব্যাপস্তেজো বায়ুরাকাশং ব্রহ্ম চাব্যক্তমিতি এত এব চ ষড়্-ধাতুবঃ সমুদিতাঃ ‘পুরুষ’ ইতি শব্দং লভন্তে।^{২৭} এই পুরুষের মূর্তি হচ্ছে পৃথিবী, ক্লেদ হচ্ছে জল, সন্তান হচ্ছে তেজ, প্রাণ হচ্ছে বায়ু, ছিদ্রসমূহ হচ্ছে আকাশ এবং অন্তরাত্মা হচ্ছে ব্রহ্মা-পুরুষস্য পৃথিবী মূর্তিরাপঃ ক্লেদঃ, তেজোহভিসন্তাপঃ, বায়ু প্রাণঃ, রিয়ং সুমিরানি, ব্রহ্মা অন্তরাত্মা।^{২৮} এই ছয় ধাতুর সমন্বয়ে গঠিত পুরুষ সাংখ্যদর্শনেও অনুমোদিত, একথা চরকের উক্তি থেকে পাওয়া যায়। তাই ষড়্-ধাতুর সমন্বয়ে গঠিত পুরুষকেও রাশিপুরুষ বলা হয়ে থাকে—

ষড়্-ধাতুজন্তু, পুরুষো রোগাঃ ষড়্-ধাতুজান্তথা
রাশিঃ ষড়্-ধাতুজো হ্যেব সাংখ্যৈরাদ্যৈঃ পরীক্ষিতঃ।^{২৯}

একক পুরুষ: অনেকে পুরুষকে চতুর্বিংশতি ধাতুজ ও ষড়্-ধাতুজ পুরুষ বলে গণ্য করা ছাড়াও এককভাবে চেতনাধাতুকেও পুরুষ বলে গণ্য করেছেন—চেতনাধাতুরপ্যেকঃ স্মৃত পুরুষসজ্জকঃ।^{৩০} চরকসংহিতার টীকাকার চক্রপাণি দত্ত কিন্তু ভিন্নমত পোষণ করেন। তার মতে কেবলমাত্র চেতনা ধারণ করে রয়েছে যে পুরুষ সে পুরুষ দর্শনের পুরুষ হতে পারে কিন্তু সে পুরুষের তো চিকিৎসা করা যাবেনা। চিকিৎসায়োগ্য হতে পারে একমাত্র ষড়্ধাতুবিশিষ্ট পুরুষ—তেন ন চেতনাধাতুরূপঃ পুরুষচিকিৎসায়ামনভিপ্রেতঃ কিন্তু শাস্ত্রান্ তরব্যবহারানুরোধাদিহাপ্যয়ং পুরুষশব্দো সঞ্জিত ইতি দর্শয়তি, চিকিৎসা বিষয়বস্ত্ত্ব ষড়্ধাতুক এব পুরুষঃ।^{৩১}

চরকসংহিতায় প্রকৃতি তত্ত্বের প্রভাব: চরকসংহিতায় প্রকৃতির স্বরূপ সম্পর্কে একটাই কথা বলা হয়েছে — বিকারো ধাতুবৈষম্যং সাম্যং প্রকৃতিরচ্যতে, সুখসংজ্জকমারোগ্যং বিকারো দুঃখমেব চ।^{৩২} অর্থাৎ ধাতুদের মধ্যে যে বৈষম্য দেখা যায়, তার নাম হচ্ছে বিকার বা রোগ। এদের যখন সমভাবে অবস্থান করতে দেখা যায়, তখন তার নাম হলো প্রকৃতি বা আরোগ্য। আরোগ্য নামই সুখ এবং রোগের নামই দুঃখ। টীকাকার চক্রপাণি দত্ত আয়ুর্বেদ-দীপিকা টীকায় বলেছেন যে—বায়ু প্রভৃতি এবং রস প্রভৃতির সাম্যাবস্থায়ই হলো প্রকৃতি।^{৩৩} অব্যক্ত হচ্ছে মূল প্রকৃতি। অহংকার হচ্ছে বুদ্ধির বিকার। এই বিকার হচ্ছে তিন প্রকার-ভূতপ্রকৃতি, তৈজস্ এবং বৈকারিক। প্রাণীদের স্থাবর জঙ্গম প্রকৃতি হলো ভূতপ্রকৃতি এবং সেখানে অব্যক্ত প্রকৃতিই শ্রেষ্ঠ। বুদ্ধি প্রভৃতি নিজকারনে বিকৃতিরূপা হলেও এবং নিজকার্যের অপেক্ষায় প্রকৃতিরূপে বিবেচিত হয় বলে তাকেও প্রকৃতি বলে। সাংখ্যদর্শনের তৃতীয় কারিকার ব্যাখ্যায় মূলপ্রকৃতি শব্দের অর্থ নিরূপণ প্রসঙ্গে বাচস্পতি বলেছেন।^{৩৪}

এই আলোচনা শেষে বলা যায়, সাংখ্যমতে পুরুষ সত্য ও বহু। প্রকৃতি ও সত্য। জগৎ সেই প্রকৃতির পরিণাম। সুতরাং সাংখ্যমতে জ্ঞানের কর্তা ও জ্ঞেয়পদার্থ উভয়ই সত্য, মিথ্যা নয়। চরকসংহিতায়ও পুরুষ বহুত্বের বর্ণনা সরাসরি না হলেও একের অধিক পুরুষের বর্ণনা পরিলক্ষিত হয়। সাংখ্যদর্শনে আমরা জানি যে, জন্ম-মরণ-করণ প্রভৃতির ভিত্তিতে সেখানে পুরুষবহুত্ব স্বীকৃত হয়েছে- জন্মমরণকরণানাং প্রতিনিয়মাদয়ুগপত্ প্রবৃন্তেচ, পুরুষবহুত্বং সিদ্ধং ত্রৈগুণ্য বিপর্যয়াচ্চৈব।^{৩৫} কিন্তু নিত্য শুদ্ধ বুদ্ধ মূল

পুরুষের জন্মমরণাদি কিছুই নেই। উপাধিভেদেই পুরুষের বহুত্ব হয়েছে।^{৩৩} আকাশ এক হলেও ঘট, পট প্রভৃতি উপাধিভেদে ঘটাকাশ, পটাকাশ ইত্যাদি বলা হয়। তেমনি স্বরূপতঃ পুরুষ এক হলেও সেহাদি উপাধিভেদেই তার ভেদ। সাংখ্যদর্শনে যেমন — পুরুষের অধিষ্ঠান ছাড়া প্রকৃতি ক্রিয়া করতে সক্ষম হই না, পুরুষের অধিষ্ঠান বশতঃই মহাদিক্রমে প্রকৃতির পরিণাম ক্রিয়া শুরু হয়। অনুরূপভাবেই চরকসংহিতায় অভিব্যক্তিক্রিয়ার পুরুষের অধিষ্ঠান স্বীকৃত হয়েছে। সাংখ্যদর্শনের মতোই মহাদিক্রমে সৃষ্টিতত্ত্বের বর্ণনা চরকসংহিতায় পাওয়া যায়। সেখানে বলা হয়েছে—অব্যক্তং মূলপ্রকৃতিঃ অহঙ্কারো বুদ্ধিবিকারঃ, স চ ত্রিবিধে ভূতাদিস্তৈজসো বিকারিকশ্চ ভূতানাং স্থাবরজঙ্গমানানাং প্রকৃতিভূতপ্রকৃতিঃ। তত্র চাব্যক্তং প্রকৃতিরো পরম্।^{৩৪} প্রকৃতির এই অভিব্যক্তিক্রিয়া সাংখ্যদর্শনে বর্ণিত অভিব্যক্তি ক্রিয়ার অনুরূপ। এই আলোচনা থেকে সিদ্ধান্ত করা যায় যে, সাংখ্যের পুরুষত্ব ও প্রকৃতিতত্ত্ব চরকসংহিতায় যথায়থভাবে প্রতিফলিত হয়েছে।

সংকেতসূচি :

সা. কা.-সাংখ্যকারিকা, চ. সি. - চরকসংহিতা সিদ্ধিস্থান, চ. সূ. - চরকসংহিতা সূত্রস্থান, জ. ক. - জল্পকল্পতরুটীকা
 আ. দী.-আয়ুর্বেদদীপিকাটীকা, সা. প্র. সূ. - সাংখ্য প্রবচনসূত্র, চ. শা. - চরকসংহিতা শারীরস্থান।

উল্লেখপঞ্জি :

১. সা. কা. (মদলাচরণ শ্লোক)।
২. সা. কা., কারিকা নম্বর ৩।
৩. চ. সি. ১২/৫৩-৫৪।
৪. চ. সূ. ১/৪৬-৪৭।
৫. আ. দী., চ. সূ. ১।
৬. সা. প্র. সূ. ১/১৩৯।
৭. চ. সূ. ২৫/৮।
৮. তদেব, ২৫/১২-১৩।
৯. তদেব, ২৫/১৫।
১০. তদেব, ২৫/১৬-১৭।
১১. তদেব, ২৫/১৮-১৯।
১২. চ. শা., ১/৫৩।
১৩. তদেব, ১/৫৯।
১৪. তদেব, ১/৬০-৬২।
১৫. তদেব, ১/৬৬-৬৯।
১৬. তদেব, ১/৩৬।
১৭. সা. কা, কারিকা নম্বর ১৯।
১৮. সা. প্র. সূ., ১/১৪৯।
১৯. তদেব, ৬/৪৫।

২০. জ. ক., চ. শা., ১।

২১. চ. শা., ১/১৭।

২২. তদেব, ১/৬৩।

২৩. তদেব, ১/৬৫।

২৪. সা. কা., কারিকা নম্বর ৩।

২৫. চ. শা., ১/১৬।

২৬. চেতনাযুগে ইত্যত্রৈব চেতনাশব্দেন চেতনাধারঃ সনমনঞ্চ আধা গৃহ্যতে। আ. দী., চ. শা., ১।

২৭. চ. শা., ৫/৪।

২৮. তদেব, ৫/৫।

২৯. চ. সূ., ২৫/১৫।

৩০. চ. শা., ১/১৬।

৩১. আ. দী., চ. শা., ১।

৩২. চ. সূ., ৯/৩।

৩৩. প্রকৃতিং বাতাদীনাং রসাদীনাঞ্চ সাম্যাবস্থাম্।

৩৪. মূলপ্রকৃতিরবিকৃতিঃ ইতি। প্রকারোত্তীতি প্রকৃতিঃ প্রধানম্ সত্ত্বরজতমসাং সাম্যাবস্থা। সা অবিকৃতিঃ প্রকৃতিরবেতার্থঃ।

৩৫. সা. কা., কারিকা নম্বর ১০।

৩৬. উপাধিভেদেহপোকস্য নানাযোগ আকাশস্যেব ঘটাদিভিঃ।

৩৭. আ. দী., চ. শা., ১।

নির্বাচিত গ্রন্থপঞ্জি : ইন্দ্রকৃষ্ণ। সাংখ্যকারিকা। সম্পা. পূর্ণচন্দ্র বেদান্ত চক্ৰ। কলিকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৮৩।
 চরক। চরকসংহিতা। সম্পা. হরিন্দন্ত শাস্ত্রী। চক্রপাণিদত্ত প্রণীত আয়ুর্বেদ-দীপিকা এবং জেজ্জট বিরচিত নিরন্তরপদব্যাখ্যা সমন্বিত। বোম্বে (অধুনা মুম্বাই): মতিলাল বানারসীদাস, ১৯৪৬ (২য় সং)।
 —। সম্পা. যাদবজী ত্রিকমজী আচার্য। চক্রপাণিকৃত আয়ুর্বেদ-দীপিকা সহ। বারাণসী: চৌখাম্বা সংস্কৃত সংস্থান, ১৯৮৪।
 —। সম্পা. নরেন্দ্রনাথ সেনগুপ্ত এবং বলাইচাঁদ সেনগুপ্ত। চক্রপাণিদত্ত প্রণীত আয়ুর্বেদ-দীপিকা টীকা এবং গঙ্গাধর বিরচিত জল্পকল্পতরু টীকা। বারাণসী: চৌখাম্বা ওরিয়েন্টালিয়া, ১৯৯১।
 —। সম্পা. সহ বাংলা অনুবাদ ব্রজেন্দ্রচন্দ্র নাগ। কলিকাতা: নবপত্র প্রকাশন, ১৯৯১ (প্রথম সং. ১৯৮৪)।
 ত্রিপাঠি, যোগেন্দ্র কুমার। ন্যায়সূত্র ও চরকসংহিতা। বারাণসী: ত্রিবিধা প্রকাশন, ১৯৮৭।
 বাচস্পতিমিশ্র। সাংখ্যতত্ত্বকৌমুদী। সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী। কলিকাতা: সংস্কৃত পুস্তক ভান্ডার, ১৯৯৯।
 চক্ৰ, বাগীশ্বর। আয়ুর্বেদ কা ইতিহাস। বারাণসী: চৌখাম্বা অমর ভারতী, ১৯৭৭।

किरणावल्यां परमाणुनिरवयवत्ववादः प्रलयो व्यानार्जी

प्रबन्धसारः - को अध्वा वेद क इह प्रवोचत् ... इयं विसृष्टिः॥ इत्याकारिका नैकविधा जिज्ञासा आसृष्टेः प्रचलिता । कार्यजगतोऽस्य कारणसन्ततिषु केषाञ्चन कारणानां दर्शनेऽपि पञ्चभूतात्मकस्यास्य कार्यजगतः किं तावन्निदानमित्यनुसन्धित्सूनां दार्शनिकानां परमाणुचिन्ताचमत्कृतिरुद्देतीति ज्ञायते। किरणावल्यां सम्प्राप्तानां पारमाणविकं समयमाश्रित्य किञ्चनाध्ययनमेवात्र समुपस्थाप्यते। तत्र तेनोक्तं गन्धवत्त्वलक्षणयुक्ता पृथिवी यदि अनित्या एव स्यात् तर्हि अनन्तावयवत्वात् अनवस्थादोषापत्तिः। ततः पृथिव्या नित्यत्वस्यापि स्वीकरणमुचितम्। परमाणुद्वयसंयोगेन द्रव्यणुकमुत्पद्यते अतः परमाणुः एव परिमाणतारतम्यविश्रामस्थानमिति सिद्धान्तः। परमाणुभ्यामारब्धं कार्यं न महत् . द्रव्यणुकस्य महत्त्वे कारणाभावात् । तस्मात्तेन द्रव्यणुकेन महद्द्रव्यमारभ्यमाणं बहुत्वसंख्यायोगिनैवेति सिद्धान्तः। पुनः द्रव्यणुकं न निरवयवद्रव्यारब्धं सावयवद्रव्यारब्धं वा कार्यद्रव्यत्वात् इत्यनुमानशङ्काया निरसनार्थमनवस्थाप्रतिहतत्वादिति सिद्धान्तितं ग्रन्थकारैः । इति द्रव्यणुकादिप्रक्रमसिद्धिः।

कूटशब्दाः - परमाणुनिरवयवत्ववादः, परमाणुः एव परिमाणतारतम्यविश्रामस्थानम्, द्रव्यणुकादिप्रक्रमसिद्धिः।

उपोद्धातः - को अध्वा वेद क इह प्रवोचत् । कुत आजाता कुत इयं विसृष्टिः॥ इत्याकारिका नैकविधा जिज्ञासा आसृष्टेः प्रचलिता । नैके दार्शनिकाः यथार्थरूपेण वक्तुं समर्थाः, कदा कस्मात् कथं वा जगदुत्पत्तिरासीदिति केचन स्वभाववशात्, परिणामवशात् केचित्, विवर्तवशात् चान्ये जगदुत्पत्तिं व्याख्यातवन्तः। कार्यजगतोऽस्य कारणसन्ततिषु केषाञ्चन कारणानां दर्शनेऽपि पञ्चभूतात्मकस्यास्य कार्यजगतः किं तावन्निदानमित्यनुसन्धित्सूनां दार्शनिकानां परमाणुचिन्ताचमत्कृतिरुद्देतीति ज्ञायते । किरणावल्यां सम्प्राप्तानां पारमाणविकं समयमाश्रित्य किञ्चनाध्ययनमेवात्र समुपस्थाप्यते । उदयनाचार्येण तदीयकिरणावल्यां नित्यानित्यभेदेन पृथिव्यां द्वैविध्यं विचार्यते । तत्र तेनोक्तं गन्धवत्त्वलक्षणयुक्ता पृथिवी यदि अनित्या एव स्यात् तर्हि अनन्तावयवत्वात् अनवस्थादोषापत्तिः। ततः पृथिव्या नित्यत्वस्यापि स्वीकरणमुचितम् ।^१ तत्र परमाणुलक्षणा नित्या इति । लोष्ट्रस्य विभज्यमानावयवस्याल्पतरमल्पतमम् च परिमाणमुत्तरोत्तरं भवति । अयमल्पतरत्वप्रसङ्गो यतो निवर्तते यतो नाल्पीयोऽस्ति स एव परमाणुः।^२ (If this element of earth be of the non-eternal variety only, there arises the absurdity of infinite regress with regard to component part[अनवस्था]. Moreover, even when any one of the component part is destroyed, the effect would have to be considered as without a substratum. Otherwise if the element of earth is of the eternal variety only, it would be something unproved. Moreover, an effect even though possessing the quality of smell, would have to be considered a new kind of substance.)

न हि अवयवावयविपरम्परा सीमाहीनेति वाच्यम् अनन्तावयवारब्धत्ववैलक्षण्याभावे पर्वतसर्षपयोः परिमाणभेदस्योपपत्तेरसम्भवात्। न च अवयवसंख्याभेदाभावेऽपि अवयवानां परिमाणतः प्रचयतश्च अवयविपरिमाणपार्थक्यं युक्तमिति युक्तम्, संख्यावैषम्याभावे तद्वयोरपि उपपत्तेरभावात्। प्रलये एव अवयवपरम्परापर्यवसानमित्यपि वक्तुं न युक्तम्, अन्तिमस्य कस्यापि अवयवस्य निरवयवत्वे प्रलयस्यैव असिद्धत्वात्, यतः अवयवविभागं अवयवविनाशं वा विना कस्यापि द्रव्यस्य विनाशो नैव भवितुमर्हति ।¹³

केचन वदन्ति त्रसरेणोः प्रत्यक्षसिद्धत्वात् विषयेऽस्मिन् प्रमाणान्तरगवेषणया को लाभः ? त्रसरेणोः अवयवकल्पनायां प्रमाणाभावेन परमाणोः निरवयवत्वमसिद्धमिति तत्र त्रसरेणोः अन्त्यावयवद्रव्यत्वं सिद्धमिति पूर्वपक्षिणः।¹⁴ विषयेऽस्मिन् केचन सिद्धान्तिनः अणुपरिमाणतारतम्यं क्वचिद् विश्रान्तं परिमाणतारतम्यात् महत्परिमाणतारतम्यवत् इत्यनुमानं स्वीकुर्वन्ति। एतदनुमानेन यत्र परिमाणतारतम्यं विश्राम्यति तस्य निरवयवत्वं सिद्धम्। अतः महत्परिमाणविशिष्टत्वात् अणुपरिमाणतारतम्यावधिः न स्यात् त्रसरेणुः। परमाणुद्वयसंयोगेन द्व्यणुकमुत्पद्यते अतः परमाणुः एव परिमाणतारतम्यविश्रामस्थानमिति सिद्धान्तः।

प्रशस्तपादाचार्येण तु द्व्यणुकादिप्रक्रमेण जगदुत्पत्तिः स्वीकृता। परन्तु द्व्यणुक एव प्रमाणाभावात् कथं प्रकारेणानेन स्थूलजगदुत्पद्यते ? प्रत्यक्षसिद्धाः तावत् त्रसरेणवः। प्रत्यक्षसिद्धत्वात् त्रसरेणोः महत्परिमाणविशिष्टत्वमपि प्रमाणसिद्धम्। द्रव्यस्य चाक्षुषतां प्रति रूपविशेषवन्महत्त्वस्यापि कारणत्वात्। अतः परमाणुतः त्रसरेणुत्पत्तिः, न पुनः द्व्यणुकोत्पत्तिः, प्रत्यक्षविषयत्वाभावात् महत्परिमाणरहितत्वात् च। तथा च परमाणव एव त्रसरेणववयवा इति कुतो द्व्यणुकमिति पूर्वपक्षिणः।¹⁵

महत्कार्यद्रव्यस्य कार्यद्रव्यारभ्यत्वनियमाद् द्व्यणुकसिद्धिरिति उदयनाचार्यसिद्धान्तः। महत्परिमाणविशिष्टकार्यद्रव्याणां समवायिकारणरूपेण कार्यद्रव्यस्यावस्थितिः दृश्यते। नियमेनानेन त्रसरेणुरूपमहत्परिमाणविशिष्टकार्यद्रव्यस्य समवायिकारणरूपद्व्यणुकम् अनुमानप्रमाणेन सिद्ध्यति। परमाणुभिः मिथः संयोगेन महत्कार्यद्रव्यस्योत्पत्तौ स्वीकृतायाम् त्रसरेणवादिप्रक्रमेण सृष्टिप्रक्रियाया अपि अनावश्यकता दृश्यते। पुनश्च घटपटादीनां महदवयवद्रव्याणाम् आन्तरालिकावयवधारातः उत्पत्तेः प्रत्यक्षसिद्धत्वात् सृष्टिप्रक्रियायाम् द्व्यणुकादिक्रमस्वीकरणमुचितमिति दिक्।¹⁶

अवयवावयविशृङ्खला यथा परमाणौ विश्राम्यति तद्वत् अवयवसंख्यापकर्षः क्वचिद् विश्राम्यति। तत्र त्रित्वसंख्याया अपकर्षकाष्ठाभावात्, द्वित्वसंख्याया एकत्वहेतुत्वात् अपकर्षकाष्ठासम्भवात् द्व्यणुकादिप्रक्रमेण जगदुत्पत्तिसिद्धान्तः अभ्रान्तः। एकत्वसंख्याविशिष्टावयवस्य अवयव्यारम्भकत्वं नास्ति अवयवसंयोगानुपपन्नत्वात् असमवायिकारणाभावात् च। अवयवगतानेकत्वस्यापेक्षा विद्यते अवयवापेक्षया च अवयविनोऽधिकपरिमाणत्वनियमात्। तस्मात् द्वित्वस्य अपकर्षपर्यन्तत्वात् तदादिरयमारम्भः। परमाणुभ्यामारब्धं कार्यं न महत्, द्व्यणुकस्य महत्त्वे कारणाभावात्। तस्मात्तेन द्व्यणुकेन महद्द्रव्यमारभ्यमाणं बहुत्वसंख्यायोगिनैवेति सिद्धान्तः।¹⁷

द्व्यणुकवत् परमाणवोऽपि बहुत्वसंख्यामाश्रित्य महत्कार्यमारभन्त इति न युक्तम् अनियमारम्भस्य निषिद्धत्वात्। कारणकारणस्य कार्यकार्यजातीयानारम्भकत्वात् पटोत्पत्तौ तन्तूनामेव कारणत्वं न च तत्कारणानामंशूनामपि। एतेनानुमीयते त्रसरेणवो न निरवयवद्रव्यारब्धाः, परन्तु द्व्यणुकारब्धा एव। पुनः द्व्यणुकं न निरवयवद्रव्यारब्धं सावयवद्रव्यारब्धं वा कार्यद्रव्यत्वात् इत्यनुमानशङ्काया निरसनार्थमनवस्थाप्रतिहतत्वादिति सिद्धान्तितं ग्रन्थकारैः। इति द्व्यणुकादिप्रक्रमसिद्धिः।¹⁸

उल्लेखपञ्जिः

१. सेयं पृथिवी यद्यनित्यैव, तदा अवयवानवस्था स्यात् । एकस्य हि कस्यचिदवयवस्य निवृत्तौ निराश्रयञ्च कार्यमापद्येत । अत्र नित्यैव, निष्प्रमाणिका तर्हि स्यात् । कार्यञ्च गन्धवदपि द्रव्यान्तरं स्यात् । अत आह सा च द्विविधा, नित्याचानित्या चेति । — गौरीनाथ-शास्त्री (संपा.), किरणावली, महाभूतचतुष्टयप्रकरणम्, तृतीयभागः, पृ. ११३ ।

२. तथाहि स्थूलकार्यस्य लोहादेरवयवक्रियाविभागादिन्यायेन विभज्यमानस्याल्पतरतमादिभावात् यतो नाल्पीयस्तं परमाणुमावक्ष्ये । — तदेव, पृ. ११६ ।

३. एष हि अवयवावयवविप्रसङ्गो न तावन्निरवधिरेव । अनन्तावयववारब्धत्वाविशेषेण मेरुसर्षपयोः परिमाणभेदानुपपत्तेः । न च कारणसंख्या अतिविशेषेऽपि परिमाणप्रचयाभ्यां विशेष इति युक्तम् । तयोरपि संख्याविशेषाभावेऽनुपपत्तेः । नापि प्रलयावधिः कस्यचिदन्यस्य निरवयवत्वे तदनुपपत्तेः । द्रव्यस्यावयवविभागविनाशाभ्यां विना विनाशाभावात् । — तदेव, पृ. ११८ ।

४. निरवयवावधिरयमवयवावयवविप्रसङ्ग इति विज्ञायते । तकिर्तमेव, न तु प्रमितमिति चेत् ; अत्र कश्चिदाह । किञ्च प्रमाणान्तरगवेषणया, त्रसरेणोः प्रत्यक्षसिद्धत्वात् । तस्य च अवयवकल्पनायां प्रमाणाभावेन निरवयवत्वात् । — तदेव, पृ. १२२ ।

५. ननु कोऽयं द्रव्यणुकादिप्रक्रमो, द्रव्यणुक एव प्रमाणाभावात् । त्रसरेणवस्तावत् प्रत्यक्षसिद्धाः । ते च चाक्षुषद्रव्यत्वादेव महान्तः । द्रव्यस्य चाक्षुषतां प्रति रूपविशेषवन् महत्वस्यापि कारणत्वात् । अन्यथा दूरदूतरादौ तत्प्रकर्षानुविध्यनुपपत्तेः । महत्त्वे सति रूपवत्त्वात् क्रियावत्त्वाच्च ते सावयवाः कार्याश्च । अन्यथा अवयवगतसंख्याद्यनुपपत्तौ महत्वानुपपत्तेः । नित्यत्वे प्रकर्षकाष्ठाप्राप्त्याल्लभाभावस्य महत्वविरोधात् । न च त्रसरेणववयवा अपि सावयवास्तदवयवकल्पनायां प्रमाणाभावात् । न हि त्रसरेणवत् तेऽपि महान्तः, रूपविशेषवतां महतां चाक्षुषत्वप्रसङ्गात् यद्यपि च ते महत्वव्यावृत्तेरनुपरिमाणा निरवयवत्वाच्च प्रचयवञ्चितास्तथापि बहुत्वान् महत्कार्यद्रव्याण्यारप्स्यन्ते । तथा च परमाणव एव त्रसरेणववयवा इति कुतो द्रव्यणुकम् । — तदेव, पृ. १७७ ।

६. उच्यते । महत्तः कार्यद्रव्यस्य कार्यद्रव्यारभ्यत्वनियमाद् द्रव्यणुकसिद्धिः । अन्यथा परमाणुभिरेव बहुत्वसंख्योपेतैर्महद्द्रव्यारम्भे गोघटादेरपि तैरेवारम्भसम्भवाद् आन्तरालिकाल्याल्पतरादिकार्योपलम्भविरोधात् । — तदेव, पृ. १८१ ।

७. उच्यते । यथा हि अवयवावयवविप्रसङ्गः परमाणुषु विश्राम्यति तथायमवयवसंख्यापकर्षः क्वचिद् विश्राम्येत् । न च त्रित्वमपकर्षकाष्ठा द्वित्वैकत्वयोः सम्भवात् । तत्रैकमनारम्भकम्, अवयवसंयोगानुपपत्तौ असमवायिकारणाभावात् । अनेकसंख्याभावे च अवयविनोऽवयवापेक्षयाधिकपरिमाणानुपपत्तेः । अवयवापेक्षया च अवयविनोऽधिकपरिमाणत्वनियमात् । एकस्य च अवयवस्य विभागानुपपत्तौ तत्कार्यस्य विनाशारम्भके नित्यत्वप्रसङ्गात् । तथा च द्वित्वमपकर्षपर्यन्तः । तदादिरयमारम्भः । तच्च द्वाभ्यां परमाणुभ्यामारब्धं कार्यं न महत् । तथात्वे तस्य कारणाभावात् । तदपि द्रव्यणुकं यदि नारभेत, यदि च द्वित्वसंख्यायुक्तमारभेत, उभयथापि तदुत्पादनवैयर्थ्यं स्यात् । तस्मात्तेन महद्द्रव्यमारभ्यमाणं बहुत्वसंख्यायोगिनैवैवेति नियमः । — तदेव, पृ. १८८ ।

८. न च द्रव्यणुकवत् परमाणवोऽपि बहुत्वमाश्रित्य महत्कार्यमारभन्त इति युक्तम् । अनियमारम्भस्य निषिद्धत्वात् । कारणकारणस्य कार्यकार्यजातीयानारम्भकत्वात् । न हि तन्तवः पटमारभन्ते तत्कारणञ्चाशव इति । तस्माद् विवादध्यासितास्त्रसरेणवो न निरवयवद्रव्यारब्धाः सावयवारब्धा इति वा । महत्त्वे सति कार्यत्वात् । उभयवादिसिद्धद्रव्यणुकारब्धत्रसरेणवद् घटवद् वेति । न स्याच्च द्रव्यणुकमपि न निरवयवद्रव्यारब्धं, सावयवद्रव्यारब्धं वा कार्यद्रव्यत्वादिति । अनवस्थाप्रतिहतत्वादिति द्रव्यणुकादिप्रक्रमसिद्धिः । — तदेव, पृ. १९१ ।

निर्वाचितग्रन्थपञ्जिः

अन्नंभट्टः । तर्कसंग्रहः । संपा. नारायणचन्द्र-गोस्वामी । कोलकाता: संस्कृत-पुस्तक-भाण्डार, १४१० चङ्गाब्दः ।

उदयनाचार्यः । किरणावली । संपा. गौरीनाथ-शास्त्री । कोलकाता: पश्चिमबंग-राज्य-पुस्तक-पर्यद, १९९० ।

कणादः । वैशेषिकसूत्रम् । संपा. तुण्डिराज-शास्त्री । प्रशस्तपाद-भाष्यसहितम् । वैशेषिकदर्शनम् । वाराणसी: चौखम्बा-संस्कृत-संस्थानम्, २००२ ।

गौतमः । न्यायसूत्रम् । संपा. फणिभूषण-तर्कवागीशः । न्याय-दर्शनम् । कोलकाता: पश्चिमबंग-राज्य-पुस्तक-पर्यद, २००१ ।

प्रशस्तपादः । प्रशस्तपाद-भाष्यम् । संपा. श्रीनिवास-शास्त्री । गाजियाबाद: इण्डो-विजन-प्राइवेट-लिमिटेड, १९८४ ।

— । संपा. श्रीदुर्गाधरझा-शर्मा । वाराणसी: चौखम्बा-संस्कृत-संस्थानम्, १९९३ ।

विश्वनाथ-भट्टाचार्यः । भाषापरिच्छेद-कारिकावली । संपा. लोकमणि-दाहालः । वाराणसी: चौखम्बा-सुरभारती, २००४ ।

English Book

Raghunātha-Śiromaṇi. *Padārthatattvanirūpaṇa*. Ed. Madhusudan Bhattacharya. The Padārthatattva-nirūpaṇam. Calcutta (now Kolkata): Sanskrit College, 1976.

Śaṅkara-Miśra. *Vaiśeṣika-sūtrapaskāra*. Ed. S.N. Mishra. Varanasi (now Benares): Chaukhamba Sanskrit Sansthan, 1995.



... ..

- ।
- ।
- ।
- ।
- ।
- ।

শ্রীমদ্ভগবদ্গীতার আলোকে প্রকৃতি ও পুরুষ সূদীপ্তা হালদার মহিতি

গীতা হল পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ধর্মগ্রন্থ। গীতা মূলতঃ শ্রীকৃষ্ণের মুখনিঃসৃত বাণী। উপনিষদ, গীতা ও বেদান্তদর্শন—এই তিন শাস্ত্রকে 'প্রস্থানত্রয়ী' বলা হয়। গীতাতে শ্রীভগবান সনাতনধর্মের বিভিন্ন অঙ্গসমূহের একত্র সমাবেশ করে সমগ্র স্বরূপকে দর্শন করেছেন। তবে গীতা কেবলমাত্র সনাতন ধর্মেরই উপদেশ প্রদান করে না, গীতা বৈদিক কর্মবাদ, সাংখ্যের প্রকৃতিবাদ, উপনিষদের ব্রহ্মবাদ, যোগানুশাসন, প্রতীকোপাসনা প্রভৃতি আলোচনা করেছে। সুতরাং গীতা হল স্বয়ম্ভূ, সর্বতঃ প্রসারী, স্বতঃপূর্ণ। গীতা হল মানব ধর্মগ্রন্থ। গীতাতে জগতের সৃষ্টি, ক্রম, জ্ঞান, ধ্যান, ভক্তির সমন্বয় ব্যাখ্যাত হয়েছে।

শ্রীমদ্ভগবদ্গীতায় ত্রিগুণাত্মিকা প্রভৃতি সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনটি গুণের বৈচিত্র্যে জগতের বৈচিত্র্য, বৈষম্য প্রভৃতি বিস্তৃতরূপে ও বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গিতে ব্যাখ্যাত হয়েছে। সমগ্র জড়প্রপঞ্চের যেটি অমূল মূলতত্ত্ব, তাই হল প্রকৃতি। তাই সাংখ্যসূত্রে বলা হয়েছে— 'মূলে মূলাভাবাদমূলং মূলম্।' জগতের যা মূল উপাদান তার নামই হল প্রকৃতি। এটি অনাদি, অন্তহীন, নিত্য, অসীম, অতিসূক্ষ্ম, অলিঙ্গ ও নির্বিশেষ। প্রকৃতির নামান্তর হল প্রধান, অব্যক্ত, ত্রেণ্ড্য ইত্যাদি। এই অব্যক্তের পরিণামই ব্যক্ত জগৎ। তাই গীতায় বলা হয়েছে —

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।

অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥২॥

সত্ত্ব, রজঃ, তমঃ — এই তিন গুণের সাম্যবস্থাই এই অব্যক্ত অবস্থা তাই প্রকৃতির অপর নাম হল ত্রেণ্ড্য। এই তিনগুণের স্বভাব পরস্পর বিরোধী। গীতার চতুর্দশ অধ্যায়ে এই তিনটি গুণের বৈশিষ্ট্যস্বরূপ বলা হয়েছে।

তত্র সত্ত্বং নির্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্।

সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ ॥

রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্।

তন্নিবধ্নাতি কৌন্তেয় কর্মসঙ্গেন দেহিনম্।

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্বদেহিনাম্।

প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত ॥৩॥

অতএব, সত্ত্বের স্বভাব প্রকাশ বা জ্ঞান, তমঃ গুণের স্বভাব হল অপ্রকাশ বা মোহ এবং রজের প্রকৃতি হল কর্মপ্রবণতা। অতএব, জড়বিজ্ঞানের ভাষায় বলা যায় যে, রজঃগুণের স্বভাব হল গতি বা বল অর্থাৎ energy, Activity তমঃগুণের স্বভাব হল বাধা প্রদান করা অর্থাৎ resistance সত্ত্বঃগুণ হল উভয়ের সামঞ্জস্যকারক অর্থাৎ harmony.

প্রলয়কালে এই তিনটি গুণ সাম্যাবস্থায় থাকে অর্থাৎ তুল্যবলে তৃষ্ণীভাবে যা অবস্থান করে তাই হল অব্যক্তাবস্থা। সৃষ্টিকালে গুণত্রয়ের সাম্যভঙ্গ হয় এবং বিসদৃশ পরিণামাত্মক সৃষ্টি আরম্ভ হয়। কোন সময়ে সত্ত্ব প্রবল হয়ে প্রকাশ, জ্ঞান, সুখ এই সকল উৎপন্ন করে, কোন সময়ে রজঃগুণের প্রাবল্যে চঞ্চলতা, প্রবৃত্তি, দুঃখ এই সকল আনয়ন করে, কোথাও তম-গুণের প্রাবল্যে মোহ, অজ্ঞান বা জড়তা উৎপাদন করে। জগতের সকল পদার্থ এই তিনটি গুণের ন্যূনাধিক্যে সৃষ্ট। তিনটি গুণ ব্যতীত পদার্থ নেই। তাই গীতার অষ্টাদশ অধ্যায়ে বলা হয়েছে।

ন তদন্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।

সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাৎ ত্রিভিগুণৈঃ॥৯

নির্জীব পদার্থে তমোগুণ দ্বারা সত্ত্ব সম্পূর্ণ আবৃত থাকে। সুতরাং, তারা অচেতন, অচঞ্চল। কিন্তু তাদের অভ্যন্তরে রজোগুণের ক্রিয়াও চলতে থাকে। বৃক্ষলতাদিতে তমোগুণের প্রাধান্য রজঃ, সত্ত্বগুণ তাতে পরিস্ফুট তাদেরও অনুভূতি ও চেতনা আছে। ইতর জন্তুতেও তিনটি গুণই পরিস্ফুট। কিন্তু তমঃ ও রজোগুণের আধিক্যে সত্ত্বগুণ অভিভূত থাকে। তবে মনুষ্যে তিনটি গুণই স্পষ্টরূপে পরিস্ফুট হলেও বুদ্ধি, বিবেক, বিচারশক্তি প্রভৃতি সত্ত্বগুণের লক্ষণ সকলের মধ্যে সমান থাকে না। শাস্ত্রে গুণ ভেদানুসারে কর্মভেদ ও উপাসনা প্রণালীর থাকে না। শাস্ত্রে গুণভেদানুসারে কর্মভেদ ও উপাসনা প্রণালীর ভেদ নির্দিষ্ট হয়েছে। সকল সাধনার উদ্দেশ্য হল তমঃ ও রজঃগুণ অর্থাৎ অজ্ঞান ও কাম ক্রোধাদিকে দমন করে সত্ত্বগুণের উৎকর্ষ সাধন করা এবং পরিণামে সত্ত্বগুণকে অতিক্রম করে ত্রিগুণাতীত হওয়া।

সৃষ্টির প্রারম্ভে প্রকৃতির সাম্যভঙ্গ হলে তার প্রথম যে পরিণাম হয়, তার নাম মহত্ত্ব। মহত্ত্বের পরিণাম অহঙ্কার। প্রকৃতির পরিণামে মহত্ত্ব বা বুদ্ধিতত্ত্ব উৎপন্ন হলেও তা একবস্তুরই থাকে। যে গুণের প্রভাবে একবস্তুরপরতার নাশ হয়ে বহুবস্তুরই থাকে। যে গুণের প্রভাবে একবস্তুরপরতার নাশ হয়ে বহুবস্তুরপরতা উৎপন্ন হয়, তাই হল অহঙ্কার। অহঙ্কারের অর্থ হল আমি পৃথক, তুমি পৃথক, এইরূপ ভাব। অন্যের থেকে পৃথক থাকার অভিমানকে অহঙ্কার বলে। মনুষ্যে প্রকটীভূত অহঙ্কার এবং যে অহঙ্কার প্রযুক্ত বিবিধ মূল পরমাণু একবস্তুর প্রকৃতি থেকে নির্মিত হয়, তাদের জাতি একই। সাত্ত্বিক, রাজসিক ও তামসিক গুণভেদে অহঙ্কারের ভেদ দৃষ্ট হয়। অহঙ্কার আপন শক্তি দ্বারা ভিন্ন ভিন্ন পদার্থ উৎপন্ন করতে আরম্ভ করলে তার বুদ্ধিও দুটি শাখায় বিভক্ত হয়ে সেন্দ্রিয় ও নিরিন্দ্রিয় পদার্থের সৃষ্টি করে। সত্ত্বগুণের উৎকর্ষের দ্বারা পঞ্চ কর্মেন্দ্রিয় অর্থাৎ হস্ত, পদ, বাক্, পায়ু, উপস্থ, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় অর্থাৎ চক্ষু, কণ, নাসিকা, জিহ্বা, হৃৎ এবং উভয়েন্দ্রিয় মন এই একাদশ ইন্দ্রিয় সৃষ্টি হয়। অন্যদিকে, তমোগুণের উৎকর্ষ হেতু পঞ্চতন্মাত্র বা শব্দতন্মাত্র, স্পর্শতন্মাত্র, রূপতন্মাত্র, রসতন্মাত্র ও গন্ধতন্মাত্র এই পঞ্চসূক্ষ্মভূতের উৎপন্ন হয়। এই

পঞ্চতন্মাত্র থেকে পঞ্চীকরণে আকাশ, বায়ু, অগ্নি, অপ ও পৃথিবী এই পঞ্চভূত সৃষ্টি হয়। এই স্থূলভূতের পরিণামে স্থাবর জঙ্গমাত্মক জগৎ সৃষ্টি হয়। স্থূলভূতের যা সার যা সূক্ষ্মাবস্থা তাই হল তন্মাত্র। আকাশের সূক্ষ্ম অবস্থায় পরিণত করে থাকে শব্দ। অতএব শব্দ হল আকাশের তন্মাত্র। সত্ত্বগুণ হল প্রকাশাত্মক, তাই সত্ত্বগুণের উৎকর্ষে ইন্দ্রিয়াদির সৃষ্টি, তমোগুণ আবরণাত্মক, তদ্ব্যেতু তমোগুণের উৎকর্ষে স্থূলভূতের সৃষ্টি। ইন্দ্রিয় পদের দ্বারা সূক্ষ্ম ইন্দ্রিয়ের শক্তি বুঝতে হবে।

গীতায় জড়াত্মিকা প্রকৃতিকে অপরা প্রকৃতি এবং চেতন পুরুষকে পরা প্রকৃতি বলা হয়েছে। প্রকৃতি জড়াত্মিকা হওয়ার কারণ হল প্রকৃতপক্ষে জগৎ কেবল জড়াত্মকই নয় সৃষ্টিতে জড় ও চেতন উভয়ই সংসৃষ্ট। গীতায় জড়াত্মিকা প্রকৃতিকে অপরা প্রকৃতি এবং চেতন পুরুষকে পরা প্রকৃতি বলা হয়েছে। গীতার সপ্তম অধ্যায়ে তাই বলা হয়েছে —

অপরেয়মিতত্ত্বগ্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।

জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগত্ ॥৭

সংখ্যমতে, প্রকৃতি সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয় থেকে পৃথক তত্ত্ব নয়। জগতে যে সকল আন্তর ও বাহ্য পদার্থ আছে তার রজঃ এবং তমঃ এদেরকে আসলে প্রকৃতি বলতে হয়। তাই সাংখ্যসূত্রে বলা হয়েছে 'সত্ত্বাদীনাং তদ্ব্যয়ং তদ্রূপত্বাৎ' ৬ অর্থাৎ সত্ত্বাদি গুণত্রয় প্রকৃতির স্বরূপ তদতিরিক্ত ধর্ম নয়। গুণত্রয় কখনই প্রকৃতির ধর্ম হতে পারে না। তার কারণ হল সাংখ্যমতে প্রকৃতি যেহেতু এক অতএব তিনটি বিরুদ্ধধর্ম তার হতে পারে না। নিত্য ও অনিত্য কোন পক্ষেই সত্ত্ব, রজঃ, তমো এই গুণত্রয়কে প্রকৃতির ধর্ম বলা চলে না। তাই সাংখ্যসূত্রে বলা হয়েছে 'সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ' ৭ প্রকৃতি ও গুণত্রয়ের মধ্যে এই অজ্ঞে সম্পর্কবিষয়ে মনীষী Maxmüller বলেছেন, সত্ত্ব, রজঃ এবং তমঃ এই তিনটি গুণ প্রকৃতির আগমক ধর্ম মাত্র নয় এরা প্রকৃতিরই স্বরূপ। বিভিন্ন নদী যেমন একসঙ্গে মিলিত হয়ে একটি স্রোতধারা রচনা করে অথচ তাদের নিজেদের বৈশিষ্ট্য কখনও বিলুপ্ত হয় না, বিভিন্ন নদীর ভিন্ন ভিন্ন বর্ণ তখনও পরিলক্ষিত হয়, তেমনই সত্ত্ব, রজঃ, তমো এই গুণত্রয় পরস্পর মিলিত হয়ে প্রকৃতি ধারা রচনা করে এবং তাতে তাদের নিজেদের স্বরূপের কোন পরিবর্তন হয় না। প্রকৃতি ও গুণত্রয়ের মধ্যে বাস্তবিক কোন ভেদ না থাকলে ঔপচারিক ভেদ কল্পনা করেই 'প্রকৃতেঃ গুণাঃ' এই জাতীয় প্রয়োগ করা হয়ে থাকে। যেমন গীতায় বলা হয়েছে —

প্রকৃতেঃ ক্রিয়ামানানি গুণৈঃ কর্মণি সর্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্তাহমিতি মন্যতে। ১৮

শ্রীমদ্ভগবদ্গীতায় প্রকৃতি থেকে যে সত্ত্বাদি গুণত্রয়ের উপপত্তির কথা বলা হয়েছে তা সঠিক। গীতার চতুর্দশ অধ্যায়ে বলা হয়েছে —

সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।

নিবদ্ধান্তি মহানাহো দেহে দেহিনমব্যয়ম্॥৯

কিন্তু তার দ্বারা কারণ ও কার্যের মধ্যে যে জাতীয় ভেদ সে জাতীয় ভেদ প্রকৃতি ও গুণতেরয়ের মধ্যে কল্পনা করার প্রয়োজন নেই। মূলতঃ এই গীতাবাক্যে প্রকৃতিসম্ভবাঃ গুণাঃ এই পদসমূহের দ্বারা কার্যসম্ভাদিকে বোঝানো হয়েছে। সুতরাং কার্য সম্ভাদিকে বোঝালেও এই গীতাবাক্যটির কোন অনুপপত্তিও হয় না স্বগত বিরোধও হয় না সাংখ্যমতে সত্ত্ব রজঃ এবং তমঃ এই তিনটি গুণ পরস্পর নিত্যসম্বন্ধ এবং এরা গুণপ্রধানভাবে পরস্পর মিলিত হয়েই জগৎ সৃষ্টি করে। অতএব এই জগৎ প্রসবিনী প্রকৃতি ত্রিগুণাত্মিকা বাহ্য ও আন্তর সকল জড় পদার্থ সুখদুঃখমোহাত্মক হওয়ায় মূল কারণ প্রকৃতিকে ত্রিগুণাত্মিকা বলেত হবে। সুখ, দুঃখ, মোহ যথাক্রমে সত্ত্ব, রজঃ এবং তমোগুণেরই ধর্ম। তাছাড়া প্রকৃতিকে ত্রিগুণাত্মিকা অবশ্যই স্বীকার করতে হবে। প্রকৃতিকে কেবলমাত্র রজঃ স্বরূপা বললে রজঃ ক্রিয়াশীল বলে প্রকৃতিও সেক্ষেত্রে দুর্নিবাররূপে কার্য করে চলবে। তাতে শৃঙ্খলা রক্ষণ হতে পারে না সুতরাং কোন নিয়ামক প্রয়োজন। এই জন্যই নিয়ামকরূপে তমঃ ক্রিয়া সম্পাদন করে। আবার, প্রকৃতির মধ্যে যদি কোন প্রকাশক শক্তি না থাকে তবে প্রকৃতি অন্ধশক্তির মত অন্ধভাবে কাজ করে চলে। সেক্ষেত্রে সৃষ্টিক্রমের মধ্যে বিদ্যমান সুনির্দিষ্ট নিয়মটিকে ব্যাখ্যা করা যাবে না। সুতরাং প্রকৃতির মধ্যে ক্রিয়াশীল এবং নিয়ামক দ্রব্যের মত প্রকাশধর্মী একটি দ্রব্য অবশ্যই স্বীকার করতে হবে। এর নাম হল সত্ত্ব। অতএব প্রকৃতি সত্ত্বরজস্তমোগুণাত্মিকা। তাই শ্বেতাশ্বতর উপনিষদে বলা হয়েছে — 'অজামেকাং লোহিতগুরুক্ষমাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং সুপাঃ...'।^{১০} প্রকৃতি গুণত্রয়ের সঙ্গে অভিন্ন বলেই গুণের অবিবেকিত্ব, বিষয়ত্ব, সামাণ্যত্ব, অচেতনত্ব এবং প্রসবধর্মিত্বরূপ ধর্মগুলি প্রকৃতিতে স্বীকার করা হয়েছে। তাই সাংখ্যকারিকাতে বলা হয়েছে —

ত্রিগুণমবিবেকি বিষয়ঃ সামান্যমচেতনং প্রসবধর্মি।

ব্যক্তং তথা প্রধানম্, তদ্বিপরীতস্তথা চ পুমান্॥^{১১}

সাংখ্যমতে, গুণগুলি পরস্পরাশ্রয় এবং পরস্পর মিথুনস্বভাব বলে তারা পরস্পর মিলিত হয়েই ক্রিয়া সম্পাদন করে। অতএব, তারা অবিবেকী, পরস্পর মিলিত হয়ে কাজ করার নাম অবিবেক। আবার, গুণগুলি স্বীয় সুখদুঃখাদি ধর্ম পুরুষে আরোপিত করে বলে তারাই পুরুষের বিষয়। সব পুরুষের জন্যই গুণত্রয় ভোগ্যপদার্থসমূহ সৃষ্টি করে গুণগুলি অচেতন ও পরিণামধর্মী। সৃষ্টিকালে গুণগুলি বিসদৃশরূপে পরিণত হয়ে চলে। তখন পুরুষার্থতারূপ হেতুর প্রভাবে সত্ত্বাদি গুণত্রয়ের যেকোনো একটি প্রাধান্য লাভ করে এবং অন্য দুটি প্রধান গুণটির অসীভূত হয়ে তার সহায়তা করে। আবার, প্রলয়কালেও গুণত্রয় সদৃশরূপে পরিণত হতে থাকে অর্থাৎ তখন সত্ত্ব সত্ত্বরূপে, রজঃ রজোরূপে এবং তমঃ তমোরূপে পরিণত হয়। সাংখ্যে এই তিনটি গুণকেই স্বীকার করা হয়েছে। যেহেতু এই তিনটি গুণকে স্বীকার করলে জগদ্বৈচিত্র্যকে ব্যাখ্যা করা যায়, না হলে হবে না। গুণত্রয়ে বিভিন্ন রকমের সন্নিবেশবশতঃ প্রকৃতি থেকে নানা রকমের কার্য উদ্ভূত হয়। তাছাড়া জগতের সমস্ত বিকার পদার্থেই সুখ, দুঃখ ও মোহ অনুভূত হয়। সুখ, দুঃখ, মোহ এরা পরস্পর

বিরোধী। সুতরাং এরা কখনই একই আশ্রয়ে থাকতে পারে না। এই জন্যই তিনটি ধর্মী সত্ত্ব, রজঃ ও তমঃ স্বীকরণীয়। সুখরূপ ধর্মের আশ্রয় ধর্মী হল সত্ত্ব, দুঃখরূপ ধর্মের আশ্রয় হল রজঃ এবং মোহরূপ ধর্মের আশ্রয় হল তমঃ। সাংখ্যযোগানুসারে, সত্ত্বাদি গুণত্রয় নিত্য। যোগভাষ্যে তাই স্পষ্টভাবে বলা হয়েছে – ‘গুণাস্তু সর্বধর্মানুপাতিণো ন প্রত্যস্তুময়ন্তে নোপজায়ন্তে...।’^{১২} এই কারণ গুণগুলিই কার্যকারে রূপান্তর প্রাপ্ত হয় মাত্র। তাদের স্বরূপের কখনই উচ্ছেদ হয় না। এই জন্যই সাংখ্যদর্শনে ত্রিগুণাত্মিকা প্রকৃতির পরিণাম নিত্যতা স্বীকার করা হয়েছে।

সত্ত্বপ্রভৃতিকে কেন গুণ বলা হয়, সে বিষয়ে সাংখ্যদর্শনে যে যুক্তিসমূহ প্রদর্শিত হয়েছে সেগুলি হল যোগসূত্রে বলা হয়েছে ‘সত্ত্বাদিদ্রব্যানি রজ্জ্বাস্তকতম্ভবদেব গুণা ইত্যুচ্যন্তে।’^{১৩} অর্থাৎ রজ্জু প্রভৃতি নির্মিত হয় যা থেকে সেই তন্তুকে যেরূপ গুণ বলা হয় সেইরূপ সত্ত্ব, রজঃ, তমঃ থেকেও জগৎ সৃষ্ট হয় বলে সত্ত্ব প্রভৃতি দ্রব্য হলেও তাদের গুণ বলে অভিহিত করা হয়। তাছাড়া সত্ত্ব, রজঃ, তমঃ দ্রব্য হলেও পরার্থ হওয়ার এদেরকে গুণ বলা হয়েছে। সত্ত্ব, রজঃ, তমঃ এরা পুরুষের প্রয়োজন নিস্পাদন করে বলে প্রকৃতি মহৎতত্ত্ব প্রভৃতি প্রতিফলনে পরিণাম প্রাপ্ত হচ্ছে। যেহেতু সত্ত্বাদি গুণত্রয় জড়, কখনো ক্রিয়াশীল হতে পারে না। তাই এই সকল জড়ের অধিষ্ঠানরূপে আত্মার অস্তিত্ব স্বীকার করতেই হবে। এই পুরুষ বা আত্মা অধিষ্ঠান হওয়ার এই জড়সমূহের অনন্ত পরিণাম হয়ে থাকে। পুরুষ অধিষ্ঠিত না হলে জড়সমূহের এই রূপ পরিণাম নিয়মিত ভাবে কখনোই হত না।

পুরুষের সম্বন্ধই প্রকৃতির পরিণামের হেতু। প্রকৃতি প্রভৃতির পরিণাম বিদ্যমান। সুতরাং যার সান্নিধ্যবশতঃ এই পরিণাম হয় সেই পুরুষকে অস্বীকার করা যাবে না। সুখদুঃখমোহতমঃ যতো পদার্থ আছে সবই পুরুষের দ্বারা অধিষ্ঠিত দেখা যায়। প্রকৃতি বুদ্ধি বা মহৎ প্রভৃতি সব সুখদুঃখমোহাত্মক এগুলি চেতনের দ্বারা অধিষ্ঠিত এই চেতনই হল পুরুষ বা আত্মা। এই আত্মা হল ত্রৈগুণ্য ভিন্ন। ভোগ্যরূপ হল পুরুষ বা আত্মা। এই আত্মা হল ত্রৈগুণ্য ভিন্ন। ভোগ্যরূপ সুখ-দুঃখকে প্রত্যেক আত্মা অনুভব করে থাকে। সুখ-দুঃখ ভোগ্যবস্তু হওয়ার তদতিরিক্ত ভোজ্য স্বীকার্য এই ভোজ্যই হল পুরুষ। অপরা প্রকৃতি জড়া, পরা প্রকৃতি চেতন, জীবভূতা। এই চেতন জীবভূতা হলেন সাংখ্যের পুরুষ। শ্রীমদ্ভগবদগীতায় তা স্পষ্টরূপে বলা হয়েছে। গীতায় বলা হচ্ছে, পরা প্রকৃতিই হল সাংখ্যের পুরুষ। ইহাই ক্ষেত্রজ্ঞ বা জীবচেতন্য। ভগবান বলছেন –

অপরেয়মিতস্তন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।

জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ॥

এতদযোনী ভূতানি সর্বানীতুংপধারয়।

অহং কৃৎসনস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা॥১৪

অর্থাৎ ভগবান শ্রীকৃষ্ণ ক্ষেত্রজ্ঞরূপে সর্বত্র বিদ্যমান আছেন এবং সকলকে ধরে আছেন। প্রকৃতি জড়িত খণ্ডচেতন্যই হল পরা প্রকৃতি। আধার যেরূপ আধেয়কে ধরে রাখে তক্রূপ এই অধিষ্ঠানচেতন্য দৃশ্যপ্রপঞ্চকে ধরে আছেন। জীবদেহে প্রাণ যতদিন থাকবে, ততদিন দেহ বিদ্যমান থাকে। নাহলে দেহ বিনষ্ট হয়। যেহেতু এই দেহধারণ বশতঃই জীবচেতন্য। জড়াত্মিকা প্রকৃতির সর্বত্রই চেতন আত্মা বা পরা প্রকৃতি বিদ্যমান

থাকে বলে তার সত্ত্বা আছে। না হলে তার নিজস্ব কোন সত্ত্বা থাকে না। তাই ভগবান শ্রীকৃষ্ণ গীতায় বারংবার বলেছেন – অচেতনা অপরা প্রকৃতি দেহাদিরূপে পরিণাম প্রাপ্ত হয়। চেতনা পরাপ্রকৃতি বা জীবচেতনা জোক্তরূপে দেহে প্রবেশ করে দেহাদি ধারণ করে। এই দুই প্রকৃতি শ্রীকৃষ্ণরই প্রকৃতি। তাঁর থেকেই উৎপন্ন বা তাঁরই বিভাব। সুতরাং তিনিই হলেই জগতের কারণ।

সাংখ্যদর্শনে পঞ্চবিংশতি তত্ত্বের এই রূপ বিভাগ প্রদর্শিত হয়েছে।

১. মূল প্রকৃতি

৭. প্রকৃতি-বিকৃতি- ১. মহত্ত্ব, ২. অহঙ্কার পঞ্চ-তন্মাত্র

এদেরকে প্রকৃতি-বিকৃতি বলার কারণ এই যে এদের প্রত্যেকটি অন্য তত্ত্বের কারণরূপ। এরা প্রকৃতি। কিন্তু নিজে অন্য তত্ত্ব থেকে উদ্ভূত। সুতরাং ওইগুলি হল বিকৃতি পঞ্চতন্মাত্রের প্রকৃতি ইত্যাদি।

১৬. বিকৃতি জ্ঞানেন্দ্রিয়, ৫. কর্মেন্দ্রিয়, ১. মন, ৫ স্থূলভূত।

এই ষোড়শটিকে কেবল বিকার বলা হয়, কারণ এটি থেকে অন্য কোন তত্ত্ব উদ্ভূত হয় না।

অপ্রকৃতি অবিকৃতি পুরুষ

পুরুষ প্রকৃতিও নয়, বিকৃতিও নয়, স্বতন্ত্র, উদাসীন। মোট পঞ্চবিংশতি তত্ত্ব। সুতরাং, মূল প্রকৃতি

এবং প্রকৃতি-বিকৃতি নিয়ে অষ্ট প্রকৃতি, ষোড়শ বিকার এবং পুরুষ – এই পঞ্চবিংশতি তত্ত্ব।

শ্রীগীতার অনুসরণে নিম্নের বংশবৃক্ষে সৃষ্টিতত্ত্ব বিবরণ সংক্ষেপে প্রদর্শিত হল –

পরব্রহ্ম বা পুরুষোত্তম

১পুরুষ + ১প্রকৃতি

পরাপ্রকৃতি অপরা প্রকৃতি

১মহত্ত্ব বা বুদ্ধিতত্ত্ব

অহঙ্কার

সত্ত্বগুণের প্রাবল্যে

৫ জ্ঞানেন্দ্রিয় ৫কর্মেন্দ্রিয় ১মন

তমোগুণের প্রাবল্যে

৫ পঞ্চ তন্মাত্র

৫ পঞ্চ স্থূলভূত

সাংখ্যদর্শন ও গীতার মত সাদৃশ্য

সুতরাং সাংখ্যদর্শনের ন্যায় গীতাতেও বলা হচ্ছে যে, প্রকৃতি ত্রিগুণাত্মিকা এবং গুণত্রয়সাম্যাবস্থারূপা। সাংখ্যদর্শনে প্রকৃতি এবং সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়ের মধ্যে অভেদ স্বীকার করা হয়েছে। 'সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্বাঃ' ইত্যাদি গীতাবাক্যে যদিও গুণত্রয়কে প্রকৃতিজাত বলে বর্ণনা করা হয়েছে এবং সেখানে প্রকৃতি ও গুণত্রয়ের মধ্যে ভেদই প্রথমে প্রতীয়মান হয়, তথাপি বুঝতে হবে যে, গীতায় মহত্তত্ত্বের কারণীভূত কার্যসত্ত্বাদির কথাই বলা হয়েছে। সাংখ্যের ন্যায়, গীতার মতেও প্রকৃতি অনাদি

এবং জগৎ কারণ। সেখানে বলা হয়েছে, জগতের সমস্ত বিকারাদি সুখদুঃখাদির সাধন ইন্দ্রিয়াদিরূপ কারণাকারে পরিণত হয়। তাছাড়া এই দেহাদিরূপ কার্য এবং ইন্দ্রিয়াদিরূপ কারণের সৃষ্ট ব্যাপারে কৰ্ত্তী হল প্রকৃতি। যদিও অচেতন বলে প্রকৃতির ত্রিয়া সম্পাদনে কৰ্ত্তৃত্ব স্বভাবতঃ সম্ভব নয়, তথাপি পুরুষাচৈতন্যের অধিষ্ঠানের ফলেই প্রকৃতিরও ত্রিয়াসম্পাদনে কৰ্ত্তৃত্ব সম্ভবপর হয়। এই অভিপ্রায়েই গীতায় বলা হয়েছে —

কার্যকারণকৰ্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরূচ্যতে ।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরূচ্যত । ১৫

অর্থাৎ প্রকৃতি কার্য ও কারণের উৎপত্তির কারণ এবং পুরুষ সুখ ও দুঃখসমূহের উপলব্ধির কারণ বলে কথিত হয়। সাংখ্যদর্শনে যে রূপ পুরুষের সঙ্গে প্রকৃতির সংসর্গ বিশেষতঃ প্রকৃতি থেকে জগৎসৃষ্টির কথা বলা হয়েছে, গীতাতেও সেরূপ ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের সংযোগ থেকেই স্বাবর জগন্মাত্মক জগতের সৃষ্টির কথা স্বীকার করা হয়েছে। গীতায় তাই বলা হয়েছে —

যাবত্ সজ্জায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্বারবজঙ্গমম্ ।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাত্ তদ্বিক্তি ভরতর্ষভ । ১৬

সুতরাং, গীতায় প্রকৃতি প্রভৃতিকেই ক্ষেত্র এবং ক্ষেত্রকে প্রকাশ করতে সক্ষম এমন পুরুষরূপী পরমাত্মাকে ক্ষেত্রজ্ঞ বলা হয়েছে।

পুরুষ ও প্রকৃতি বিষয়ে সাংখ্যদর্শন থেকে গীতার ভিন্ন মত
সাংখ্যদর্শনানুসারে, প্রকৃতি স্বতন্ত্র। কিন্তু গীতার মতে, প্রকৃতি ঈশ্বরের অধীন। গীতায় তাই বলা হয়েছে।

ক্ষেত্রজ্ঞচাপি মাং বিক্তি সর্বক্ষেত্রেষু ভারত ।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োজ্ঞানং মন্তজ্ঞানং মতং মম । ১৭

অর্থাৎ ঈশ্বরকৰ্ত্তক অধিষ্ঠিত হয়েই প্রকৃতি জগৎ রচনা করে। অথবা অচেতন প্রকৃতির পক্ষে জগৎ রচনা করা সম্ভব নয়। অধিষ্ঠাতা বলেই কিন্তু ঈশ্বরে উদাসীনত্বের ব্যাঘাত আশঙ্কনীয় নয়। কারণ সাম্মিধ্যমাত্রই এখানে ঈশ্বরের অধিষ্ঠাতৃত্ব কল্পনা করা হয়েছে। তাই গীতায় বলা হয়েছে —

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ ।
হেতুনানেন কৌন্তেয় জগদ্বিপরिवর্ততে । ১৮

প্রচলিত সাংখ্যে কিন্তু কোন ঈশ্বরই স্বীকার করা হয়নি। কারণ, পুরুষার্থতা হেতুই পুরুষের সঙ্গে প্রকৃতির সংসর্গবিশেষ এবং তার দ্বারাই প্রকৃতি কৰ্ত্তক জগতের রচনাকে ব্যাখ্যা করা যায়। অতএব, সাংখ্যে

সৃষ্টিকাপারে প্রকৃতির স্বাতন্ত্র্যই স্বীকার করা হয়েছে পরতন্ত্র নয়। পুরুষের সঙ্গে প্রকৃতির এই যে সংযোগ পুরুষার্থতাকেই সাংখ্যে তার একমাত্র হেতু বলা হলেও গীতায় কিন্তু তাকে ঈশ্বরেচ্ছাধীন বলা হয়েছে। প্রলয়কালে ঈশ্বরেচ্ছা থাকে না। তারফলে ঈশ্বরের অধিষ্ঠানও থাকে না। অতএব তখন সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনটি গুণ চরম সাম্যাবস্থায় বিরাজ করে। সৃষ্টির প্রারম্ভে ঈশ্বর প্রকৃতিকে 'ঈক্ষণ' করে সৃষ্টিকালে কর্মধীন জীবগণকে ভোগ্য ক্ষেত্রের সঙ্গে সংযুক্ত করেন। এইভাবেই ঈশ্বরেচ্ছায় পুরুষ ও প্রকৃতির গর্ভাধান বলা হয়েছে। এই জন্যই গীতায় প্রকৃতিকে সমস্ত কার্যবস্তুর যোনি এবং ঈশ্বরকে বীজপ্রদ পিতারূপে কল্পনা করা হয়েছে। গীতায় বলা হয়েছে —

মম যোনির্মহদ্-ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্ ।
সম্ভবঃ সর্বভূতানাং ততো ভবতি ভারত ॥
সর্বযোনিষু কৌন্তেয় মূর্তয়ঃ সম্ভবন্তি যাঃ ।
তাসাং ব্রহ্ম মহদ্-যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥^{১৯}

গীতা সাংখ্যের পুরুষ প্রকৃতি ও তার পরিণামক্রম স্বীকার করে কিন্তু পুরুষ ও প্রকৃতিই যে মূলতত্ত্ব, তা স্বীকার করে না। মূলতত্ত্ব সেই পরম পুরুষ, পুরুষোত্তম বা পরব্রহ্ম পুরুষ ও প্রকৃতি তার বিভাব, তাঁরই ইচ্ছা বা অধ্যক্ষতায় প্রকৃতি সৃষ্টি করে প্রকৃতির স্বাতন্ত্র্য নেই। প্রকৃতিকে অষ্টধা বিভক্ত বলা হয়েছে। কিন্তু ক্রিতি আদি পঞ্চভূত এবং মন যেগুলি সাংখ্যমতে বিকৃতি তাকে প্রকৃতির মধ্যেই অন্তর্ভুক্ত করা হয়েছে। গীতায় তাই বলা হয়েছে —

মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ ।
ইন্দ্রিয়ানি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ ॥
ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সংঘাতশ্চেতনা ধৃতিঃ ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহৃতম্ ॥^{২০}

সুতরাং, উপর্যুক্ত আলোচনার মাধ্যমে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, সাংখ্যদর্শন ও শ্রীমদ্ভগবদ্গীতার মধ্যে দৃষ্টিভঙ্গীগত যেরূপ কিছু বৈসাদৃশ্য দৃষ্ট সেরূপ উভয় গ্রন্থের মধ্যে সাংখ্যে চক্রাকারেই প্রকৃতি থেকে সৃষ্টি এবং পরিশেষে প্রকৃতিতে লয়ের প্রবাহ স্বীকার করা হয়। এই প্রবাহের কোন বিরাম নেই। অনুরূপভাবে গীতাতেও তা প্রতিধ্বনিত হয়েছে —

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ ।
সত্ত্বং প্রকৃতির্জৈমুক্তং যদেভিঃ স্যাৎ ত্রিভিগুণৈঃ ॥^{২১}

অর্থাৎ সৃষ্টিকালে অব্যক্ত প্রকৃতি থেকে ব্যক্তের আবির্ভাব হয় এবং প্রলয়কালে ঐ অব্যক্তেই ব্যক্তের

তিরোভাব হয়। অব্যক্তেই সকল ভূতের আদি এবং অব্যক্তেই সকলের নিধন অর্থাৎ উৎপত্তির পূর্বে সমগ্র জগৎ প্রকৃতিতে লীন থেকে অব্যক্ত অবস্থায় বিরাজ করে। সৃষ্টিকালে প্রকৃতিতেই যে জগতের নয় তা ঈশ্বর কর্তৃক নিয়ন্ত্রিত তা বলা হয়েছে। গীতায় ঈশ্বরের অধীন যে প্রকৃতি কল্পক্ষয়ে তাতেই সর্বভূত প্রবিষ্ট হয় এবং কল্পারম্ভে ঐ সমস্ত ভূতই পুনরায় ঈশ্বর কর্তৃক প্রকৃতিগর্ভ থেকে বিসৃষ্ট হয় তাই বলা হয়েছে এবং এই বিষয়েই সাংখ্যদর্শনের সঙ্গে তাদের মতভেদ হয়েছে। তবে, সৎকার্যবাদের অপর সাংখ্যের প্রকৃতিবাদ প্রতিধ্বনিত হয়েছে। কেবলমাত্র তাই নয় সাংখ্যযোগের যে সিদ্ধান্ত, 'যা অসৎ তার কখনই উৎপত্তি হয় না এবং যা সৎ তারও কখনই বিনাশ হয় না' তা গীতাতেও দ্ব্যর্থহীন ভাষায় ধ্বনিত হয়েছে এভাবে –

সর্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্ ।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্ ।^{১২}

এখানে দেখা যাচ্ছে যে, প্রকৃতিকে ঈশ্বরের অধীনরূপে কল্পনা করার নিমিত্তই প্রকৃতির বিশেষণরূপে 'মামিকা' পদটি প্রদত্ত হয়েছে।

পরিশেষে বলা যায়, গীতার মতে, ঈশ্বর বা পুরুষোত্তমই হল পরম তত্ত্ব। প্রকৃতি, পুরুষকে ঈশ্বরের অবয়ব বলা হচ্ছে গীতায়। সাংখ্যদর্শনের প্রকৃতি গীতার মতে, ঈশ্বরের 'অপরা প্রকৃতি' এবং 'পরা প্রকৃতি' হল সাংখ্যোক্ত পুরুষ। ঈশ্বরের এই অপরা প্রকৃতিকে সমগ্র জড়বর্গের উপাদান বলে বর্ণনা করা হলেও সর্বদা ঈশ্বরপারতন্ত্র্যের কথা বলা হয়েছে। নিরীশ্বর হলেও সাংখ্যশাস্ত্র সর্বমান্য। পুরাণ, ইতিহাস, মতাদি স্মৃতি ও ভাগবতশাস্ত্র সর্ব এই সাংখ্যশাস্ত্রে আলোচিত হয়েছে। গীতাতেও সাংখ্যের অনেক সিদ্ধান্ত অবিকল গ্রহণ করা হয়েছে।

উল্লেখপঞ্জি

১. সাংখ্যসূত্র, ১.৬৭।
২. শ্রীমদ্ভগবদ্গীতা, ২.২৮।
৩. তদেব, ১৪.৬-৭-৮।
৪. তদেব, ১৮.৪০।
৫. তদেব, ৭.৫।
৬. সাংখ্যসূত্র, ৬.৩৯।
৭. তদেব, ১.৬১।
৮. শ্রীমদ্ভগবদ্গীতা, ৩.২৭।
৯. তদেব, ১৪.৫।
১০. শ্বেতাশ্বতরোপনিষদ্, ৪.৫।
১১. সাংখ্যকারিকা, ১.১১।
১২. যোগভাস্য, ২.১৯।

১৩. যোগসূত্র, ১.২।
 ১৪. শ্রীমদ্ভগবদ্গীতা, ৭.৫.৬।
 ১৫. তদেব, ১৩.২১।
 ১৬. তদেব, ১৩.২৭।
 ১৭. তদেব, ১৩.৩।
 ১৮. তদেব, ৩.১০।
 ১৯. তদেব, ১৪.৩.৪।
 ২০. তদেব, ১৩.৬.৭।
 ২১. তদেব, ১৮.৪০।
 ২২. তদেব, ৯.৭।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

কপিল। সাংখ্যসূত্র। সম্পা. অমিত ভট্টাচার্য। কলকাতাঃ সদেশ, ২০০৯।

পতঞ্জলি। যোগসূত্র। সম্পা. গোস্বামী দামোদর শাস্ত্রী। বেনারসঃ চৌখম্বা সংস্কৃত সীরিজ অফিস, ১৯৩৫।

—। পাতঞ্জলদর্শন। সম্পা. পূর্ণচন্দ্র শর্মা। কলকাতাঃ পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০০৫ (দ্বিতীয় মুদ্রণ)।

বাচস্পতিমিশ্র। সাংখ্যতত্ত্বকৌমুদী। সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী। কোলকাতাঃ সংস্কৃত পুস্তক ভান্ডার, ১৪০৬ বঙ্গাব্দ।

ব্যাসদেব। যোগভাষ্য। সম্পা. গোস্বামী দামোদর শাস্ত্রী। বেনারসঃ চৌখম্বা সংস্কৃত সীরিজ অফিস, ১৯৩৫।

মহানামব্রত ব্রহ্মচারী। উপনিষদ্ ভাবনা। কলিকাতাঃ শ্রীমহানাম ব্রত কালচারাল এ্যান্ড ওয়েলফেয়ার ট্রাস্ট, ১৪০৬ বঙ্গাব্দ।

শ্রীমদ্ভগবদ্গীতা। সম্পা. স্বামী জগদীশ্বরানন্দ এবং স্বামী জগদানন্দ। কলকাতাঃ উদ্বোধন কার্যালয়, ২০১৯।

न्यायवैशेषिकसम्मतं पदार्थस्वरूपम् विश्वरूपघोषः

सारसंक्षेपः विश्वेऽस्मिन् यान्येव द्रव्याणि विद्यन्ते तानि सर्वाण्येव सप्तपदार्थान्तर्भूतानि । स्वतः एव अस्माकं मनसि प्रश्नः समुदेति को नाम पदार्थ इति । दार्शनिकैरपि अत्यन्तेन गुरुत्वेन समं विषयोऽयं विचारितः । विषयमेनमाश्रित्य दार्शनिकसम्प्रदाये विविधा मतवादाः परिलक्ष्यन्ते । तदुदाहरणं यथा, सांख्याः पञ्चविंशतितत्त्ववादिनः, वैदान्तिका ब्रह्मैकवादिनः इत्यादयः । किन्तु वर्तमानेऽस्मिन् प्रबन्धे न्यायवैशेषिकसम्मतं पदार्थस्वरूपम् आलोच्यते इति संक्षेपः ।

मुख्याः शब्दाः - न्यायवैशेषिकाः, पदार्थः, गोतममतम्, तर्कसंग्रहः, न्यायभाष्यम्, भाषापरिच्छेदः, विश्वनाथन्यायपञ्चाननम्, द्रव्यम्, गुणः, कर्म, सामान्यम्, विशेषः, समवायः, अभावः, मोक्षः, आत्मा, तत्त्वज्ञानम् ।

न्यायवैशेषिकसम्मतं पदार्थस्वरूपमिति विषयस्यालोचनावसरे आदावेव ज्ञातव्यं को नाम पदार्थ इति । तदुक्ते तर्कसंग्रहस्य दीपिकायामुक्तम् - 'पदस्यार्थः पदार्थ इति व्युत्पत्त्याभिधेयत्वं पदार्थसामान्यलक्षणम्' इति । पदमात्रस्य श्रवणद्वारा यत् ज्ञानं जायते तस्य ज्ञानस्य यो विषयः स एव पदार्थः । अतो हि प्रतीतिविषयत्वं पदार्थत्वमिति पदार्थस्य विवक्षितार्थः । प्रतीतिविषयत्वं पदार्थत्वम् इति कथनात् यत्किञ्चिदपि वस्तु इह जगति विद्यते तत्तु एकदा पुरुषमात्रस्य ईश्वरस्य वा ज्ञानाधीनं स्यादिति बोध्यम् । स च पदार्थः ज्ञेयत्वं, प्रमेयत्वं, वाच्यत्वम् अभिधेयत्वम् इत्यादिनापि अभिधीयते । अस्तु अस्माकं विषयस्तु न्यायवैशेषिकसम्मतं पदार्थस्वरूपम् । अतो हि प्रश्नो जायते यत् न्यायनये वैशेषिकनये वा पदार्थाः कतिविधा इति । न्यायवैशेषिकाणां समानतन्त्रत्वेऽपि विषयेऽस्मिन् तेषाम् ऐकमत्यं वैमत्यं वा दृश्यते ?

अथ न्यायमतम्

गोतममते पदार्थाः षोडशविधाः । तदुक्तं तेन न्यायदर्शने - 'प्रमाणप्रमेयसंशयप्रयोजनदृष्टान्तसिद्धान्तावयव तर्कनिर्णय-वादजल्पवितण्डाहेत्वाभासच्छलजातिनिग्रहस्थानानां तत्त्वज्ञानात् निःश्रेयसाधिगमः' इति । तथाहि प्रमाणादिषोडशपदार्थानां तत्त्वज्ञानात् मोक्षलाभो भवेदिति सूत्रार्थः । ननु किं नाम तत्त्वम् इत्यतो न्यायभाष्यकृता वात्स्यायनेन उक्तम् - 'सतश्च सद्भावोऽसतश्चासद्भावः' इति । 'तस्य भावः' इत्यर्थकात् तच्छब्दात् अनन्तरं त्वप्रत्ययेन निष्पद्यते अयं तत्त्वशब्दः । सच्च असच्चेति विषयद्वयं तस्य प्रतिपाद्यम् । तथाहि सदित्यनेन भावपदार्थः असदित्यनेन च भावभिन्नः अभावपदार्थो बोध्यते, न च अलीकं किमपि वस्तु । 'नास्ति' इत्येवम्प्रकारेण बोधविषयत्वात् अभावपदार्थस्य असदिति संज्ञा । वस्तुतस्तु प्रमाणसिद्धा एव पदार्थाः, स च पदार्थः भावाभावभेदेन द्विविधः । पक्षान्तरेण

কালিদাস শ্রেষ্ঠ নাট্যকার। সংস্কৃত নাট্যসাহিত্যের ইতিহাসে তিনি অনন্য প্রতিভার অধিকারী। তিনখানি নাটক রচনা করে তিনি বিশ্বসাহিত্যের ইতিহাসে বিশেষ স্থান অধিকার করে রেখেছেন।

মালবিকাগ্নিমিত্র নাটকের প্রথম অঙ্কের প্রথম শ্লোকে পরিবেশের প্রভাব লক্ষ্য করা যায় —

ঐকেশ্বর্যো স্থিতোঽপি প্রণতবহুফলে যঃ স্বয়ং কৃতিবাসাঃ

কান্তা-সংমিশ্রদেহোঽপ্যবিষয়মনসাং যঃ পরস্তাদ্ যতীনাম্।

অষ্টাভির্যস্য কৃৎস্নং জগদপি তনুভিবিপ্রতো নাভিমানঃ

সন্মার্গালোকনায় ব্যপনয়তু স বস্তামসীং বৃত্তিমীশাঃ।।^১

অর্থাৎ যে পরমেশ্বর নিজে ব্যাঘ্রচর্মমাত্র পরিধান করে কাটান, অর্ধনারীশ্বরমূর্তি সম্পন্ন হয়েও স্বল্প জিতেন্দ্রিয়তম এবং যিনি ক্ষিতি, অপ, তেজঃ, মরুৎ, ব্যোম, চন্দ্র, সূর্য এবং যজমান — এই অষ্টমূর্তিদ্বারা এই বিশ্বব্রহ্মাণ্ড ধারণ করলেও অভিমানের লেশমাত্র যাতে নেই, সেই মঙ্গলময় মহাদেব পদার্থের সদ্ গুণ দর্শনের জন্য, মনের যত কিছু কুবুদ্ধি, যত কিছু অজ্ঞান তা দূর করেন।

নাটকের তৃতীয় অঙ্কে রাজা অগ্নিমিত্র বসন্তের আগমনে ও প্রভাবে শিহরিত —

অভিজাতঃ খলু বসন্তঃ সখো।^২

রাজা মনে করছেন বসন্ত যেন কোকিল-কূজনের দ্বারা জিজ্ঞাসা করছে যে, তিনি কন্দর্পযাতনা সহ করতে পারছেন কি না? আর আম্রমুকুলের সৌরভে মলয়-সমীরণের ছোঁয়ায় স্বয়ং মাধব যেন তাকে সুশীতল করছেন —

উন্মত্তানাং শ্রবণসুভৈগঃ কৃজিতৈঃ কোকিলানাং

সানুক্রোশং মনসিজরুজঃ সহ্যতাং পৃচ্ছতেব।

অঙ্গে চূতপ্রসবসুরভিদক্ষিণো মারুতো মে

সান্দ্রস্পর্শঃ করতল ইব ব্যাপ্তো মাধবেন।।^৩

রাজা মালবিকাকে তৃতীয় অঙ্কে বসন্তকালের স্বল্পকুসুমযুক্ত, পরিপক্ক, পাণ্ডবর্ণ, কুন্দলতার সঙ্গে তুলনা করেছেন —

মাধবপরিণতপত্রা কতিপয়কুসুমেষ কুন্দলতা।^৪

এই অঙ্কে দেখা যায় যে রাজা নিজেকে পিপাসা কাতর পথিকের সঙ্গে তুলনা করেছেন। যে পথিক নিকটবর্তী জলাশয়ের সন্ধান পেয়ে আনন্দিত হয়। বিদূষককে সারসের সঙ্গে তুলনা করেছেন —

তরুবৃতাং পথিকস্য জলার্থিনঃ সরিতমারসিতাদিব সারসাৎ।^৫

বিক্রমোর্বশীয় নাটকে পরিবেশের বিভিন্ন ঘটনা স্থান পেয়েছে। প্রথম অঙ্কে উর্বশীকে রাজা চন্দ্রের উদয়ে তমসা দূর হওয়া রাত্রি, সন্ধ্যাকালীন যজ্ঞীয় অগ্নি, স্বচ্ছসলিলা গঙ্গার সঙ্গে তুলনা করেছেন —

আবির্ভূতে শশিনি তমসা মুচ্যমানেষ রাত্রি-

নৈশস্যার্চিতভূজ ইব ছিন্নাভূয়িষ্ঠধূমা।

মোহেনাগুর্ভরতনুরিয়ং লক্ষ্যতে মুক্তকল্পা

গঙ্গারোধপতনকলুষা গৃহুতীব প্রসাদম্ ॥৬

এই নাটকে নাট্যকারের ভাবনায় গাছপালা সুন্দরভাবে ফুটে উঠেছে। নাট্যকার কালিদাস বসন্তের শোভার সঙ্গে উর্বশীকে এবং লতার সঙ্গে সখীদের তুলনা করেছেন —

যাবৎ পুনরিয়ং সুক্রুৎসুকাভিঃ সমুৎসুকা।

সখীভির্যাতি সম্পর্কং লতাভিঃ শ্রীরিরাভবী ॥৭

দ্বিতীয় অঙ্কে বৈতালিকের সঙ্গীতে রাজাকে তুলনা করা হয়েছে সূর্যের সঙ্গে। যে সূর্য জনগণের উপকারের জন্য তমসাকে দূর করে —

আলোকান্তাৎ প্রতিহততমোবৃন্তিরাসাং প্রজানাং

তুল্যোদ্যোগস্তব দিনকৃতশ্চাধিকারো মতো নঃ ॥৮

চতুর্থ অঙ্কে রাজা পুরুরবা প্রিয়াকে খুঁজে ফিরেছেন। তিনি বর্ষণকারী মেঘকে দেখে মনে করেছেন প্রিয়তমাকে নিয়ে যাওয়ার সময় কোনও দুরাত্মা রাক্ষস বৃষ্টিরূপ বাণনিক্ষেপ করছে। ভাল করে বুঝেছেন আসলে তা মেঘ, কোনও রাক্ষস নয়। মেঘে আছে রামধনু, যুদ্ধের ধনু নয়। মেঘ থেকে ঝরে পড়ছে বৃষ্টি, মেঘের মধ্যে আছে তড়িত, উর্বশী নয় —

নবজলধরঃ সন্নদ্ধোঃয়ং ন দৃষ্টনিশাচরঃ

সুরধনুরিদং দূরাকৃষ্টং ন নাম শরাসনম্।

অয়মপি পটুধারাসারো ন বাণপরম্পরা

কনকনিকষ্মিঙ্কা বিদ্যুৎপ্রিয়া ন মমোর্বশী ॥৯

এই অঙ্কে রাজা উর্বশীর বিরহে কদলী গাছের জলগর্ভ ফুলে প্রিয়ার খোঁজ করেছেন —

আরক্তরাজিভিরিয়ং কুসুমৈর্নবকন্দলী সলিলগর্ভৈঃ।

কোপাদন্তর্বাষ্পে স্মরয়তি মাং লোচনে তস্যাঃ ॥১০

অভিজ্ঞানশকুন্তল কালিদাসের সর্বশ্রেষ্ঠ নাটক। অভিজ্ঞানশকুন্তল রচনার পূর্বে কালিদাস বিক্রমোর্বশীয় ও মালবিকাগ্নিমিত্র নাটক দুখানি রচনা করেন। এই নাটকে পঞ্চমহাভূতের উল্লেখ রয়েছে। নাট্যকার কালিদাসের পরিবেশ সচেতনতার পরিচয় পাওয়া যায়। প্রথমেই নান্দী শ্লোকে অষ্টমূর্তিধর শিবের উল্লেখ রয়েছে। সেই মূর্তিগুলি হল — ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম, চন্দ্র, সূর্য ও যজমান। এগুলি সবই পরিবেশের গুরুত্বপূর্ণ বিষয়।

প্রকৃতি কবি কালিদাস। এই নাটকে উদ্ভিদ জগতের ভূমিকা বিশেষভাবে লক্ষ্য করা যায়। কণ্ঠমুনির আশ্রমে সুশোভিত হয়েছে গাছ, লতা প্রভৃতি। গাছপালা দেখাশোনার ভার শকুন্তলা ও তার দুই প্রিয় সখী অননুয়া ও প্রিয়ংবদার উপরে। প্রথমাঙ্কে রাজা মনে করেছেন শকুন্তলাকে জল দেওয়ার কাজে নিযুক্ত দেখে মহর্ষি কণ্ঠ নিশ্চিতরূপে নীল পদ্মের পাপড়ির প্রান্তভাগ দিয়ে শমীবৃক্ষের শাখা ছেদন করতে চাইছেন —

ইদং কিলাব্যাজমনোহরং বপুঃ

তপঃক্ষমং সাধয়িতুং য ইচ্ছতি ।

ধ্রুবং স নীলোৎপলপত্রধারয়া

শমীলতাং ছেদুমৃষির্ব্যবস্যাতি ॥১১

এই অঙ্কেই শকুন্তলাকে রাজা দুষ্যন্ত দেখেছেন পরিপূর্ণ প্রাকৃতিক অবস্থায়। অপরূপা লাবণ্যময়ী শকুন্তলা প্রকৃতি কন্যা। অপরূপার পরিধানে বকুল। এই বকুল প্রকৃতি পরিবেশের দান। পদ্মফুল শৈবালের দ্বারা আচ্ছন্ন হলেও রমণীয় হয়, চন্দের কলঙ্ক মলিন হলেও তা চন্দের সৌন্দর্য বৃদ্ধি করে। এই তদ্বী শকুন্তলা বকুলবসন পরিহিতা হলেও অধিক সুন্দরী মনে হয় —

সরসিজমনুবিদ্ধং শৈবলেনাপি রম্যং
মলিনমপি হিমাংশোল্লঙ্ঘ লক্ষ্মীং তনোতি।
ইয়মধিকমনোজ্ঞা বকুলেনাপি তদ্বী
কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্।।^{১২}

অভিজ্ঞানশকুন্তল নাটকে পশু-পাখী ও মানুষের মধ্যে একটা গভীর সেতুবন্ধন আছে। নাটকের শুরুতে বৈখানস মুনি রাজা দুষ্যন্তকে মৃগহত্যা করতে নিষেধ করে বলেছেন — 'রাজা, এইটি আশ্রমের মৃগ, একে হত্যা করবেন না'। মৃগের পেলব দেহ এই বাণ পুষ্পরাশিতে আঙনের মতো কখনও নিষ্ফেপ করবেন না। কোথায় মৃগশিশুর অত্যন্ত চঞ্চল প্রাণ, আর কোথায় বা আপনার শাণিত অগ্রভাগ বজ্রের মত দারুণ বাণ —

ন খলু ন খলু বাণঃ সন্নিপাত্যোঃয়মশ্বিন্
মৃদুনি মৃগশরীরে পুষ্পরাশাবিবান্নিঃ।
ক্ব বত হরিণকানাং জীবিতং চাতিলোলম্
ক্ব চ নিশিতনিপাতা বজ্রসারাঃ শরাস্তে।।^{১৩}

চতুর্থাঙ্কে শকুন্তলার পতিগৃহে যাওয়ার সময় পবনের আনুকূল্য কামনা করেছেন মহর্ষি কণ্ব —

শান্তানুকূলপবনশ্চ শিবশ্চ পহ্নাঃ।^{১৪}

পঞ্চম অঙ্কে বৈতালিক রাজার কাজকে গাছের ধর্মের সঙ্গে তুলনা করেছেন। বৃক্ষ নিজের মস্তকে প্রচণ্ড সূর্যের তাপ সহ্য করে, কিন্তু তার ছায়ায় আশ্রয় নেওয়া আশ্রিতদের তাপ দূরীভূত করে —

অনুভবতি হি মূর্ধ্ণা পাদপস্তীরমুষ্ণং
শময়তি পরিতাপং ছায়য়া সংশ্রিতানাম্।।^{১৫}

নাটকের সপ্তম অঙ্কে অর্থাৎ অন্তিম অঙ্কে অপূর্ব দৃশ্য লক্ষ্য করা যায়। মহারাজ দুষ্যন্তের পুত্র সর্বদমন একটি সিংহ শিশুর কেশর টেনে ধরে খেলা করছে —

অর্ধপীতস্তনং মাতুরামদক্লিষ্টকেশরম্।
প্রক্রীড়িতুং সিংহশিশুং বলাৎকারেণ কষতি।।^{১৬}

প্রকৃতির কবি কালিদাস বোঝাতে চেয়েছেন হিংস্র পশুও পরিবেশের অঙ্গ। পরিবেশের ধারক ও বাহক। হিংস্র পশুমাত্রই ক্ষতিকারক নয়। কোনও কোনও সময় তারা বশীভূত হয়। এখানে কালিদাসের

পরিবেশ ভাবনা লক্ষ্য করা যায়।

লোকজীবনের সঙ্গে কালিদাসের দৃশ্যকাব্যসমূহের যে প্রতিফলন তা প্রত্যেক পাঠকের কাছে তাদের চিত্তবৃত্তির প্রতিফলন-ই লক্ষিত হয়। মানুষের জীবনের সাথে সংযোগবিধানকারী কবি তাঁর উজ্জ্বল প্রতিভার মাধ্যমে যে দৃশ্যকাব্যগুলি রচনা করেছেন তার মূল্যায়ন করা আমাদের সাধের অতীত হলেও তা পাঠকের কাছে গ্রহণযোগ্য ও আদৃত। কালিদাসের দৃশ্যকাব্যে আমরা উন্মুক্ত পরিবেশের সৌন্দর্য পেয়ে থাকি। পরিবেশের বিশুদ্ধতা সর্বত্র লক্ষ্য করা যায়। পরিবেশের মাধুর্য কালিদাসের দৃশ্যকাব্যে পরিপূর্ণ মহিমায় প্রকাশিত হয়েছে। এই ভাবেই মহাকবি প্রাকৃতিক পরিবেশের সঙ্গে জীবনের সংযোগের বর্ণনার মাধ্যমেই পরিবেশ সচেতনতার দিকগুলি দৃশ্যকাব্যে সুস্পষ্টভাবে ফুটিয়ে তুলেছেন।

উল্লেখপঞ্জি :

১. মানবিকান্নিমিত্র, ১/১।
২. তদেব, ৩/১।
৩. তদেব, ৩/৪।
৪. তদেব, ৩/৮।
৫. তদেব, ৩/৬।
৬. বিক্রমোবশীয়, ১/৭।
৭. তদেব, ১/১২।
৮. তদেব, ২/১।
৯. তদেব, ৪/৯।
১০. তদেব, ৪/৫।
১১. অভিজ্ঞানশকুন্তল, ১/১৭।
১২. তদেব, ১/১৮।
১৩. তদেব, ১/১০।
১৪. তদেব, ৪/১১।
১৫. তদেব, ৫/৭।
১৬. তদেব, ৭/১৪।

নির্বাচিত গ্রন্থপঞ্জি :

কালিদাস। অভিজ্ঞানশকুন্তল। সম্পা. অনিল চন্দ্র বসু। কলিকাতাঃ সংস্কৃত বুক ডিপো, ২০০৩।

ঘোষ, বিদ্যুৎবরণ। সংস্কৃত রচনায় প্রতিফলিত পরিবেশ সচেতনতা। কলিকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৬।

পাল, গৌতম। পরিবেশ ও দূষণ। কলিকাতাঃ দাশগুপ্ত অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড, ২০০০।

বন্দ্যোপাধ্যায়, ধীরেন্দ্রনাথ। সংস্কৃত সাহিত্যের ইতিহাস। কলিকাতাঃ পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্বদ, ২০০০।

বসু, রথীন্দ্রনারায়ণ। পরিবেশ। কলিকাতাঃ কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২০০১।

ভট্টাচার্য, রথীন্দ্রনাথ। পরিবেশ ভাবনায় সংস্কৃত সাহিত্য। কলিকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৫।

ভট্টাচার্য, বিষ্ণুপদ। কালিদাস ও রথীন্দ্রনাথ। কলিকাতাঃ জিজ্ঞাসা।

রাজেন্দ্রনাথ-বিদ্যাতৃষণ। কালিদাস গ্রন্থাবলী। ভাগ- প্রথম, তৃতীয়। কলিকাতাঃ বসুমতী কর্পোরেশন লিমিটেড, ২০১৫।

শ, রামেশ্বর। সংস্কৃত ও প্রাকৃত সাহিত্য সমাজচেতনা ও মূল্যায়ন। কলিকাতাঃ পুস্তক বিপণি, ২০১৭।

শাক্তী, গৌরীনাথ (প্রধান উপদেষ্টা)। সংস্কৃত সাহিত্য সন্টার। খণ্ড - ২, ১১, ১২। কলিকাতাঃ নবপত্র প্রকাশন, ২০১৫, ২০১৪, ২০১৪।

হাস্যরস বিশ্লেষণাবসরে পঞ্চতন্ত্র : একটি সমীক্ষা

জুবিন ইয়াসমিন

সারসংক্ষেপ — বৈদিক যুগ থেকে পুরাণ সাহিত্যে, বাণীক-রামায়ণ, মহাভারত, অপভ্রংশ সাহিত্য, নৌখিক কথা, রূপের জগত, সাহিত্যের আখ্যান, উপাখ্যানে নীতিবোধ এর মাধ্যমে নীতি শিক্ষা দান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। সংস্কৃত গল্পসাহিত্যের মধ্যে যেমন থাকে তত্ত্বকথা অন্যাদিকে থাকে সাহিত্যরস সিদ্ধনের অধিকার। গল্পগুলির মধ্যে পরিলক্ষিত হয় বাস্তব ও কল্পনার এক আশ্চর্য সংমিশ্রণ। অলৌকিক জগতের বাস্তব ঘটনা কবি প্রতিভায় লৌকিক জগতে বহু রূপ লাভ করে। সংস্কৃত সাহিত্যের অন্তর্গত নীতিমূলক গল্পসাহিত্য হল বিষ্ণুশর্মা বিরচিত পঞ্চতন্ত্র। বিষ্ণুশর্মা প্রধানত নৈতিক চরিত্রের উদঘাটন তথা নীতিশিক্ষা দানের নিমিত্ত মনুষ্যের প্রাণীর মাধ্যমে মনুষ্য চরিত্র উদঘাটন করতে প্রবৃত্ত হয়েছেন। পঞ্চতন্ত্র শিশুসাহিত্য হলেও ব্যঙ্গ, কৌতুক, বৈদগ্ধ্য, চাতুর্যপূর্ণ রচনার মাধ্যমে তা বৃহৎ বার্তা বহন করে। এই গল্পগুলির মধ্যে বাস্তব ও কল্পনার সংমিশ্রণে চলচ্চিত্র জগতের উপস্থিতিতে চিত্তবিনোদন করে এক বিচিত্র রস সৃষ্টি করে। সাহিত্য ও রসের মধ্যে তাই গভীর সম্বন্ধ বিদ্যমান। সাহিত্য হল সমাজের দর্পণ। তাই সাহিত্যে উল্লেখিত সংশ্লিষ্ট প্রতিটি যুগের রাজনৈতিক সামাজিক পটভূমি বহুলাংশে প্রতিভাত হয়।

পারিভাসিক শব্দসমূহ — নীতিমূলক গল্পসাহিত্য, মূল্যবোধ, হাস্যরস, সামাজিক প্রতিফলন।

কবিমনের বহুবিধ প্রশ্ন, অনুভূতি, পাণ্ডিত্য ও শিল্প চেতনার সমন্বয় সাহিত্য বাঙ্গায় রূপ লাভ করে। সাহিত্যে উল্লিখিত বক্তব্যের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিটি যুগের রাজনৈতিক, সামাজিক পটভূমি বহুলাংশে প্রতিভাত হয়। সংস্কৃত সাহিত্যে কথাকে গল্প নামে অভিহিত করা হয়। বাস্তব অপেক্ষা কল্পনার জগত অধিক মনোরম হয়। প্রাচীন বৈদিক সাহিত্যের নানাবিধ কথার মাধ্যমে তার উপলব্ধি পরিলক্ষিত হয়েছে। এই গল্পগুলির মধ্যে বাস্তব ও কল্পনার সংমিশ্রণে অচেতন জগতের উপস্থিতিতে সহৃদয়ের চিত্তবিনোদন করে এক বিচিত্র রসের সৃষ্টি করে। সাহিত্য ও রসের মধ্যে গভীর সম্বন্ধ বিদ্যমান। তাই বলা যেতে পারে সেই সাহিত্যে যুগের প্রতিফলন ঘটে বা সাহিত্য সমাজের দর্পণ। সংস্কৃত কথাসাহিত্যকে দুই ভাগে ভাগ করা যেতে পারে — মানুষের গল্প এবং পশুপাখি অবলম্বনে রচিত গল্প। ইংরেজি সাহিত্যে যথাক্রমে fairy এবং fable নামে অভিহিত করা হয়। উভয় শ্রেণীর গল্পের মধ্যে নীতি শিক্ষার প্রতিফলন পরিলক্ষিত হয়। সরল ও অনাড়ম্বর নীতিমূলক গল্পের সমাবেশে অতি সরল ভাবে সমাজের বিভিন্ন দিক প্রতিফলিত হয়েছে। তা শুধু শিশুমনে নয় কিশোর, যুবক এবং প্রাপ্তবয়সের মনোজগতে গভীর প্রভাব করে। আসলে কাব্যজগতে সহৃদয় পাঠকগণের মন লৌকিক জগত থেকে অলৌকিক জগতের দিকে ধাবিত হয়। কবি প্রতিভার বলে লৌকিক জগতের ঘটনা সাহিত্যে বাঙ্গায় রূপ লাভ করে। তাই বলা হয়েছে — 'অপারে কাব্যসংসারে কবিরেক: প্রজাপতি:'। কথাসাহিত্যে রম্য রচনার মূল উদ্দেশ্য হলো সমাজের নিয়ম, নীতি ও মূল্যবোধকে লোকসমাজে তুলে ধরা। সেই সঙ্গে ধরা দেয় লেখকের সমাজের প্রতি সূক্ষ্ম চিন্তাধারা। কথাসাহিত্যের

সূত্রপাত আদি যুগে প্রারম্ভিত হলেও বিংশ শতাব্দীতে ও প্রাচ্য, পাশ্চাত্যে তার প্রভাব পরিলক্ষিত হয়। নীতিমূলক গল্প সাহিত্যের মধ্যে যেমন একদিকে থাকে তত্ত্বকথা বিতরণের কর্তব্য তেমনি অন্যদিকে থাকে সাহিত্যরস অনুভূতির অধিকার। গল্প গুলির মধ্যে পরিলক্ষিত হয় বাস্তব ও কল্পনার এক আশ্চর্য সংমিশ্রণ পাঠক ও শ্রোতার মনে ভালোলাগার সৃষ্টি করে। আসলে কবি গল্পগুলির মধ্য দিয়ে লৌকিক জগতের কঠিন বাস্তব অলৌকিক ভাবধারার মাধ্যমে পাঠকের সামনে তুলে ধরেন কারণ বাস্তবের ভিত্তি কল্পনার জাল বুনতে হয়। গল্প সাহিত্যে গল্পের মাধ্যমে মনোরঞ্জন ও শিক্ষাদান উভয় ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, গল্প গুলির মধ্য দিয়ে ন্যায়, নীতি, সত্যতা প্রভৃতি ধর্মের আদর্শ প্রচার মূল উদ্দেশ্য নয়, পশুপাখি ও জীবজন্তুর রূপকে আশ্রয় করে কখনো বা মানুষের চরিত্রকে কেন্দ্র করে মানবজাতির মহত্ব, ভয়ামি, সত্যতা, শঠতা, হৃদয়হীনতা প্রভৃতি গুণাবলী পরোক্ষভাবে ব্যক্ত করা হয়েছে। সাধারণত, গল্পসাহিত্যে মানুষের আচরণবিধি রূপকের মাধ্যমে বর্ণনা করা হয়েছে। পশুপক্ষীর উপর মানুষের আচরণ বিধি আরোপিত হয়েছে। তাই বলা হয়েছে — ‘... but which may have been either a satire or an allegory’^১।

সংস্কৃতসাহিত্যে রসের কথা প্রথম বলেন আচার্য ভারত। তিনি নাট্যশাস্ত্র নামক অলঙ্কারশাস্ত্রে রস বিষয়ে বলেছেন — ‘বিভাবানুভাবব্যভিচারিসংযোগাদ্রসনিষ্পত্তিঃ’^২। তিনি আটটি (মতান্তরে নটি) রসের কথা স্বীকার করেছেন — শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস, অদ্ভুত, (শান্ত)। আচার্য ভারতের মতানুসারে হাস্যরস দ্বিবিধ-আত্মস্থ বা আত্মগত, পরস্থ বা পরগত। ব্যক্তির স্বভাব ও বৈচিত্র্য অনুযায়ী হাস্যরস কে আচার্য ভারত ছয় ভাগে ভাগ করেছেন যথা স্মিত, হসিত, বিহসিত, উপহসিত, অপহসিত, অতিহসিত। শারদাতনয় রচিত ভাবপ্রকাশ নামক অলঙ্কারশাস্ত্রে হাস্যরসকে আশ্রয় ভেদে দুই ভাগে ভাগ করেছেন, যথা স্বাশ্রয় ও পরাশ্রয়। প্রকৃতি ভেদে হাস্যরসকে ছয় ভাগে ভাগ করেছেন, যথা — স্মিত, হসিত, বিহসিত, উপহসিত, অপহসিত, অতিহসিত। বৈশিষ্ট্যে হাস্যরস তিন ভাগে বিভক্ত যথা — বাগ্, অঙ্গ ও নেপথ্য। রামচন্দ্র ও গুণচন্দ্র রচিত নাট্যদর্পণ নামক অলঙ্কারশাস্ত্রে, সাগরনন্দীর নাটকলক্ষণরত্নকোষে হাস্যরসের ছয়টি ভেদের কথা বলেছেন যা নাট্যশাস্ত্রের অনুরূপ। সিদ্ধভূপাল রসার্ণবসুধাকরে হাস্যরসের দুই প্রকারভেদ এর কথা বলেন যথা আত্মস্থিতি ও পরিস্থিতি। বিশ্বনাথ সাহিত্যদর্পণ-এ হাস্যরসের ছয়টি ভেদে এর কথা বলেছেন যথা — স্মিত, হসিত, বিহসিত, অবহসিত, অপহসিত, অতিহসিত। আচার্য ভারতের হাস্যরস সম্বন্ধে যে বিশ্লেষণ করেছেন বাংলা ও ইংরেজি সাহিত্য লক্ষ্য করা যায়। বাংলা সাহিত্যে হাস্যকে ঠাট্টা, তামাশা, মস্করা, ভাড়াপি, রঙ্গ রস নামে অভিহিত করা হয়। প্রাচ্য সাহিত্যে হাস্যরসের কথা বলতে গিয়ে A. Macdonell মানুষের সহজাত প্রবৃত্তি হিসেবে আত্মপ্রকাশ স্থায়িভাবে কথা বলেছেন। সেখানে ‘Instinct’ হিসাবে ‘Laughter’ কথা বলা হয়েছে এবং তার স্থায়িভাব হল ‘Amusement’^৩। হাস্যরস সম্বন্ধে জর্জ বার্নার্ড শ বলেছেন — ‘There is no more dangerous symptom than a temptation to write about wit and humour. It indicates the total loss of both’^৪। প্রাচ্যের হাস্যরস পরিচিতি অত্যন্ত, সূক্ষ্ম এবং প্রতীচ্যে হাস্যরসের পরিচিতি সরল এবং বহুল পরিচিত। ইংরেজি সাহিত্যে হাস্যরসকে fun, pun, satire, humour, wit, burlesque, lampoon^৫ নামে অভিহিত করা হয়। ইংরেজি কাব্যসাহিত্যে ব্যঙ্গের সূচনা চসারের দ্য ক্যান্টাবেরী টেলস্^৬ এর মাধ্যমে। বাংলায় সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় ও ব্যক্তিগত, ব্যঙ্গ রচনার পরিচয় পাওয়া যায় ঈশ্বর চন্দ্র গুপ্তের অনাচার, বিধবা বিবাহ, হেমচন্দ্রের বাঙালির মেয়ে, দ্বিজেন্দ্রলাল রায়ের নন্দলাল, মোহিতলাল মজুমদারের সরস্পতী, রবীন্দ্রনাথের

হিংস্র ছট, জুতা আবিষ্কার, নিষ্ফল উপহার, পুরাতন ভৃত্য, সামান্য ক্ষতি এবং কালিদাস রায়ের প্রবেশ নিষেধ রচনার মাধ্যমে। সংস্কৃত সাহিত্যে হাস্যরস এর বীজ প্রস্ফুটিত হলেও ইতিহাসের পটভূমিতে তা ধারাবাহিকভাবে আলোচিত হয়নি। বিদ্যাচর্চা নদীর মতো প্রবহমান। হাস্যরস কে যে নামেই ডাকা হোক না কেন হাস্যরসের মধ্যে লুকিয়ে আছে নান্দনিক তত্ত্বের বীজ। কথাসাহিত্য সংস্কৃত সাহিত্যের অমূল্য ভান্ডার, হাস্যরসের মূলীভূত মানসিক বৃত্তি মানুষের মধ্যে বিদ্যমান, চেতন ও জড় জগতের মনুষ্য ও মনুষ্যোত্তর সকলকে নিয়ে কথাসাহিত্য বিচিত্র রসের কারবার।

সংস্কৃত কথাসাহিত্যের অন্যতম গ্রন্থ হিসাবে পঞ্চতন্ত্রের নাম উল্লেখযোগ্য। মহিলারোপ্যনগরের রাজা অমরশক্তি মূর্খ পুত্রদের নীতিশিক্ষা দানের নিমিত্ত বিষ্ণুশর্মা পঞ্চতন্ত্রের রচনা করেন। পঞ্চতন্ত্রের আবির্ভাব বল খ্রিস্টপূর্ব ত্রি শতাব্দি। গ্রন্থটি পাঁচটি তন্ত্রের বিভক্ত। 'তন্ত্র' শব্দের অর্থ 'অনুশাসন বা শিক্ষা'। 'তন্ত্র' গুলির নাম যথা — 'মিত্রভেদ' (২২টি গল্প), 'মিত্রপ্রাপ্তি' (৬টি গল্প), 'কাকোলুকীয়' (৪টি গল্প), 'লঙ্কপ্রণাশ' (১৬টি গল্প), 'অপরীক্ষিতকারক' (১৫টি গল্প) মোট ৬৩টি গল্পের সমন্বয় পরিলক্ষিত হয়। কথাসাহিত্যে গল্পের মাধ্যমে তদানীন্তন সমাজের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, শিল্প ও সাহিত্যের বিভিন্ন দিক প্রতিফলিত হয়েছে। পঞ্চতন্ত্র যে যুগে আবির্ভূত হয়েছিল সেই যুগের সামাজিক প্রতিচ্ছবি পরিলক্ষিত হয় গল্প গুলির মাধ্যমে। তৎকালীন সময়ে ব্রাহ্মণ্যসমাজ ও ক্ষত্রিয় রাজন্য সম্প্রদায় প্রাধান্য লাভ করলেও তা ক্রমশ ক্ষীণ হতে থাকে। জাতিভেদ ও ধর্মীয় কঠোরতার কারণে তৎকালীন সমাজে বৌদ্ধধর্ম ক্রমশ জনপ্রিয় লাভ করে, সেই সঙ্গে জৈন, শৈব, বৈষ্ণব ধর্মের প্রভাব পরিলক্ষিত হয়। নন্দ বংশের পতন ও গুপ্ত বংশের উত্থান শুরু হয়, এর ফলে শক, পল্লব, কুশান ও গ্রীক বহির্ভারতীয় জাতিগুলির প্রভাব হিন্দু ধর্মের ওপর পড়ে। এই সময় গ্রীকদূত মেগাস্থানিস পাটলিপুত্রের রাজসভায় কিছুদিনের জন্য অবস্থান করেছিলেন। সেই যুগের কোন না কোন সামাজিক অস্থিরতাকে ছোট ছোট গল্পের মাধ্যমে বিষ্ণুশর্মা জনসমক্ষে তুলে ধরেছেন। গল্পগুলির মধ্যে সহৃদয় পাঠকেরা উপভোগ করে তরল হাস্যরস, তীক্ষ্ণ ব্যঙ্গ-বিদ্রুপ, উপদেশ। দিলীপকুমার কাঞ্জিলাল সংস্কৃত সাহিত্যে হাস্যরস গ্রন্থে বলেছেন — '... মৌলিক রূপকের মাধ্যমে মানবচরিত্রের কোন না কোন অশুভ প্রবৃত্তিকে ব্যঙ্গ করিবার নিমিত্তে রচিত'। বিষ্ণুশর্মা তথাকথিত অলংকারশাস্ত্রের হাস্যরস কে সেই ভাবে ব্যাখ্যা না করে আপন মুন্সিয়ানা সহযোগে ব্যঙ্গ, বিদ্রুপ উপদেশের মাধ্যমে তরল হাস্যরস কে প্রস্ফুটিত করেছেন।

'মিত্রভেদ' অংশে চড়ুই, কাঠঠোকরা, মাছি, ব্যাং, হাতির গল্পে চড়ুই দম্পতির সন্তানগণ মাতাল বুনো হাতির গরমের অস্থিরতার কারণে নষ্ট হয়ে যায়। শোকাহত চড়ুইনী কাঁদতে শুরু করলে কাঠঠোকরা পাখি তার দুঃখে দুঃখী হয়ে শোকাহত চড়ুইনীকে জ্ঞান দিতে থাকে। এ প্রসঙ্গে প্রদত্ত বার্তার অন্যতম হলো আত্মীয়রা গ্লেগ্মা সমেত চোখের জল ফেলে অনিচ্ছাসত্ত্বেও অসহায় প্রেতকে গলাধিকার করতে হয় তাই শোক প্রকাশ না করে সাধ্যমত ত্রিয়াকর্ম করা উচিত। অতি শোক যে ব্যঙ্গের আকার ধারণ করে তা এই উক্তি মাধ্যমে প্রতিফলিত হয়েছে।

'কাকোলুকীয়' অংশে মেঘবর্মণ নামক কাক ও অরিমর্দন নামক প্যাঁচার মধ্যে চিরশত্রুতা বর্তমান। কাক ও প্যাঁচ এই দুই প্রকার প্রজাতির মধ্যে একে অপরকে ধ্বংস করার প্রবৃত্তি বর্তমান। পেচক রাজ কাকেদের দেখতে পেলেই মেরে ফেলতো। মেঘবর্মণ নামক কাকেদের রাজা তার পাঁচ মন্ত্রী কে যুদ্ধ করতে উদ্বুদ্ধ করার প্রসঙ্গে অহিংসা ও হিংসার কথা তুলে তাদেরকে বোঝানোর চেষ্টা করে। এপ্রসঙ্গে চড়ুই খরগোশ

ও বিড়ালের গল্পে কপিঞ্জল নামক চড়ুই ও ও শীঘ্রগ নামক খরগোশ এর মধ্যে বাসস্থান নিয়ে ঝগড়ার উদ্বেক হলে সুবিচারের জন্য তারা বিদ্বান ব্যক্তি সম্মিলনে শরণাপন্ন হলেন। যার শরণাপন্ন হলেন তিনি হলেন তীক্ষ্ণদ্রষ্ট নামক এক ভদ্র ধর্মতপস্বী বনবিড়াল। চড়ুই ও খরগোশের ঝগড়ার কথা শুনে নদীর তীরে গিয়ে বনবিড়াল ভদ্র তপস্বীর ভান করে দণ্ডায়মান ছিলেন এবং এই ভদ্র তপস্বী তাদেরকে অহিংসার শিক্ষা প্রসঙ্গে বলেন, ধর্মের সংক্ষিপ্তসার হল ধর্মের প্রতি প্রতিকূল আচরণ না করা, নিজের প্রতি অপরের প্রতি অহিংসা হল নরকের রাস্তা। অহিংসা পরম ধর্ম। বিষ্ণুশর্মা অহিংসার বার্তা প্রসঙ্গে তিনি ব্যঙ্গ করে বলেছেন—অহিংসা হলো ধর্ম। হিংস্র জন্তুকে যিনি হত্যা করে তিনিও নরকগামী হন, আর যে নিরীহ জীবজন্তু তথা ছারপোকা, উকুন, ডাশমশা ইত্যাদিকে হত্যা করবে তার কি হবে।

ধর্মতপস্বী নিজে তপস্বী না হয়েও ধর্মতপস্বীর ভান করেন এতে তার কোন দোষ নেই সেই ব্যক্তি আবার অহিংসার শিক্ষা দান করেন। আসলে কবি কৌতুক রচনার মাধ্যমে যে হাস্যরসের সৃষ্টি করেছেন তাতে তিনি অহিংসা নামক বিষয়কে ব্যঙ্গের মাধ্যমে প্রকাশ করেছেন। তৎকালীন যুগে জৈনদের অহিংসা মূলক অত্যাধিক বাড়াবাড়িকে তিনি জনসমক্ষে উন্মোচিত করেছেন।

অন্যদিকে এই একই গল্পে যাজ্ঞিকদের যজ্ঞ নিয়ে বাড়াবাড়ি করেছেন তিনি তার প্রতি অঙ্গুলি নিক্ষেপ করেছেন। যে যাজ্ঞিকগণ যজ্ঞে পশু হত্যা করেন তারা হলেন মূর্খ যাজ্ঞিক। কারণ তারা বেদের অর্থ প্রকৃতপক্ষে জানেন না। 'অজ'-কথার অর্থ 'সাত বছরের পুরানো শালিধান' পশু নয়।

বাংলায় একটি প্রবাদ বাক্য প্রচলিত আছে, 'অতি চালাকের গলায় দড়ি'। 'অপরিষ্কীতকারক' অংশে শতবুদ্ধি ও সহস্রবুদ্ধি নামক মাছ এবং একবুদ্ধি নামক একটি ব্যাং জলাশয়ে বসবাস করত। ধীবরেরা জলাশয়ে মাছ ধরবে বলে ঠিক করলে সকলে ভীত হলেও সহস্রবুদ্ধি সকলকে বুদ্ধি বলে বাঁচানোর কথা প্রকাশ করত। সেইসঙ্গে শতবুদ্ধি ও একবুদ্ধিকে নানা ফন্দির কথা বলতে থাকে এবং নিজ স্থানের প্রতি অর্থাৎ পিতৃভূমির প্রতি যে টান তার প্রতিফলন লক্ষ্য করা যায় এ প্রসঙ্গে সহস্রবুদ্ধির হল স্বদেশভূমি যতই কু স্থান হোক না কেন তাকে ছেড়ে চলে যাওয়া যায় না সুতরাং মাতৃভূমি তথা পিতৃভূমির প্রতি যে টান তার প্রকাশ পরিলক্ষিত হয় সহস্রবুদ্ধির বার্তার মধ্যে। একবুদ্ধি সহস্রবুদ্ধির কথা না শুনে অন্য জলাশয়ে চলে যায় এবং ধীবরের জালে সহস্রবুদ্ধি ও শতবুদ্ধি ধরা পড়ে। আসলে কবি এখানে বলতে চেয়েছেন যে যখন যে রকম পরিস্থিতি হবে তাকে সেই ভাবে উপস্থিত বুদ্ধির মাধ্যমে সামলাতে হবে। বিষ্ণুশর্মা তৎকালীন সমাজে অন্ধ স্বদেশ অনুরাগকে তীব্র ব্যঙ্গ করে দেশপ্রেম নামক সংকীর্ণতা আলস্যতাকে কঠোরভাবে আঘাত করেছেন। সেই সঙ্গে কুপমভুকতা রূপ মানসিকতাকে তীব্রভাবে প্রতিবাদ জানিয়েছেন। এই একই রকম কুপমভুকতার প্রতিফলন লক্ষ্য করা যায় 'মিত্রভেদ' অংশে অনাগত বিধাতা প্রত্যাশাপন্নমতি ও যত ভবিষ্য গল্পে।

'মিত্রলাভ' অংশে ব্রহ্ম অরণ্যে বসবাসকারী কর্পূর তিলক নামক হস্তীকে ঘিরে শৃগালের কার্যকলাপ বর্ণনার মাধ্যমে অসৎ পুরুষের উপর বিশ্বাস স্থাপন অবিমূশ্যকারীকে বর্ণনা করেছেন। হস্তী ও শৃগালের কথোপকথনের মাধ্যমে সমাজের অসৎ পুরুষের বিশ্বাসভঙ্গ কারণকে কবি তীব্রভাবে বাক্যবাণে বিদ্ধ করেছেন অর্থাৎ স্যাটায়ার নামক ব্যঙ্গ-বিদ্রোপের মাধ্যমে সমাজের প্রতিফলন ঘটিয়েছেন।

অন্যদিকে পঞ্চতন্ত্রের যুগ পুরুষতান্ত্রিক হলেও নারীদের যোগ্য স্থান দেওয়া হতো না। এই যুগে নারী ছিল নিমিত্তা, ভোগ্যা, দ্বৈয়া। কবি নিজে পুরুষ হয়েও পুরুষের প্রতি তীব্র কটাক্ষ করে বলেছেন পুরুষ

একমাত্র বলবান, পুরন্বই হলো সিদ্ধি উপায় স্বরূপ।

কথামূলক গল্পসাহিত্যের মাধ্যমে কবি বাস্তবের অর্থাৎ অলৌকিক জগতের যে বাহ্য ক্রটি তা রূপকথার মোড়কে সহৃদয়ের সামনে প্রতিস্থাপন করেছেন। হাস্যরস সকল সময়ে চেতন মানব সত্তার সহিত জড়িত থাকার সত্ত্বেও ব্যক্তি বিশেষে আবদ্ধ না থেকে সমাজের পারিপার্শ্বিক বিভিন্ন বিষয় সম্পর্কে চিন্তাশীল ভাবে জাগ্রত করে, তাই হাস্যরসকে জাতির অগ্রগতির সূচক এবং সামাজিক জীবনের বাহ্য ক্রটি সংশোধনের প্রচেষ্টা রূপেও ব্যাখ্যা করা যেতে পারে।

References:

১. S.N. Dasgupta/S.K. De, A History of Sanskrit Literature. Classical Period, p. 81.
২. R.S. Nagar (ed.), Nāṭyaśāstra of Bharatamuni, p. 271.
৩. A.A. Macdonell, The Energy of Men, chapter-6, pp. 97-99.
৪. W. Jones, Theory and Practice of Psychology, p. 145.
৫. G. Mishra, Saṃskṛta Sāhitya: Samālocanā: Vividha Prasaṅga, p. 69.
৬. K. Chattyapadhya, Sāhityera rūpa rīti o anyānya prasaṅga, p. 58.
৭. D.K. Kanjilal, Saṃskṛta Sāhitye Hāsyarasa, p. 199.

Select Bibliography

- Bharata. Nāṭyaśāstra. Ed. R.S. Nagar. Nāṭyaśāstra of Bharatamuni. Delhi: Parimal Publication, 2009.
- Chattopadhyay, Rita. 20th Century Sanskrit Literature: A Glimpse into Tradition and Invention. Kolkata: Sanskrit Pustak Bhandar, 2009.
- Dasgupta, Surendranath / De, Sushil Kumar. A History of Sanskrit Literature. Classical Period. Calcutta (now Kolkata): University of Calcutta, 1977. (1st ed. Calcutta, 1947).
- J. Wynn. Theory and Practice of Psychology. London: Macmillan & co, 1934.
- Kanjilal, D. K. Saṃskṛta Sāhitye Hāsyarasa. Kolkata: Sanskrit College Prakashan, 1371 BY.
- Macdonell, A. A. The Energy of Men. Routledge: 1932.
- India's Past. Oxford: At the Clarendon Press, 1927.
- A History of Sanskrit Literature. New York: D. Apleton and Company, 1900.
- Mishra, Gopalchandra. Saṃskṛta Sāhitya: Samālocanā: Vividha Prasaṅga. Kolkata: Sanskrit Pustak Bhandar, 2013.
- Mukherji, R. Literary Criticism in Ancient India. Calcutta (now Kolkata): Sanskrit Pustak Bhandar, 1966.
- Sastri, G. (gen. ed.). Saṃskṛta Sāhitya Sambhāra. Calcutta (now Kolkata): Nabapatra Prakashan.
- Shastri, Ashoknath. Rasa o bhāva. Kolkata: Sanskrit Pustak Bhandar, 1405 (BY).

জয়ন্তভট্টের ন্যায়মঞ্জরী অনুসারে অনুমানের শ্রেণীবিভাগ মন্দিরা ঘোষ

জয়ন্তভট্ট ছিলেন একজন কাশ্মীরী শৈব দার্শনিক। খ্রিস্টীয় নবম শতাব্দীতে কাশ্মীররাজ শঙ্করবর্মার মন্ত্রী ছিলেন জয়ন্তভট্ট। তিনি একজন প্রাচীন নৈয়ায়িকরূপে দার্শনিক সমাজে পরিচিত হলেও চিরাচরিত ন্যায়মত থেকে তাঁর দৃষ্টিভঙ্গী ছিল অনেকাংশেই আলাদা। জয়ন্তভট্ট ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম প্রদত্ত লক্ষণসূত্রগুলির স্বতন্ত্র ব্যাখ্যা দিয়েছেন। তাঁর রচিত ন্যায়মঞ্জরী গ্রন্থের প্রারম্ভেই তিনি তাঁর কর্তব্য নির্দেশ করতে গিয়ে বলেছেন যে, “অস্মাভিস্তু লক্ষণসূত্রানি এব ব্যাখ্যাসন্তে”। ন্যায়দর্শনে স্বীকৃত তত্ত্বগুলি সম্পর্কে স্বতন্ত্র ও অভিনব দৃষ্টিভঙ্গীর কারণেই তাঁর অভিমত পর্যালোচনা বিশেষ গুরুত্বের দাবী রাখে। ন্যায়দর্শনে অনুমানের শ্রেণীবিভাগ সংক্রান্ত আলোচনা করতে গিয়ে তাই তাঁর মতটিও আমার গবেষণাপত্রে সংযোজিত হয়েছে। জয়ন্তভট্টকৃত ন্যায়মঞ্জরী ন্যায়দর্শনের অন্যতম গুরুত্বপূর্ণ একটি গ্রন্থ। এটিতে মহর্ষি গৌতমকৃত ন্যায়সূত্রের মধ্যে লক্ষণসূত্রগুলির ব্যাখ্যা প্রসঙ্গে ন্যায়মত যেমন প্রতিপাদিত হয়েছে, তেমনই প্রসঙ্গক্রমে অন্যান্য সম্প্রদায়ের মতও আলোচিত ও খণ্ডিত হয়েছে। এই গ্রন্থের রচনার গ্রন্থকর্তার পাণ্ডিত্য, কবিত্ব এবং কৌতুকবোধ -এই তিনটি গুণের সমন্বয় ঘটেছে। জয়ন্তভট্ট গদ্য ও পদ্য উভয়বিধ রচনাতেই অত্যন্ত দক্ষ ছিলেন এবং তার পরিহাসপ্রিয়তা এই গ্রন্থের ছত্রে ছত্রে সমুজ্জ্বল হয়ে আছে। একটি দার্শনিক গ্রন্থ কিরূপ সরসভঙ্গীতে লিখিত হতে পারে ন্যায়মঞ্জরী গ্রন্থে তার উৎকৃষ্ট নিদর্শন পাওয়া যায়^১। তবে ন্যায়দর্শনের মূল তত্ত্বের উপর ভিত্তি করে জয়ন্তভট্ট ন্যায়মঞ্জরী ছাড়াও ন্যায়কলিকা ও ন্যায়পল্লব নামক আরো দুটি মৌলিক গ্রন্থ রচনা করেছিলেন বলে জানা যায়।

জয়ন্তভট্টের ন্যায়মঞ্জরী গ্রন্থে যেভাবে অনুমানের শ্রেণীবিভাগ সম্পর্কে আলোচনা করা হয়েছে, তাতে দেখা গেছে যে, তিনি ন্যায়সূত্রে প্রদত্ত পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই ত্রিবিধ অনুমানের অভিনব ব্যাখ্যা প্রদান করেছেন। এবং শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই দুই প্রকার অনুমানের মধ্যবর্তী পার্থক্য বিষয়েও আলোকপাত করেছেন। এক্ষেত্রে একটি বিষয় লক্ষ্যণীয় যে, ন্যায়সূত্রের ভাষ্যকার বাৎস্যায়ন কর্তৃক প্রদত্ত সামান্যতোদৃষ্ট অনুমানের লক্ষণ ও উদাহরণ স্বীকার না করে তিনি সম্পূর্ণ স্বতন্ত্র দৃষ্টিকোণ থেকে এইপ্রকার অনুমানের ব্যাখ্যা দিয়েছেন ও ভাষ্যকার প্রদত্ত সামান্যতোদৃষ্ট অনুমানের ভিন্নপ্রকার উদাহরণ প্রস্তাব করেছেন।

সূত্রে প্রদত্ত ত্রিবিধ পদের তাৎপর্য

ন্যায়সূত্রে অনুমানের লক্ষণ দিতে গিয়ে বলা হয়েছে, "অথ তৎপূর্বকম্ ত্রিবিধমনুমানম্ পূর্ববচ্ছেষবৎ সামান্যতোদৃষ্টঞ্চ।।১/১/৫।।"^৩। এখন এই সূত্রে উল্লিখিত শব্দগুলি সূত্রের লক্ষণঘটক না বিভাগপর তা নিয়ে দার্শনিকগণের মধ্যে বৈমত্য় আছে। যেমন ভাষ্যকার বাৎসায়নের মতে অনুমানের লক্ষণসূত্রে 'তৎপূর্বকম্' - এই শব্দটিই শুধুমাত্র লক্ষণঘটক, বাকি অংশটি বিভাগপর। আবার জয়ন্তভট্টের মতে, ন্যায়সূত্রকার গৌতমোক্ত সূত্রের "অথ তৎপূর্বকম্ ত্রিবিধমনুমানম্" - এই অংশটি লক্ষণঘটক, এবং "পূর্ববচ্ছেষবৎ সামান্যতোদৃষ্টঞ্চ" - এই অংশটি বিভাগপর। সুতরাং দেখা যাচ্ছে 'ত্রিবিধম্' ইত্যাদি পদগুলি সূত্রের লক্ষণঘটক না বিভাগপর এই প্রশ্নের অবকাশ আছে।

কেউ আপত্তি করতে পারেন যে, 'তৎপূর্বকম্' -এই কথা বলার দ্বারাই তো অনুমানের লক্ষণ সূচিত হতে পারে, যেহেতু অনুমান হল প্রত্যক্ষপূর্বক বা প্রত্যক্ষভিত্তিক জ্ঞান - এটি সর্বজনস্বীকৃত, অতএব সূত্রে 'ত্রিবিধমনুমানম্ পূর্ববচ্ছেষবৎ সামান্যতোদৃষ্টঞ্চ' - এই পদগুলি প্রয়োগ করলে লক্ষণে গৌরব দোষ হয়। কোনো কোনো দার্শনিক মনে করেন যে, অনুমানের লক্ষণটির উপমান, আগম ইত্যাদি প্রমাণের ক্ষেত্রে অতিব্যাপ্তি নিষেধ করার জন্যই ন্যায়সূত্রে পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই ত্রিবিধ পদ প্রদত্ত হয়েছে^৪। কার্যাদিভেদে লিঙ্গ ত্রিবিধ অথবা পক্ষধর্মাদিরূপত্রয়যুক্ত হওয়ায় ত্রিরূপ লিঙ্গ ত্রিবিধ প্রকার বলে কথিত হয়ে থাকে^৫। ত্রিবিধ লিঙ্গ এবং এই ত্রিবিধ লিঙ্গকে অবলম্বন করে যে জ্ঞান উৎপন্ন হয়, তাকে অনুমান প্রমাণ বললে আর এই আপত্তির আশঙ্কা থাকে না। প্রশ্ন হতে পারে পূর্ববৎ ইত্যাদি শব্দত্রয় যদি কার্য ইত্যাদির ভেদ বর্ণনা করে তাহলে পক্ষধর্ম ইত্যাদি রূপত্রয়ের ভেদ এই শব্দত্রয়ের দ্বারা কীভাবে প্রতিপাদিত হবে?

এর উত্তরে বলা যায়, এখানে অনুমেয় পদার্থটি মুখ্য গুরুত্ব পেয়ে থাকে। 'পূর্ববৎ' - এই শব্দটি কারণবৎ অর্থাৎ কার্যকে নির্দেশ করে থাকে। যেহেতু কার্য পদার্থটি অনুমেয় পদার্থরূপে অবস্থান করে বলে সুস্পষ্টরূপে ব্যক্ত করা হয়ে থাকে। অর্থাৎ 'পূর্ববৎ' শব্দটি এখানে সৎহেতুর পক্ষসত্ত্বরূপ ধর্মকে নির্দেশ করে থাকে^৬।

'শেষবৎ' শব্দের অন্তর্গত 'শেষ' শব্দটি সদৃশ দৃষ্টান্তকে নির্দেশ করে থাকে, যেহেতু এই আধারটি অবশ্যই অনুমেয় পদার্থটিকে ধারণ করে আছে বলে জানা যায়। 'শেষ' - এই শব্দটি সেই হেতুকে নির্দেশ করে যেটি সপক্ষে বিদ্যমান থাকে। সুতরাং সৎহেতুর সপক্ষসত্ত্বরূপ ধর্মটি 'শেষবৎ' - এই শব্দের দ্বারা নির্দেশিত হয়ে থাকে^৭।

'সামান্যতোদৃষ্ট' - এই যৌগিক শব্দটি প্রস্তাব করে যে, হেতুটি সাধোর নিশ্চিত অভাব হলে বিদ্যমান থাকবে না, অর্থাৎ হেতুর বিপক্ষাসত্ত্ব ধর্মটি 'সামান্যতোদৃষ্ট' - এই শব্দের দ্বারা নির্দেশিত হয়ে

থাকে^{১০}। প্রশ্ন উঠতে পারে, কেমন করে এই অর্থটি নিঃসৃত হয়? যৌগিক শব্দ 'সামান্যতঃ অদৃষ্টম্' - এর ক্ষেত্রে 'অ' শব্দটি এর সাথে সংযোজিত হয়েছে এই সমগ্র শব্দটির উচ্চারণের কোনো পরিবর্তন না ঘটিয়ে। এখানে হেতুর কোনো চিহ্ন নেই, বা বিদ্যমানতার কোনো আকারের কথাও এখানে বলা যায় না। এখন এর অভাবের অধিষ্ঠান বা আধারকে বিশেষিত করতে হবে। এটি অনুমেয় পদার্থ এবং তার সাথে সাথে সদৃশ দৃষ্টান্তসমূহে অর্থাৎ সপক্ষে বিদ্যমান থাকে। কেবলমাত্র বিসদৃশ দৃষ্টান্তটিই হেতুর দ্বারা বিশেষিত হওয়ার জন্য অবশিষ্ট থাকে। হেতুর কোনো চিহ্ন বিসদৃশ দৃষ্টান্তে পাওয়া যায় না। সুতরাং উপরোক্ত পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই শব্দত্রয় যথাক্রমে হেতুর পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব এবং বিপক্ষসত্ত্ব - এই তিনটি শর্তকে নির্দেশ করে থাকে। সুতরাং পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব এবং বিপক্ষসত্ত্ব - এই ত্রিরূপবিশিষ্ট লিঙ্গকে অবলম্বন করে যে জ্ঞান উৎপন্ন হয়, তা যথাক্রমে পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই ত্রিবিধ অনুমান বলে অভিহিত হয়ে থাকে^{১১}।

এখন কোনো ব্যক্তি যদি সূত্রোক্ত সবকটি শব্দকেই অনুমানের লক্ষণঘটক বলে মনে করেন, তাহলে তার দ্বারা সূত্রকারের সূত্ররচনার কৌশল বা দক্ষতা প্রতিপাদন করা সম্ভব হবে না^{১২}।

নৈয়ায়িকগণের মতে, সৎ হেতুর পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, বিপক্ষসত্ত্ব, অসৎপ্রতিপক্ষত্ব এবং অবাধিতবিষয়ত্ব - এই পাঁচটি ধর্মবিশিষ্ট হওয়া আবশ্যিক। এখন জয়ন্তভট্টের মতে, পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই পদত্রয় যদি অনুমান প্রমাণের লক্ষণঘটক বলে বিবেচিত হয়, তাহলে এই তিনটি শব্দের দ্বারা হেতুর কেবলমাত্র পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব এবং বিপক্ষসত্ত্ব - এই তিনটি ধর্মকেই নির্দেশ করা সম্ভব হবে। পূর্ববৎ ইত্যাদি শব্দত্রয় হেতুর অসৎপ্রতিপক্ষত্ব ও অবাধিতবিষয়ত্ব নামক ধর্মদ্বয়কে নির্দেশ করতে পারে না। তার ফলে পূর্ববৎ ইত্যাদি শব্দত্রয়কে অনুমানের লক্ষণঘটক বলা যায় না; কারণ হেতুর অসৎপ্রতিপক্ষত্ব ও অবাধিতবিষয়ত্ব নামক ধর্মদ্বয়কে নির্দেশ করা না গেলে তা কালত্যাগাদিষ্ট, প্রকরণসম ইত্যাদি হেত্বাভাসরূপে পরিগণিত হয়^{১৩}। অতএব বিভাগপ্রতিপাদক অর্থেই সূত্রোক্ত এই ত্রিবিধ পদ গৃহীত হয়েছে বলে বুঝতে হবে। অর্থাৎ 'পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট' - এই শব্দত্রয়ের দ্বারা অনুমানের উক্ত বিভাগত্রয় উল্লিখিত হয়েছে বলে জয়ন্তভট্ট মনে করেছেন^{১৪}।

এখন কেউ বলতে পারেন যে, অনুমান লক্ষণসূত্রে 'বিভাগবচন' অর্থাৎ অনুমান প্রমাণের প্রকারত্রয় বোধক "পূর্ববচ্ছেষবৎ সামান্যতোদৃষ্টঞ্চ" - এই বাক্যের দ্বারাই অনুমান প্রমাণ যে ত্রিবিধ তা বোঝা যায়, তথাপি সূত্রকার এই অংশের পূর্বে 'ত্রিবিধম্' - এই পদটি সংযোজিত করেছেন কেন? এর উত্তর দিতে গিয়ে জয়ন্তভট্ট বলেছেন, সূত্রকারের বাক্যালাঘবে অনাদর প্রযুক্ত অবশিষ্ট শব্দত্রয় সূত্রলক্ষণে সংযোজিত হয়েছে। যেরকম সিদ্ধান্ত, শব্দ, ছল ইত্যাদি স্থলে সূত্রকার তাদের বিভাগগুলির নামোল্লেখ সত্ত্বেও পূর্বে তাদের বিভাগপ্রতিপাদক সংখ্যার উল্লেখ করেছিলেন^{১৫}, তদনুরূপ অনুমানের ক্ষেত্রেও প্রমাণবিভাজক তৃতীয় ন্যায়সূত্রে অনুমানের সামান্য উদ্দেশ্য করার পর, ^{১৬} পঞ্চমতম ন্যায়সূত্রে অনুমানের

বিশেষ উদ্দেশ্য করতে গিয়ে 'ত্রিবিধমনুমানম্' পদ উল্লেখপূর্বক লক্ষণশরীরে "পূর্ববচ্ছেদ্যবৎ সামান্যতোদৃষ্টঃ" পদ নিবেশ করেছেন। এরপর জয়ন্তভট্টকে অনুসরণ করে 'পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট' - এই শব্দত্রয়ের তাৎপর্য ব্যাখ্যা করা হল।

পূর্ববৎ শব্দের অর্থ

যখন একটি কার্য, তার কারণ থেকে অনুমিত হয়, তখন সেইপ্রকার অনুমান 'পূর্ববৎ' বলে ব্যাখ্যাত হয়ে থাকে। আমরা যখন আকাশে মেঘের সন্নিবেশ লক্ষ্য করি, তখন তা থেকে আমরা ভবিষ্যতির অনুমান করে থাকি^৭। কোনো কোনো যুক্তিবিদ আবার এই পূর্ববৎ অনুমানকে ভিন্ন প্রকারে ব্যাখ্যা করে থাকেন। তারা মনে করেন যে, 'পূর্ব' - এই শব্দটি কারণকে নির্দেশ করে, এবং 'পূর্ববৎ' - এই শব্দটি কার্যকে নির্দেশ করে থাকে, যেহেতু প্রত্যেক কার্যেরই একটি কারণ আছে। অর্থাৎ পূর্ববৎ বলতে তাকেই নির্দেশ করা হচ্ছে যার পূর্ব বা কারণ আছে। সুতরাং 'পূর্ববৎ' - এই শব্দের মুখ্য অর্থ হল কার্য। অতএব এইপ্রকার অনুমান, যা পূর্ববৎ বলে কথিত হয়ে থাকে, তাকে পূর্ববতের অনুমান অর্থাৎ কার্যের অনুমানরূপেই ব্যাখ্যা করতে হবে।

যাঁরা বলে থাকেন পূর্ববৎ অনুমান হল কারণ থেকে কার্যের অনুমান, ন্যায়বার্তিককার উদ্যোক্তকর তাঁদের মত খণ্ডন করেছেন। উক্ত মতের বিরোধিতা প্রসঙ্গে উদ্যোক্তকর দুটি যুক্তি উপস্থাপন করেছেন, যথা: -

১। কোনও বিচক্ষণ ব্যক্তিই কারণের প্রত্যক্ষের ভিত্তিতে কার্য অনুমান করতে পারে না।

২। হেতু বা কারণ ও কার্য ভিন্ন ভিন্ন দেশে অবস্থান করে, তাই কারণ থেকে কার্যকে অনুমান করার কোনো অবকাশ নেই।

জয়ন্তভট্ট, উদ্যোক্তকর কর্তৃক প্রস্তাবিত ভাষ্যকারের বিরোধী ব্যাখ্যার সমর্থনে কিছু অনুকূল যুক্তি পর্যালোচনা করেছেন। কোনও কোনও দার্শনিকের মতে, 'পূর্ব' শব্দের অর্থ হল কারণ। আর 'পূর্ববৎ' বলতে বোঝায় কার্যকে। সুতরাং তাঁদের মতানুসারে কারণ থেকে কার্যের অনুমানই পূর্ববৎ অনুমান বলে কথিত হয়ে থাকে। এই মতের সপক্ষে যুক্তিগুলি হল নিম্নরূপ:

১। অনুমানের বিষয় (অনুম্যেয় পদার্থ বা সাধ্য) হল কার্য - এটি বলা যুক্তিযুক্ত নয়।

২। যদি কার্যটি অস্তিত্বশীলরূপেই জ্ঞাত হয়, তাহলে তার সম্পর্কে প্রতিষ্ঠা করার মতো অভিনব কিছুই আর অবশিষ্ট থাকতে পারে না।

৩। আর কার্যটি যদি অস্তিত্বশীল না হয়, তাহলে আকাশকুসুমের ন্যায় সেটি অননুম্যেয় বস্তুরূপে গৃহীত হয়ে থাকে।

৪। হেতু বা কারণ এবং কার্য হল দুটি অতুলনীয় বস্তু। কার্যের অস্তিত্ব প্রমাণ করতে যদি কোনও সদর্থক শর্তকে হেতুরূপে ব্যবহার করা হয় তবে তা অনুমানের অর্থে বিদ্যমান থাকে না। ফলতঃ অসিদ্ধ, বিরুদ্ধ এবং অনৈকান্তিক হেতুভাসের উদ্ভব ঘটে।

৫। কার্যের অস্তিত্ব প্রমাণ করার ক্ষেত্রে অনির্দিষ্ট কারণ সহায়তা করতে পারে না, যেহেতু কারণ ও কার্যের মধ্যে ব্যাপ্তি সম্বন্ধ বর্তমান থাকা আবশ্যিক, কিন্তু অনির্দিষ্ট কারণ ও কার্যের মধ্যে কোনও প্রকার ব্যাপ্তি সম্বন্ধ বর্তমান থাকে না।

৬। যদি বলা হয় যে, যার থেকে কার্যটি নিঃসৃত হয়, সেই কারণকে অনুমানের হেতুরূপে প্রয়োগ করা যেতে পারে তাহলে ব্যাপ্তি সম্বন্ধ স্মরণের সঙ্গে সঙ্গে কার্যের স্মরণ হয়ে যাবে। তাহলে সেক্ষেত্রে আর কার্যকে অনুমান করার কোনো প্রয়োজন থাকবে না।

৭। এটি সম্পূর্ণ ভুল ধারণা যে, 'বৌদ্ধগণ কারণ থেকে কার্যের অনুমিতি হয় বলে বিশ্বাস করেন'। বৌদ্ধগণ উৎপাদ শব্দ ব্যবহার করে থাকেন এবং তার দ্বারা কারণ থেকে কার্যের উৎপত্তির সামর্থ্যকেই নির্দেশ করা হয়ে থাকে।

জয়ন্তভট্ট নিম্নোক্তভাবে উপরে উক্ত যুক্তিগুলিকে খণ্ডন করেছেন :

১। এখানে কার্য অনুমিতির বিষয় নয়। যেমন - ভাবিবৃষ্টির কারণরূপে মেঘের অনুমানের ক্ষেত্রে, মেঘ হল অনুমিতির বিষয়। এখানে যেটি প্রতিষ্ঠিত করতে চাওয়া হচ্ছে তা হল, ঐরূপ মেঘ সেই বৃষ্টিকে নিশ্চিত করে যা অদূর ভবিষ্যতে বর্ষিত হবে। সুতরাং এক্ষেত্রে ভাবিবৃষ্টিরূপ কার্য অনুমানের বিষয় নয়, বরং ভবিষ্যতে বৃষ্টিসম্পন্ন মেঘই এইস্থলে অনুমিত হয়ে থাকে।

২। 'পূর্ব' শব্দ কারণকে নির্দেশ করে। 'পূর্ববৎ' বলতে কারণের ধর্মকে বোঝানো হয়ে থাকে। যেমন - বৃষ্টির ক্ষেত্রে মেঘ হল কারণ। 'আকাশে সমবেত হওয়া' -এই হল মেঘরূপ কারণের ধর্ম। সুতরাং এখানে কোনও অনির্দিষ্ট কারণের উপস্থাপনা করা হচ্ছে না।

৩। কার্য, কারণের অব্যবহিত পরে উৎপন্ন হয়। সুতরাং কারণের প্রত্যক্ষ হওয়ার সাথে সাথেই কার্যেরও প্রত্যক্ষ হয়ে যাবে -এইপ্রকার ভয় অমূলক। বৃষ্টির ফোঁটা মেঘ থেকে সরাসরি আমাদের মাথায় ঝরে পড়ে না।

৪। মানুষ কার্যকে যথাযথ কারণ থেকে অনুমান করে, যে কোনো কারণ থেকে নয়।

এছাড়া অন্যভাবেও জয়ন্তভট্ট পূর্ববৎ অনুমানকে ব্যাখ্যা করেছেন। হেতু ও সাধ্যের মধ্যে ব্যাপ্তি সম্বন্ধ বলতে তিনি তাকেই বুঝিয়েছেন যার উপর ভিত্তি করে হেতুটি সাধ্যের অনুমাপক হয়ে থাকে। আমরা আমাদের পূর্ববর্তী অভিজ্ঞতার উপর ভিত্তি করে হেতু ও সাধ্যের মধ্যে ব্যাপ্তি সম্বন্ধকে জেনে

থাকি। পূর্ববর্তী অভিজ্ঞতা বলতে এক্ষেত্রে সদৃশ হেতু ও সদৃশ সাধ্যের প্রত্যক্ষকে বোঝানো হয়েছে। পূর্বে ধূম ও বহ্নিকে একসাথে বিদ্যমান থাকতে দেখা গেছে। এরপর পর্বতে ধূমকে দেখে সেখানে বহ্নিকে অনুমান করা হয়। প্রশ্ন হতে পারে, অনুমান কীভাবে প্রত্যক্ষের সদৃশ বলে গণ্য হতে পারে? জয়ন্তভট্টের মতে বিশেষ হেতু যা তার বিশেষ বৈশিষ্ট্যগুলির সঙ্গে অবগত হয়ে থাকে, সেই বহ্নিকে প্রতিষ্ঠা করে যে বহ্নি পূর্বে জ্ঞাত বহ্নির সদৃশ। সেই কারণে অনুমান প্রত্যক্ষের সদৃশ বলে গণ্য হয়ে থাকে। নিম্নে আরও সুস্পষ্টভাবে বিরোধীপক্ষ কর্তৃক উক্ত যুক্তি ও তার খণ্ডনপক্ষের যুক্তিগুলি আলোচনা করা হল:

একটি কারণ থেকে তার কার্যের অনুমান করাই অসম্ভব। বস্তুতঃপক্ষে একটি কার্যকে অনুমেয় বস্তুরূপে গ্রহণ করাই যুক্তিযুক্ত হতে পারে না, কারণ এটিকে যুক্তিযুক্ত বলে স্বীকার করলে প্রশ্ন উঠতে পারে, এই কার্যটি কি অস্তিত্বশীল? না কি তা অস্তিত্বশীল নয়? যদি প্রথম বিকল্পটি স্বীকার করে নিয়ে বলা হয় কার্যটি অস্তিত্বশীল, তাহলে প্রশ্ন হবে, যদি এটিকে অস্তিত্বশীল হতে হয় তাহলে কী অনুমিত হবে? আর যদি দ্বিতীয় বিকল্পটি গ্রহণ করে নিয়ে বলা হয়, কার্যটি অস্তিত্বশীল নয়, তাহলে কার্যটিকে গণনারবিন্দের ন্যায় অলীক বা অসৎ বলতে হবে; ফলতঃ তা অনুমেয় বস্তু হতে পারবে না। এখন অনুমানটিকে এই আকারে উপস্থাপন করা যেতে পারে যে, 'একটি কার্য হয় অস্তিত্বশীল যেহেতু তার কারণটি বিদ্যমান রয়েছে'। এক্ষেত্রে হেতু এবং সাধ্য হল দুটি বিসদৃশ বা বিজাতীয় বস্তু। 'শব্দ হল অনিত্য যেহেতু কাকটি হয় কালো' - এই অবধারণটির অনুরূপ এটিও অবাস্তব। এখন একটি কার্যের অস্তিত্ব প্রতিষ্ঠা করতে গিয়ে যদি আমরা হেতু হিসাবে একটি সদর্থক শর্তের অস্তিত্ব স্বীকার করে নিই, তাহলে হেতুটি অনুমেয় বস্তুতে বিদ্যমান থাকবে না। এটি হল অসিদ্ধ হেতুভাসের একটি অন্যতম একটি দৃষ্টান্ত। যদি সদর্থক ও নঞর্থক উভয়প্রকার শর্তকে সম্মুখে উপস্থাপন করা হয়, তাহলে তা অনৈকান্তিক হেতুভাসরূপে পরিগণিত হবে।

প্রশ্ন হতে পারে, কিভাবে একটি কার্যের উপস্থিতিকে প্রতিষ্ঠা করা সম্ভব? সদর্থক শর্তের উপস্থিতি অসৎ হেতুকে গঠন করে। সদর্থক ও নঞর্থক উভয় শর্তের উপস্থিতি অসৎ হেতুকে গঠন করে। আবার নঞর্থক শর্তের উপস্থিতি স্ববিরোধী হেতুকে গঠন করে। তাহলে কীভাবে প্রশ্লোদ্ধৃত সাধ্যটি সুপ্রতিষ্ঠিত হবে? পুনরায়, একটি কার্যের অস্তিত্ব প্রমাণ করতে গিয়ে একটি অ-বিশেষিত কারণ কখনও হেতুর প্রয়োজন পরিপূরণ করতে পারে না, যেহেতু হেতু এবং সাধ্যের মধ্যে সার্বিক বা নিয়ত সাহচর্য সম্পর্ক রয়েছে। একটি বিশেষ কার্য একটি বিশেষ কারণ থেকেই উৎপন্ন হয়। সুতরাং একটি অ-বিশেষিত কারণ নিশ্চিতভাবে অপরিপূর্ণ হেতুকে ব্যাখ্যা করে। যদি এটি ধরে নেওয়া হয় যে, বিশেষ কারণকে হেতুরূপে সম্মুখে উপস্থাপিত করা হল, তাহলে দেখা যাবে যে, এমনকি যিনি সর্বোত্তম ব্যক্তি

তিনিও বিশেষ একটি কারণকে খুঁজে বের করতে ব্যর্থ হন। নিম্নলিখিত ব্যাখ্যাটি আমাদের দৃষ্টিকোণটি ব্যাখ্যা করার জন্য যথেষ্ট: -

কোনো কোনো সময় আমরা লক্ষ্য করি যে, পদ্মপত্রের ন্যায় কৃষ্ণবর্ণের বিস্তর (বা ব্যাপক) মেঘরাশি আকাশে পুঞ্জীভূত হচ্ছে এবং চলমান পর্বতের মতো পরিদৃশ্যমান হচ্ছে এবং সেটি এক বিন্দুও বৃষ্টিপাত না ঘটিয়ে মহাশূণ্যে বিলীয়মান হয়ে যাচ্ছে।

যদি এটি ধরে নেওয়া হয় যে, 'কারণ' যেটি থেকে সরাসরি বা প্রত্যক্ষভাবে এবং তাৎক্ষণিকভাবে কার্যের উৎপত্তি ঘটে থাকে সেটি হেতুকে গঠন করে, এবং যখন নিয়ত সাহচর্যরূপ ব্যাপ্তি সম্বন্ধের স্মরণ উদ্ভূত বা আবির্ভূত হয়, তখনই কার্যটি প্রত্যক্ষভূত হয়। অর্থাৎ বলা যায়, একটি কার্যের অনুমান স্বভাবিকভাবেই অপ্রয়োজনীয়।

প্রকৃত তত্ত্বের উদ্ভাবকগণ এইভাবে তাদের সমস্যার সমাধান প্রসঙ্গে বলতে পারেন যে, বৌদ্ধগণও তাদের দৃষ্টিভঙ্গীকে সমর্থন প্রদান করে থাকেন। বৌদ্ধগ্রন্থে এর প্রভাব পরিদৃষ্ট হয়। একটি কার্যের অবভাস সকল শর্তের সমষ্টি থেকে অনুমিত হয়ে থাকে। এটি শর্তগুলির সঙ্গে তাদাত্ম্য সম্পর্কে আবদ্ধরূপে বর্ণিত হয়ে থাকে কারণ এটি অন্য কোনোকিছুর উপর নির্ভর করে না।

মূর্খ বা অল্পমতি ব্যক্তির কাছেই বৌদ্ধগ্রন্থ অবোধগম্যরূপে প্রতিভাত হয়ে থাকে (বা, মূর্খব্যক্তিরাই বৌদ্ধগ্রন্থের পাঠোদ্ধারে ব্যর্থ হতে পারে)। যারা বৌদ্ধমতকে অযুক্তিযুক্তরূপে প্রতিপন্ন করতে বদ্ধপরিকর তারা আসলে বৌদ্ধসম্মত 'উৎপাদ' শব্দের ভুল ব্যাখ্যা গ্রহণ করে থাকেন। 'উৎপাদ' - এই শব্দটি কার্য উৎপাদনের ক্ষমতাকে নির্দেশ করে থাকে। এর ব্যুৎপত্তিগত অর্থ হল যে যার দ্বারা একটি কার্য অস্তিত্বশীল হয়। এই ক্ষমতা যা শর্তগুলির মধ্যে বিরাজমান থাকে সেটাই এখানে অনুমিত হচ্ছে। এটি নিজের শর্তগুলির থেকে পৃথক নয়, সুতরাং এটি হল বিশ্লেষণাত্মক অনুমানের একটি দৃষ্টান্ত। এর থেকে নিঃসৃত হয় যে, এটি সেই পদ্ধতি বা উপায়কে বর্ণনা করে যার দ্বারা কোনো কিছু বহমান বা চলমান হয়ে থাকে। শ্লোকের "'স স্বভাবো' অনুবর্ণিতঃ" - এই অংশ থেকেই আমাদের ব্যাখ্যার যথার্থ্য নিঃসৃত হয়ে থাকে^{১৯}।

অন্যান্য কিছু যুক্তিবিদগণ (কোনো কোনো মীমাংসকগণ) বিরোধী পক্ষের সাথে তাদের একটি আপত্তি সংযুক্ত করে উপস্থাপন করেন এবং খুব তীক্ষ্ণতার (বা চাতুর্যের) সাথে তার খণ্ডন করেন। তারা মনে করেন যে, আপত্তিগুলি এমনকিছু ব্যক্তির দ্বারাই উত্থাপিত হয়ে থাকে যারা 'একটি কার্য এখানে অনুমানের বিষয়রূপে উপস্থিত নেই' -এইরূপ ন্যায় গঠন করতে সমর্থ নয়। প্রশ্লোদ্ধৃত সাধ্যটি এর অস্তিত্ব সূচিত করে না। একটি অতুলনীয় বিজাতীয় হেতু এক্ষেত্রে প্রযুক্ত হতে পারে না। কিন্তু এক্ষেত্রে মেঘগুলি হল অনুমানের বিষয়। এটি প্রতিষ্ঠা করতে হবে যে, তারা সেই বৃষ্টিকে ধারণ করে যা অনতিদূর

ভবিষ্যতে বারে পড়বে। আকাশে মেঘগুলির ঘনসন্নিবিষ্ট হওয়া এবং এইরকম অন্যান্য কিছু বৈশিষ্ট্য হেতুকে গঠন করে। সুতরাং উপরোক্ত আপত্তির কোনো সম্ভাবনা নেই।

আমরা আমাদের বক্তব্যের যথার্থ্য প্রতিপাদনে একটি দৃষ্টান্তের উল্লেখ করতে পারি, যথা, এই ধূমটি অগ্নি হতে উৎপন্ন কারণ এটির গাঢ় সাদা রং আছে ঠিক যেরূপ মহানসীম বহ্নিতে থাকে। ধূমটি অগ্নি হতে উৎপন্ন -এই বাক্যটি এই অর্থে ব্যবহার করা হয়েছে যে, এই ধূমটি এক এবং অভিন্ন আধারে বহ্নির সাথে সহাবস্থান করে। তাহলে অনুমান প্রক্রিয়ার দ্বারা যেটি প্রতিষ্ঠিত হয় তা হল, ধূমে বহ্নি আছে। অনুরূপভাবে আমরা ধরে নিই যে, সেই মেঘগুলি নিকট ভবিষ্যতে বৃষ্টিপাত ঘটাবে কারণ তারা আকাশে সন্নিবিষ্ট হয়েছে, যেরূপ ইতিপূর্বের মেঘরাশি প্রত্যক্ষীভূত হয়েছে, ইত্যাদি। সুতরাং মেঘগুলি যা ভবিষ্যৎ বৃষ্টিকে ধারণ করে, সেটি অনুমিত হয়ে থাকে, কুমারিল ভট্ট এইরূপ কথা বলে থাকেন। অনুমেয় বস্তুটির কার্যকে ধারণ করাই হল একটি অনুমান। সেইস্থান যেটি বহ্নিকে আধার বা অধিষ্ঠানরূপে ধারণ করে আছে তা এইপ্রকারে অনুমিত হয়ে থাকে। অন্যান্য কিছু যুক্তিবিদ মনে করেন যে, ধূম যেটি সাধারণভাবে হেতুরূপে কথিত হয়ে থাকে। সেটিও অনুমানের বিষয় হতে পারে।

'পূর্ব' - এই শব্দটি প্রকৃত অর্থেই কারণকে নির্দেশ করে থাকে। 'পূর্ববৎ' -এই শব্দটি কারণের বৈশিষ্ট্য বা ধর্মকে নির্দেশ করে থাকে। যেমন - মেঘগুলি হল বৃষ্টির কারণ, আকাশে মেঘের সন্নিবেশ প্রতীতি হল এর বৈশিষ্ট্য। এটি 'পূর্ববৎ' -এই শব্দের দ্বারা নির্দেশিত হয়ে থাকে। এই বৈশিষ্ট্যটিই হেতুকে গঠন করে। অধিকন্তু সেখানে বচনের অভিব্যক্তিগুলির মধ্যে কোনো ভাষাগত ত্রুটি বা ভ্রান্তি নেই। একটি অ-বিশেষিত কারণকে বৃষ্টির কারণ বলা যায় না। সুতরাং এখানে এমন কোনো সম্ভাবনা উপস্থিত থাকবে না যেখানে মেঘের উপস্থিতি সত্ত্বেও বৃষ্টির অভাব প্রত্যক্ষীভূত হবে। কারণটিকে অবশ্যই বিশেষিত হতে হবে। এটি কোনোভাবেই একটি কার্যের বিশেষ কারণ খুঁজে বের করার ক্ষেত্রে কোনো সমস্যার সৃষ্টি করে না।

মেঘ, যেগুলি পর্বতের গুহায় সন্নিবিষ্ট হয়ে থাকে, যা কৃষ্ণ ভ্রমরের সদৃশ কালো বজ্রবিদ্যুৎ সমন্বিত মেঘকে ধারণ করে, যা কখনও একটি বন্য মহিষ, কখনও বা একটি কৃষ্ণসর্পের বা তমালবৃক্ষের সদৃশ আকার ধারণ করে, এবং গুরুতর কোনো দেহাবয়ব যেটি বারংবার পরিবর্তিত হয়, যার বর্ণে, আকারে, আয়তনে বারংবার পরিবর্তন হয় এবং প্রতিনিয়ত ক্ষণপ্রভা বা বিদ্যুৎ দ্বারা আঁধারকে আরও বেশি ঘনীভূত করে তুলে নিজেকে বৃষ্টির সাথে একাত্ম করতে বাধ্য হয়।

যদি কেউ এই দৃষ্টিভঙ্গীটি গ্রহণ না করে তাহলে, 'কিছু বৈশিষ্ট্য সমন্বিতভাবে বহ্নিকে ধূমের দ্বারা অনুমান করা যায় না' - এর প্রতিবাদ হিসেবে এটি চিহ্নিত হবে বা প্রতীকায়িত হবে। সুতরাং অনুমানের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ চালিকাশক্তিটি ধ্বংস করতে হবে। অন্য কথায় বলতে গেলে যদি একটি

কারণ অথবা একটি কার্যের বিশেষ বৈশিষ্ট্য চিহ্নিত করা না যায় তাহলে অনুমানের সম্ভাব্যতা স্বীকার করা যাবে না।

যদি একটি কার্য একটি সাক্ষাৎ পূর্ববর্তী কারণ থেকে অনুমিত হয় বলে মনে করা হয়, তাহলে এটি বোধগম্য হয় যে, এটি অবশ্যই পূর্বে প্রত্যক্ষিত হয়েছিল। কিন্তু এইপ্রকার ক্ষেত্রটি অযৌক্তিক। যখন আমরা প্রকৃতপক্ষে বৃষ্টিকে অনুমান করে থাকি তখনই বৃষ্টির বিন্দু মেঘ থেকে আমাদের মাথায় ঝরে পড়ে না। অন্ততঃপক্ষে আমাদের অভিজ্ঞতা এইপ্রকার একটি পরিস্থিতির সাক্ষ্য বহন করে না। এইপ্রকার জ্ঞান হল অনুমানাত্মক জ্ঞান। এই সিদ্ধান্ত অনুসারে সেটি অনুমানকালে আমাদের লৌকিক ইন্দ্রিয় প্রত্যক্ষ সীমার বহির্ভূত থাকে। আমাদের উচিত হবে, এমনকিছু উদাহরণ তুলে ধরা যেখানে বৃষ্টি হয়নি কিন্তু অনতিদূর ভবিষ্যতে তা যে হতে পারে এমন সম্ভাবনা আছে।

আমরা এখানে অনুমান এবং প্রত্যক্ষের মধ্যে একটি তুলনামূলক সময়ের পরিমাণ ধার্য করার দ্বারা অন্য একটি উদাহরণের কথাও উল্লেখ করতে পারি। একটি ভাবি বস্তু যেটি অনতিপরেই অস্তিত্বশীল হতে চলেছে, সেক্ষেত্রে আমরা পর্যবেক্ষণ করে দেখতে পারি এক্ষেত্রে অনুমান এবং প্রত্যক্ষের মধ্যে কোনটি পূর্বে ঘটছে। ধরা যাক, এক্ষেত্রে আলোচ্য বস্তুটি হল একটি বস্তুখণ্ড, যেটি এখনও পর্যন্ত উৎপন্ন হয়নি। একটি বস্তু উৎপন্ন হওয়ার জন্য অন্যান্য যেসকল তত্ত্ব ইতিপূর্বেই দৃঢ়স্বত্ব হয়ে আছে তাদের সাথে যুক্ত হওয়ার জন্য অন্তিম তত্ত্বটি অব্যাহতরূপে গতিশীল বা চলমান আছে। এখানে তত্ত্বটির উৎপত্তির ক্ষেত্রে কোনো প্রতিবন্ধক উপস্থিত নেই যেহেতু তত্ত্বের অতীব সূক্ষ্মতম অংশ তত্ত্বের অবয়বের মধ্যে এমন কোনো পরিবর্তন পরিলক্ষিত হয়নি যেটি অন্তিম তত্ত্বটির অবয়বটিকে ধ্বংস করে দিতে পারে। এটির অপ্রতীয়মান হওয়ার কোনো সম্ভাবনাই এখানে গৃহীত হবে না। এটিই হল সেই পরিস্থিতি যখন অন্তিম তত্ত্বটির সাথে অপরাপর তত্ত্বগুলির সংযোজনমূলক ক্রিয়াশীলতার মাধ্যমে বস্তুখণ্ডটি অনুমিত হয়ে থাকে। এখন আমরা উক্ত বস্তুখণ্ডটির বোধগম্য হওয়ার ক্ষেত্রে এই দুটি জ্ঞান প্রক্রিয়ার মধ্যে তুলনা এবং তারতম্য লক্ষ্য করতে পারি এটি দেখার পাশাপাশি যে, উক্ত বস্তুটিকে অনুধাবন করার ক্ষেত্রে তাদের প্রত্যেকটির দ্বারা যে পরিমাণ সম্ভাব্য সময় গৃহীত হয়েছে তাতে অনুমানের সীমা কতটা?

প্রথমত, আমরা মানসিক চাঞ্চল্য বা পরিবর্তন প্রত্যক্ষ করি এবং অনুমানের সময়সীমা দেখি। প্রথমে আমরা অন্তিম তত্ত্বটির সংযোজন প্রত্যক্ষ করি এবং তারপর ব্যাপ্তি স্মরণ করি, অতঃপর এই সম্পর্কটিকে অনুমেয় বস্তুতে অবস্থিত সেই বিশেষ হেতুটির উপর প্রয়োগ করি এবং অবশেষে এই সিদ্ধান্তে উপনীত হই যে, সাধ্যটি অনুমেয় বস্তুতে বিদ্যমান থাকে। সুতরাং আমরা দেখি যে, শুরু থেকে শেষ পর্যন্ত তিন অথবা চারটি ক্ষণ প্রয়োজনীয়।

দ্বিতীয়ত, প্রত্যক্ষও স্থান অধিকার করতে পারে না, যদি না সেই বস্তুটি বর্তমানকালীন হয়। আমরা প্রথমে কারণিক ব্যাপারের প্রক্রিয়ার বিভিন্ন ক্ষণ গণনা করব, যেটি প্রত্যক্ষীভূত বস্তুখণ্ডের

জবজাসের পূর্ববর্তী এবং অনুরূপ প্রাথমিক বিন্দু থেকে তাদের সকলকে গণনা করব। প্রথম ক্ষণটি তন্ত্রের ক্রিয়াশীলতাকে ধারণ করে থাকে, এটি বিভাগের দ্বারা অনুসৃত হয়। এটি হয়ে থাকে এর পূর্ববর্তী সংযোজনের দ্বারা। তন্ত্রের অভিনব সংযোজনটি অতঃপর অস্তিত্বশীল হয়। তারপর বস্তুর বস্তুর আবির্ভূত হয় এবং এটির বর্ণ ও অন্যান্য গুণসমূহ সেইমূহর্তেই অনুসৃত না হয়ে পরমূহর্তে আবির্ভূত হয়। বস্তুর বস্তুর হল এর গুণগুলির উপাদান কারণ। কারণটি অবশ্যই কার্যের পূর্ববর্তী হবে যেহেতু এটি সর্বজনস্বীকৃত যে, কারণ এবং তার কার্য যুগপৎ ঘটতে পারে না। এই বক্তব্য থেকে পরিস্ফুট হয় যে, যখন উপরোক্ত বস্তুর বস্তুর অস্তিত্বশীল হয়, তখন এটি বর্ণহীন হয়। এটি কখনোই এর উৎপত্তির ক্ষণে প্রত্যক্ষীভূত হয় না। এটি একটি বর্ণযুক্ত বস্তুর পরিণত হয়, যখন পরবর্তী ক্ষণে এর বর্ণ আবির্ভূত হয়। যখন আমাদের ইন্দ্রিয়ানুভব বর্ণযুক্ত বস্তুর সাথে সন্নিবিষ্ট হয় তখনই তার প্রত্যক্ষ সম্ভব হয়। সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে, প্রারম্ভে এবং আলোচ্য বস্তুর প্রত্যক্ষের মধ্যে একটি বিশাল সংখ্যার ক্ষণসমূহ অপেক্ষা করে থাকে। সুতরাং এটি মনে করা অযৌক্তিক যে, একটি ভবিষ্যৎ বস্তুর অস্তিত্বশীলতার জ্ঞানলাভের ক্ষেত্রে এমনকিছু ক্ষেত্র আছে যেখানে অনুমিত্যাত্মক জ্ঞানের পূর্বে প্রত্যক্ষাত্মক জ্ঞান হয়ে থাকে।

উক্ত কার্যটির অপ্রতীয়মান হওয়া এর শর্ত বা কারণের অভাবের জন্য দায়ী এমনটি সম্ভব নয়। একটি কারণ বিশেষিত হয় একটি ক্রিয়া (Clause) -এর দ্বারা, যেটি দেখায় যে, সেখানে কারণের অংশগুলির মধ্যে কোনো ধ্বংসাত্মক ক্রিয়া ঘটেনি^{১১}। সুতরাং কারণটি তার কার্যোৎপত্তির পূর্বেই ধ্বংসের সম্মুখীন হবে - এরকম চিন্তা কখনও আমাদের মনে আসে না। যাইহোক, সংযোজনের প্রারম্ভিক ক্রিয়াটি সঠিক ক্রমে ঘটা ঘটনার বা কার্যের ধারার বা সমষ্টির দ্বারা আংশিকভাবে অনুসৃত হয়ে থাকে। বৌদ্ধগ্রন্থে আলোচ্য অনুমানটিকে ব্যাখ্যার জন্য অনুবাদ করা হয়ে থাকে। এটি বিশ্লেষণাত্মক চরিত্রের হয়ে থাকে, যা ইতিপূর্বেই খণ্ডিত হয়ে গেছে। সাধারণ মানুষ কার্যকে একটি যথাযোগ্য কারণ থেকেই অনুমান করে থাকে, শুধুমাত্র তার কার্যোৎপাদন ক্ষমতা থেকে নয়। পূর্ববৎ অনুমান বিষয়ক আলোচনা এখানেই সমাপ্ত করা হল।

'শেষবৎ' শব্দের অর্থ

শেষবৎ হল সেইপ্রকার অনুমান যার দ্বারা একটি কার্য থেকে তার কারণ অনুমিত হয়ে থাকে। এর উদাহরণ দিতে গিয়ে বলা যায়, একটি দেশে নদীর বহমানতা এবং তার স্রোতের প্রখরতাবিশেষ লক্ষ্য করে তার কারণরূপে অতীত বৃষ্টির অনুমান করা হয়ে থাকে। এই উদাহরণটিতে পূর্ববর্তী সংযুক্ত দেশ, যেখানে ব্যাপক বৃষ্টিপাত হয়েছে তার সাথে নদীর সংস্পর্শ অনুমান করা হয়ে থাকে^{১২}। এই সংস্পর্শবশতঃ নদীর প্রাবল্য বা তীব্রতা প্রাপ্তি হল এক্ষেত্রে হেতু। নদীতে অস্বাভাবিক জলক্ষীতি দেখে তার থেকে সেইরূপ দেশ, যার উপর দিয়ে নদীটি প্রবাহিত হয়েছে, তার সাথে নদীর সংস্পর্শ অনুমিত হয়ে থাকে। অর্থাৎ যে দেশের উপর দিয়ে নদীটি প্রবাহিত হয়ে গেছে তার সাথে নদীটি সংযুক্ত থাকে।

সেখানে বৃষ্টিপাত ঘটেছে কারণ নদীটির জলস্রোতের দ্বারা ফল, কাষ্ঠ, প্রস্তরখণ্ড প্রবাহিত হতে দেখা যাচ্ছে, ঠিক যেরকম অনুরূপ শর্তসাপেক্ষে পূর্বদৃষ্ট নদীগুলির ক্ষেত্রে হয়েছিল।

অথবা একটি বিশেষ দেশ, যেটি হয়তো নদীর পরিবর্তে অনুমেয় বিষয়রূপে পরিগণিত হয়েছে, সেই দেশটি হয়তো অন্য আরেকটি দেশের সাথে সংযুক্ত, সেখানে ব্যাপক বৃষ্টিপাত হয়েছে, কেননা সেই দেশটিতে খরস্রোতবিশিষ্ট একটি নদী রয়েছে। 'কারণটি তার কার্য থেকে অনুমিত হয়ে থাকে' -এটি খুব সাধারণভাবে একটি বাচনিক ব্যবহাররূপে পরিগণিত হলেও বস্তুতঃপক্ষে অনুমানের বিষয়টি ফলের ভূমিকাও পালন করে থাকে এবং তার সাথে সাথে এটি হল সেই হেতু যার বিভিন্ন দিক বা প্রেক্ষাপট রয়েছে।

তাহলে দেখা যাচ্ছে, কার্য থেকে কারণের অনুমানকে জয়ন্তভট্ট শেষবৎ অনুমান বলেছেন। বাৎস্যায়ন কর্তৃক প্রদত্ত শেষবৎ অনুমানের উদাহরণটিকেই তিনি গ্রহণ করেছেন। কিন্তু পরে তিনি বলেছেন বস্তুতঃপক্ষে কারণ অনুমিত হয় না। নদীর পূর্ণতা ইত্যাদির ভিত্তিতে উপরিবর্তী দেশ যাতে প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয়েছে, সেটি অনুমিত হয়। নদীর পরিবর্তে কোনও দেশ অনুমিতির হেতু হতে পারে। হয়তো এই দেশের সঙ্গে অন্য দেশের সম্বন্ধ আছে যেখানে প্রচুর বৃষ্টি হয়েছে, যেহেতু তাতে একটি পূর্ণতাপ্রাপ্ত নদী আছে।

জয়ন্তভট্ট শেষবৎ অনুমানের অপর একটি ব্যাখ্যা উল্লেখ করতে গিয়ে বলেছেন, কোনও একটি ঘটনার কারণ হিসেবে বিভিন্ন মত উপস্থাপিত হতে পারে। যদি একটি ঘটনা ছাড়া এই বিষয়ে অপর সবকটি মত খণ্ডিত হয়, তাহলে যেটি অবশিষ্ট থাকে, সেটি উক্ত ঘটনার কারণরূপে অনুমিত হয়ে থাকে। ধরা যাক, ধূমের ভিত্তিতে ধূমের ভিত্তিতে বহির অনুমান করা হল। এই অনুসন্ধান করতে গিয়ে বিভিন্ন বিকল্প উপস্থাপিত হল। মনে হতে পারে, এটি শুষ্ক তৃণজন্য অথবা শুষ্ক পত্রজন্য অথবা শুষ্ক কাষ্ঠজন্য অনুমিত হয়ে থাকে, এবং পার্থিব পাত্র অথবা প্রস্তরকে অপ্রয়োজনীয়রূপে বুঝে অবশেষে সিদ্ধান্ত করা হল যে, অগ্নি হল শুষ্ক ঘুঁটেজন্য, তখন এটিকে শেষবৎ অনুমান বলা হয়ে থাকে। জয়ন্তভট্ট ভাষ্যকার প্রদত্ত উদাহরণটিকেও শেষবৎ অনুমানের স্থলরূপে গ্রহণ করা যায় বলে মনে করেছেন।

কুমারিল ভট্ট খুব পরিস্কারভাবেই এটিকে কার্য বলে স্বীকার করে নিয়েছেন। তিনি মনে করতেন যে, অনুমানের বিষয় কার্য এবং কারণ উভয়েই হতে পারে। এটি কার্য (সাধ্য)রূপে কথিত হয়, যখন এটি এমনকিছুর দ্বারা বিশেষিত হয় যা ইতিপূর্বে প্রত্যক্ষীভূত হয়নি বা এখনও পর্যন্ত প্রতিষ্ঠিত হয়নি। আবার এটি হেতু বা কারণরূপে কাজ করে যখন এটি এমনকিছুর দ্বারা বিশেষিত হয় যা ইতিপূর্বে প্রত্যক্ষীভূত বা নির্ণীত হয়ে গেছে। অর্থাৎ যখন এটি অজ্ঞাত উপাদানের অধিকরণ হয়, তখন এটি কার্যে পরিণত হয়, আর যখন এটি জ্ঞাত কোনো উপাদানের আধার হয়, তখন তাকে কারণ বলে অভিহিত করা হয়। নদীতে জলক্ষীতি বা জলস্রোতের প্রাবল্য বিবিধ কারণে ঘটতে পারে, যেমন বাঁধ ভেঙ্গে

ঘাওয়া, তুষার গলন ইত্যাদি। সুতরাং একটি বিশেষ কারণ কখনও একটি কার্য থেকে অনুমিত হতে পারে না। বহু কারণবাদের দিক থেকে এই আপত্তিটি উত্থাপিত হয়ে থাকে। এই আপত্তিকে নিম্নলিখিতভাবে উপস্থাপন করা যেতে পারে:

এটি কারোর পক্ষেই জানা সম্ভব নয় যে, নদীর অস্বাভাবিক জলস্ফীতির ক্ষেত্রে জলস্ফীতিটি কেবলমাত্র ব্যাপক বৃষ্টিপাত থেকেই সংঘটিত হয়েছে কি না। নদীটি জলস্রোতে পরিপূর্ণ হওয়ায় এর উত্তাল জলরাশি ক্রমশই খুব উঁচুতে আরোহণ করে। নদীর মলিন জলস্রোত বুদ্ধবুদ্ধ সমন্বিত ঢেউগুলির উনাম নৃত্যের দ্বারা পর্যবেক্ষিত হয়ে থাকে। এখন কোনো ব্যক্তি যদি নদীর একদেশ রোধকে, নদীতে জলস্রোতের প্রাবল্যের কারণরূপে চিহ্নিত করেন তাহলে সেক্ষেত্রে অনুমান প্রক্রিয়ায় কোনো দোষ আরোপ করা যাবে না, বরং তা অনুমাতার দোষরূপেই পরিগণিত হবে। যদি কোনো ব্যক্তি একটি কার্যের বিশিষ্টতা বা অনন্যতা অবলোকন করতে ব্যর্থ হয়, সেক্ষেত্রে সে নিজেই দোষী সাব্যস্ত হবে, কারণ এখানে নিয়ত সাহচর্য সম্পর্কের উপর ভিত্তি করে গড়ে ওঠা ন্যায়ের আকারের মধ্যে কোনো ভ্রান্তি নেই।

এখন আমরা একটি করে আপত্তিকে গ্রহণ করব এবং তাদের যথার্থ্য বিষয়ে আলোচনা করব। যদি নদীর স্রোত কোনো জায়গায় তার তীরদেশকে প্লাবিত করে বন্যা ঘটিয়ে থাকে, তাহলে নদীর জল ঘন কোথাও স্ফীত হয়ে উঠবে। সুতরাং নদীর জলস্ফীতি যে কেবলমাত্র ব্যাপক বৃষ্টিপাতের দ্বারাই ঘটে থাকে এমনটা বলা যায় না। সুতরাং আলোচ্য হেতুটি অপর্യാপ্ত।

যখন পিপীলিকাবৃন্দ তাদের গর্ভ থেকে বেরিয়ে পড়ে এবং নিজ নিজ অণ্ডগুলি বহনপূর্বক সারিবদ্ধভাবে অগ্রসর হয়, তখন পিপীলিকাবৃন্দের এহেন গতিবিধি পর্যবেক্ষণপূর্বক আমরা ভাবিবৃষ্টির অনুমান করে থাকি। কিন্তু যদি একটি লাঠি বা কাষ্ঠখণ্ড দিয়ে তাদের বাসাগুলিকে অভিঘাত করা হয় তাহলেও পিপীলিকাবৃন্দ অণ্ডসহকারে তাদের বাসা হতে নির্গত হয়ে সারিবদ্ধভাবে অন্য একটি অশ্রয়স্থলের উদ্দেশ্যে যাত্রা করে। সুতরাং আমরা শুধুমাত্র পিপীলিকাগুলির গতিবিধি পর্যবেক্ষণ করে সুনিশ্চিতভাবে ভাবিবৃষ্টির অনুমান করতে পারি না, সুতরাং আলোচ্য হেতুটি অনিশ্চিত বা সন্দিগ্ধ।

বর্ষা ঋতুতে ময়ূরের কেকাধ্বনি শুনে আমরা বৃষ্টির অনুমান করে থাকি। এখন যদি কোনো একজন ব্যক্তি কেকাধ্বনিসদৃশ মনুষ্যকৃত রব শ্রবণ করে তার দ্বারা বৃষ্টির অনুমান করে তাহলে সেক্ষেত্রে তার অনুমানটি অবশ্যই ভ্রান্ত বলে প্রতিপন্ন হবে। প্রবহমান নদীস্রোতে প্লাবনের দ্বারা অতীত বৃষ্টির অনুমান, পিপীলিকাগৃহের উপঘাতের দ্বারা ভাবিবৃষ্টির অনুমান এবং ময়ূররবসদৃশ বা কেকাধ্বনিসদৃশ মনুষ্যকৃত রব শ্রবণ করে তার দ্বারা বর্তমান বৃষ্টির অনুমান - এগুলির কোনোটিই হেতুর অনিশ্চয়তা বা অযথার্থ্য প্রতিপাদন করতে পারে না। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে এক্ষেত্রে অনুমেয় বিষয় সম্পর্কে জয়ন্তভট্ট ভাষ্যকার অপেক্ষা স্বতন্ত্র মতপোষণ করেছেন। জয়ন্তভট্ট কেকাধ্বনিসদৃশ মনুষ্যকৃত রব শ্রবণ করে তার দ্বারা বর্তমান বৃষ্টির অনুমানের কথা বললেও বাৎসর্যয়ন কিন্তু এক্ষেত্রে বর্তমান ময়ূরের অনুমানের কথাই

উল্লেখ করেছেন। অতএব এই দুর্বল যুক্তির দ্বারা অনুমানের অপ্রামাণ্য সাধনের প্রয়াস চালানো ব্যর্থ বলে প্রতিপন্ন হয়। একটি সৎ হেতুকে চিহ্নিত করা এবং একটি অসৎ হেতু থেকে তাকে পৃথক করা এমনকিছু কষ্টসাধ্য ব্যাপার নয়।

'সামান্যতোদৃষ্ট' শব্দের অর্থ

যখন আমরা অনুমেয় পদার্থের কারণও নয়, আবার কার্যও নয় এমন একটি হেতু থেকে সাধ্যকে নিঃসৃত বা নিষ্কাশন করে থাকি তখন সেইপ্রকার অনুমান সামান্যতোদৃষ্ট অনুমানরূপে অভিহিত হয়ে থাকে। যেমন : - কপিথের স্বাদ অনুমিত হয় তার বর্ণ দেখে^{২৪}। কপিথের বর্ণ এবং স্বাদ উভয়েই কপিথে সমবেত থাকে, যদিও তারা একে অপরের সাথে কার্য-কারণ সম্বন্ধে সম্বন্ধ নয়। এক্ষেত্রে ন্যায়সূত্রভাষ্য ও ন্যায়বার্তিক হতে ন্যায়মঞ্জরীকার জয়ন্তভট্টের মতপার্থক্য লক্ষ্যণীয়। ভাষ্যকার বাৎস্যায়ন তাঁর প্রথম প্রকার ব্যাখ্যায় আদিত্যের গতির অনুমানকে সামান্যতোদৃষ্ট অনুমান বলে ব্যাখ্যা করেছেন, বার্তিককার উদ্যোতকর, ভাষ্যকারের উক্ত মতটি খণ্ডনপূর্বক সূর্যের গতির অনুমানকে শেষবৎ অনুমানের উদাহরণরূপে ব্যাখ্যা করে, বলাকার দ্বারা নিকটবর্তী জলাশয়ের অনুমানকে সামান্যতোদৃষ্ট অনুমানের দৃষ্টান্তরূপে উল্লেখ করেছিলেন; এক্ষেত্রে জয়ন্তভট্ট কর্তৃক কপিথের বর্ণ অবলোকনপূর্বক কপিথের স্বাদের অনুমানকে সামান্যতোদৃষ্ট অনুমানের এক প্রকার উদাহরণরূপে ব্যাখ্যা করা অবশ্যই তাঁর অনন্য প্রতিভার সাক্ষর বহন করে।

তাহলে দেখা যাচ্ছে যে, জয়ন্তভট্টের মতে যখন আমরা কোনও ঘটনা থেকে অপর ঘটনার অনুমান করি, যা উক্ত ঘটনার কারণও নয় আবার কার্যও নয়, তখন তাকে সামান্যতোদৃষ্ট অনুমান বলে। তাঁর মতে ভাষ্যকার বাৎস্যায়ন প্রদত্ত সামান্যতোদৃষ্ট অনুমানের উদাহরণটি হল প্রকৃতপক্ষে কার্য থেকে কারণের অনুমান। সূর্যের গতির অনুমান স্থলে দেশান্তরপ্রাপ্তি হল সূর্যের গতিক্রিয়ার কার্য; এক্ষেত্রে সূর্যের দেশান্তরপ্রাপ্তি দেখে তার গতিক্রিয়ার অনুমান করা হয়ে থাকে। সুতরাং জয়ন্তভট্টের মতে এক্ষেত্রে আদিত্যের গতির অনুমান প্রকৃতপক্ষে শেষবৎ অনুমানের উদাহরণরূপেই ব্যাখ্যাত হয়ে থাকে।

জয়ন্তভট্ট সামান্যতোদৃষ্ট অনুমানের অপর ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন, যে ব্যাপ্তি সম্বন্ধের ভিত্তিতে অপ্রত্যক্ষযোগ্য বিষয়ের অনুমান করা হয়, তার ঘটক যদি হয় সামান্য কারণ এবং সামান্য কার্য, তখন তাকে সামান্যতোদৃষ্ট অনুমান বলা হয়। যেমন - শব্দের শ্রাবণ প্রত্যক্ষের ভিত্তিতে শ্রবণেন্দ্রিয়ের অনুমান করা হয়ে থাকে। ইন্দ্রিয়গুলি হল অতীন্দ্রিয়, সুতরাং তাদের প্রত্যক্ষ সম্ভব নয়।

এমনকি বৌদ্ধ দৃষ্টিকোণ থেকেও বলা যায় যে, এই দুটি পৃথক বা ভিন্ন ঘটনা। একটি বস্তুতে তার বর্ণ এবং স্বাদ উভয়েই সমবেত থাকে, যদিও তাদের মধ্যে কোনো কার্য-কারণ সম্বন্ধ নেই। এখন যদি আমরা বস্তুতে সমবেত বর্ণ বা রূপের দ্বারা অনুমেয় বস্তুরূপে উক্ত বস্তুর স্বাদকে অনুমান করি,

তাহলে উপরোক্ত অনুমানের নিরিখে হেতু অনুমেয় পদার্থে বিদ্যমান থাকতে পারে না - এইরূপ কথা আর করা যায় না। ভাষ্যকার প্রদত্ত সামান্যতোদৃষ্ট অনুমানের দৃষ্টান্ত ব্যাখ্যা করতে গিয়ে জয়ন্তভট্ট বলেছেন, সূর্যের গতি আছে কারণ, তা দূরবর্তী স্থানে অবস্থিত বিভিন্নপ্রকার বস্তুর সংস্পর্শে আসে। জয়ন্তভট্ট মনে করেন এই অনুমানটি যথার্থ নয় কারণ দিক, দেশ বা স্থান, আকাশ ইত্যাদির বিভিন্ন অংশের সাথে সংস্পর্শ প্রত্যক্ষযোগ্য নয়। কিন্তু ঐ সূর্যটিই আবার পর্বতের সাথে সংযুক্ত সমগ্ররূপে সাক্ষাৎ প্রত্যক্ষযোগ্য হয়ে থাকে। এক্ষেত্রে আমরা প্রকৃত অর্থেই কার্য থেকে কারণকে অনুমান করে থাকি; সুতরাং আলোচ্য উদাহরণটি প্রকৃতপক্ষে শেষবৎ অনুমানের একটি দৃষ্টান্তরূপে গৃহীত হয়ে থাকে।

প্রশ্ন হতে পারে 'সূর্য তদপেক্ষা দূরবর্তী স্থানে অবস্থিত বিভিন্নপ্রকার বস্তুর সংস্পর্শে আসে' - এইক্ষেত্রে উক্তপ্রকার সংস্পর্শের অর্থ 'কী? সূর্য কখনোই পর্বত প্রভৃতির সংস্পর্শে আসে না, বরং সূর্যের দেশান্তরপ্রাপ্তি বলতে বোঝায় বিভিন্ন স্থান বা দেশের সাথে সূর্যের সংযোগকে। যদি সূর্যের পক্ষে কোনোকিছুর সংস্পর্শে আসা সম্ভব হোত তাহলে, তা অবশ্যই আকাশ বা দেশের সাথে সংযুক্ত হোত, কিন্তু প্রকৃতপক্ষে তা হয় না। প্রত্যক্ষযোগ্য বস্তুসমূহের সংযোজনেরই একমাত্র প্রত্যক্ষণ সম্ভব বলে স্বীকার করা হয়ে থাকে। আলোচ্য সংস্পর্শটি বায়ুর সাথে বিশাল বৃক্ষের সংযোগ বা, অনাবির্ভূত সন্তানের সঙ্গে মাতার গর্ভের সংযোগের ন্যায় অপ্রত্যক্ষযোগ্য^{২৬}।

এখন একজন যুক্তিবিদ, ভাষ্যকার কর্তৃক প্রদত্ত উদাহরণটিকে পুনরায় বিশদে ব্যাখ্যা করতে গিয়ে বলতে পারেন যে, এক্ষেত্রে হেতুটি হল ভিন্ন প্রদেশে সূর্যের প্রত্যক্ষ, ভিন্ন প্রদেশের সাথে সূর্যের সংযোগ নয়। আলোচ্য প্রত্যক্ষ ক্রিয়াটি কোনোভাবে সূর্যের গতির সাথে সম্বন্ধরূপে চিহ্নিত হতে পারে যেহেতু এটি হল দূরবর্তী কারণ। সূর্যের গতি হল সূর্যের সাথে সেই দেশের সংস্পর্শের সাক্ষাৎ কারণ। দূরবর্তী স্থানে সূর্যের প্রত্যক্ষ, সূর্যের গতিক্রিয়ার কারণে ঘটতে পারে। অর্থাৎ দূরবর্তী স্থানে সূর্যের উক্ত প্রত্যক্ষ, সূর্যের গতিক্রিয়ার পরোক্ষ কার্যরূপে পরিগণিত হতে পারে।

তাহলে দেখা যাচ্ছে, সূর্যের সাথে দেশান্তরের সংযোগ সূর্যের গতিক্রিয়ার দ্বারাই উৎপাদিত হয়ে থাকে। সুতরাং দেশান্তরপ্রাপ্তি বা দেশান্তরসংযোগ কেবলমাত্র গতির দ্বারাই সম্ভব হতে পারে। দূরবর্তী স্থানে সূর্যের প্রত্যক্ষ কেবল তখনই সম্ভব যদি সূর্যের গতি থাকে। প্রশ্ন হতে পারে, এইপ্রকার গতির ফল কী হতে পারে? এর উত্তরে বলা যায়, গতির ফলস্বরূপ সূর্য পূর্বাপেক্ষা ভিন্ন একটি স্থানের সংস্পর্শে আসতে পারে।

জয়ন্তভট্টকে অনুসরণ করে পরিশেষে বলা যায়, ন্যায়সূত্রের ভাষ্যকার বাৎস্যায়ন কর্তৃক ব্যাখ্যাত সামান্যতোদৃষ্ট অনুমানের দৃষ্টান্তটি যথার্থ নয়। বর্ণ হতে স্বাদের অনুমান সামান্যতোদৃষ্ট অনুমানের দৃষ্টান্তরূপে পরিগণিত হতে পারে, যেহেতু এক্ষেত্রে সাধ্য ও হেতু একই বস্তুতে সমবেত থাকলেও, সাধ্য এবং হেতুর মধ্যে কোনো কার্য-কারণ সম্পর্ক নেই। জয়ন্তভট্টের মতে, বৌদ্ধমতের বিরুদ্ধে যুক্তিপ্রয়োগ

করার সময় যেসকল যুক্তির অবতারণা করা হয়, তার মধ্যে যেগুলির ক্ষেত্রে হেতু এবং সাধ্য পরস্পর কার্য-কারণ সম্পর্কে আবদ্ধ নয়, সেগুলিই হল সামান্যতোদৃষ্ট অনুমানের দৃষ্টান্ত।

শেষবৎ ও সামান্যতোদৃষ্ট অনুমানের মধ্যে পার্থক্য

ভাষ্যকার প্রদত্ত সামান্যতোদৃষ্ট অনুমানের উদাহরণ জয়ন্তভট্টের মতে প্রকৃতপক্ষে শেষবৎ অনুমানের উদাহরণ। প্রশ্ন উঠতে পারে এটি কী ঐ দৃষ্টান্ত বিশেষের বিরুদ্ধের আপত্তি না কি শেষবৎ ও সামান্যতোদৃষ্ট অনুমানের মধ্যে কোনো ভেদ নেই -এরূপ আপত্তি? ঠিক কোন দিক থেকে শেষবৎ অনুমানকে সামান্যতোদৃষ্ট অনুমান হতে পৃথক করা সম্ভব? - এই প্রশ্নের উত্তরে প্রথমেই বলতে হয় যে, পদ্ধতি বা প্রণালীগত দিক থেকে শেষবৎ ও সামান্যতোদৃষ্ট - এই দুই প্রকার অনুমানের মধ্যে বিস্তর পার্থক্য পরিলক্ষিত হয়ে থাকে। এমনকি একটি দৃষ্টান্তকে ব্যাখ্যা করার প্রক্রিয়ার দিক থেকেও এই দুই প্রকার অনুমানের মধ্যে পার্থক্য লক্ষ্য করা যায়।

শেষবৎ অনুমানটি নিম্ন প্রকারে ক্রিয়াশীল হয়ে থাকে

ক্ষিত্তি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম -এই পঞ্চভূত দ্বারা গঠিত জড়দেহ ও বহিরিন্দ্রিয়; মনরূপ অন্তরিন্দ্রিয়; দিক; কাল এবং আত্মা -এগুলি হল ইচ্ছার সম্ভাব্য অধিকরণ। এখন জড়দেহ, বহিরিন্দ্রিয়, মনরূপ অন্তরিন্দ্রিয়, দিক, কাল ইত্যাদিতে ইচ্ছার অধিকরণ হওয়ার সম্ভাব্যতা খণ্ডিত হলে অবশিষ্টতম দ্রব্য আত্মাই ইচ্ছাদি গুণের অধিকরণরূপে সিদ্ধ হয়, ফলে শেষবৎ বা পরিশেষ অনুমানের দ্বারা আত্মাতেই ইচ্ছাদি গুণের কারণতা স্বীকার করা হয়ে থাকে^{১০}। বলা বাহুল্য যে শেষবৎ অনুমানের ক্ষেত্রে এমনকোনো বাধ্যবাধকতা নেই যে শেষবৎ অনুমানের সাধ্যটিকে অবশ্যই অতীন্দ্রিয় পদার্থ হতে হবে।

অপরপক্ষে সামান্যতোদৃষ্ট অনুমানের ক্ষেত্রে কিন্তু সর্বদাই একটি অতীন্দ্রিয় বা অনুভব অতিবর্তী পদার্থ সাধ্যরূপে গৃহীত হয়ে থাকে। যেমন - ইচ্ছা হল একটি কার্য, এটি এমন কোনো আধারে আশ্রিত থাকে যা দেহ ইত্যাদি হতে ভিন্ন, কারণ দেহ বা তদনুরূপ দৃষ্ট কোনো জড়পদার্থ ইচ্ছার অধিকরণ হতে পারে না। যেহেতু ইচ্ছা হল চেতন পদার্থের গুণ, তাই তা কেবলমাত্র আত্মা নামক চেতন পদার্থেই আশ্রিত হতে পারে। কোনো জড়পদার্থ কখনোই ইচ্ছা নামক চেতন গুণের অধিষ্ঠানরূপে বিবেচিত হতে পারে না। অতএব ইচ্ছার কারণরূপে আত্মা নামক অতীন্দ্রিয় চেতনদ্রব্যের অনুমান করা হয়^{১১}। এক্ষেত্রে অতীন্দ্রিয় পদার্থ আত্মা, অনুমানের সাধ্যরূপে প্রযুক্ত হওয়ায় এই প্রকার অনুমান, সামান্যতোদৃষ্ট অনুমানের একটি দৃষ্টান্তরূপে উপস্থাপিত হয়ে থাকে।

আবার মীমাংসকগণ মনে করেন যে, সামান্যতোদৃষ্ট হল সেইপ্রকার অনুমান যেটিতে সাধ্যের কোনো বিশিষ্ট সদৃশ বস্তু প্রত্যক্ষীভূত হয় না, এমনকি হেতুর সাথে সাধ্যের ব্যাপ্তিসম্বন্ধ প্রতিষ্ঠাকালেও

স্বাভাসদৃশ কোনো বিশিষ্ট বস্তু প্রত্যক্ষযোগ্যরূপে উপলব্ধ হয় না। বরং বলা যায় যে, এটি হল কার্যের শক্তি বা সামর্থ্যের অনুমান^{৩৫}।

প্রশ্ন হতে পারে কার্য যদি একটি অতীন্দ্রিয় পদার্থ হয়, তাহলে তা কীভাবে অনুমিত হবে? এর উত্তরে বলা যেতে পারে, কার্য হল কালে অবস্থিত একটি ঘটনা। কার্যটি অস্তিত্বশীল হওয়ার জন্য তার কারণের উপর নির্ভরশীল। এখন যদি একটি স্বয়ংসৎ দ্রব্য উক্ত কার্যটির কারণ হয় তাহলে কার্যটি প্রতিনিয়তই সংঘটিত হতে থাকবে, যেহেতু এর সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কারণটি প্রতিনিয়ত বা সর্বদাই বিদ্যমান রয়েছে। কিন্তু একটি কার্য কখনোই সর্বদা অস্তিত্বশীল হতে পারে না। অর্থাৎ এক্ষেত্রে ধরে নিতে হবে যে কারণের থেকে ভিন্ন প্রকার একটি কার্য উৎপন্ন হয়েছে এবং আরেকটি বিষয় লক্ষ্যণীয় যে কার্যের শক্তি বা সামর্থ্যটিও এক্ষেত্রে অনুমিত হয়েছে। সুতরাং মীমাংসকগণের মতে একটি কার্য এবং তার শক্তি অন্তর্নিহিতভাবে অতীন্দ্রিয় বা লৌকিক অভিজ্ঞতার অতিবর্তী বলে গণ্য হয়ে থাকে। কিন্তু জয়ন্তভট্টের মতে, 'সকল কার্য হয় অতীন্দ্রিয়' -এইরূপ তত্ত্ব যুক্তিগ্রাহ্য হতে পারে না। কোনো অতীন্দ্রিয় কার্য এবং তার সামর্থ্যের অনুমানকে সামান্যতোদৃষ্ট অনুমানের দৃষ্টান্তরূপে ব্যাখ্যা করতে জয়ন্তভট্ট আদৌ সম্মত নন। এইবিষয়ে জয়ন্তভট্ট ও মীমাংসকগণের মধ্যে বিস্তারিত বাদানুবাদ রয়েছে, বর্তমান প্রবন্ধের অনাবশ্যক কলেবর বৃদ্ধির আশঙ্কায় সেসকল কথা এইস্থলে আলোচনা করা হলো না।

বৌদ্ধগণ কর্তৃক প্রদত্ত অনুমানের লক্ষণটি বৌদ্ধগণ কর্তৃক প্রস্তাবিত নিয়ত সাহচর্য সম্পর্কের সমালোচনার আলোকেই খণ্ডিত হয়ে থাকে।

মহর্ষি জৈমিনিকৃত মীমাংসাসূত্রের উপর রচিত শাবরভাষ্য গ্রন্থের রচয়িতা শবরস্বামী মনে করতেন যে, নিয়ত সাহচর্য সম্পর্কটি সহাবস্থান বা, সাহচর্যের ভূয়োদর্শনের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হয়েছে^{৩৬}। কিন্তু নিয়ত সাহচর্য সম্পর্কের সদর্থক ও নঞর্থক প্রেক্ষাপটের দিকে শবরস্বামী বিন্দুমাত্র দৃষ্টিপাত করেননি বলে তাঁর প্রস্তাবিত এইপ্রকার সাহচর্য সম্বন্ধের সার্বিকতা বা আবশ্যিকতা ঘোর সমালোচনার সম্মুখীন হয়। এই কারণে তাঁর মতটি যুক্তিগ্রাহ্য হতে পারেনি বলে জয়ন্তভট্ট মনে করেছেন।

আবার সাংখ্য সম্প্রদায়ের অনুগামিগণ অনুমানকে ঠিক কীভাবে ব্যাখ্যা করতে চেয়েছেন সেটিও যথাযথভাবে অনুধাবন করা যায় না বলেই জয়ন্তভট্ট মতপোষণ করেছেন। বিশেষ ব্যক্তি ব্যক্তিসামান্যে অবস্থান করলেও সামান্যগুলি বিশেষ ব্যক্তি হতে পৃথক নয়। সাংখ্যমতে, একটি কার্য তার কারণ থেকে উৎপন্ন হয়ে যেমন ভিন্নরূপে প্রতীত হয়, তেমনি উপাদানগত দিক থাকে কার্য ও তার কারণ অভিন্নও বটে। একটি কার্য যখন তার কারণের সাথে অভিন্ন হয়, তখন কার্যের সামান্যটিও তার কারণের সাথে অভিন্ন বলে পরিগণিত হয়ে থাকে। যদি সামান্যের কোনো পৃথক অস্তিত্ব বা সত্তা না থাকে, তাহলে দুটি সামান্যের মধ্যে বিদ্যমান সম্পর্কটিকেও এই দৃষ্টিভঙ্গী থেকে স্বীকার করা যাবে না। অর্থাৎ বুঝে নিতে

হবে যে, শুধুমাত্র দুটি বিশেষ ব্যক্তির মাধোই সম্পর্কটি অবস্থান করে। সূত্রাত সাংখ্যমত অনুসরণ করে সাহচর্য্য সম্বন্ধের সার্বিকতা ও সর্বজনগ্রাহ্যতাকে প্রতিষ্ঠা করা বেশ কষ্টসাধ্য একটি ব্যাপার হয়ে দাঁড়ায়^{১১}। তাই জয়ন্তভট্ট সাংখ্যমতকে খণ্ডন করে অতঃপর স্বীয় ন্যায়মত প্রতিষ্ঠা করেছেন।

পরিশেষে জয়ন্তভট্টকে অনুসরণ করে বলা যায়, সূর্যরশ্মির অবস্থানকালে যেমন চন্দ্ররশ্মি বা জ্যোৎস্না, সূর্যরশ্মির দ্বারা অভিভূত হয়ে পড়ে, তদনুরূপ নৈয়ায়িকসম্মত অনুমান সংক্রান্ত আলোচনার তুলনায় ও বিচারে অন্যান্য দার্শনিক সম্প্রদায়ের চিন্তাবিদগণ প্রদত্ত অনুমানের লক্ষণ সংক্রান্ত আলোচনা নিম্নতরুপে প্রতিভাত হয়ে থাকে।

উদ্ধৃতিপত্র

- ১। "অশ্লিষ্টলক্ষণসূত্রাত্যোব ব্যাখ্যাসন্তে।" — সূর্যনারায়ণ শুক্ল (সম্পা.), *ন্যায়মঞ্জরী*, পৃ. ১১।
- ২। প্রবাল কুমার সেন (সম্পা.), *জয়ন্তভট্টকৃত ন্যায়মঞ্জরী*, পৃ. ১৯।
- ৩। 'অথ তৎপূর্বকং ত্রিবিধমনুমানং পূর্ববচ্ছেদবৎ সামান্যতোদৃষ্টম্'।।১।১।৫।। — অনন্তলাল ঠাকুর (সম্পা.), *গৌতমীয় ন্যায়দর্শন*, পৃ. ১২।
- ৪। 'অন্যো পুনঃ উপমানাদ্যতিব্যাভিবাদাসায় ত্রিবিধগ্রহণং ব্যাখ্যাতবন্তঃ, তৎপূর্বকমনুমানমিত্যুচ্যামানে সতি উপমানাদৌ প্রসঙ্গ ইতি ত্রিবিধগ্রহণম্'। — সূর্যনারায়ণ শুক্ল (সম্পা.), *পূর্বোক্ত*, পৃ. ১১৫।
- ৫। 'লিঙ্গং বক্ষ্যমাণকার্যাদিভেদায়া ত্রিবিধং পক্ষধর্মাদিরূপত্রয়োগায়া ত্রিরূপং ত্রিবিধমুচ্যতে'। — তত্রৈব।
- ৬। 'পূর্বশব্দেনোচ্যতে সোহস্যান্ত্যশ্রয়ত্বেনেতি পূর্বলিঙ্গমিত্যেবমেনেন পদেন পক্ষধর্মত্বমুক্তং ভবতি'। — তত্রৈব।
- ৭। 'পক্ষে উপযুক্তে সতি শেষঃ সপক্ষে ভবতি সোহস্যান্ত্যশ্রয়ত্বেনেতি শেষবৎ, এবমেনেন সপক্ষেবৃষ্টিরুক্তা ভবতি'। — তত্রৈব।
- ৮। 'সামান্যতোদৃষ্টমিত্যেনেন বিপক্ষাঘ্যাবৃত্তং লিঙ্গমুচ্যতে কথম্'। — তত্রৈব।
- ৯। 'সামান্যতোহপি ন দৃষ্টমিত্যবতিষ্ঠতে ইথং ত্রিরূপং লিঙ্গমেতিঃ শব্দৈরুক্তং ভবতি, তদালম্বনং জ্ঞানমনুমানম্'। — তত্রৈব।
- ১০। 'তদেবং লক্ষণো কশ্চিৎ সর্বে সূত্রমযোজয়ৎ।
এবং তু খ্যাপিতং ন স্যাৎ সূত্রকারস্য কৌশলম্'। — তত্রৈব।
- ১১। 'কিং চ পক্ষলক্ষণমিহ শাস্ত্রে অভ্যুপগম্যতে ইতি ত্রিরূপে তস্মিন্ধর্ষণ্যমানেকালতর্যাপদিষ্টপ্রকরণসময়োঃ প্রসঙ্গো ন ব্যবর্ততে ইতি, তস্মান্তৎপূর্বকপদম্ এব লক্ষণপ্রতিপাদনার্থমনবদ্যাম্'। — *তদেব*, পৃ. ১১৬।
- ১২। 'ত্রিবিধগ্রহণং তস্য বিভাগপ্রতিপাদকম্।
ভেদাঃ পূর্ববদিত্যদিগ্রহেণ কথিতাশ্রয়ঃ'। — তত্রৈব।
- ১৩। 'বিভাগবচনাৎসিদ্ধং ত্রৈবিধ্যং স্বগিরা ভবেৎ।
তথা চ সিদ্ধশব্দান্তচ্ছেলেষেবমদীদৃশৎ'। — তত্রৈব।
- ১৪। "প্রত্যক্ষানুমানোপমানশব্দাঃ প্রমাণানি।।১/১/৩।।" — তারানাথ ন্যায়তর্কতীর্থ এবং অমরেন্দ্রমোহন তর্কতীর্থ (সম্পা.), *ন্যায়দর্শনম্*, পৃ. ৮৫।
- ১৫। 'পূর্ববদিত্যি যত্র কারণেন কার্যমনুমীয়াতে যথা জলধরোন্নত্যা ভবিষ্যতি বৃষ্টিরিত্যি'। — *তদেব*, পৃ. ১১৬।
- ১৬। "The correctness of our interpretation has been borne out by the portion of the verse 'sa svabhāvo' anuvartitaḥ'". — জানকী বরাদ ভট্টাচার্য (সম্পা.), *জয়ন্তভট্টসু ন্যায়মঞ্জরী*, পৃ. ২৬৮।

- ১৭। 'The cause has been qualified by a clause which shows that there is no destructive movement in the parts of the cause.' — তদেব, পৃ. ২৭১।
- ১৮। 'শেষবদিক্তি যত্র কার্যেণ কারণমনুযীযতে যথা নদীপুরেণোপরিভনে দেশো বৃষ্টিরিক্তি'। — সূর্যনারায়ণ ভরু (সম্পা.), পূর্বক, পৃ. ১১৮।
- ১৯। 'সামান্যতোদৃষ্টং তু যদকার্যকারণভূতান্নিসাত্তাদৃশস্যৈব লিসিনোহনুমানং যথা কপিখাদৌ রূপেণ রসানুমানম্'। — তদেব, পৃ. ১১৯।
- ২০। 'অপি চ দেশান্তরপ্রাপ্তির্দেশান্তরসংযোগঃ ন চ দশশতাংশোর্দেশান্তরেণ শৈলাদিনা সংযোগঃ সম্ভবতি নভসা তু ভবন্নপি নিশা বা দুর্লভ্যঃ প্রত্যক্ষেরবৃষ্টিভাৎ পবনবনস্পতিসংযোগবৎ মাতৃগর্ভসংযোগবদ্বা'। — তদেব।
- ২১। 'পরিশেষানুমানস্য তু ইখং প্রবৃষ্টিঃ ইচ্ছাদেরাশ্রয়াৎ প্রসক্তানি শরীরেন্দ্রিয়মনাংসি নিষিধ্যন্তে দিক্তাগাদৌ চ তৎপ্রসঙ্গো নক্তি তৎপরিশেষাদাশ্রয়ে তদাশ্রয় ইতি'। — তদেব, পৃ. ১২১।
- ২২। 'ইচ্ছাদিকার্যং দেহাদিবিলক্ষণাশ্রয়ং শরীরাদিষু বাধকপ্রমাণোপপত্তৌ সত্তাং কার্যভাদিক্তি সামান্যতোদৃষ্টস্য ক্রমঃ'। — তদেব।
- ২৩। 'অগরে পুনঃ অদৃষ্টলক্ষণবিষয়ং শক্তিক্রিয়ানুমানং সামান্যতোদৃষ্টমুদাহরিক্তি দেবদত্তাদাবপি ক্রিয়ায়াঃ পরোক্কাৎ চলতীক্তি প্রত্যয়ে হি ন দেবদত্তরূপাতিক্তিক্রিয়াতত্ত্বপ্রতিভাসঃ'। — তদেব।
- ২৪। 'বৌদ্ধোক্তপ্রতিবন্ধদূষণনিশা তল্লক্ষণং দৃষিতং
কুয়োদৃষ্টমিতাহয়োককরণং শোচ্যং পুনঃ শাবরম্'। — তদেব, পৃ. ১২৩।
- ২৫। 'সাংখ্যানাং তু কুতোহনুমানঘটনোপাদানরূপা যতন্তেবাং
জ্ঞাতিক্তিসৌ চ তদিক্তিবিক্তিম্নেতি দুঃস্থোহন্বয়ঃ'।। — তদেব।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

- গৌতম। *ন্যায়সূত্র*। সম্পা. তারানাথ ন্যায়তর্কতীর্থ এবং অমরেন্দ্রমোহন তর্কতীর্থ। *বাৎস্যায়নভাষ্য*, উদ্যোতকের বার্তিক, বাচস্পতি মিশ্রের *তাৎপর্য* টীকা ও বিশ্বনাথকৃত বৃষ্টি সহ। কলকাতা : মেট্রোপলিটন প্রিন্টিং অ্যান্ড পাবলিশিং হাউস লিমিটেড, ১৯৩৬ - ১৯৪৪।
- । সম্পা. দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় এবং মৃগালকান্তি গঙ্গোপাধ্যায়। *ন্যায় ফিলোসফি*। কলকাতা : ইন্ডিয়ান স্টাডিস পার্ট অ্যান্ড প্রেসেন্ট, ১৯৬৭।
- । সম্পা. সতীশচন্দ্র বিদ্যাভূষণ। *গৌতমীয় ন্যায়সূত্র*। দিল্লী : মুন্সিরাম মনোহরলাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৯৯৩।
- । সম্পা. অনন্তলাল ঠাকুর। *গৌতমীয় ন্যায়দর্শন*। বাৎস্যায়নকৃত ভাষ্যসহ। নিউ দিল্লী : ইন্ডিয়ান কাউন্সিল অব ফিলসফিক্যাল রিসার্চ, ১৯৯৭।
- । সম্পা. গঙ্গানাথ ঝাঁ। *দ্য ন্যায়সূত্রাস্ অফ গৌতম*। উইথ দ্য ভাষ্য অফ বাৎস্যায়ন অ্যাণ্ড দ্য বার্তিক অফ উদ্যোতকর, উইথ নোটস্ ফ্রম বাচস্পতি মিশ্রস্ ন্যায়বার্তিকতাৎপর্যটীকা, উদয়নস্ 'পরিশুদ্ধি' অ্যাণ্ড রত্নশ্রমস্ ভাষ্যচন্দ্র। খণ্ড - ১। দিল্লী : মোতিলাল বানারসীদাস পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৯৯৯।

- । সম্পা. ফণিভূষণ ভর্কবাগীশ। *ন্যায়দর্শন*। খণ্ড - প্রথম ও দ্বিতীয়। কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১১ (পুনর্মুদ্রণ), ২০০০।
- জয়ন্তভট্ট। *ন্যায়মঞ্জরী*। সম্পা. সূর্যনারায়ণ গুপ্ত। বারাণসী : চৌখাম্বা সংস্কৃত সিরিজ অফিস, ১৯৭১।
- । সম্পা. জানকী বল্লভ ভট্টাচার্য। *জয়ন্তভট্টসু ন্যায়মঞ্জরী*। দিল্লী : মোতিলাল বানারসীদাস, ১৯৭৮।
- । সম্পা. প্রবালকুমার সেন। *জয়ন্তভট্টকৃত ন্যায়মঞ্জরী*। কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০০৮।
- ঝালাকিকর, ভীমাচার্য। *ন্যায়কোষ*। পুণা : ভাণ্ডারকর ওরিয়েন্টাল রিসার্চ, ১৯৭৮।
- ফণিভূষণ ভর্কবাগীশ। *ন্যায়পরিচয়*। যাদবপুর : বঙ্গীয় জাতীয় শিক্ষা পরিষৎ, ১৯৩৬।
- ভট্টাচার্য, শ্রীমোহন এবং ভট্টাচার্য, দীনেশ চন্দ্র (সংকলক)। *ভারতীয় দর্শন কোষ*। খণ্ড - প্রথম, তৃতীয় প্রথম ভাগ। কলকাতা : সংস্কৃত মহাবিদ্যালয়, ১৯৭৮, ১৩৮৮ বঙ্গাব্দ। (কলকাতা সংস্কৃত মহাবিদ্যালয় গবেষণা গ্রন্থমালা ১১৭, ১২১)।

List of English Books: -

- Chatterjee, Satish Chandra and Datta, Dhirendramohan. *An Introduction to Indian Philosophy*. Calcutta (now Kolkata): University of Calcutta, 2004.
- Dasgupta, Surendranth. *A History of Indian Philosophy*. Vol. I. Delhi: Motilal Banarsidass Publishers Private Limited, 1975.
- Ganeri, Jonardon. *Indian Logic A Reader*. Great Britain: Curzon Press, 2001.
- Gokhale, Pradeep P. *Inference and Fallacies Discussed in Ancient Indian Logic* (with special reference to Nyāya and Buddhism). Delhi: Sri Satguru Publications - A Division of Indian Book Centre, 1992.
- Satis Chandra Vidyabhusana. *A History of Indian Logic*. Delhi: Motilal Banarsidass Publishers Private Limited, 1971.

Āhāra: An Ethical Study Geetanjali Tripathy

Abstract

Nowadays, the issue of health problem is of great concern. The increasing number of diseases is a colossal challenge for human beings. Easy solution to most of our health problems lies in proper food. Human body is made to consume natural foods like fruits and vegetables which contain sweet smell and colour by which one gets attracted naturally. There is a great difference between human beings and carnivorous animals. They consume raw meat easily which is unnatural for human beings. Unlike carnivorous animals, human beings get their eyesight just after their birth. Being attracted by unnatural taste and smell, we invite most incurable diseases. Food or *Āhāra* has great impact on our health and nature. No medicine is equivalent to food. So people should follow *sāttvika* food to enjoy a disease free, healthy and happy life.

Key-words: *Sāttvika*, Carnivorous, *Āhāra*, *Mitāhāra*

Food or *Āhāra* is the most important supporting factor of life. It plays a key role in the promotion of health and prevention of diseases. It is one of the major factors which provides fitness and happiness. One should regularly take such substances which are conducive to preserve good health and able to avoid the attacks of diseases.

Definition of *Āhāra*

According to *Āyurveda* *Āhāra* is that which restores the vigour, provides strength immediately after taking, sustains body and increases the life-span, happiness, memory, power and digestive capacity.

Importance of *Āhāra*

It is the main factor for healthy long life of human beings. It has been given the prime importance since Vedic period. In *Taittirīyopaniṣad*, Anna has been regarded as 'Brahma', as all animates are produced from Anna. After production, life is maintained by Anna and at the end assimilates in Anna.¹ In *Bhagavadgītā* also diet has been accepted as a source for creation of life.² In *Kāśyapa-Saṃhitā* *āhāra* is called as *Mahābhaiṣajya*. Caraka emphasises importance of *Āhāra*. The body as well as disease are formed by *Āhāra*. The wholesome and unwholesome foods are responsible for happiness and misery respectively.

Divisions of *Āhāra* and their effect

Bhagavadgītā says every human being is born with innate quality, which can be of three kinds — *sattva* (mode of goodness), *rajas* (mode of passion), or *tamas* (mode of ignorance).

trividhā bhavati śraddhā dehinām sā svabhāvajā ।

sāttvikī rājasī caiva tāmasī ceti tāṃ śṛṇu ॥³

So the food or *āhāra* each person prefers is of three kinds - *sāttvika*, *rājasika* and *tāmasika*. Our food habits say a lot about us.

Sāttvika āhāra: *Sāttvika āhāra* is one that can be digested easily, brings stability to one's mind and helps in building immunity and improving the healing power. It promotes *Sattva* quality. These foods are to be consumed on a regular basis. Fruits, vegetables, nuts etc. come under this category. It is said in *Gītā* that —

āyuhḥ sattvabalārogyasukhaprītivivardhanā ।

rasyāḥ snigdhaḥ sthirā hṛdyā āhārāḥ sāttvikapriyāḥ ॥⁴

Rājasika āhāra: *Rājasika āhāra* is one that is very bitter, sour, salty, hot, pungent, dry and burning and causes pain, grief and disease. These are liked by persons in the mode of passion. It promotes Rajas which induces command, aggression and accomplishment. Non-vegetarian foods like meat, fish, eggs, pickle, onion, garlic and salted foods are *Rājasika āhāra*. *Gītā* says —

katvamlalavaṇātyuṣṇatīkṣṇarukṣavidāhinaḥ ।

āhārā rājasasyeṣṭā duḥkhaśokāmayapradāḥ ॥⁵

Tāmasika āhāra: *Tāmasika āhāra* includes all kinds of food that are overcooked, not fresh, stale, tasteless, unnatural, decayed, rotten and impure. This kind of *āhāra* is liked by people in the mode of ignorance. It promotes Tama quality. These foods are said to have sedative effect on the mind and body. According to yoga, these foods are to be avoided as they can cause mental dullness and physical numbness. According to *Gītā* —

yātayāmaṃ gatarasaṃ pūti paryuṣitaṃ ca yat ।

ucchiṣṭamapī cāmedhyaṃ bhojanaṃ tāmasapriyam ॥⁶

Effects of *Āhāra*

Human body is meant for consuming natural foods like fruits and vegetables which contain sweet smell and colour by which one gets attracted naturally. In many ways the human body differs from those of carnivorous animals. Unlike carnivorous animals, a human baby gets its eyesight just after its birth. They can consume raw meat which is unpalatable for human beings. We drink water with the help of the mouth whereas carnivorous animals drink water by licking with their tongues. Likewise so many biological differences are seen between them.

It is said that the good are drawn to the good and the bad to the bad. The food people eat influences their nature and vice versa. The *Chāndogyopanīṣad* states: 'āhāra śuddhau sattva śuddhiḥ sattvaśuddhau dhruvā smṛtiḥ'.⁷ By eating pure food, the mind becomes pure. The reverse is also true — people with pure minds prefer pure foods. It is also said by Cāṇakya that –

dīpo bhakṣayate dhvāntaṃ kajjalaṃ ca prasūyate ।

yadannaṃ bhakṣayennityaṃ jāyate tādṛśī buddhiḥ ॥⁸

That means lamp eats darkness and produces black soot. What food quality one eats daily, so will one produce.

Although we might like to have junk, oily and spicy food, it is not good for our health and invariably causes illness. To curb the *tāmasika* and *rājasika* nature of our mind and to follow a *sāttvika* one is the only way to have healthy body and mind. Therefore, we should check our food as it has direct effect on our body and mind. To eat *sāttvika* food as much as possible not only aids healthy body and mind but is essential for spiritual health as well.

Mitāhāra

There is much talk about *Mitāhāra* or balanced diet in present era. *Mitāhāra* literally means the habit of moderate food. It is also a concept in Indian philosophy, particularly in Yoga that integrates awareness about food, drink, balanced diet and consumption habits and its effect on one's body and mind. According to *Āyurveda* the diet which nourishes both the mental and physical built is called *Mitāhāra* or balanced diet.

Importance of *Mitāhāra*

The *Bhagavadgītā* mentions one verse on *Mitāhāra* in chapter 6. It states that a yogi must neither eat too much nor too little. 'nātyaśnatastu yogosti na caikāntamanaśnataḥ'.⁹ Understanding and regulating one's established habits about eating, sleeping and recreation is suggested as essential to the practice of yoga. *Hathayogapradīpikā* states the importance of *Mitāhāra* as –

brahmacārī mitāhārī tyāgī yogaparāyaṇaḥ ।

abdādūrdhvaṃ bhavetsiddho nātra kāryā vicāraṇā ॥¹⁰

A Brahmacārī practicing *Mitāhāra* and *tyāga* devoted to yoga achieves success in his effort within half a year. It recommends that one must eat only when one feels hungry and neither overeat nor eat to fill the capacity of one's stomach completely; rather leave a quarter portion empty and fill three quarters with quality food and fresh water. It should be remembered that one should eat to live not live to eat. There is also a *Subhāṣita* about *Mitāhāra* –

jihve pramāṇaṃ jānīhi bhāṣaṇe bhojanepi ca ।

atyuktiratibhuktiśca sadyaḥ prāṇāpahāriṇī ॥

Literally this is addressed to a 'Tongue'. But it is really intended to be conveyed to a person who is both glutton and garrulous. Both garrulousness and gluttony may lead a person to death. Limit in eating and talking is a very good habit. Tongue is involved in both. We should do well to keep the limits in both respects. One who knows the limit of eating never suffers a disease and he who knows the limits of speech never picks up a quarrel. Lack of balanced diet causes many diseases. So it is said that –

atyambupānād viṣamāśanācca divā śayād jāgaraṇācca rātrau ।

saṃrodhanād mutrapurīṣayośca śadbhiḥ prakāraiḥ prabhavanti rogāḥ ॥

Conclusion

Lastly it can be said that imbalanced diet may lead to several dangerous diseases. Most of the incurable diseases are produced due to improper food. No medicine is equivalent to food. It is possible to make a person disease-free with just proper diet. Consumption of pure food i.e. *Sāttvika āhāra* makes the mind clear. So intelligent and self controlled man should consume conducive food in right quantity at the right time to prevent diseases and lead a peaceful life.

References

¹. *Taittirīyopaniṣad*, Vth Anuvāk.

². *Bhagavadgītā*, 3.14.

³. *Ibid.*, 17.2.

⁴. *Ibid.*, 17.8.

⁵. *Ibid.*, 17.9.

⁶. *Ibid.*, 17.10.

⁷. *Chāndogyopaniṣad*, 7.26.2.

⁸. *Cāṇakyanīti*.

⁹. *Bhagavadgītā*, 6.16.

¹⁰. *Hathayogapradīpikā*, 1.57.

Select Bibliography

Chāndogyopaniṣad. Ed. Ramswarup Sarma. Muradabad: Sanatandharma Press, 1919.

Śrīmadbhagavadgītā. Ed. Jagadish Ch. Ghosh. Calcutta (now Kolkata): Presidency Library, 1976.

Svātmārāma. *Hathayogapradīpikā*. *The Hathayogapradīpikā of Svātmārāma*, with the commentary Jyoshna of Brahmananda. Madras (now Chennai): The Adyar Library and Research Centre, 1972. (The Adyar Library General Series 4).

Upaniṣad. Gorakhpur: Gītā Press, 2014 (10th rpt.).

न्यायकुसुमाञ्जलिग्रन्थस्थितपञ्चमस्तवक ईश्वरस्थापनम् देवश्री खांडा

भारतीयदर्शनितिहासपर्यालोचनेन ज्ञायतेऽस्माकं भारतीयदर्शनमत्यन्तं सुप्राचीनं गौरवमयञ्च। दर्शनस्यास्य विकाशो वस्तुतो विविधप्रमुखदार्शनिकानां गम्भीरयुक्तिमाधुर्येणैव। सुप्राचीनकालाद् विविधप्रमुखदार्शनिकानां आविर्भावनास्माकन्दर्शनसाहित्यप्रंरम्यते। विविधप्रतिभामण्डितदार्शनिकानां दर्शनास्माकन्दर्शनसाहित्यमतीव सुसज्जितं वर्तते। भारतीयदर्शनस्य क्रमविकाशपर्यालोचनेन ज्ञायतेऽस्मिन्दर्शने क्रमपरम्परा काचन वर्तते। वस्तुतस्तु दर्शनतत्त्वज्ञानमात्रेणैव भारतीयदार्शनिका न स्तब्धीभूता भवन्ति, अपि तु तस्य तत्त्वस्य प्रतिपादनाय सर्वथा सचेष्टपराः। पाश्चात्यदर्शनेऽपि विविधसमये विविधमतमुत्थाप्य तस्य मतस्य पोषणं वर्तते। पुनश्च कालानुसारेण पूर्वोक्तमतस्य खण्डनं विधाय नूतनमतस्य पोषणं क्रियते। किन्तु पाश्चात्यदार्शनिका ज्ञानतृष्णाचारितार्थ्येनैव तूष्णींभूता भवन्ति, जनजीवने प्रतिस्थापनाय तेषामौत्सुक्यं नास्त्येव। अयमेव पाश्चात्यभारतीयदर्शनयोर्भेदः। भारतीयदर्शनेषु सांख्यादिभेदेन दर्शनवैविध्येऽपि तत्र महत्साम्यं सर्वथा परिलक्ष्यते, दार्शनिकास्तत्र परिवारसदस्यस्वरूपाः। व्याख्यानपद्धतिपर्यालोचनायां ज्ञायते पारस्परिकसम्मानप्रदर्शनं तेषामाङ्गिकविषयः। परसम्प्रदायमतखण्डननिमित्ता दार्शनिकाः परसम्प्रदायतत्त्वं विदधते। यतो हि सुष्ठुज्ञानं विहाय परमतखण्डनपुरःसरं स्वमतप्रतिस्थापनं नैव सम्भवति। विविधसमये आविर्भूता दार्शनिकाः स्वतन्त्रग्रन्थभाष्यव्याख्यानादिमाध्यमेन स्वाधिपत्यं तन्वते। तत्र केवलं न वादिरूपेण अपि तु प्रतिवादिरूपेणापि स्वाधिपत्यं प्रतिस्थापयन्ति। अत्रैव भारतीयदार्शनिकानां दर्शनतत्त्वचिन्ताया महान्परिचयो लभ्यते। भारतीयदर्शनप्रकृतिः परिलक्ष्यते चेज्जायते भारतीयदर्शनस्य मार्गद्वयं वर्तते — आस्तिकदर्शनं नास्तिकदर्शनञ्च। वेदं प्रामाण्यत्वेन ये स्वीकुर्वन्ति ते आस्तिकदार्शनिकाः। यथा — सांख्यम्, योगः, न्यायः, वैशेषिकः, मीमांसा, वेदान्तश्चेति। ये वेदं प्रमाणत्वेन नाङ्गीकुर्वन्ति ते नास्तिकाः। यथा — चार्वाकः, बौद्धः, जैनश्चेति। एतेषु दर्शनेष्वन्यतमं सुप्रसिद्धं दर्शनं न्यायदर्शनमिति।

प्रमाणैरर्थपरीक्षणं न्यायः।^१

अर्थात्प्रमाणद्वारार्थपरीक्षणमेव न्यायः। न्यायशब्दस्तावन्युपसर्गपूर्वकाद्गत्यर्थकेणघातोः करणार्थे घञ्प्रत्यये निष्पद्यते। प्रसिद्धषड्विधास्तिकदर्शनेष्वन्यतमं न्यायदर्शनम्। न्यायदर्शनमिदम् आन्वीक्षिकीविद्येत्यप्याख्यायते। आन्वीक्षिकीविद्येयं न्यायविद्येयं वा स्वमहिम्ना सकलशास्त्रस्य प्रदीपस्वरूपा। तथा हुच्यते —

प्रदीपः सर्वविद्यानामुपायः सर्वकर्मणाम्।

आश्रयः सर्वधर्माणां विद्योद्देशे प्रकीर्तिता॥^२

न्यायदर्शनस्याप्यन्यशास्त्रेभ्यो भिन्नत्वं दरीदृश्यते चेदपि शास्त्रान्तरवदस्यापि मोक्षप्रदिपादनमेव मूलोद्देश्यम्। पुरुषार्थेष्वन्यतमः परमपुरुषार्थो मोक्षः। आत्मसाक्षात्कारो मोक्षस्य प्रधानोपायः। आत्मनिति शब्देन यथा जीवात्मनः सूचनं भवति तथा परमात्मनोऽपि सूचनं भवति। एतद्वेदेऽपि प्रसिद्धम्।^३ न्यायशास्त्र उज्ज्वलनक्षत्रस्वरूपेण उदयनाचार्येण विरचिता ग्रन्थाः सर्वदैव आत्मविषयकचर्चायां सचेष्टपराः।

मिथिलास्थितोदयनाचार्यविरचितन्यायकुसुमाञ्जलिग्रन्थस्य नामकरणेनैव ज्ञाप्यते यन्न्यायरूपकुसुमस्याञ्जलिरिव न्यायकुसुमाञ्जलिरिति। न्यायरूपकुसुमस्याञ्जलिरीश्वरप्रतिपादनमाध्यमेन सर्वदा साराज्यतो तार्किकशिरोमण्युदयनाचार्येण न्यायकुसुमाञ्जलिग्रन्थे प्रधानतयेश्वरसत्ता प्रतिस्थापिता। ग्रन्थस्य विषयो यथायथरूपेण पर्यालोच्यते चेद् द्रष्टुं शक्यते निरीश्वरवादिनां मतखण्डनपूर्वकमीश्वरसत्तास्थापनमेवोदयनाचार्यस्य प्रधानोद्देश्यं वर्तते। ईश्वरविषयकालोचनायाः प्रयोजनावसरे उदयनाचार्येण स्वयमेवोक्तम् – श्रुतो हि भगवान् बहुशः श्रुतिस्मृतीतिहासपुराणेषु इदानीं मन्तव्यो भवति।^४ ईश्वरस्य मननात्मकालोचनाया आडम्बरं यथा न्यायकुसुमाञ्जलिग्रन्थे तथैवान्यत्रापि प्रशंसनीयम्। कुप्पूस्वामिभाषायामवश्यमेव तद्दृश्यमानम् – In the history of Indian theism, Udayan's theistic contribution is of particular value in demonstrating the extent to which theism may press reason into service where revelation fails, as in the case of the anti-Vedic Buddhists...^५

वस्तुसत्ताप्रतिपादनाय यथा बाधकप्रमाणाभावोऽपेक्षते तथैव साधकप्रमाणमप्यपेक्षते। अस्योद्देशस्य परिपूर्णायाः मानप्रमाणस्यास्वरूपेण व्यवहार उदयनाचार्येण कृतः। अर्थात्प्रत्यक्षप्रमाणेनास्त्यपि त्वनुमानप्रमाणेनेश्वरप्रतिष्ठा भवति। अन्धो यदा अन्धत्ववशात्कदाचिद्दृक्षस्योपरि विनिपतति तत्र वृक्षस्य कश्चन दोषो न तिष्ठति। एवमेवानुमानेनेश्वरस्य प्रामाण्यं प्रतिस्थापयत्यज्ञानवशाद्विपक्षिभिस्तदवगन्तुमपि न शक्यते। अतः पञ्चमस्तवके प्रथमकारिकायामुच्यते आचार्येण –

कार्यायोजनधृत्यादेः पदात् प्रत्ययतः श्रुतेः।

वाक्यात्संख्याविशेषाच्च साध्यो विश्वविदव्ययः॥^६

अर्थात्कार्यायोजनधृतिपदप्रत्ययश्रुतिवाक्यसंख्याविशेषरूपहेतुभिरीश्वरसिद्धिर्भवति। प्रसङ्गादत्रोल्लेखनीयमस्ति यद् धृत्यादेरितिपदघटितादिपदेन विनाशरूपहेतोर्ग्रहणान्नव हेतवोऽत्र भवन्ति।

साधकप्रमाणेष्वदिप्रमाणं भवति कार्यम्। कार्यं सर्वदा कारणविशिष्टम्। अतोऽस्य जगद्रूपकार्यस्यावश्यं किमपि कारणं विद्यते एव, एवञ्चास्य कारणमीश्वर एव। उत्पद्यमानं विनश्यमानं वा वस्तु सर्वदा कार्यं भवति। एवञ्च तत्सावयवं च भवति। एतेषामवयवानां मेलनेनैवावयवी निर्मायते। अर्थादवयवविशिष्टत्वमेव कार्यत्वम्। किञ्च यत्कार्यत्वविशिष्टन्तत्कारणविशिष्टमेव। नैयायिकमतानुसारेण जगत् कार्यवस्तु वर्तते सावयवत्वात्। अवश्यन्तत्कस्मादपि कारणादेवोत्पद्यते। अनुमानप्रमाणेनैव जगतः सकर्तृकत्वं सिद्ध्यति। कार्यद्रव्यमात्रं सकर्तृकम्। जगतः कार्यत्वात्तदवश्यं कर्तृविशिष्टम्। अतः आचार्यविश्वनाथेन न्यायसिद्धान्तमुक्तावल्यामुच्यते – क्षित्यादिकं सकर्तृकं कार्यत्वाद्भवत्।^७ अर्थाद्दृष्टप्रभृतिकार्यं यथा कर्तृजन्यं तद्वत्क्षित्यङ्कुरप्रभृत्यपि कर्तृजन्यम्। क्षित्यङ्कुरप्रभृतीनां कर्ता कश्चन साधारणपुरुषो

भवितुं नार्हति यतः कर्तुरवश्यमुपादानकारणस्य साक्षाज्ज्ञानं, प्राप्तीच्छा, साधनेच्छा चावश्यकम्। केवलं यः सर्वज्ञः स्वशक्तिसम्पन्नस्तस्य कृते एवास्य सूक्ष्मतमपदार्थस्य साक्षाज्ज्ञानं भवितुमर्हति। तस्य सर्वज्ञसर्वशक्तिसम्पन्नस्येच्छावशाज्जीवानां कर्मानुसारेण जगतः सृष्टिरिति।

ईश्वरसाधनस्य द्वितीयसाधकप्रमाणमायोजनम्। आयोजनशब्दार्थो भवति कर्म। न्यायवैशेषिकदर्शने प्रमाणवादः स्वीक्रियते। जागतिकसर्ववस्तूनां मूलं परमाणुः। अर्थात्परमाणोः द्रव्यणुकादिक्रमेण संयोगेनैव साक्षात्विशिष्टद्रव्यमुत्पद्यते। एतत्संयोगनिमित्तमवश्यं संयोगिनोः स्पन्दनक्रियाऽपेक्षते स्वभावाद् द्वयोर्निष्क्रियवस्तुनोः संयोगदर्शनाभावात्। परमाणोर्जडत्वात्तेषामवश्यं गतिसञ्चारोऽपेक्षते। एवञ्च जगत्सृष्टिनिमित्तं यत्परमाणुसंयोगो विद्यमानो वर्तते तेषां स्पन्दनक्रियात्वात्तदनुकूलसञ्चारत्वेन कश्चनावश्यं स्वीकर्तव्यः। अतस्तत्र ईश्वर एव स्पन्दनसञ्चारकः, नान्यः। अतष्टीकायां यथार्थमेवोच्यते—सर्गाद्यकालीनद्रव्यणुकारम्भकपरमाणुद्वयसंयोगजनकं कर्म चेतनप्रयत्नपूर्वकं कर्मत्वादस्मदादिशरीरक्रियावत्।^१

ईश्वरसाधकस्तृतीयहेतुर्धृतिः। धृतिपदस्यार्थः पतनाभावः। अर्थाद्गुरुत्वविशिष्टवस्तु कर्षणवशादेव पतति। एतद्व्यतिक्रमे सत्यवश्यं गुरुत्वविशिष्टपदार्थस्याश्रयः कश्चन स्वीकर्तव्यः। यथा कस्यचिज्जनस्य हस्ते फलं भवति चेत्तद्भूमौ नैव पतति, परन्तु वृक्षात्पतनसमये तद्भूमौ पतत्येतस्यानाश्रयत्वमेव पतनकारणं पुरुषस्य च हस्त आश्रयत्वात्पतनाभावश्च वर्तते। एवमतिगुरुभारविशिष्टपृथिव्या अनाश्रितावस्थानं ज्ञापयत्यत्रापि कस्यापि विशेषप्रयत्न एव फलम्। एतत्कारणादेव पृथिव्याः पतनाभावः परिलक्ष्यते। अत्र च पृथिव्याः पतनाभाव एव धृतिः। अत एवोच्यते—ब्रह्माण्डादि पतनप्रतिबन्धकीभूतप्रयत्नवदधिष्ठितम्, धृतिमत्त्वात्, वियतिविहङ्गमधृतकाष्ठवत्।^२ धृत्यादेरिति पदशब्दादिपदेन विनाश इत्यर्थो ज्ञाप्यते। तदर्थमेव टीकायामुच्यते—धृत्यादेः इत्यादिपदान्नाशपरिग्रहः। ब्रह्माण्डादि प्रयत्नवद्दिनाश्यं विनाशित्वात्पाट्यमानपटवत्।^३

ईश्वरसाधनस्य चतुर्थभूमिः पदम्। पद्यतेऽनेनेति व्युत्पत्त्या 'पदं' व्यवहारः।^४ अर्थात्पदं नाम व्यवहारः। तन्नुवायस्य पटादिनिर्माणे यथा नैपुण्यं तथैव बालकानां लिप्यादिप्रयोग एव व्यवहारः। वृद्धपुरुषेणैव पूर्णशिक्षा लब्धुं शक्या। एकः शिशुर्यथार्थप्रदर्शकेन प्रदर्शनपूर्वकमेवाक्षरज्ञानानन्तरं लेखने समर्थो भवति। अर्थात्प्रयोगकौशलज्ञानानन्तरं निर्माणकौशलमपेक्षते। एवञ्च कस्मिंश्चिद्विषये यथार्थज्ञानानन्तरमेव तद्विषये ज्ञानप्रदानं सम्भवति। एवञ्च एतद्विचित्रपूर्णविश्वस्य विचित्रकलाकौशलाभिज्ञोपदेशकरूपेण सूक्ष्मातिसूक्ष्मविषयाभिज्ञस्योपदेशकरूपेण च कस्यापि स्वांकारो भवति चेत्सोऽवश्यमीश्वर एव। यतो नित्यः सर्वज्ञ ईश्वर एव निरपेक्षरूपेणास्य विश्वस्य निर्माणे समर्थो नान्यः। टीकायां सम्यक्तयोच्यते—पटादिसम्प्रदायव्यवहारः स्वतन्त्रपुरुषप्रयोज्यः, व्यवहारत्वादाधुनिकलिप्यादिव्यवहारवत्।^५

ईश्वरसाधकः पञ्चमहेतुः प्रत्ययः। प्रत्ययो नाम प्रमाणम्। वैदिकज्ञानस्याभ्रान्तत्वेऽपि वेदस्य प्रामाण्यविषये दार्शनिकेषुमतपार्थक्यं दरीदृश्यते एव। नैयायिकावेदस्य सर्वज्ञपुरुषकल्पितत्वं स्वीकुर्वन्ति। अत एवन्यायसूत्रकारेणोच्यते—मन्त्रायुर्वेदप्रामाण्याच्च तत्प्रमाणम्।^६ वेदस्य सूक्ष्मातिसूक्ष्मविचारोऽपि कदाचित्साधारणपुरुषस्य ज्ञानातीतो वर्तते। अत एव वेदस्य रचयितृरूपेणैतादृशः कश्चन स्वीकर्तव्यो यः कालत्रयज्ञानविशिष्टः, इन्द्रियातीतविषयस्य साक्षाज्ज्ञाता। एतादृशश्चेत्तद्विहाय नान्यो भवितुमर्हति। ईश्वरज्ञानरूपवाक्यमेव वेदः। वैशेषिकदर्शने यथार्थमेवोच्यते—तद्वचनादान्यायस्य प्रामाण्यम्।^७

ईश्वरसाधकं षष्ठप्रमाणं श्रुतिः। श्रुतिर्नाम वेदः। अभ्रान्तवेदो वाक्यमयत्वादवश्यमीश्वरकर्तृकम्। श्रुतावीश्वरस्तित्वं स्वीक्रियते एव। बृहदारण्यकोपनिषद्युच्यते— स वा एषः महान् अजः आत्मा अन्नदः वसुदानः...४/४/२४।१६ अपि तु श्वेताश्वतरोपनिषदि चोच्यते— एको देवः सर्वभूतेषु गूढः सर्वव्यापी सर्वहुतात्मा। कर्माध्यक्षः सर्वभूताधिवासः साक्षी चेता केवलो निर्गुणश्चा^{१७} एवं श्रुतिवाक्यादीश्वरसत्तावश्यं सिद्ध्यत्येव। श्रुतेरभ्रान्तत्वादीश्वरस्यानस्तित्वस्यावकाशा नास्त्येव।

ईश्वरस्थापनस्य सप्तमहेतुर्वाक्यम्। वाक्यत्वहेतुविशिष्टत्वाद्देदोऽवश्यं पौरुषेयः। उच्यते च— किञ्च वेदः पौरुषेयो वाक्यत्वाद् भारतादिवद्। वेदवाक्यानि पौरुषेयाणि वाक्यत्वादस्मदादिवाक्यवत्।^{१८}

ईश्वरसत्तास्थापनस्याष्टमसाधकः संख्याविशेषः। संख्याविशेषः इति शब्दस्यार्थो द्व्यणुक- त्र्यणुकप्रभृतिपरिमाणस्य जनको द्वित्वत्रित्वादिसंख्याविशेषः। द्वयोः परमाण्वोः संयोगेन यद् द्व्यणुकम् उत्पद्यते तत्परमाणुगतद्वित्वसंख्याविशेषो देवः। द्वित्वसंख्याज्ञानमीश्वरं विना कस्मिन्नपि स्थातुं नार्हति। अतष्टीकायां यथार्थमुच्यते— द्व्यणुकपरिमाणं संख्याजन्य परिमाणप्रचयजन्यत्वे सति जन्य परिमाणत्वात्।^{१९}

विश्वसंसारमञ्चस्य नियन्त्रकरूपेण सर्वजनविदित ईश्वरः। सोऽवश्यमेव सर्वद्रष्टा, सर्वज्ञाता सर्वशक्तिमांश्चास्मिन् विषये नास्ति कोऽपि सन्देहः। प्रत्यक्षातीत ईश्वरः अवश्यमेवानुमानगम्यः। अन्तरालस्थितनेश्वरेणैव नियन्त्रितं जगत्संसारमिदम्। श्रीमद्भगवद्गीतायां यथार्थमुच्यते—

उत्तमः पुरुषस्त्वन्यः परमात्मेत्युदाहृतः।

यो लोकत्रयमाविश्य विभर्त्यव्यय ईश्वरः॥^{२०}

उल्लेखपञ्जिः

१. फणिभूषणतर्कवागीशः (संपा.), न्यायदर्शनम् (प्रथमः खण्डः), पृ. २९।
२. तदेव, पृ. ६०।
३. आत्मा वा इदमेक एवाग्र आसीत्। नान्यत् किञ्चन मिषत्। स ईक्षत लोकान् नु सृजा। ऐतरेयो उपनिषत् १।१। पृ. ३२७।
४. चन्दनभट्टाचार्यः (संपा.), न्यायकुसुमञ्जलिः, पृ. १३।
५. A Primer of Indian Logic, p. 85.
६. चन्दनभट्टाचार्यः (संपा.), पूर्वोक्तम्, पृ. १९३।
७. अनामिकारायचौधुरी (सम्पा.), भाषापरिच्छेदः, पृ. ४६।
८. सकर्तृकत्वम् उपादानगोचरापरोक्षज्ञानचिकीर्षाकृतिमज्जन्यत्वम्। न्यायकुसुमञ्जलिः। हरिदासी टीका। ५।१। — चन्दनभट्टाचार्यः (संपा.), पूर्वोक्तम्, पृ. १९४।
९. तदेव, ५। १।
१०. तदेव, ५। १।
११. तदेव, ५। १।
१२. तदेव, ५। १।
१३. तदेव, ५। १।

- १४. न्यायसूत्रम्, ३।१।१७ — फणिभूषणतर्कवागीशः (संपा.), पूर्वोक्तम् ।
- १५. वैशेषिकसूत्रम्, १।१।३।
- १६. बृहदारण्यकोपनिषद्, ४।४।२२।
- १७. श्वेताश्वतरोपनिषद्, ६।१।१।
- १८. हरिदासी टीका, ५। १। — चन्दनभट्टाचार्यः (संपा.), पूर्वोक्तम्, पृ. १९४।
- १९. तदेव, ५। १।
- २०. श्रीमद्भगवद्गीता, १५।१७।

निर्वाचितग्रन्थपञ्जिः

उदयनाचार्यः। न्यायकुसुमाञ्जलिः। संपा. चन्दनभट्टाचार्यः। कलकाता : महाबोधि-बुक-एजेन्सी, २०१४।
 —। संपा. श्रीमोहनभट्टाचार्यः। कलकाता : पश्चिमवङ्ग-राज्य-पुस्तक-पर्वद्, १९९५।
 —। संपा. श्यामापदमिश्रः। कलकाता : पश्चिमवङ्ग-राज्य-पुस्तक-पर्वद्, १३९० वङ्गाब्दः।
 उपनिषद्। संपा. अतुलचन्द्रः सेनः, सीतानाथतत्त्वभूषणः, महेशचन्द्रघोषः। कलकाता : हरफ-प्रकाशनी, १९९८। (प्रथमं संस्करणम् १९७२)।
 कणादः। वैशेषिकसूत्रम्। संपा. प्रद्योतकुमारमण्डलः। वैशेषिकदर्शनम्। कलकाता: प्रग्रेसिभ-पावलिशार्स, २००४।
 गौतमः। न्यायसूत्रम्। संपा. फणिभूषणतर्कवागीशः। न्यायदर्शनम् । कलकाता: पश्चिमवङ्ग-राज्य-पुस्तक-पर्वद्, २०११। (प्रथमं संस्करणम् १९८१)।
 —। संपा. नारायणमिश्रः। वाराणसी: चौखाम्बा-संस्कृत-संस्थान, १९८३।
 —। संपा. फणिभूषणतर्कवागीशः। कलकाता: पश्चिमवङ्ग-राज्य-पुस्तक-पर्वद्, २०००। (प्रथमं संस्करणम् १९८२)।
 विश्वनाथः। भाषापरिच्छेदः। संपा. अनामिका रायचौधुरी। कलकाता : संस्कृत-पुस्तक-भाण्डार, २००४।
 —। संपा. हरिरामशुक्लः। चौखाम्बा-प्रकाशन, २०१८।
 श्रीमद्भगवद्गीता। संपा. नीलकान्तः गोस्वामी। १३४२ वङ्गाब्दः।
 Dasgupta, S.N. A History of Indian Philosophy. Vol.1. Delhi: Motilal Banarsidass, 1988.
 Hiriyanna, M. Outline of Indian Philosophy. Deih: Motilal Banarsidass, 2009 (rpt., 1st ed. 1993).
 Sastri, S. Kuppuswami. A Primer of Indian Logic. U.S: Franklin Classics Trade Press, 2018.

ভয়ঙ্কর রুদ্রের মঙ্গলময় শিবে রূপান্তরের ইতিহাস

ঐশী সাহা

সারসংক্ষেপ : বৈদিকযুগের প্রকৃতিতে ভাসমান দেবতারা প্রাকৃতিক বিমূর্ত রূপ ছেড়ে পুরাণে একেবারে মানুষের আদলে মানুষের দ্বারা নির্মিত মূর্তিতে মানুষের গড়া মন্দিরে প্রতিষ্ঠিত হয়েছেন। উল্লেখ্য, পৌরাণিক দৈবভাবনার মূলে বৈদিক ধর্মীয় ভাবনা নিহিত থাকলেও দেবতাদের স্বরূপ, আকার, আকৃতি ও তাঁদের অবস্থানের যে ভিন্নতা পরিলক্ষিত হয় তা আরও বেশি পার্থক্য উপলব্ধি হয় মঙ্গলকাব্যের যুগে এসে। খ্রিস্টীয় ত্রয়োদশ শতাব্দীর শেষভাগ থেকে অষ্টাদশ শতাব্দীর শেষভাগ পর্যন্ত মধ্যযুগ, এবং সেই যুগসাহিত্য মঙ্গলকাব্যের দৈবভাবনা নিয়ে যদি তুলনামূলক বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে সুদীর্ঘ এই কালের ব্যবধানে দৈব তথা ধর্মীয় ভাবনার অনেক পরিবর্তন হয়েছে। এই যুগে দেবতারা একেবারে বৈদিক যুগের প্রাকৃতিক খোলস ছেড়ে মানুষের সঙ্গে প্রায়শই মানুষের মত হয়েই আত্মপ্রকাশ করেছেন। এই মঙ্গলকাব্যের যুগে আবার কোথাও কোথাও বা বৈদিক ও পৌরাণিক যুগের সংমিশ্রিত ভাবধারায় তাঁরা মিশে গেছেন। বৈদিক কালের তিন প্রকার দেবতা বা তেত্রিশ সংখ্যা থেকে কালে কালে কবে যে তেত্রিশ কোটি দেবতায় রূপান্তরিত হয়ে গেছে তা পাঁচমুখে বলেও শেষ হবে না। তাই এসবের মধ্যে এমন একজন দেবতাকেই বেছে নেওয়া হয়েছে দেবতাদের মধ্যে যাঁর একটা বিশেষ মান্যতা আছে, আর তাঁর মাহাত্ম্য সর্বকালে সর্বত্রই বিদ্যমান। তিনি হলেন দেবাদিদেব-মহাদেব। বৈদিক যুগে যিনি রুদ্র; আবার পুরাণে তিনিই শিব হিসেবে পরিচিত। যিনি মঙ্গলময়, তাঁর থেকেই সকল সংসার সৃষ্টি হয়েছে, অপরদিকে মধ্যযুগে মঙ্গলকাব্যগুলোতে শিবকে সম্পূর্ণ নতুনভাবে দেখানো হয়েছে। এখানে তিনি সম্পূর্ণ আলাদাভাবে প্রকাশ পেয়েছেন। তিনি মর্ত্যের একজন অতি সাধারণ মানুষ। আবার ধর্মীয় দিক থেকে বিচার করলে দেখা যায় তিনি সকলের মঙ্গলসাধন করছেন। তাঁর কাছে উচ্চ, নীচ জাতিভেদে সকলেই সমান। যে তাঁকে ভক্তিসহকারে মন দিয়ে শ্রবণ করে তার প্রতিই তিনি কৃপা দৃষ্টি প্রদান করেন। আবার কখনও কখনও দেখা যায়, যে তিনিই যে একমাত্র জগতের কর্তা এবং সকল দেবতাই যে তাঁর মধ্যে অবস্থিত তা ভক্তকে বোঝাতেও তিনি প্রয়াসী হয়েছেন।

শব্দসংকেত : বেদ, পুরাণ, মঙ্গলকাব্য, রুদ্র।

ভূমিকা : বেদ হল ঋষিদের অপরোক্ষ অনুভূতির প্রকাশ; বেদ বলতে এক অলৌকিক অখণ্ড জ্ঞানরাশিকে বোঝায়। তবে বিষয়গত দিক থেকে বেদকে মন্ত্রব্রাহ্মণাত্মক বলা হয়। মন্ত্রভাগের মূল উদ্দেশ্য — দেবতাদের আরাধনা, স্তুতি ও তাঁদের স্বরূপ ও মাহাত্ম্য বর্ণনা। আর ব্রাহ্মণভাগে পাওয়া যায় দেবতার উদ্দেশ্যে সম্পাদিত যজ্ঞে দ্রব্য আহুতি দান পদ্ধতির বিবরণ। বৈদিক দেবতারা অধিকাংশই হলেন

প্রাকৃতিক শক্তির বিমূর্ত প্রকাশ। তবে ঋষিকবিরূপ দেবতাদের অপরিমেয় প্রভাব বর্ণনার পাশাপাশি তাঁদেরকে মানুষের আকৃতিতে মানবীয় অনুভূতি সমন্বিত করে প্রায়শই পিতা, মাতা, বন্ধুত্বের সম্পর্কে আস্থান করেছেন। পৌরাণিক যুগে এসে দেখা যায়, দৈবভাবনার ও দৈবনির্ভরশীলতার বেশ কিছু পরিবর্তন হয়েছে, শুধু মন্ত্রদ্রষ্টা ঋষি নয়, কিংবা যজমান নয়, সাধারণ মানুষের সঙ্গে তাঁদের সম্পর্ক যেন আরও বেশি ঘনিষ্ঠ হয়েছে। অপরদিকে মঙ্গলকাব্যের যুগে দেবতারা একেবারে বৈদিক যুগের প্রাকৃতিক খোঁস ছেড়ে মানুষের সঙ্গে প্রায়শই মানুষের মত হয়েই আত্মপ্রকাশ করেছেন।

বৈদিক সাহিত্যে দেবতা রুদ্রের অবস্থান : নিরুক্তকার যাক্ষ দেবতা শব্দের নির্বচন করেছেন— 'দেবো দানাদা দীপনাদা দ্যোতনাদা দ্যুস্থানো ভবতীতি বা।'^২ অর্থাৎ যিনি দান করেন বা যিনি দীপ্ত বা হৃৎকামরূপ বা যিনি স্বয়ং দ্যুতিমান হয়ে অন্যকেও দ্যোতিত করেন অথবা দ্যুলোকে যার অবস্থান তিনিই হলেন দেব বা দেবতা। যাক্ষাচার্য তাঁর নিরুক্ত গ্রন্থে পৃথিবী, অন্তরীক্ষ এবং দ্যুলোক -এই তিন স্থান ভেদে তিন প্রকার দেবতাকে স্বীকার করেছেন এদের মধ্যে অন্তরীক্ষ স্থানের দেবতা হলেন রুদ্র। বৈদিক সাহিত্যে রুদ্র সম্পর্কে ঋষিকবিরূপ নিরন্তর আবেগমখিত কণ্ঠে তাঁর গুনগান গেয়েছেন। বিশেষত, ঋকযজুর্বেদের রুদ্রাধ্যায়ে অকৃপণ রুদ্র বর্ণনা অব্যাহার ধারায় বর্ধিত হয়েছে, যা থেকে বোঝা যায় যে ঋকযজুর্বেদে তিনিই যেন শ্রেষ্ঠ দেবতা। ঋগ্বেদে, সামবেদে, কৃকযজুর্বেদে এবং অথর্ববেদে তাঁর মহিমা বীর্ণন করা হয়েছে। যাক্ষাচার্য তাঁর নিরুক্ত গ্রন্থে রুদ্রের নির্বচন প্রসঙ্গে বলেছেন - 'রুদ্রো রৌতীতি সত্যে, রোকায়মাণো দ্রবতীতি বা রোদয়তের্বা । যদরুদত্তুদ্রস্য রুদ্রত্বমিতি কাঠকম্ । যদরোদীৎদ্রস্য রুদ্রত্বমিতি হারিদ্রবিকম্।'^৩ সুতরাং দেখা যাচ্ছে 'রুদ্' ধাতু হতে রুদ্র নামটির উৎপত্তি। এর থেকে অনেকে মনে করেন যে, সশব্দে প্রবহনশীল বাতায় রুদ্ররূপে বেদে স্তুত হয়েছে। কৃকযজুর্বেদে বলা হয়েছে- রুদ্রের রুদ্রত্ব অর্থাৎ রোদন করার জন্যই অগ্নির নাম রুদ্র হয়েছিল।^৪ ঋকযজুর্বেদের রুদ্রাধ্যায়ে রুদ্রকে শিব, শঙ্কর, ময়ঙ্কর, শম্ভব, ময়োভব প্রভৃতি কল্যাণবাচক শব্দের দ্বারা বিশেষিত করা হয়েছে, এই বেদে তিনি কপর্দী, নীলগ্রীব, গিরীশ, শিতিকণ্ঠ প্রভৃতি নামেও বিশেষিত। এক্ষেত্রে রুদ্রের সমার্থক প্রতিটি শব্দের একই অর্থ - তা হল মঙ্গল বা কল্যাণ বা কল্যাণজনিত সুখ। কৃকযজুর্বেদে তিনি শিব, ত্র্যম্বক, ভব, শর্ব, পশুপতি, মহাদেব হিসেবেই পরিচিত। অথর্ববেদে তিনি ভূতপতি^৫ নামেও পরিচিত।

বৈদিক সাহিত্যে দেবতা রুদ্রের স্বরূপ : ঋগ্বেদে প্রকৃতির ভয়াল-ভয়ংকর বাহ্যিক রূপের প্রতীক হিসেবে রুদ্রদেবতার উল্লেখ করা হয়েছে। বজ্রের অধিষ্ঠাত্রী দেবতা রুদ্র। এই দৃশ্য প্রপঞ্চের প্রতিভূরূপেই তিনি কীর্তিত হন। রুদ্র জন্মক্ষণেই বিকট চিৎকার করেন। বজ্রের উৎপত্তির সঙ্গে বিনাশের ও ভয়ংকর শব্দের সম্বন্ধ চিরন্তন। ঋগ্বেদে বলা হয়েছে - রুদ্র ভয়াল, সংহারক ও গর্জনশীল। রুদ্র দেবতার উদ্দেশ্যে নিবেদিত সূক্তগুলিতে বেশিরভাগ ক্ষেত্রেই ভয়ানক ও সংহার^৬ মূর্তিতেই তিনি আবির্ভূত হয়েছেন। তাঁর ভীষণ রূপের বর্ণনার প্রাচুর্য ঋগ্বেদে দৃষ্টিগোচর হলেও তাঁর মঙ্গলময়^৭ রূপও ঋগ্বেদ সহ অন্যান্য বেদে

লক্ষ করা যায়। *কৃষ্ণযজুর্বেদে* রুদ্রের স্তুতি ত্রিষ্টুপ ছন্দে করা হয় — 'রুদ্রাস্তা প্র বৃহেন্ত্র ত্রৈষ্টুমেন ছন্দস্যা'।^{১৭} বৈদিক দেবতার মূলত নৈসর্গিক তথাপি ঋষিকবির ভাবনায় তাঁদের শারিরিক সৌন্দর্য প্রকাশ পেয়েছে মানবিক আদলে। রুদ্র কোমলোদরবিশিষ্ট, শোভন আহ্বান বিশিষ্ট ও সুনাসিক, সহস্র অক্ষিবিশিষ্ট, যুবকরূপে প্রকাশিত এবং তিনি গদাধারী, ধনুর্বাণধারী এবং হিরণ্যরথবিহারীরূপে *ঋগ্বেদ-অথর্ববেদাদির* সর্বত্র বর্ণিত হয়েছে।

বৈদিক সাহিত্যে দেবতা রুদ্রের কার্যকলাপ : বৈদিক যুগে রুদ্র ভয়ঙ্কর, সংহারক ও গর্জনশীল দেবতা হিসেবেই পরিচিত হয়েছেন বারবার। তাঁর ভীষণ রূপের বর্ণনার প্রাচুর্য *ঋগ্বেদ* সহ অন্যান্য বেদে পাওয়া যায় এমনকী গৃহসূত্রগুলিতেও তিনি ভয়ঙ্কর হিসেবেই পরিচিত।^{১৮} তবে তাঁর ভয়ঙ্কর রূপের পাশাপাশি তাঁর মঙ্গলময় রূপও *ঋগ্বেদ* সহ বিভিন্ন বেদে লক্ষ্য করা যায়। অথর্ববেদে বৈদ্যরাজ বা চিকিৎসক হিসেবে আবার কখনও কখনও পশুপালক হিসেবেও খ্যাতিলাভ করেছেন। *ঋগ্বেদে* রুদ্রের ভয়ানক রূপের পরিচয় দিতে গিয়ে প্রার্থনা করা হয়েছে- তাঁর দ্বারা অন্তরীক্ষলোক হতে প্রেরিত যে বিদ্যুৎ পৃথিবীতে ভয়ঙ্কর প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টি করছে; তার থেকে মর্ত্যবাসীগণকে রুদ্রদেবতা যেন রক্ষা করেন। তিনি যেন কাউকে হিংসা না করেন, ত্যাগ না করেন এবং ত্রুষ্ণতার বন্ধনে কাউকে যেন বন্ধ না করেন, কাউকে যেন তিনি বধ না করেন। অনুরূপ ভাবনা *কৃষ্ণযজুর্বেদে*ও পরিলক্ষিত হয়।^{১৯} *অথর্ববেদে* রুদ্রের ভয়ঙ্কর রূপ সম্পর্কে বলা হয়েছে।^{২০} *অথর্ববেদে* লক্ষণীয় বিষয় হল এখানে রুদ্র নানাপ্রকার অন্তর্ভুক্ত লক্ষণের সঙ্গেও যুক্ত^{২১} যা অন্যান্য সংহিতা ভাগে ততটা লক্ষ্য করা যায়নি। এখানে রুদ্রকে অন্যান্য বেদ থেকে কিছুটা হলেও আলাদা করে দেখানো হয়েছে। অপরদিকে তাঁর মঙ্গলময় রূপ সম্পর্কে বলতে গিয়ে *ঋগ্বেদে* বলা হয়েছে যে তিনি সমস্ত প্রজাগণের পালনকারী, সকলের রোগমুক্তকারী, সহস্র ভেষজ-প্রস্তুতকারী, গৃহপালিত পশুদের পালনকারী, সন্তান-সন্ততিদের সুখপ্রদানকারী, ভয়বিনাশকারী, তিনি অভীষ্ট-বর্ষণকারী, তিনি অন্নদানকারী, ধনদানকারী। *সামবেদে*ও তাঁকে অনুরূপভাবে অন্নবলের আশ্রয়, মধুবিদ্যাবিশারদ^{২২} হিসেবে পরিচয় দেওয়া হয়েছে।

বস্তুত, *ঋগ্বেদে* প্রকৃতিসত্তার অতুল ঐশ্বর্যকে বিশেষ প্রাধান্য দেওয়া হয়েছে সেহেতু সেখানে প্রকৃতির ভয়ঙ্কর রূপের নিয়ন্ত্রকরূপে রুদ্রের মহিমা বর্ণিত হয়েছে। *যজুর্বেদে* ফুটে উঠেছে তাঁর শান্ত সমাহিত রূপের প্রতিচ্ছবি। কিন্তু *অথর্ববেদে* যেহেতু মারণ-উচাটনাদি অমঙ্গল জনিত রোগ-ব্যাধি প্রভৃতি বিষয় গুরুত্ব পেয়েছে; সে কারণে বোধহয় সেখানে রুদ্রকে চিকিৎসক ও সকল রোগের ত্রাতা হিসেবেই বেশির ভাগ ক্ষেত্রে বর্ণিত হতে দেখা গেছে।

বৈদিক সাহিত্যে দেবতা রুদ্রের মহিমা : *অথর্ববেদে* রুদ্রের সর্বাতিশায়ী মহিমা প্রকাশ পেয়েছে সেখানে বলা হয়েছে- যেহেতু দ্যালোক, ভূলোক ও অন্তরীক্ষলোক রুদ্রের শরীরজাত সেহেতু পৃথিবীর সমস্ত

প্রাণকাপারও তাঁর অধীন। অতএব সকলের প্রতি তাঁর অনুগ্রহের জন্য সবাই তাঁকে নমস্কার জানানো^{১৪} ঔরুযজুর্বেদে রুদ্রের উদ্দেশ্যে বলা হচ্ছে রুদ্রের যে মঙ্গলময়, সৌম্য, সুন্দর, পুণ্যপ্রদ শরীর আছে সেই সুখতম শরীরের দ্বারা তিনি যেন সকলের দিকে তাকান অর্থাৎ সকলকে সুখদান করেন।^{১৫} ঔরুযজুর্বেদে রুদ্র কেবল আর্যগণের দেবতা নন। সেখানে তিনি অনার্য ও অন্ত্যজ জাতিরও দেবতারূপে বর্ণিত হয়েছেন।^{১৬} তাই রুদ্রের মধ্যে বহু পরস্পরবিরোধী ও বিপরীত ধর্মের একত্র সমাবেশ ঘটেছে। তিনি যুগপৎ আর্য, অনার্য, উচ্চবর্ণ ও নীচবর্ণ, সৎ ও অসৎ সকলেরই উপাস্য ও রক্ষক। ঋগ্বেদে রুদ্র কেবলমাত্র আর্য জাতিরই দেবতা ছিলেন এবং এই রুদ্র দেবতাই পরবর্তী কালে অনার্য জাতিরও দেবতা হিসেবে স্বীকৃতি পান বলে মনে করা হয়। যে ঘৃণ্য জাতিভেদ প্রথার অভিশাপ থেকে মুক্তি পেতে আজ ভারতবর্ষ আকুল, বৈদিক যুগে হয়তো রুদ্রকে আর্য ও অনার্য উভয় জাতিরই দেবতা হিসেবে স্বীকৃতি দিয়ে ঘৃণ্য জাতিভেদ প্রথার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। সামবেদেও দেখা যায় রুদ্র আর্ষদেবতার পাশাপাশি শমিকরূপে, ধনপালকরূপে, প্রভুরূপেও বর্তমান।^{১৭}

বৈদিক সাহিত্যের বিভিন্ন স্থানে প্রাপ্ত রুদ্রের স্বরূপ বর্ণনা থেকে বোঝা যায় রুদ্র যেমন বৈদিক আর্ষদের অন্তরীক্ষস্থানীয় দেবতা হিসেবে পূজিত, তেমনি তিনি বিভিন্ন অন্ত্যজ শ্রেণীর দেবতা হিসেবেও স্তুত হয়েছেন। তবে ঋগ্বেদে যেন তার কল্যাণকর রূপ অপেক্ষা ভয়ঙ্কর রূপই বেশিমাাত্রায় প্রকাশ পেয়েছে। কিন্তু ঔরু ও কৃষ্ণ যজুর্বেদে রুদ্রের ভয়ংকর ও কল্যাণকর উভয় রূপই যেন সমান তালে ধরা পড়েছে। আবার অথর্ববেদে তাঁর অন্যান্য রূপ অপেক্ষা ভিষক বা চিকিৎসক রূপ ধরা পড়েছে। মনে হয় অথর্ববেদে আভিচারিক মন্ত্রের প্রাধান্য থাকায় সেখানে রুদ্রের ভিষকরূপের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে। রুদ্র একাধারে ভয়ঙ্কর বজ্রের অধিষ্ঠাতা, আবার তিনি-ই কল্যাণকররূপে সকলের ত্রাতা শিবও। ঔরুযজুর্বেদের এই রুদ্র ও শিব এই দুই পরস্পরবিরোধী ও বিপরীত ধর্মের যুগপৎ সমাবেশ ও সমন্বয় লক্ষ করা যায়। শিব-ধর্ম বা শৈবধর্মের উৎপত্তি ও প্রসারের ইতিহাসে ঔরুযজুর্বেদের রুদ্রাধ্যায়ের গুরুত্ব ও অবদান নিঃসন্দেহে উল্লেখযোগ্য। যিনি রুদ্র তিনিই শিব। তাঁর এই স্বরূপ-ই পরবর্তীকালে পুরাণসাহিত্যে মূর্তিমান হয়ে ধরা পড়েছে।

পুরাণের আলোকে শিব : পুরাণ বলতে বোঝায় প্রাচীন পরম্পরা আখ্যান।^{১৮} পুরাণ শব্দের অর্থ পুরাকালীন। পুরাণকার কোথাও বৈদিক ধর্মকে অবমাননা করেননি। বরঞ্চ পৌরাণিক ভক্তি ধর্মের মূল উৎসও হল এই বৈদিক সাহিত্য। পৌরাণিক যুগের দেবতা সমূহের বীজও এই বৈদিক সাহিত্যেই উৎপাদিত আছে। পুরাণ বেদানুসারী হলেও পৌরাণিক যুগে বৈদিক দেবতাদের মধ্যে নানা পরিবর্তন দেখা যায়। বৈদিক প্রকৃতিকেন্দ্রিক দেবতার পৌরাণিক যুগে এসে দেখা যায় মানবীয় আকৃতিতে ধরা দিয়েছেন। বৈদিক দেবতা রুদ্রের মধ্যে প্রকৃতির যে ভয়াল-ভয়ঙ্কর রূপ প্রতিভাত হয়েছিল পুরাণে এসে দেখা যায় সেই রুদ্র শান্তির প্রতিমূর্তিরূপে শিবে রূপান্তরিত হয়েছেন।

পুরাণের আলোকে শিবের স্বরূপ অনুসন্ধান : *শিবপুরাণে* বলা হয়েছে - সত্ত্ব, রজঃ, তমোরূপ প্রকৃতির যে ত্রিগুণত্ব আছে তা মায়াময়, আর এই মায়াই হল প্রকৃতির একটি আচ্ছাদনাত্মক রূপ এবং মায়ী হলেন স্বয়ং মহাদেব অর্থাৎ মহেশ্বর। তিনি রুদ্র কারণ রুৎ শব্দের অর্থ দুঃখ বা দুঃখহেতু, মহাদেব বা শিব সেই দুঃখ দূর করেন বলেই এখানে তিনি-রুদ্র নামে পরিচিত। মহেশ্বররূপী পুরুষই এই প্রকৃতি-মূলক জগতের ভোক্তা ও কর্তা।¹⁹ *লিঙ্গপুরাণে* হুবহু না পাওয়া গেলেও সেখানে মূলত শিবের সৃষ্টিপ্রক্রিয়ার প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সেখানে সৃষ্টিপ্রক্রিয়ায় পুরুষ ও প্রকৃতির সংযোগের কথা থাকলেও সৃষ্টিতে পুরুষ শিবের (লিঙ্গের) মহিমাই ব্যক্ত হয়েছে। শিব হতেই সৃষ্টি আরম্ভ হয়।²⁰ আর শিবলিঙ্গ-ই হল সেই সৃষ্টির প্রতীকী রূপ। *লিঙ্গপুরাণে* শিব বা রুদ্রের স্বরূপ আলোচনায় শব্দ-ব্রহ্মরূপী ওঙ্কার রূপের প্রতি আলোকপাত করা হয়েছে। এখানে শিব হল সাক্ষাৎ শব্দ-ব্রহ্মের প্রকাশ স্বরূপ। শব্দ-ব্রহ্ম হল শিবের বর্ণময় রূপ। বর্ণমালা তাঁর অঙ্গ, তিনি অনেক রূপে অবস্থান করলেও অব্যক্ত। তিনি ওঙ্কাররূপে অকার, উকার ও মকারের সম্মিলিত রূপ।

মহাকবি কালিদাসের *অভিজ্ঞানশকুন্তলম্* নাটকের শুরুতে পরমেশ্বর শিবের যে অষ্টমূর্তির কল্পনা আছে তা সম্ভবত পুরাণের দ্বারা প্রভাবিত হয়েই করা হয়েছে।²¹ কারণ, *লিঙ্গপুরাণেই* শিবের অষ্টমূর্তির কথা পাওয়া যায়। সেখানে ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, সূর্য, যজমান এবং চন্দ্র পরমাত্মা শিবের এই অষ্টমূর্তির উল্লেখ আছে। তবে সেখানে আকাশ, জীব (যজমান?), চন্দ্র, অগ্নি, সূর্য, জল, ভূমি এবং বায়ু-এইরূপ ত্রমেও মহাদেবের অষ্টমূর্তি কীর্তন করা হয়েছে।

লিঙ্গপুরাণে শিবকে পঞ্চব্রহ্ম বলে অভিহিত করা হয়। অর্থাৎ শিবেরই রূপভেদ পঞ্চব্রহ্ম। এই পঞ্চব্রহ্মের প্রতীক হিসেবেই যেন পরবর্তী কালে পঞ্চমূর্তিধর শিবের নির্দশন পাওয়া যায়। নিখিল ব্রহ্মাণ্ডের একমাত্র সৃষ্টিকর্তা পালক ও সংহারক শিবই পঞ্চব্রহ্মরূপী, যাকে অখিল প্রপঞ্চের একমাত্র উপাদানকারণ ও নিমিত্তকারণ রূপে নির্দেশ করা হয়। তিনিই পঞ্চধায় ভিন্ন হয়েছেন, তাঁর এই পঞ্চমূর্তির মধ্যে প্রথম মূর্তি - প্রকৃতিবর্গের ভোক্তা পুরুষ, দ্বিতীয় মূর্তি হলেন- স্থাবর-জঙ্গমাঙ্গক জগতের আশ্রয়ীভূতা প্রকৃতি। শম্বুর তৃতীয় মূর্তি অঘোর অষ্টাবয়বশালিনী বুদ্ধিমূর্তিরূপে পরিচিত। বামদেব অভিহিত হন চতুর্থ মূর্তি হিসেবে, যিনি অহঙ্কাররূপে সকলকে ব্যাণ্ড করে আছেন। তাঁর সদ্যোজাত নামে পঞ্চম মূর্তি- মনস্তত্ত্বরূপে সর্বভূতে বিরাজমান।²²

শিবের স্বরূপ সম্পর্কে বিভিন্ন পুরাণে বিভিন্ন তথ্য পাওয়া যায়। *শিবপুরাণে* বলা হয়েছে শিব নির্গুণ, তবে কখনও কারণবশত তিনি সগুণও হয়ে থাকেন। অর্থাৎ শিব যখন নিরাকার, নির্গুণ তখন তিনি ব্রহ্মস্বরূপ; আবার তিনি যখন রূপধারী, সগুণ তখন তিনি শঙ্কররূপে পরিকীর্তিত হন। তিনিই জগতের আদি, ঈশ্বর ও সংহার কর্তা। তিনিই স্বয়ং লোককর্তা, হর্তা ও পালয়িতা। তিনি মঙ্গলময় বলে শিব, তিনি সর্বজগতে

শক্তির প্রভাবে অশ্লীলভাবে বিরাজমান বলে স্থাণু, তিনি চরাচর জগতে অধিষ্ঠান করেছেন বলে সর্ব
এই নামে জগতে পরিচিত।

পুরাণের আলোকে শিবের রূপবৈচিত্র্য ও বৈশিষ্ট্য : শিবপুরাণে বলা হয়েছে তিনি নির্গুণ হয়োও
গণেশ্বর, বৃষাকৃৎ, চন্দ্রশেখর, ব্যাঘ্রচর্মোত্তরীয়, পিনাকপাণি, কপালী, শঙ্খাদিভূষণ-বিভূষিত। তাঁর বাহন
কৃষ্ণ নেত্রতুলা রোমময়চিহ্নযুক্ত মুকুলিত, বায়ুতে কম্পমান গজচর্ম আন্তরণ রয়েছে। তিনি পদ্মাননে
স্বস্থিত, বরাভয়কর, সর্বদা অনুগ্রহকর্তা, মঙ্গলপ্রদ, তাঁর বাম উরুতে ভগবতী শক্তি সমাসীনা। তিনি
হৃৎকমল, ডমরু ও দণ্ডধারী, চন্দ্রচূড়, ব্যাঘ্রচর্মপরিহিত, সিংহচর্মোত্তরীয়, অক্ষমালায় ভূষিত, গণসমূহে
পরিবৃত, জটা, শিখণ্ড, পট্টিশ, খট্টাঙ্গ, অশনি, শূল, বাণ, শক্তি, শঙ্খ, চক্র, গদা, পদ্ম ধারণ করে আছেন।
তিনি বিষপানসূচক গরল কণ্ঠে ধারণ করেছেন।

লক্ষণীয়, বৈদিক যুগে প্রকৃতির ভয়াল-ভয়ঙ্কর রূপের প্রতীক রুদ্র পুরাণে সৃষ্টির প্রতীকরূপী লিঙ্গ কিংবা
কোথাও কোথাও একেবারে মানবীয় মূর্তিতে পূজিত হয়েছেন। তাঁর উদ্দেশ্যে বলা হয়েছে-এই সকল
কৃমিই লিঙ্গময়ী এই জগৎ লিঙ্গময়, লিঙ্গময় তীর্থসকল, লিঙ্গে সকলই অধিষ্ঠিত, যা কিছু দৃশ্য দেখা যায়,
বর্ণনা করা যায় অথবা স্মরণ করা যায় সেই সকলই শিবস্বরূপ, শিব ব্যতীত অন্য কিছুই নেই। রুদ্র
যেহেতু শিবে রূপান্তরিত হয়েছেন, তাই জগতের কল্যাণের জন্যই পুরাণে তাঁকে স্তুতি করা হয়েছে। শিব
শব্দের অর্থ কল্যাণ আর কল্যাণ শব্দে মুক্তিবোধ হয়, সেই কারণেই ভগবান শিবের নাম জপ করলে
অনায়াসে মুক্তিলাভ হয়। "শি" শব্দ পাপনাশক আর "ব" শব্দ মুক্তিদায়ক, একারণেই হয়তো মনুষ্যগণের
পাপনাশক ও মুক্তিপ্রদ মহাদেবকে পণ্ডিতেরা শিব শব্দে অভিহিত করেছেন। তাঁরা বলেন মহাদেবই আদি,
অনাদি, অক্ষয়, আনন্দময় ও সাক্ষাৎ প্রকৃতিপুরুষের স্রষ্টা।

পুরাণের আলোকে শিবের মহিমা কীর্তন : শিবপুরাণে ঋষিগণ শিবের উদ্দেশ্যে স্তুতি করে বলেছেন-
শিব হলেন হিরণ্যবাহু, শিতিকণ্ঠ, ব্যাপক ও ব্যাপ্য, তিনি হলেন সুন্দর-স্বরূপ, সকলের থেকে উৎকৃষ্ট।
ভগবান শিবের অনুগ্রহে এই ঋষিগণ ত্রিভুবনে মান্য, পূজ্য এবং মুনীশ্বর হিসেবে স্বীকৃতি লাভ করেছেন
এবং তাঁর দ্বারাই এই পৃথিবীতে ঋষিরা উচ্চপদে ও সম্মানে ভূষিত হয়েছেন। মহর্ষি ব্রহ্মা মহাদেবের
উদ্দেশ্যে স্তুত করার সময় বলেন ভগবান শঙ্করই এই ত্রিভুবনের ঈশ্বর, সকলের ত্রাণকর্তা, তিনিই
জ্ঞানদাতা, পুরুষোত্তম, পদ্মগর্ভ, তিনি সকলের হৃদয়ে মধ্যে বর্তমান। তিনি সকলকে পাপ থেকে মুক্ত
করেন এবং তিনি ক্রোধ হতেও প্রচণ্ড। তিনি ভূত, ভবিষ্যৎ ও বর্তমানের আশ্রয়, তিনি স্বতিনিতা,
চরাচরের গুরু, ত্রিলোকপাতা, পবিত্রদেহ, স্বয়ং গুহ্য পদার্থ ও গুহ্য পদার্থের প্রকাশক। তাঁর ভৈষজ্য-
প্রয়োগের দ্বারা এই বিশ্বচরাচরের সকলের রোগবিনাশ হয়। ব্রহ্মাদি তৃণ পর্যন্ত যা কিছু এই জগতে
দৃষ্টিগোচর হয় সব কিছুই শিবের স্বরূপ, শিবই এই জগতের স্রষ্টা। এই জগৎ শিবময়। এই সমগ্র জগৎ,

বিশ্ব চরাচরের প্রাণস্বরূপ হলেন স্বয়ং মহাদেব বা শিব। তিনি এই জগতের সংহারক ও নিয়ন্তা। তাঁর দ্বারাই এই জগৎ নিয়ন্ত্রিত হয়।

মঙ্গলকাব্যে মহাদেবের মাহাত্ম্য অনুসন্ধান : বৈদিক ও পৌরাণিক যুগে দেবতাদের পরিচয় যেভাবে পাওয়া যায় তার অনেকটাই বিবর্তিত রূপ লক্ষ্য করা যায় মধ্যযুগের মঙ্গলকাব্যের দেবতাদের মধ্যে। বৈদিক যুগে দেবতারা প্রধানত প্রকৃতিকেন্দ্রিক ছিলেন। মঙ্গলকাব্যের যুগে দেবতারা তাঁদের অলৌকিক মহিমার পাশাপাশি তাঁরা অনেকেই আবার মানবীয় রূপ ধারণ করে মানুষের মধ্যে অবতীর্ণ হয়েছেন। বৈদিক যুগের দেবতাদের বাসস্থান হিসেবে নিরুজ্জ্বল তিনটি স্থানের কথা বলেছেন। ভূলোক, দুলোক আর অন্তরীক্ষলোক। মঙ্গলকাব্যে দেখা যায় দেবতাদের বাসস্থান হিসেবে স্বর্গের কথা বলা হলেও স্বর্গীয় দেবতারা মর্ত্যের সাধারণ মানুষ হিসেবে নিজেদেরকে কখনও কখনও মর্ত্যবাসীদের কাছে ধরা দিয়েছেন। এছাড়াও বাঙালির রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিচয়ের সজীব লেখচিত্র বোঝা যায় এই মঙ্গলকাব্য থেকে।

মঙ্গলকাব্যে শিবের স্বরূপ : শিব মঙ্গলকাব্যে একজন মর্ত্যের অতি সাধারণ মানুষ। তিনি এখানে দেবতা থেকে একদম গ্রামবাংলার সাধারণ মানুষ হিসেবে পরিচয় লাভ করেছেন। কবিকঙ্কণ মুকুন্দরাম তাঁর *চণ্ডীমঙ্গল* কাব্যে যে শিবের চরিত্র অঙ্কন করেছেন, তাতে দেখা যায় যে ভগবান শিব মর্ত্যের এক অতি সাধারণ মানুষ, তাঁর মধ্যে দেবত্বের লেশমাত্র নেই। তিনি মর্ত্যালোকে আর পাঁচটি সাধারণ মানুষের মতই জীবনধারণ করেন। রামেশ্বরের *শিবসঙ্কীর্ণন পালায়* শিবকে তৎকালীন সমাজের একজন নিম্ন-মধ্যবিত্ত মানুষ হিসেবেই দেখানো হয়েছে। এখানেও কবি গ্রামবাংলার মানুষের এক বাস্তব সমাজচিত্র ফুটিয়ে তুলতে চেয়েছেন তাঁর লেখনীতে। অপরদিকে ভারতচন্দ্রের *অন্নদামঙ্গল* কাব্যে শিবকে সাধারণ মর্ত্যের মানুষ হিসেবে পাওয়া গেলেও তাঁর পরিচয় এই কাব্যে একটু অন্যভাবে দেওয়া হয়েছে। তাঁর পরিচয় এই কাব্যে দ্ব্যর্থবোধক ভাষায় পাওয়া যায়। এই কাব্যে শিব মর্ত্যের সাধারণ মানুষ হওয়ার সঙ্গে সঙ্গে তিনি যেন এই জগতের অনন্ত পুরুষ। তিনিই ব্রহ্ম এবং তিনিই এই জগতের মূল- একথা বলা হয়েছে। *চণ্ডীমঙ্গলকাব্যে* ও *শিবসঙ্কীর্ণন পালার* শিব সকলের কাছে হাস্যস্পদ, তাঁর কোনও নির্দিষ্ট বংশপরিচয় নেই, নির্দিষ্ট বাসস্থান নেই। তিনি অত্যন্ত দরিদ্র। ভিক্ষাবৃত্তি তাঁর জীবনের সার।

মঙ্গলকাব্যে শিবের সামাজিক অবস্থান : *চণ্ডীমঙ্গলকাব্যে* ও *শিবসঙ্কীর্ণন পালাতে* দুটি বিষয়ের মধ্যে সাদৃশ্য লক্ষ্য করা যায়। মধ্যযুগে বঙ্গদেশে কৌলীন্য প্রথার প্রচলন ছিল। কুলীনের চালচলোহীন বয়স্ক সন্তানের সঙ্গে অল্পবয়সী কন্যার বিবাহ দিতেও কন্যার পিতামাতা দ্বিধা বোধ করতেন না। এমনকী এই দরিদ্র কুলীনের সন্তানকে রাজারা কন্যাদান করতে পারলেও নিজেদের ভাগ্যবান মনে করতেন। এই মঙ্গলকাব্যগুলোতে দেখা যায় যে শিব বয়স্ক একজন ব্যক্তি, তাঁর কোনও চালচলো নেই, তিনি দরিদ্র

এক তাঁর কোনো নির্দিষ্ট বংশপরিচয়ও নেই, তা সত্ত্বেও তিনি যেহেতু কুলীন অর্থাৎ ব্রাহ্মণ সেহেতু পর্বতরাজ হিমালয় তাঁর কন্যা পার্বতীকে শিবের সঙ্গে বিবাহ দিয়ে নিজেকে ভাগ্যবান বলে মনে করেন। এই দুই কাব্যই আর একটি বিষয় লক্ষণীয়- তা হল কৃষিকার্য। এ থেকে মনে হয়, মধ্যযুগে কৃষিকার্য এই কৃষিটিকে অত্যন্ত প্রাধান্য দেওয়া হত ও দেবকার্য বলে মনে করা হত। কৃষিকার্যকে তৎকালীন সমাজে অত্যন্ত সম্মানের কাজ বলে মনে করা হত এবং নির্দিষ্ট শুভক্ষণ দেখেই তখনকার দিনে কৃষিকার্য করা হত। অন্যদিকে অন্নদামঙ্গল কাব্যে দেখা যায় সমাজের এতটাই দৈন্যদশা যে সাধারণ গৃহস্থের গৃহে তাদের নিত্য প্রয়োজনীয় অন্নও নেই আর শিবও সমাজের এই দরিদ্রতার কাছে নতিস্বীকার করেছেন। তিনি হয়ং এই সমগ্র জগতের ধারক ও বাহক সেই শিবই সমাজে দরিদ্রতার কাছে নিঃস্ব ও নিরুপায়।

মঙ্গলকাব্যে শিবের ধর্মীয় অবস্থান : মধ্যযুগে সামাজিকভাবে শিব একজন সাধারণ মানুষ হলেও মঙ্গলকাব্যের কোথাও কোথাও তাঁকে দৈবিক রূপেও দেখা যায়। তাঁকে এই মঙ্গলকাব্যগুলোতে কোথাও কোথাও দেবতা জ্ঞানে পূজাও করা হয়েছে। *চণ্ডীমঙ্গলকাব্যে* দেখা যায় যে কলিঙ্গ দেশে কলিঙ্গরাজ প্রথম মহাদেবের পূজা করেন। *শিবসঙ্কীর্তন পালা*তে লক্ষ্য করা যায়, হর অর্থাৎ শিবের উপাসনা সমাজের নিম্ন শ্রেণীর মানুষও করেন।^{২২}

অবশেষে বলা যেতে পারে যে এই দুই মঙ্গলকাব্যে শিবকে যেমন সামাজিক দিক দিয়ে পল্লীসমাজের অর্থাৎ গ্রামবাংলার একজন সাধারণ মানুষ হিসেবে জীবন যাপন করতে দেখা যায় তেমনি ধর্মীয় দিক দিয়ে তাঁর পরিচয় একজন দেবতা হিসেবে পাওয়া যায়। অন্যদিকে *অন্নদামঙ্গল কাব্যে* দেখা যায় বেদব্যাস শিবভক্ত ছিলেন।^{২৩} এই কাব্যে বেদব্যাসকে বিষ্ণুভক্ত থেকে শিবভক্তে পরিণত হতে দেখা যায়। এখানে দেখা যায় যে তিনি অর্থাৎ ভগবান শিব সকল মর্ত্যবাসীগণকে বিপদের হাত থেকে মুক্ত করেন এবং যাঁরা শিবকে পূজা করেন তাদেরকেও তিনি সকল বিপদ থেকে মুক্ত করেন। এখানে দেখা যায় যে তিনি কেবলমাত্র উচ্চবর্ণের দেবতা নয় তিনি নিম্নবর্ণেরও উপাস্য দেবতা। এককথায় বলা যায় তিনি এই পৃথিবীর সকলের ত্রাতা। তাঁর কাছে ধনী দরিদ্র সকলেই সমান। যাঁরা তাঁকে ভক্তিভাবে স্মরণ করেন তাঁদেরকে তিনি বিভিন্ন বিপদ থেকে রক্ষা করেন এবং জাগতিক যতটুকু সুখ তাদের প্রাপ্য সে সকল সুখই তাঁদের প্রদান করেন।

উপসংহার : বৈদিক যুগ থেকে মধ্যযুগ পর্যন্ত এই সুদীর্ঘ কালের ব্যবধানে নানান সামাজিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে সমকালীন সাহিত্যেরও অনেক পটপরিবর্তন হয়েছে। দেবনির্ভরশীল সাহিত্যিক উপাদান এযুগের সাহিত্যের মূল উপজীব্য হলেও শ্রষ্টা, সৃষ্টি ও সহৃদয় গ্রাহকদের ধরণ ও মানের পরিবর্তন ঘটেছে। বৈদিক সাহিত্যে মূলত ঋষিরা, ব্রাহ্মণসম্প্রদায় আত্মোপলক্ষিত বিষয় সংস্কৃত ভাষায় ছন্দ-সুরে কিংবা কথায় উপস্থাপন করেছেন। দেবমাহাত্ম্যপ্রচার বা যজ্ঞমাহাত্ম্যপ্রচার-ই ছিল তার মুখ্য উদ্দেশ্য। তবে

তা মূলত তিন জাতির (ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য) মধ্যে সীমবদ্ধ ছিল। পুরাণের যুগে আপামর জনসাধারণের জন্য কাব্য-শাস্ত্রের সেই গভী মুছে যায়। বৈদিক যুগ থেকে মঙ্গলকাব্য পর্যন্ত এই দীর্ঘ পরিক্রমায় নানা ভাঙ্গাগড়ার মধ্যে দেবতাদের রূপেরও নানা পরিবর্তন পরিলক্ষিত হয়। বৈদিক যুগের দেবতা রুদ্র ছিলেন ভয়ঙ্কর। বেশির ভাগ ক্ষেত্রে তাঁকে সংহারমূর্তিতেই স্তুত হতে দেখা যায়। বৈদিক রুদ্র পুরাণে এসে শিব এবং মঙ্গল কাব্যে এসে হতদরিদ্র কৃষক তথা ভিক্ষুকে রূপান্তরিত হয়েছেন। 'দেবতারে প্রিয় করি প্রিয়রে দেবতা' এই ভাবনা রুদ্র দেবতার স্বরূপ অনুসন্ধানেও বিশেষ কার্যকরী। এযুগের কবি নজরুল নিজের সন্তার মধ্যে রুদ্র তথা শিবের সেই অপরিমেয় শক্তি অনুভব করে বলেছেন- 'মম ললাটে রুদ্র ভগবান জ্বলে রাজ-রাজটীকা দীপ্ত জয়শ্রীর।/ বল বীর-/ আমি চির উন্নত শির।//আমি চিরদুর্দম, দুর্কিনীত, নৃশংস,/মহা-প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস,/ আমি মহাভয়, আমি অভিষাপ পৃথ্বীর,/ আমি দুর্বীর,/ আমি ভেঙে করি সব চুরমার।//'^{২৪}

বস্তুত, মানুষের মধ্যেই শিব-রুদ্রের বা ভালো মন্দের সহাবস্থান। মানুষের মধ্যে যা কিছু সৃষ্টি, যা কিছু ভালো, যা কিছু কল্যাণকর, যা কিছু পরহিতব্রত, কিংবা যা কিছু শুভচেতনায় কৃত সেখানেই শিবের অস্তিত্ব। আর যেখানে ধ্বংস, যেখানে মহাভয়, যেখানে দুঃসহ যন্ত্রণা কিংবা নির্দয়, নৃশংসতা বা যেখানে অশুভ সংকেত আর অমঙ্গলের ইশারা বর্তমান সেখানেই মহাভয় রুদ্রের আহ্বান। যেখানে অনিয়ম, অন্যায় আচরণ সেখানেই প্রলয়কারী নটরাজের আবির্ভাব। এককথায়, মানুষের চেতনার রঙে রঞ্জিত হয়েছে দেবতাবাদ। তাই দ্যুলোক, অন্তরীক্ষ-লোক কিংবা স্বর্গাদিতে রুদ্র বা শিবের স্বরূপ অনুসন্ধান করতে গিয়ে যদি আগে একবার নিজ হৃদয়ে লুকিয়ে থাকা শুভ-অশুভ কিংবা কল্যাণ-অকল্যাণকর দিকটিকে উপলব্ধি করা যায় তবেই প্রকৃত ঈশ্বরের স্বরূপকে জানা সম্ভব হবে। জীবরূপে শিবসেবার ভাবনাটি তখনই এক নতুন মাত্রা লাভ করবে।

উল্লেখপত্র

^১ মন্ত্রব্রাহ্মণযোর্বেন্দনামধেয়ম্ । অ/পস্তক, য. প. সূ. ১.৩৪।

^২ শান্তি বন্দ্যোপাধ্যায় (সম্পা.), বৈ. সা. রু., উদ্ধৃত. পৃ. ১৬৮, (নিরু. দৈবত কাণ্ড)।

^৩ মুকুন্দবর্মা (সম্পা.), নিরু. (তৃতীয় অধ্যায়), পৃ. ৪৩৪।

^৪ যজু. সং, কৃ. যজু. সং., ১.৫.১।

^৫ ভবানন্দো মৃড়তং মাভি যাতং ভূতপতী পতপতি নামা বাম্।

প্রতিহিতামায়তাং মা বি শ্রাষ্টং মা নো হিংসিষ্টং দ্বিপদো মা চতুষ্পদঃ। — দুর্গাদাস লাহিড়ী (সম্পা.), অথর্ব. সং. (২য় খণ্ড),

- ১৩ মা নক্তকে তনয়ে মা ন আয়ৌ মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষ।
বীরায়্যা নো রুদ্রং ভামিতো বধী হর্বিষ্মন্তঃ সদমিত্তা হবামহে। — ঋগ্. সং., ১.১১৪.৮।
- ১৪ যজু. সং. ১৬.৫, কৃ. যজু. সং. ১.৮.২২, অথর্ব. সং. ৬.৬.৩.৬
ঋগ্. সং. (প্রথম খন্ড), ২.৩৩.৭, সাম. সং., ১৯.৩.১০.৩।
- ১৫ কৃ. যজু. সং., ৩.১.৩।
- ১৬ অমরকুমার চট্টোপাধ্যায় (সম্পা.), ঋ. গ্., ৪.৯।
- ১৭ মা নস্তোকে তনয়ে মা ন আয়ুষি মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ। বীরায়্যা নো রুদ্র ভামিতো বধীর্হিষ্মন্তো নমসা বিধেম
তো উদপ্রতো ন বয়ো রক্ষমাণা বাবদতো অভ্রিয়স্যেব যোষাঃ । — যজু. সং., কৃ. যজু. সং., ৩.৪.১১।
- ১৮ মা নো মহান্তমুত মা নো অভকং মা নো বহন্তমুত মা নো বক্ষতঃ।
মা নো হিংসীঃ পিতরং মাতরং চ স্বাং তম্বং রুদ্র মা রীরিষো নঃ ॥ — অথর্ব. সং., ১১.১.৭.৯।
- ১৯ গুনে জোষ্ট্রে মা শরীরিণি কর্তমলিক্রবেভো গৃধ্রেভো যে চ কৃষ্ণ অবিষ্যবঃ ।
মক্ষিকান্তে পশুপতে ব্যাংসি তে বিঘসে মা বিদন্ত ॥ — দুর্গাদাস লাহিড়ী (সম্পা.), অথর্ব. সং. (৪র্থ খন্ড), ১১.২.২।
- ২০ সাম. সং. (পূর্ব আর্চিক), ১৯.৩.১০.৩।
- ২১ তব চতস্রঃ প্রদিশন্তব দৌস্তব পৃথিবী তবেদমুগ্রোর্বন্তরিক্ষম।
তবেদং সর্বমায়ুধদ যৎ প্রাণৎ পৃথিবীমনু ॥ — অথর্ব. সং., ১১.১.৫.১০।
- ২২ যা তে রুদ্র শিবা তনূরঘোরাংপাপকাশিনী।
তয়ো নস্তথা শস্তময়া গিরিশস্তাভি চাকশীহি। — যজু. সং., শু. যজু. সং., ১৬.২।
- ২৩ তদেব, ১৬।
- ২৪ সাম. সং. (পূর্ব আর্চিক), ১৬.৪.১৭.১।
- ২৫ পুরাপরম্পরাং ব্যক্তিং পুরাণং তে বৈ শ্রুতম। — পদ্ম. পু. (স্বর্গ খন্ড)।
- ২৬ স এব ভগবান দেবঃ প্রধানপুরুষেশ্বরঃ। — পঞ্চানন-ভট্টরত্ন (সম্পা.), শিব. পু. (ধর্মসংহিতা), ২.৪।
- ২৭ ততঃ সৃষ্টিরভূৎস্মাৎপূর্ববৎপুরুষাচ্ছিবাত। অথ সৃষ্টান্তদা তস্য মনসা তেন মানসাঃ ॥ — দ্বারকাপ্রসাদ মিশ্র শাস্ত্রী (সম্পা.),
গিগ. মহা. পু. (পূর্বভাগ), ৪১.৬।
- ২৮ যা সৃষ্টিঃ সৃষ্টৈরাদ্যা.... অনিলচন্দ্র বসু (সম্পা.), অভি. শকু. (মঙ্গলাচরণ), ১.১।

২১ ছারকাপ্রসাদ মিশ্র শাস্ত্রী (সম্পা.), গুরুচল (উত্তরভাগ), ১৪.২-৩৩।

২২ ছারকাপ্রসাদ মিশ্র শাস্ত্রী (সম্পা.), শিব. পালা., পৃ. ২০৩-২০৪, ২০৭-২০৮।

২৩ মোর ভক্ত হয়ে যেনা নাহি মানে হরি।

আমি ত তাহার পূজা গ্রহণ না করি।। — মুখোপাধ্যায়, অন্ন. ম., পৃ. ১২৫।

২৪ নজরুল ইসলাম, সঙ্কিতা, বিদ্রোহী।

নির্বাচিত গ্রন্থপঞ্জি:

Bengali Book:

অথর্ববেদ-সংহিতা। সম্পা. দুর্গাদাস লাহিড়ী শর্মা। খন্ড - ২য়, ৪র্থ। হাওড়া: ১৩৩২ বঙ্গাব্দ।

অনির্বাণ। বেদ-মীমাংসা। ৩য় খণ্ড। কলিকাতা: সংস্কৃত কলেজ, ১৯৭০।

ঋগ্বেদ-গৃহসূত্র। সম্পা. অমরকুমার চট্টোপাধ্যায়। ঋগ্বেদীয়-গৃহসূত্র। কলিকাতা: সংস্কৃত পুস্তক ভান্ডার, ২০০১।

কুত্ব, শঙ্কুনাথ। প্রাচীন বঙ্গে পৌরাণিক ধর্ম ও দেবভাবনা। বর্ধমান: বর্ধমান বিশ্ববিদ্যালয়, ১৯৯৬।

চক্রবর্তী, কবিকঙ্কন মুকুন্দরাম। চণ্ডীমঙ্গল। সম্পা. দেবেশ কুমার আচার্য্য। খণ্ড ১। কলিকাতা: সাহিত্য সঙ্গী, ২০১০।

—। সম্পা. সুকুমার সেন। নয়াদিল্লী: সাহিত্য একাদেমী, ১৩৮২ বঙ্গাব্দ।

দেবীভাগবত। সম্পা. পঞ্চানন-তর্করত্ন। কলিকাতা: নবভারত পাবলিশার্স, ১৩৮৮ বঙ্গাব্দ।

নজরুল ইসলাম। সঙ্কিতা। কলিকাতা: ডি. এম. লাইব্রেরী, ১৩৭৮ বঙ্গাব্দ।

ভট্টাচার্য, বিষ্ণুপদ। বৈদিক দেবতা। কলিকাতা: বিশ্বভারতী গ্রন্থালয়, ১৩৫৭ বঙ্গাব্দ।

ভট্টাচার্য, সুকুমারী (সম্পা.)। ইতিহাসের আলোকে বৈদিক সাহিত্য। কলিকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০০১।

ভট্টাচার্য, হংসনারায়ণ। হিন্দুদের দেবদেবী উদ্ভব ও ক্রমবিকাশ। কলিকাতা: ফার্মা কে এল এম (প্রাইভেট লিমিটেড), ১৯৭৮।

ভাদুড়ী, নৃসিংহপ্রসাদ। দেবতার মানবায়ন। কলিকাতা: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৯৯৫।

যাক্স। নিরুক্ত। সম্পা. অমরেশ্বর ঠাকুর। খণ্ড - ১ম - ৪র্থ। কলিকাতা: ইউনিভার্সিটি অফ ক্যালকাটা, ১৯৫৫, ১৯৬০, ১৯৫৫, ১৯৭০।

—। সম্পা. মুকুন্দ বা শর্মা। দিল্লী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০০৮।

লিঙ্গপুরাণ। সম্পা. পঞ্চানন-তর্করত্ন। কলিকাতা: নবভারত পাবলিশার্স, ১৩৯৬ বঙ্গাব্দ।

अनुष्ठीकार, भारतचन्द्र। अन्नदामङ्गल। सम्पा. निर्मलेन्दु मुखोपाध्याय। कलिकाता: मडार्ग बुक एजेन्सी प्राइभेट लिमिटेड, १९९७।

दिव्यपुराण। सम्पा. पद्मनन-तर्करत्न। कलिकाता: नवभारत पाब्लिशर्स, १७९२ वस्राद।

सरकार, सुधीरचन्द्र (सङ्कलक)। पौराणिक अभिधान। कलिकाता: एम.सि.सरकार आन्ड सन्स प्राइ लि, १८१२ वस्राद।

Sanskrit Book :

अथर्ववेद-संहिता। संपा. श्रीराम शर्मा। मथुरा: युग-निर्माण-योजना, २००५।

ऋग्वेदः। संपा. विश्वबन्धु होसियारपुरम्: विश्वेश्वरानन्द-वैदिकशोध-संस्थानम्, १९६३।

दनुर्वेद-संहिता। दिल्ली: चौखम्बा-संस्कृत-प्रतिष्ठानम्, २०१६।

यान्कः। निरुक्तः। संपा. मुकुन्द-झा-शर्मा। दिल्ली: चौखम्बा-संस्कृत-प्रतिष्ठानम्, २००८।

सामवेद-संहिता। संपा. जयदेव-शर्मा। आजमेर: आर्यसाहित्यमण्डल-लिमिटेड, २०००।

English Book :

Kālidāsa. *Abhijñāna-Śakuntala*. Ed. Ramendra Mohan Bose. *Kālidāsa: Abhijñāna-Śakuntalam*. Calcutta (now Kolkata): Modern Book Agency Private Ltd. 1969. (5th ed.).

Macdonell, A.A. *Vedic Mythology*. Varanasi (now Benares): Indological Book House, 1963.

বৈদিক ও বর্তমানের ভিত্তিতে দলিতচর্চা

কৌশিক সরকার

বিপুলায়তন বৈদিক সাহিত্যের সাহস্য থেকে একটা বিষয় প্রমাণিত যে পঞ্চদশ থেকে ষষ্ঠ শতক পর্যন্ত উত্তর ভারতের সিদ্ধু-গাঙ্গেয় অঞ্চলে যে সভ্যতা গড়ে ওঠে তার পরিব্যাপ্তি হয়েছিল সমগ্র ভারতবর্ষ জুড়ে।' যে জাতিবর্ণপ্রথা ভারতীয় সমাজ ব্যবস্থার অনন্য সাধারণ বৈশিষ্ট্য এবং আজও পর্যন্ত বিদ্যমান, সেই জাতিপ্রথা ও বর্ণভেদ একই মুদ্রার দুইদিক। বর্ণভেদ বলতে বোঝায় একটি আদর্শগত দৃষ্টিকোণ থেকে সমগ্র জনসমাজকে কয়েকটি বিভিন্ন মর্যাদার শ্রেণীতে বিভাজন। পৃথিবীর সর্বত্রই শাস্ত্রজ্ঞ ও বুদ্ধিজীবী শ্রেণী, শাসক ও যোদ্ধা শ্রেণী, উৎপাদক ও বণিক শ্রেণী এবং শ্রমজীবী শ্রেণী — এই চারভাগে জনসাধারণকে বিভাগ করার প্রয়াস সবযুগেই দেখা যায় এবং প্রাচীন ভারতবর্ষ এক্ষেত্রে ব্যতিক্রম নয়।

নগরায়ণের একটি অপরিহার্য অঙ্গ হল শ্রেণীবিভাজন। আগে আমরা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র চার বর্ণের কথা শুনেছি। ক্রমে ক্রমে নানা বিশিষ্ট বৃত্তির প্রয়োজনে এবং বর্ণগুলির মধ্যে ক্রমাগত অন্তর্বিবাহে বর্ণের স্থান নিল জাতি। কিন্তু বর্ণ ও জাতি মুখ্যত বৃত্তিনির্ধারিত। এখন বর্ণ ও জাতিকে পুঙ্খানু-পুঙ্খ ভাবে বিচার করলে যে বিভাজনে সমাজের মুখ্য পরিচয় হল, তা হল শ্রেণীবিভাগ। গৃহসূত্রে বলা হয়েছে, 'কোনও দেবতা থেকেই শূদ্রের উৎপত্তি হয়নি', যদিও ঋগ্বেদে বলা হয়েছে যে ব্রহ্মার পা থেকে শূদ্রের উৎপত্তি। কুষাণ যুগের রচনা মনুসংহিতায় দেখা যায় শূদ্র উনমানব অর্থাৎ বৃষল।

সামাজিক ও সাহিত্যিক আন্দোলনের নিয়ন্ত্রণ সাধারণত উচ্চশ্রেণী ও উচ্চজাতির হাতেই থাকে। তাঁদের তৈরি করে দেওয়া মূল্যবোধকে মানদণ্ড হিসেবে গ্রহণ করাই হচ্ছে রীতি। মনুসংহিতা ও পরবর্তী গ্রন্থগুলিতে দেওয়া মিশ্রবর্ণের দীর্ঘ তালিকাই বুঝিয়ে দেয় যে, বর্ণ-নির্বিচারে সামাজিক যৌন মেলামেশার ব্যাপক চলন অব্যাহত ছিল। যেমন — ব্রাহ্মণীর গর্ভে শূদ্রপিতার সন্তান হল চণ্ডাল, মনুর হিসেবে যার পরিচয় 'নরাধম' (মনু. ১০/১২,১৬)। তাকে স্পর্শ করা পর্যন্ত বারণ। অন্যদিকে শূদ্র গর্ভজাত ব্রাহ্মণ সন্তান 'নিষাদ' (মনু. ১০/৮) নামে গণ্য। ব্রাহ্মণ ও বৈশ্যকন্যার মেয়ে ব্রাহ্মণ-সন্তানের মা হলে ঐ সন্তান 'আতীর' (মনু. ১০/১৫)। নিষাদ ও শূদ্রার সন্তান 'পুক্কস'। বাবা ক্ষত্রিয় ও শূদ্রার সন্তান, মা শূদ্র ও ক্ষত্রিয়ার সন্তান — এক্ষেত্রে সন্তানটির পরিচয় 'শ্বপাক' (মনু. ১০/১৯)। বাবা নিষাদ, মা শূদ্র ও বৈশ্যের সন্তান হলে তাদের পুত্র 'দাস' বা 'কৈবর্ত' (মনু. ১০/৩৪)।

এইভাবে মিশ্র থেকে মিশ্রতর নানা বর্ণের ব্যাখ্যা করতে বসে শাস্ত্রকাররা ভারতবর্ষের মিশ্রজনতার বিপুল বৈচিত্র্য স্বীকার করে নিয়েছে। আর্যসমাজ শৃঙ্খলার ছাতার নীচে তাদের আনার চেষ্টা যেনে থাকেনি। ঝল্ল, কল্ল, নিচ্ছিল, খস, দ্রাবিড় ইত্যাদি জনগোষ্ঠী মনুর দৃষ্টিতে ব্রাত্যরাজ্য (মনু. ১০/১২) অর্থাৎ আচারভ্রষ্ট ক্ষত্রিয় সন্তান।^২ পৌণ্ড্রক, ওড্র, দ্রাবিড়, কম্বোজ, যবন, শক, পারদ, পহুব, চীন, ক্রিাত, দরদ, খস- এরা সবাই নাকি ক্ষত্রিয়মর্যাদা থেকে অধঃপতিত হয়ে বৃষল বা শূদ্রগোষ্ঠীতে স্থান পেয়েছে।

শনৈকশ্চ ক্রিয়ালোপদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ।

বৃষলত্বং গতালোকে ব্রাহ্মণ্যাদর্শনেন চ।। (মনু. ১০/৪৩)^৩

মনুস্মৃতির পাঠক দেখতে পাবেন মনু তার আলোচনার স্বার্থে জাতিসমূহকে কতগুলি নির্দিষ্ট ভাগে ভাগ করেছেন। যেমন — ১) আর্য জাতি, (২) অনার্য জাতি, (৩) ব্রাত্য জাতি, (৪) পতিত জাতি এবং (৫) সংকর (মিশ্র) জাতি।

প্রথমতঃ আর্য জাতি বলতে তিনি বোঝাতে চেয়েছেন চারটি বর্ণকে (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র)। আবার অন্যভাবে দেখতে গেলে চতুর্বর্ণ হল আর্য জাতির মূল তত্ত্ব। অপরদিকে অনার্য জাতি বলতে সেই সব সম্প্রদায়ের কথা বলা হয়েছে যারা চতুর্বর্ণ ব্যবস্থাকে মানে না। অর্থাৎ যে সম্প্রদায়কে দস্যু বলে তুলে ধরা হয়েছে। মনুর মতে তারাই হচ্ছে ব্রাত্য যারা একসময় চতুর্বর্ণ প্রথাকে বিশ্বাস করতেন, কিন্তু পরবর্তীকালে তারা চতুর্বর্ণ প্রথার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন।^৪ ব্রাত্য বলতে সেই সব জাতিকে বোঝানো হয়েছে মনু তার একটি তালিকা নিম্নে তুলে ধরেছেন —

ব্রাত্য ব্রাহ্মণ	ব্রাত্য ক্ষত্রিয়	ব্রাত্য বৈশ্য
১। ভৃগু কন্টক	১। ঝাল্ল	১। সুধাম্বন
২। অবন্ত্য	২। মাল্লা	২। আচার্য
৩। বাতধন	৩। লিচ্ছবী	৩। করম্ব
৪। ফুশপদ	৪। নাটা	৪। বিজনমন
৫। শৈখ	৫। করণ	৫। মৈত্র
	৬। খাসা	৬। শতবত
	৭। দ্রাবিড়	

মনুসংহিতায় দশম অধ্যায়ে দেখা যায় — ১। শূদ্র দস্যু থেকে আলাদা ২। শূদ্র হল আর্য। তাই বলা হয়েছে —

মুখবাহুরূপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ

স্লেচ্ছবাচশ্চাৰ্য্যবাচঃ সৰ্বে তে দস্যবঃ স্মৃতাঃ।। (মনু. ১০/৪৫)

পতিত জাতির তালিকার ভেতরে মনু সেই সব ক্ষত্রিয়দের অন্তর্ভুক্ত করেছেন যারা আর্যদের ক্রিয়া-কান্ত ও অনুষ্ঠানাদি না করার এবং ব্রাহ্মণ পুরোহিতদের দেওয়া চাকুরী হারানোর কারণে শূদ্র বলে পরিণত হয়েছে। নিম্নে তাদের তালিকা দেওয়া হল —

১) পৌণ্ড্রক, (২) চোল, (৩) দ্রাবিড়, (৪) কম্বোজ, (৫) যবন, (৬) শক, (৭) পারদ (৮) পহুব, (৯) চীনা, (১০) কীরাৎ, (১১) দরাড়।

সংকরজাতি বলতে মনু সেই জাতিকে বোঝান যে জাতির লোকেরা এক জাতিভুক্ত পিতামাতার সন্তান নয়। এই মিশ্র জাতিকে মনু নানা শ্রেণীতে ভাগ করেছেন। যেমন — (১) বিভিন্ন আর্যজাতির বংশধর যাদের তিনি দুইটি শ্রেণীতে ভাগ করেছেন — (ক) অনুলোম এবং (খ) প্রতিলোম। (২) অনুলোম ও প্রতিলোম জাতির বংশধর এবং (৩) অনার্য ও আর্য অনুলোম ও প্রতিলোম জাতির বংশধর। মনু যাদেরকে মিশ্র জাতির অন্তর্ভুক্ত করেছেন তাদের নিম্নোক্ত শ্রেণীর মধ্যে দেখানো হল —

(১) মিশ্র আর্য জাতির বংশধর

পিতা	মাতা	বংশধরের পরিচয়	অনুলোম বা প্রতিলোম
ব্রাহ্মণ	ক্ষত্রিয়	?	-
ব্রাহ্মণ	বৈশ্য	অম্লষ্ঠ	অনুলোম
ব্রাহ্মণ	শূদ্র	নিষাদ(পারশব)	অনুলোম
ক্ষত্রিয়	ব্রাহ্মণ	সূত	প্রতিলোম
ক্ষত্রিয়	শূদ্র	উগ্র	অনুলোম
বৈশ্য	ব্রাহ্মণ	বৈদেহক	প্রতিলোম
বৈশ্য	ক্ষত্রিয়	মগধ	প্রতিলোম
বৈশ্য	শূদ্র	করণ	অনুলোম
শূদ্র	ব্রাহ্মণ	চণ্ডাল	প্রতিলোম
শূদ্র	ক্ষত্রিয়	শত্	প্রতিলোম
শূদ্র	বৈশ্য	অযোগব	প্রতিলোম

(২) অনুলোম-প্রতিলোম জাতির সঙ্গে আর্য জাতির মিলনে বংশধর

পিতা	মাতা	বংশধরের পরিচয়
ব্রাহ্মণ	উগ্র	আতৃত
ব্রাহ্মণ	অম্বষ্ঠ	আভির
ব্রাহ্মণ	আভির	ধিগভান
শূদ্র	নিষাদ	কুকুটক

(৩) অনুলোম ও প্রতিলোম-শ্রেণীর মধ্যে মিশ্র বিবাহের বংশধরেরা

পিতা	মাতা	বংশধরের পরিচয়
বৈদেহক	অযোগব	মৈত্র্যোক
নিষাদ	অযোগব	মার্গভ (দাস)
নিষাদ	বৈদেহ	করাবর
বৈদেহক	অম্বষ্ঠ	ভেন
বৈদেহক	করাবর	অন্ধ
বৈদেহক	নিষাদ	মেভা
চন্ডাল	বৈদেহ	পাণ্ডুসোপক
নিষাদ	বৈদেহ	অহিনডক
চন্ডাল	পুঙ্কাস	সোপক
চন্ডাল	নিষাদ	অন্ত্যভাসিন
ক্ষত্রিয়	উগ্র	স্বপাক

মনুর সংকর জাতির তালিকাতে তার উত্তরসূরীরা আরো অনেক জাতির কথা উল্লেখ করেছেন বিভিন্ন স্মৃতিশাস্ত্রে। এদের মধ্যে আছেন উশনঃস্মৃতি, বৌধায়নস্মৃতি, বশিষ্ঠস্মৃতি, যাজ্ঞবল্ক্যস্মৃতি এবং সূতসংহিতার রচয়িতাগণ।

এই বর্দ্ধিতাংশগুলির মধ্যে চারটি হল উশনঃস্মৃতির তৈরি। নিম্নে তাদের নাম উল্লেখ করা হল —

মিশ্র জাতির নাম	পিতার জাতি	মাতার জাতি
পুলক্ষ	শূদ্র	ক্ষত্রিয়
যেকজ	পুলক্ষ	বৈশ্য
চর্মকারক	অযোগব	ব্রাহ্মণ
বেনুক	সূত	ব্রাহ্মণ

আবার চারটি বৌধায়নস্মৃতির দ্বারা এর সঙ্গে যুক্ত হয়েছে —

মিশ্র জাতির নাম	পিতার নাম	মাতার নাম
ক্ষত্রিয়	ক্ষত্রিয়	বৈশ্য
ব্রাহ্মণ	ব্রাহ্মণ	ক্ষত্রিয়
বৈন	বৈদেহক	অম্বষ্ঠ
স্বপাক	উগ্র	ক্ষত্রিয়

বশিষ্ঠস্মৃতি মনুর তালিকায় যোগ করেছে মাত্র একটি। যেমন —

মিশ্র জাতির নাম	পিতার নাম	মাতার নাম
বৈশ্য	শূদ্র	ক্ষত্রিয়

মনুর তালিকায় যাঙ্বল্যস্মৃতি মাত্র দুটি নতুন জাতির নাম যোগ করেছে। যেমন —

মিশ্র জাতির নাম	পিতার নাম	মাতার জাতি
মুর্দ্ধবাসিক	ব্রাহ্মণ	ক্ষত্রিয়
মাহিষ্য	ক্ষত্রিয়	বৈশ্য

সূতসংহিতার রচয়িতা এটাকে বিশালমাত্রায় বৃদ্ধি করেছেন। এখানে ৬৩টি জাতির উল্লেখ আছে।^৭ যেমন—

ক্রমিক সংখ্যা	মিশ্র জাতির নাম	পিতার জাতি	মাতার জাতি
১	অম্বষ্ঠেয়	ক্ষত্রিয়	বৈশ্য
২	উধ্বনাপিত	ব্রাহ্মণ	বৈশ্য
৩	কাতকর	বৈশ্য	শূদ্র
৪	কুম্ভকার	ব্রাহ্মণ	বৈশ্য
৫	কুণ্ড	ব্রাহ্মণ	বিবাহিত ব্রাহ্মণ
৬	গোলক	ব্রাহ্মণ	ব্রাহ্মণ বিধবা
৭	চক্রী	শূদ্র	বৈশ্য
৮	দৌসন্তী	ক্ষত্রিয়	শূদ্র
৯	পত্তনশালী	শূদ্র	বৈশ্য

১০	দৌসন্ত্য	ক্ষত্রিয়	শূদ্র
১১	পুলিন্দ	বৈশ্য	ক্ষত্রিয়
১২	বাহাদাস	শূদ্র	ব্রাহ্মণ
১৩	ভোজ	বৈশ্য	ক্ষত্রিয়
১৪	মহিকার	বৈশ্য	বৈশ্য
১৫	মানবিক	শূদ্র	শূদ্র
১৬	ম্লেচ্ছ	বৈশ্য	ক্ষত্রিয়
১৭	শালিক	বৈশ্য	ক্ষত্রিয়
১৮	শুণ্ডিক	ব্রাহ্মণ	শূদ্র
১৯	শুণ্ডিখ	ক্ষত্রিয়	শূদ্র
২০	সপর্ণ	ব্রাহ্মণ	ক্ষত্রিয়
২১	আগ্নেয়নর্তক	অযষ্ঠ	অযষ্ঠ
২২	অপিতার	ব্রাহ্মণ	দৌশন্তি
২৩	আশ্রমক	দন্তকেবল	শূদ্র
২৪	উদবন্ধ	সনক	ক্ষত্রিয়
২৫	করণ	নট	ক্ষত্রিয়
২৬	কর্ম	করণ	ক্ষত্রিয়
২৭	কর্মকার	রেণুকা	ক্ষত্রিয়
২৮	কর্মর	মাহিষ্য	করণ
২৯	কুকুণ্ডা	মগধ	শূদ্র
৩০	গুহক	স্বপাক	ব্রাহ্মণ
৩১	চর্মোপজীবন	বৈদেহিক	ব্রাহ্মণ
৩২	চামকার	অযোগব	ব্রাহ্মণী
৩৩	চর্মজীবী	নিষাদ	কয়শী
৩৪	তক্ষ	মাহিষ্য	করণ
৩৫	তক্ষবৃত্তি	উগ্র	ব্রাহ্মণ
৩৬	দন্তকাবেলক	চণ্ডাল	বৈশ্য
৩৭	দন্ত	নিষাদ	অযোগব
৩৮	দ্রামিল	নিষাদ	ক্ষত্রিয়

৩৯	নট	পিচ্ছল্লা	ক্ষত্রিয়
৪০	নাপিত	নিষাদ	ব্রাহ্মণ
৪১	নীলাদিবর্ণবিক্রেতা	অযোগব	চিরকরী
৪২	পিক্কাহল্লা	মাল্লা	ক্ষত্রিয়
৪৩	পিঙ্গল	ব্রাহ্মণ	অযোগব
৪৪	ভগ্নবন্ধ	দৌশন্ত	ব্রাহ্মণী
৪৫	ভারুশ	সুধন্ব	বৈশ্য
৪৬	ভৈরব	নিষাদ	শূত্র
৪৭	মাতঙ্গ	বিজন্ম	বৈশ্য
৪৮	মধুক	বৈদেহিক	অযোগব
৪৯	মাতাকর	দস্যু	বৈশ্য
৫০	মৈত্র	বিজন্ম	বৈশ্য
৫১	রজক	বৈদেহ	ব্রাহ্মণ
৫২	রথকার	মাহিষ্য	করণ
৫৩	রেণুকা	নাপিত	ব্রাহ্মণ
৫৪	লোহাকর	মাহিষ্য	ব্রাহ্মণী
৫৫	বর্দ্ধকী	মাহিষ্য	ব্রাহ্মণী
৫৬	বর্ষ	সুধন্ব	বৈশ্য
৫৭	বিজন্ম	ভারুশ	বৈশ্য
৫৮	শিল্প	মাহিষ্য	করণ
৫৯	স্বপাক	চণ্ডাল	ব্রাহ্মণী
৬০	সনক	মাগধ	ক্ষত্রিয়
৬১	সমুদ্র	তাকশব্রতী	বৈশ্য
৬২	শতবত	বিজন্ম	বৈশ্য
৬৩	সুনিষাদ	নিষাদ	বৈশ্য

অতএব পাঁচ প্রকার জাতির মধ্যে প্রথম চারটি সম্পর্কে মনুপ্রদত্ত ব্যাখ্যা বুঝতে পারা সহজ হলেও পঞ্চম প্রকার অর্থাৎ সংকর (মিশ্র) জাতি সম্পর্কে মনু যে ব্যাখ্যা দিয়েছেন সেক্ষেত্রে একই কথা বলা যায় না। সেখানে নানা রকম প্রশ্ন আমাদের সামনে চলে আসে এবং আমাদের মনকে পীড়া দেয়।

মনুপ্রদত্ত মিশ্র জাতির তালিকা হচ্ছে অনবধানকৃত তালিকা। অনুলোম-প্রতিলোম জাতিগুলির সঙ্গে আর্য জাতিগুলির মিশ্রণের ফলে যে মিশ্র জাতির সৃষ্টি হয়েছে তার আলোচনাতে মনুর পক্ষে সেই মিশ্র জাতিগুলি ব্যাখ্যা করা এবং নির্দিষ্ট করা উচিত ছিল, যেগুলি চারটি আর্য জাতির প্রত্যেকটি বারটি অনুলোম-প্রতিলোম জাতির প্রত্যেকটির সঙ্গে মিশ্রিত হওয়ার ফলে জন্ম নেয়।^৮ মনু আর্যজাতি ও দ্বনার্যজাতির মিশ্রণে জাতো সংকর জাতির ব্যাখ্যা যেটি দিয়েছেন সেটিও একইরকম ভাবে বৈষম্যমূলক। অর্থাৎ প্রজাপতির মুখ, বাহু, উরু ও পদ থেকে জাত যথাক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র এই চারবর্ণের বর্হিভূত অথবা চারবর্ণ থেকে বর্হিকৃত যে সমস্ত জাতি তারা স্লেচ্ছভাষাভাষী হোক অথবা আর্যভাষাভাষী হোক তারা সকলে 'দস্যু' নামে পরিচিত হবে।

অসাধু শব্দ সমূহের অর্থ অসৎ (অবিদ্যমান) অর্থাৎ সেগুলির মধ্যে অনাদিবাচ্যবাচকতা সম্বন্ধ নেই; সেইরকম ভাষাকে স্লেচ্ছ বলা হয়। যেমন কিরাত, শবর কিংবা অন্তর্জগণের ভাষা। অর্থাৎ বর্তনিবাসিগণ 'আর্যবাক্'। যদি তারা চতুর্বর্ণের বর্হিভূত তাহলে তাদের 'দস্যু' বলা হবে। উপরিউক্ত শ্লোকটিতে যা বলা হল তার তাৎপর্যার্থ এই — কোনও একটি বিশেষ দেশে বাস করে সেই দেশের স্লেচ্ছ ভাষা ব্যবহার করে বলেই যে সে ব্যক্তি সঙ্করজাতি হবে, সুতরাং ঐ স্লেচ্ছ ভাষাভাষিত্ব যে বর্ণসঙ্করত্বের কারণ হবে তা বলা হচ্ছে না; কিন্তু যারা ঐ 'বর্বর' প্রভৃতি শব্দে পরিচিত তারা সঙ্করজাতি। প্রজাপতির মুখ থেকে যারা উৎপন্ন তাদের ঐ বর্বরাদি শব্দে প্রসিদ্ধ (পরিচয়) হবে না, কিন্তু ব্রাহ্মণাদি শব্দই প্রসিদ্ধ হবে। তারা সব 'দস্যু' নামে অভিহিত হয়।

ডাই মার্কস-এঙ্গেলস্ লিখেছেন — 'আজ পর্যন্ত যত সমাজ দেখা গেছে, সব সমাজের ইতিহাস হল শ্রেণীসংগ্রামের ইতিহাস'।

বলা বাহুল্য যে, শ্রেণীগত শোষণের বাস্তবতা থেকেই শ্রেণীবিरोধের উদ্ভব ও বিকাশ ঘটে। ভারতবর্ষের শোষণব্যবস্থার ইতিহাস কিন্তু কেবলমাত্র শ্রেণী-শোষণগত নয়; তা বর্ণভিত্তিক, জাতিভিত্তিক এবং গোত্র-ভিত্তিকও বটে। ধর্মীয় মোড়কেও এদেশে যুগ যুগ ধরে চলেছে জাতিগত শোষণ — ধর্মগ্রন্থে আর শাস্ত্রবাণীতে রয়েছে তার সর্গর্ভ সমর্থন। সেই সূত্র ধরেই *রামায়ণে* এসেছে শূদ্র হয়ে বেদপাঠের অপরাধে রামচন্দ্র-কর্তৃক শম্বুকের মস্তকচ্ছেদনের কাহিনী। *মহাভারতে* পাই একলব্যের সাক্ষাৎ, যেখানে দ্রোণাচার্য তাকে শিষ্য হিসাবে গ্রহণ করতে অস্বীকার করেও গুরুদক্ষিণা হিসাবে তার ডানহাতের বুড়ো আঙ্গুল দাবি করেছেন। অনধিকার শিক্ষাচর্চার অপরাধে ঘটেছে একলব্যের অঙ্গুলিচ্ছেদন। এই আদর্শের (!) অনুসরণেই বর্ণাশ্রম ধর্মের ঘাড়ে চেপে যুগ যুগ ধরে এদেশে রচিত হয়েছে জাতিগত বৈষম্যের নিদারুণ ইতিহাস। অস্পৃশ্যতা নামক সামাজিক ব্যাধিও এই ইতিহাসের অনুষঙ্গ।^৯

অতএব এইসব শূদ্র, মিশ্রজাতি, ব্রাত্য ও দস্যু নামে চিহ্নিত মানুষজন সামাজিক ও অর্থনৈতিক বৈষম্যের শিকার হয়ে ক্রমশ অধঃপতিত, দুর্দশাগ্রস্ত জীবনের পঙ্কশয্যায় কালাতিপাত করতে বাধ্য হয়েছে যুগযুগান্তর ধরে।

উল্লেখপঞ্জি

১. নরেন্দ্রনাথ ভট্টাচার্য, *প্রাচীন ভারতীয় সমাজ*, (দ্বিতীয় অধ্যায় - বৈদিক যুগের সমাজ), পৃ. ২০।
২. করুণাসিন্ধু দাস, *পিছড়ে বর্গ : প্রাচীন সংস্কৃত সাহিত্যের দর্পণে*, সুজিত সেন সম্পাদিত, *দলিত আন্দোলন গ্রন্থ ও প্রসঙ্গ*, পৃ. ২৫৯।
৩. মানবেন্দু বন্দ্যোপাধ্যায়, *মনুসংহিতা*, (দশম অধ্যায়: সমাজনীতিঃ সঙ্করজাতির উৎপত্তি, চারবর্ষের আপৎকালে বৃত্তিবিধান, শ্লোক ৪৩), পৃ. ১০২৫।
৪. সত্যরঞ্জন রায়, *হিন্দুধর্মে হেঁয়ালি*, (বাবাসাহেবের অনন্য গ্রন্থ 'Riddles in Hinduism'-এর অনুবাদ), হেঁয়ালি নং ১৮ : মনুর পাগলামি অথবা মিশ্রজাতির উৎপত্তি সম্পর্কে ব্রাহ্মণ্য ব্যাখ্যা, পৃ. ২৬২-২৬৩।
৫. তদেব, পৃ. ২৬৪-২৬৫।
৬. তদেব, পৃ. ২৬৭।
৭. দেবনারায়ণ মোদক, *সমতা ও সামাজিক ন্যায় : সাম্প্রতিক ভারতে সংরক্ষণের রাজনীতি*, সুজিত সেন সম্পাদিত, *জাতপাত ও সংরক্ষণ ভারতীয় প্রেক্ষাপট*, পৃ. ৪৭।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

English Books:

- Ambedkar, B. R. *Annihilation of Caste*. New Delhi: Navayana Publishing Pvt. Ltd., 2015.
- Anand, Mulk Raj / Zelliott, Eleanor. *An Anthology of Dalit Literature*. New Delhi: Gyan Publishing House, 1992.
- Dasgupta, S.N. *A History of Sanskrit Literature*. Calcutta (now Kolkata): University of Calcutta, 1975.
- Kane, P.V. *History of Dharmasāstra*. Vol. III. Poona: Bhandarkar Oriental Research Institute, 1973.
- Kautilya. *Arthasāstra*. Ed. T. Ganapati Sastri. Trans. by N. P. Unni. *Arthasāstra of Kautilya*. Delhi: New Bharatiya Book Corporation, 2006.
- Winternitz, M. *A History of Indian Literature*. Eng. trans. by Shilavati Ketkar. Vol. I. Pt. II. Calcutta (now Kolkata): Calcutta University Press, 1963.
- Yājñavalkya. *Yājñavalkya-Smṛti*. Ed. W. L. Sastri. Bombay: Nirnaya Press, 1936.

Bengali Books:

- চট্টাচার্য, সুকুমারী। ইতিহাসের আলোকে বৈদিক সাহিত্য। কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ১৯৬০।
- । বেদে সংশয় ও নাস্তিক্য। কলকাতা : পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি।
- । প্রবন্ধসংগ্রহ ১। কলকাতা : গাঙ চিল, ২০১২।
- । প্রাচীন ভারতঃ সমাজ ও সাহিত্য। কলকাতা : আনন্দ পাবলিশার্স লিমিটেড, ১৯৯৩।
- বোপার, রোমিলা। সময় : ইতিহাসের রূপক প্রাচীন ভারত। অক্সফোর্ড : অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস, ২০১৮।
- দাস, করুণাসিন্ধু। পিছড়ে বর্গ : প্রাচীন সংস্কৃত সাহিত্যের দর্পণে। সম্পা. সুজিত সেন। দলিত আন্দোলন প্রশ্ন ও প্রসঙ্গ। কলিকাতা : কে. মিত্রগ্রন্থমিত্র, ২০১৩।
- বর্মন, রূপকুমার। জাতি-রাজনীতি, জাতপাত ও দলিত প্রতর্ক পশ্চিমবঙ্গের প্রেক্ষাপটে তপশিলি জাতির অবস্থান, কলকাতা : অ্যালফাবেট বুকস্।
- মনুসংহিতা। সম্পা. মানবেন্দু বন্দ্যোপাধ্যায়। কলকাতা : সংস্কৃত পুস্তক ভান্ডার, ১৪১৯ বঙ্গাব্দ (তৃতীয় সংস্করণ)।
- বোদক, দেবনারায়ণ। সমতা ও সামাজিক ন্যায় : সাম্প্রতিক ভারতে সংরক্ষণের রাজনীতি। সম্পা. সুজিত সেন। জাতপাত ও সংরক্ষণ ভারতীয় প্রেক্ষাপট। কলকাতা : লেজার কম্পোজ নিউ বৈশাখী প্রেস, ২০০৮।
- শর্মা, রামশরণ। প্রাচীন ভারতের শূদ্র। কলকাতা : কেপি বাগচী অ্যান্ড কোম্পানী, ১৯৮৯।
- সিকদার, সুকুমার। মনুসংহিতার শূদ্রভাষ্য। কলিকাতা : নির্মলবুক এজেন্সি, ২০০৮।
- সিংহ, কঙ্কর। মনুসংহিতা এবং শূদ্র কলকাতা। র্যাডিকাল ইম্প্রেশন, ২০১৫।
- সেন, সুজিত। জাতপাত ও সংরক্ষণ ভারতীয় প্রেক্ষাপট। কলকাতা : গ্রন্থমিত্র, ২০০৮।
- হাবিব, ইরফান। ভারতবর্ষের মানুষের ইতিহাস ১ প্রাক ইতিহাস। কলকাতা : ন্যাশনাল বুক এজেন্সি থাইভেট লিমিটেড, ২০১৭।

শ্রীমদ্ভাগবতমহাপুরাণ ও সাংখ্যকারিকার প্রকৃতি-ভাবনা :

একটি তুলনাত্মক আলোচনা

মণিমালা মণ্ডল

সারসংক্ষেপ

ঈশ্বরকৃষ্ণের সাংখ্যকারিকা ও শ্রীমদ্ভাগবতপুরাণ - এই উভয় গ্রন্থে প্রকৃতিতত্ত্বের স্বরূপ নিরূপিত হয়েছে। প্রকৃতির স্বরূপ, ধর্ম, সৃষ্টি প্রক্রিয়ায় তার ভূমিকা, এই সকল গুরুত্বপূর্ণ বিষয় সমূহকে উভয় গ্রন্থের নিরিখে পর্যবেক্ষণ করলে দেখা যায় অধিকাংশ ক্ষেত্রে তাদের পরস্পরের মধ্যে তেমন কোন মতপার্থক্য নেই, বরঞ্চ মতাদর্শগত সাদৃশ্যই বেশি চোখে পড়ে। প্রকৃতি অহেতুমৎ, ত্রিগুণাত্মক, অবিবেকী, বিষয়, সামান্য, অচেতন এবং প্রসবধর্ম বিশিষ্ট - সাংখ্যকারিকায় এই ব্যক্তব্য সম্পূর্ণ অবিকৃত রয়েছে শ্রীমদ্ভাগবতে। সেইরূপ জগৎ সৃষ্টিতে প্রকৃতির ভূমিকা উভয়ত্র প্রায় একই ভাবে ব্যাখ্যাত হয়েছে। পুরুষের সান্নিধ্যে প্রকৃতির সংকোচের বিষয় নিয়েও কোন মতান্তর নেই। তবে আধারের প্রভাবে আধেয়-যেহেতু কিছুটা প্রভাবিত হয়ে থাকে তাই একই প্রকৃতিতত্ত্বগত চিন্তায় গ্রন্থদ্বয়ের নিজস্ব মৌলিক চিন্তার মিশ্রণ ঘটেছে। সাংখ্যকারিকায় প্রকৃতিতত্ত্ব সম্পূর্ণ স্বতন্ত্রতত্ত্ব রূপে প্রতিপাদিত হয়েছে, এখানে প্রকৃতি স্বাধীন। ভাগবতে প্রকৃতির স্বতন্ত্রতা সেইভাবে অক্ষুণ্ণ থাকেনি, প্রকৃতি এখানে পরাধীন।

শব্দসংকেত : সাংখ্যকারিকা, শ্রীমদ্ভাগবতপুরাণ, ঈশ্বরকৃষ্ণ, প্রকৃতি, গুণত্রয়, স্বতন্ত্র

সাংখ্যাচার্য ঈশ্বরকৃষ্ণ বিরচিত সাংখ্যকারিকা গ্রন্থটি সাংখ্যদর্শনের অন্যতম প্রামাণ্য গ্রন্থ রূপে প্রসিদ্ধ। এই গ্রন্থে সাংখ্যদর্শনের অন্যান্য তত্ত্বের সঙ্গে মুখ্যতত্ত্ব প্রকৃতির স্বরূপ প্রতিপাদিত হয়েছে। অন্যদিকে শ্রীমদ্ভাগবতমহাপুরাণ হল বৈষ্ণব সম্প্রদায়ের অন্যতম আকর গ্রন্থ। এই গ্রন্থেও ভগবত্তত্ত্বের আলোচনা প্রসঙ্গে সাংখ্যদর্শনের অন্যান্য তত্ত্বের সঙ্গে প্রকৃতিতত্ত্বের স্বরূপ আলোচিত হয়েছে। সাংখ্যকারিকা দর্শন-গ্রন্থ, শ্রীমদ্ভাগবত ভক্তিমূলক গ্রন্থ এবং গ্রন্থদুটি ভিন্ন ভিন্ন সময়ে রচিত। সাংখ্যকারিকায় রচনাকাল আনুমানিক খ্রিস্টীয় চতুর্থ থেকে পঞ্চম শতক^১ এবং ভাগবতের রচনাকাল আনুমানিক খ্রিস্টীয় একাদশ থেকে দ্বাদশ শতক।^২ সেই কারণে দুটি গ্রন্থে প্রতিপাদিত একই প্রকৃতিতত্ত্বগত ভাবনা স্বাভাবিক ভাবেই

প্রাচীর নিজস্ব ভাবনার দ্বারা কিছুটা প্রভাবিত হবে এমন সম্ভাবনা থেকেই যায়, এই ব্যাপারে ল্যারসনের বক্তব্যটি প্রণিধানযোগ্য।^৩ তাই এখানে প্রকৃতি অবলম্বনে একটি তুলনামূলক আলোচনার অবকাশও তৈরী হয়। সেইরকম একটি আলোচনাই আমার বর্তমান প্রবন্ধের বিষয়।

সাংখ্যদর্শনে অব্যক্ততত্ত্ব হল প্রকৃতি বা প্রধান। শ্রীমদ্ভাগবতমহাপুরাণে সাংখ্যতত্ত্বের অন্যান্য তত্ত্বের ক্ষেত্রে প্রকৃতির বিষয়েও সবিস্তার আলোচনা দেখতে পাওয়া যায়। বিষয়বস্তুর বর্ণনা অনুসারে দেখা যায় যে, ভাগবতের তৃতীয় স্কন্ধে ভগবান কপিল মনুপুত্রী দেবহৃতির কাছে অহঙ্কারাদি থেকে জীবের মুক্তির উদ্দেশ্যে পঞ্চবিংশতি তত্ত্বের স্বরূপ বর্ণনা করেছেন। এখানে প্রকৃতির পরিচয় দিয়ে বলা হয়েছে —

যৎ তৎ ত্রিগুণমব্যক্তং নিত্যং সদসদাত্মকং।

প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষং বিশেষবৎ।।^৪

প্রকৃতি হল ত্রিগুণবিশিষ্ট, অব্যক্ত, নিত্য, সদসদাত্মক, প্রধান, অবিশেষ এবং সবিশেষ। অর্থাৎ সত্ত্বাদি গুণত্রয়ের সমবায়রূপ যে নিত্য পদার্থ তাকেই 'অব্যক্ত', 'প্রধান' ও 'প্রকৃতি' বলে। গুণত্রয়ের সাম্যাবস্থার কারণে তার স্বরূপ অনভিব্যক্ত থাকার জন্য প্রকৃতি অব্যক্ত। নিজে বিকারস্বরূপ না হয়েও বিকৃত হয়ে মহাদি কার্য সৃষ্টি করে থাকে। এমন পদার্থ জগতে আর কিছু নেই, তাই প্রকৃতি প্রধান, মহাদি তত্ত্বগণের উপাদান, আর সেই কারণেই 'প্রকৃতি' বলে কথিত হয়ে থাকে। অব্যক্ততত্ত্ব প্রকৃতি সম্পর্কে সাংখ্যকারিকাতেও প্রায় অনুরূপ বিশেষণ প্রয়োগ করা হয়েছে —

ত্রিগুণমবিবেকি বিষয়ঃ, সামান্যমচেতনং প্রসবধর্মি।

ব্যক্তং তথা প্রধানং, ...।।^৫

প্রকৃতি ত্রিগুণাত্মক, অবিবেকী, বিষয়, সামান্য, অচেতন এবং প্রসবধর্ম বিশিষ্ট।

ভাগবতে প্রকৃতি ত্রিগুণময়ী। সেই গুণত্রয় হল সত্ত্ব, রজঃ ও তমঃ। সাংখ্যকারিকাতেও গুণত্রয় বলতে যে সত্ত্ব, রজঃ ও তমঃ-কেই বোঝানো হয়েছে তা, গৌড়পাদাচার্যের 'ত্রিগুণং ব্যক্তং সত্ত্বরজস্তমাংসি ত্রয়োগুণাঃ যস্যেতি।'^৬ — এই ভাষ্যোক্তিতে আরো পরিকৃত হয়েছে। সাংখ্যকারিকায় ঈশ্বরকৃষ্ণ 'প্রকৃতি'র কোন লক্ষণ নিরূপণ না করলেও বাচস্পতিমিশ্র তাঁর তত্ত্বকৌমুদী টীকায় প্রকৃতির সংজ্ঞা প্রদান করে বলেছেন — 'প্রকরোতীতি প্রকৃতিঃ প্রধানম্, সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা ...।'^৭ তাঁর মতে সত্ত্ব, রজঃ ও তমঃ — এই তিনটি গুণের সাম্যাবস্থাই 'প্রকৃতি' পদবাচ্য। সাংখ্যকারিকার অনুরূপ বক্তব্য ভাগবতপুরাণেও দেখতে পাওয়া যায়। তৃতীয় স্কন্ধে ভগবান কপিল মনুপুত্রী দেবহৃতিকে কালের পরিচয় দিয়ে বলেছেন —

প্রকৃতের্গুণসাম্যস্য নিকির্শেষস্য মানবি।

চেষ্টা যতঃ স ভগবান কাল ইত্যপলক্ষিতঃ।।^৮

এর অর্থ হল এই যে, কোন অংশের ন্যূনতা বা আধিক্য যাতে নেই এরূপ গুণত্রয়ের সাম্যাবস্থারূপ প্রকৃতি যে ভগবানের কাছ থেকে ত্রিগুণাশীলতা পেয়ে থাকে সেই ভগবানই 'কাল' রূপে অভিহিত হন। অর্থাৎ এখানে গুণত্রয়ের সাম্যাবস্থাকেই প্রকৃতিরূপ বলা হয়েছে।

ভাগবতপুরাণে প্রকৃতিকে যে 'প্রধান' নামেও অভিহিত করা হয়, একথা একটু আগেই বলা হয়েছে। এরূপে অভিহিত করার কারণ হল সৃষ্টিতত্ত্বের প্রক্রিয়া অনুসারে প্রলয়কালে প্রকৃতির মধ্যে সৃষ্ট কার্যবস্তু বিলীন হয়ে যায়। সাংখ্যাচার্য বিজ্ঞানভিক্ষু তাঁর *সাংখ্যপ্রবচনভাষ্যে* 'প্রধান' শব্দের তাৎপর্য ব্যাখ্যা করে অনুরূপ মন্তব্যই করেছেন — 'প্রধীয়তে অশ্বিন্ কার্যজাতমিতি হি প্রধানমুচ্যতে।'^{১৯} *সাংখ্যকারিকায়* ঈশ্বরকৃষ্ণ কিন্তু প্রকৃতির স্বরূপ বর্ণনাকালে কারিকায় 'প্রকৃতি' শব্দটি ব্যবহার করেননি, 'প্রধান' শব্দ ব্যবহার করেছেন এবং প্রধানের বৈশিষ্ট্য রূপে ত্রিগুণময়তা প্রভৃতির উল্লেখ করেছেন। তাই সংশয় হতে পারে যে, প্রকৃতি ও প্রধান একই বিষয় কিনা। এই সংশয়ের নিরাসন করে আচার্য বাচস্পতি তাঁর *তত্ত্বকৌমুদী* টীকায় বলেছেন — 'প্রকরোতীতি প্রকৃতিঃ প্রধানম্, ...।'^{২০} তাঁর মতে 'প্রধান' শব্দটি প্রকৃতিরই নামান্তর। অতএব ভাগবত ও সাংখ্যকারিকায় প্রকৃতির নামান্তর নিয়ে কোন মতভেদ দেখা যায় না। উভয় ক্ষেত্রেই প্রকৃতি বা প্রধান অভিন্ন তত্ত্ব।

ভাগবতপুরাণ বর্ণিত প্রকৃতির অনন্য বৈশিষ্ট্য হল নিত্যত্ব। প্রকৃতি কোন কিছু থেকে উৎপন্ন হয় না অর্থাৎ, প্রকৃতি কারণহীন, অহেতুমৎ এবং উৎপত্তি না থাকার জন্য বিনাশপ্রাপ্তও হয় না, তাই নিত্য ও অনাদি। এবিষয়ে *সাংখ্যকারিকায়* বক্তব্য একই প্রকার। ঈশ্বরকৃষ্ণ এখানে প্রকৃতিকে বলেছেন — 'মূলপ্রকৃতিঃ...।'^{২১} একথার তাৎপর্য এই যে, সমস্ত কার্যবস্তুর কারণ হল প্রকৃতি, কিন্তু এই কারণের আর অন্য কোন কারণ নেই, তাই প্রকৃতিই একমাত্র মূল। প্রকৃতিই যে বিশ্বকার্যসংঘাতের মূল এবং তার কোন মূলান্তর নেই এই কথা বাচস্পতিমিশ্র *তত্ত্বকৌমুদীতে* সুস্পষ্টভাবে ব্যাখ্যা করে বলেছেন — 'বিশ্বস্য কার্যসংঘাতস্য সা মূলম্, ন ত্বস্যা মূলান্তরমস্তি।'^{২২} মাঠরাচার্যের বৃত্তিতেও বলা হয়েছে — 'কারণমেব সা ন কার্যমিত্যর্থঃ।'^{২৩} অর্থাৎ প্রকৃতি কারণই, কার্য নয়। তাই এক্ষেত্রেও ভাগবত ও সাংখ্যকারিকায় মতামত সাদৃশ্যপূর্ণ।

প্রকৃতি অব্যক্ত। যা অভিব্যক্ত হয় না, তা-ই অব্যক্ত। আর যা কিছু অভিব্যক্ত হয় না, তা সূক্ষ্মস্বরূপ। প্রকৃতি সূক্ষ্ম অর্থাৎ অব্যক্ত, ভাগবতের তৃতীয় স্কন্ধে একথা স্পষ্টভাবে উল্লেখ করে বলা হয়েছে — 'স এষ প্রকৃতিং সূক্ষ্মাং ...।'^{২৪} শ্রীধরস্বামীর টীকায় অব্যক্তের অর্থ করা হয়েছে — 'অব্যক্তম্ অকার্যম্।'^{২৫} অর্থাৎ যা কার্য নয়। *সাংখ্যকারিকাতেও* আমরা অব্যক্তের অনুরূপ ব্যাখ্যাই দেখতে পাই। *সাংখ্যকারিকায়* মাঠরবৃত্তিতে অব্যক্তকে ব্যক্তোৎপত্তির কারণ বলা হয়েছে — 'অব্যক্তং প্রধানং ব্যক্তোৎপত্তি কারণম্...।'^{২৬} অর্থাৎ 'অব্যক্ত' হল কারণ, এবিষয়ে ভাগবত ও সাংখ্যকারিকায় মধ্যে তেমনভাবে কোন মতানৈক্য লক্ষ্য করা যায় না।

প্রকৃতির অপর বৈশিষ্ট্য রূপে ভাগবতে সদসদাত্মকত্বের উল্লেখ করা হয়েছে। শ্রীধরস্বামী এর অর্থ করেছেন — 'সদসদাত্মকং কার্যাকারণরূপম্।'^{১৭} 'সদসদাত্মক'-এর এখানে তাৎপর্য হল, কার্যাকারণাত্মক। প্রকৃতি যে সমস্ত কার্যের মূল এবং এর কোন মূলান্তর নেই, একথা এর আগেই বলা হয়েছে। অর্থাৎ প্রকৃতি অনাদি, তাই নিত্য, যা নিত্য তার বিনাশ সম্ভব নয়, তাই প্রকৃতিকে সৎ রূপে ধরার করতেই হয়। আবার অন্যদিকে তাকে অসৎ বলা হয়েছে। এর অর্থ অবশ্যই অস্তিত্বহীনতা নয়। একটি বিশেষ অর্থে এখানে 'অসৎ' শব্দটি প্রয়োগ করা হয়েছে। যে বস্তু নামরূপাদি বর্জিত হওয়ায় ইন্দ্রিয় গ্রাহ্য হয় না, তাকেও অনেকে 'অসৎ' বলেছেন। প্রকৃতি সর্বপ্রকারে নাম ও রূপ বর্জিত, তাই এই অর্থে তাকে অসৎ বলা হয়েছে। অতএব প্রকৃতি সদসদাত্মক একথা যথার্থ। সাংখ্যকারিকায় অবশ্য কোথাও ঈশ্বরকৃষ্ণ প্রকৃতিকে সদসদাত্মক রূপে উল্লেখ করেননি। তবে সাংখ্যকারিকার প্রসিদ্ধ টীকা, ভাষ্যে প্রকৃতির স্বরূপ যেভাবে ব্যাখ্যাত হয়েছে, তা পুঞ্জানুপুঞ্জরূপে পর্যবেক্ষণ করলে পরিষ্কারভাবে দেখা যায় যে, ভাগবতের উক্ত প্রকার ব্যাখ্যার উপর সাংখ্যকারিকার অল্পবিস্তর ছায়া পড়েছে। যেমন নিরবয়বত্বকে ভাগবতে অব্যক্ত তথা প্রধানের অন্যতম ধর্ম বলা হয়েছে। গৌড়পাদভাষ্যে গৌড়পাদাচার্য ভব্যজের নিরবয়বত্ব সম্বন্ধে বলেছেন — 'নিরবয়বমব্যক্তং নহি শব্দস্পর্শরসরূপগন্ধাঃ প্রধানেন সন্তি।'^{১৮} অর্থাৎ প্রধানেন শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ না থাকায় প্রধান তথা অব্যক্ত নিরবয়ব। শব্দাদি হল ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়। প্রধান শব্দাদি বর্জিত হওয়ায় এবং নিরবয়ব হওয়ায় কোনভাবেই ইন্দ্রিয়গ্রাহ্য হতে পারে না, অর্থাৎ সে অতীন্দ্রিয়। ভাগবতে এই অর্থেই প্রধানকে 'অসৎ' বলা হয়েছে। প্রধান ব্যতীত অন্য কোন কিছু থেকে ভূতসমূহ উৎপন্ন হয় না, তাই অব্যক্তকে প্রধান বলা হয়। প্রধান বা অব্যক্ত হল ভূতসমূহের কারণ, সে কারণাত্মক, একথা সাংখ্যকারিকার গৌড়পাদভাষ্যে বলা হয়েছে — 'নহি ভূতানি অব্যক্তাদন্যস্মাৎ কুতশ্চিদ্যুপদ্যন্তে ইতি প্রধানম্।'^{১৯} তাই বলা যায় প্রধানের বিষয়ে ভাগবত ও সাংখ্যকারিকার এই পর্যায়ের ভাবনায় শব্দ ব্যবহারের পার্থক্য থাকলেও অর্থগতভাবে তেমন কোন পার্থক্য চিহ্নিত করা যায় না।

এ পর্যন্ত ভাগবতপুরাণে সাংখ্যদর্শনের অন্যতম তত্ত্ব প্রকৃতির স্বরূপ ও ধর্ম যেভাবে প্রতিপাদিত হয়েছে, তা আলোচনা করা হয়েছে এবং ভাগবতের প্রকৃতি-চিন্তা সাংখ্যকারিকার আলোকে কতখানি আলোকিত হয়েছে, তা যথাসম্ভব সুস্পষ্ট ভাবে দেখানোর চেষ্টা করা হয়েছে। তবে ভাগবতের প্রকৃতি-চিন্তা সাংখ্যকারিকার চিন্তা-প্রভাবিত হলেও কোথাও কোথাও প্রভাবমুক্ত হতেও দেখা যায়। দুটি ভিন্ন সময়ের ও ভিন্ন ধরনের গ্রন্থে একই দর্শনের চিন্তাস্রোত প্রবাহিত হলেও সময়ের সাপেক্ষে ও গ্রন্থপ্রকৃতি অনুসারে তার মধ্যে ভাবনার সংযোজন বিয়োজনের ফলে পরিবর্তন খুবই স্বাভাবিক। আর এই স্বাভাবিক নিয়মের ব্যতিক্রম এক্ষেত্রেও ঘটেনি।

প্রকৃতি-পুরুষ সম্বন্ধীয় বিবেক জ্ঞান উৎপাদনের জন্য পুরুষ প্রভৃতি পঞ্চবিংশতি তত্ত্বের পরিচয় প্রদান প্রসঙ্গে ভগবতের বিভিন্ন জায়গায় সৃষ্টিতত্ত্ব ব্যাখ্যা করা হয়েছে। যেমন তৃতীয় স্কন্ধের ষড়বিংশ অধ্যায়ে বলা হয়েছে —

স এষ প্রকৃতিং সৃষ্ণং দৈবীং গুণময়ীং বিভুঃ।

যদৃচ্ছয়েবোপগতামভ্যপদ্যত লীলয়া।।^{২০}

পরমাত্মা স্বরূপ পুরুষ (সৃষ্টির ইচ্ছা সম্পন্ন হলে) অকস্মাৎ সম্মুখে আবির্ভূত সৃষ্ণ, স্বীয় শক্তিস্বরূপ ত্রিগুণাত্মিকা প্রকৃতিকে অবলোকন করেন। তারপর প্রকৃতি সত্ত্বাদি বিভিন্ন গুণের দ্বারা বিভিন্ন প্রকার নিজ গুণসম্পন্ন কার্যসমূহ সৃষ্টি করেন। এটাই তার স্বভাব। পুরুষ তার দিকে দৃষ্টিপাত করা মাত্র আবরণ শক্তিরূপা অবিদ্যার প্রভাবে সৃষ্টি ব্যাপারে মুগ্ধ হয়ে পড়েন। এখানে লক্ষ্যণীয় বিষয় হল 'প্রকৃতি' পদের বিশেষণ রূপে 'দৈবীং' পদের প্রয়োগ। এই পদের অর্থ হল দেবতার শক্তি। শ্রীধরস্বামী তাঁর টীকায় 'দৈবীং' পদের অর্থ করেছেন — 'দৈবীং দেবস্য বিষ্ণেঃ শক্তি।'^{২১} অর্থাৎ ভগবান বিষ্ণুর শক্তি। টীকা অনুসারে যার পূর্ণাঙ্গ অর্থ হয় — প্রকৃতি হল পরমপুরুষের তথা ভগবান বিষ্ণুর নিজ শক্তিস্বরূপ। প্রকৃতি যে ভগবানের শক্তি, একথা তৃতীয় স্কন্ধে পুনরায় বলা হয়েছে। সেখানে বলা হয়েছে, ভগবান তাঁর স্বীয়শক্তি গুণময়ী মায়ার দ্বারা বিশ্বকে সৃষ্টি করেছেন — 'অস্রাক্ষীভুগবান্ বিশ্বং গুণময়্যাশ্রমায়য়া।'^{২২} অনুরূপ ভাবে প্রকৃতির পরিচয় পাওয়া যায় অষ্টম স্কন্ধে। শুকদেবের বিবৃতি অনুসারে সেখানে দেখা যায় ভগবান বিষ্ণু তথা মধুসূদন মহাদেবকে সম্বোধিত করার পর সাত্বনা প্রদানকালে প্রকৃতি তথা মায়াকে স্বীয়শক্তি রূপে উল্লেখ করেছেন — 'যন্মে স্ত্রীরূপয়া স্বেরং মোহিতোহপ্যঙ্গ মায়য়া।।'^{২৩} এখানে বলে নেওয়া দরকার যে, 'অব্যক্ত', 'প্রধান', 'মায়্যা' প্রভৃতি প্রকৃতিরই পর্যায় শব্দ। এবিষয়ে গৌড়পাদাচার্য বলেছেন — 'প্রকৃতিঃ প্রধানং ব্রহ্ম অব্যক্তং বহুধানকং মায়েতি পর্যায়াঃ।'^{২৪}

সাংখ্যকারিকায় কোথাও প্রকৃতিকে ঈশ্বরের বা অন্য কোন তত্ত্বের শক্তি বলা হয়নি। এখানে প্রকৃতির স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করা হয়েছে। প্রথমত বলা দরকার সাংখ্যদর্শন ঈশ্বর মানে না। তাঁদের মতে ঈশ্বর অন্ততপক্ষে প্রমাণসিদ্ধ নয়। বিজ্ঞানভিক্ষু তাঁর সাংখ্যপ্রবচনভাষ্যে বলেছেন — 'ঈশ্বরে প্রমাণাভাবান্ন।'^{২৫} সাংখ্যসূত্রে জগতের স্রষ্টা বা প্রকৃতির অধিষ্ঠাতা রূপে ঈশ্বরকে অস্বীকার করে বলা হয়েছে — 'ঈশ্বরাসিদ্ধেঃ।'^{২৬} প্রকৃতিই সর্গের কর্তা, প্রকৃতিই উপাদান। সাংখ্যদর্শনে ঈশ্বর স্বীকৃত নয় বলেই বোধহয় বাচস্পতিমিশ্র তাঁর সাংখ্যতত্ত্বকৌমুদীর প্রারম্ভে মঙ্গলাচরণে ঈশ্বর বা ঈশ্বরস্থানীয় কোন দেবতাকে প্রণাম না জানিয়ে প্রকৃতি ও পুরুষকে প্রণাম জানিয়েছেন। শঙ্করাচার্য, মাধবাচার্য প্রমুখ সকলেই সাংখ্যকে নিরীশ্বরবাদী দর্শন রূপে চিহ্নিত করেছেন। সাংখ্যদর্শন অনুসারে পুরুষের অদৃষ্ট অনুযায়ী তার ভোগ ও অপবর্গের জন্য প্রকৃতি জগৎ সৃষ্টি করে থাকে। সৃষ্টির প্রারম্ভে অদৃষ্টাধীন পুরুষের সান্নিধ্যবশতঃ প্রকৃতির সাম্যাবস্থা ভগ্ন হয় এবং সৃষ্টি প্রক্রিয়া শুরু হয়। এক কথায় পুরুষের ভোগের

নির্মিত সৃষ্টির আবির্ভাব এবং অপবর্গের জন্য সৃষ্টির তিরোভাব। চেতন অধিষ্ঠাতা ছাড়াও অচেতন প্রকৃতি মনোদি কার্যে পরিণত হতে পারে। বাচস্পতিমিশ্র তত্ত্বকৌমুদীতে এই বিষয়টা খুব স্পষ্টভাবে উল্লেখ করে বলেছেন – 'দৃষ্টমচেতনমপি প্রয়োজনম্ভ্রতি প্রবর্তমানং, যথা বৎসবিবৃদ্ধার্থং ক্ষীরমচেতনং প্রবর্ততে। একপ্রকৃতিরচেতনাংপি পুরুষবিমোক্ষণায় প্রবর্তিষ্যতে।'^{২৭} অর্থাৎ প্রয়োজনে অচেতন প্রধানেরও প্রবৃত্তি হবে। ঠিক যেমন বাছুরের পুষ্টির জন্য অচেতন দুগ্ধ গাভীর স্তনবৃত্ত থেকে স্বতঃই ক্ষরিত হয় তেমনি কৃতিও পুরুষের দুঃখ নিবৃত্তির জন্য চেতনের দ্বারা পরিচালিত না হয়েও কার্যে প্রবৃত্ত হয়। অতএব জগৎ-সৃষ্টিাদি কার্য ঈশ্বরকৃত নয়, ঈশ্বরাধিষ্ঠিত প্রকৃতিকৃতও নয়, এই কার্য ঈশ্বর নিরপেক্ষ কেবল প্রকৃতিকৃত। ঈশ্বরকৃষ্ণ ইন্দ্রিয়াদি করণের অধিষ্ঠাতা রূপে কোন চেতনের অস্তিত্বকে স্বীকার করার জন্য সাংখ্যকারিকায় বলেছেন – 'পুরুষার্থ এব হেতুর্ন কেনচিৎ কার্যতে কারণম্।'^{২৮} অতএব নিসংশয়ে বলা যায় যে সাংখ্যকারিকায় প্রকৃতি ঈশ্বরের, ভগবানের বা কোন তত্ত্বান্তরের শক্তি নয়। সে সম্পূর্ণ স্বাধীন, কোথাও কোনভাবেই তার স্বাতন্ত্র্য ক্ষুণ্ণ হয়নি। বস্তুতঃ রজোমতী প্রকৃতিই জগৎ কর্তা, নিষ্ক্রিয় চেতন পুরুষ কখনো কোন ক্রিয়ার কর্তা হতে পারে না। সাংখ্যীয় 'প্রকৃতিতত্ত্ব' সম্পর্কে ভাগবতপুরাণ ও সাংখ্যকারিকার মধ্যে মূলতঃ এইটুকুই মতভেদ চোখে পড়ে। ভাগবতপুরাণ ভক্তিমূলক গ্রন্থ, বৈষ্ণব সম্প্রদায়ের কাছে অন্যতম আকর গ্রন্থ। ভগবান বিষ্ণুর মাহাত্ম্য কীর্তনই তার মুখ্য উদ্দেশ্য। ভক্তকে আকর্ষিত ও আপ্নত করে তার মধ্যে ভগবৎ-প্রীতি উৎপাদনের ক্ষেত্রে ভগবানের সর্বশক্তিময়তা প্রদর্শনের তথা মাহাত্ম্য প্রচারের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। সেই কারণেই হয়তো বৈষ্ণবেরা সর্বোপরি তাদের ইস্ট পরমপুরুষ ভগবান বিষ্ণুর অস্তিত্বকে স্বীকার করে নিয়েছে।

উল্লেখপত্র

- ^১ Michel Hulin, *A History of Indian Literature*, vol. VI, fasc.3: *Samkhya Literature*, p. 127.
- ^২ Peter Charles Basel, *The Samkhya System of the Bhagavata Purana* (unpublished thesis), p. 4.
- ^৩ Gerald James Larson, *Classical Sāṃkhya*, p. 15.
- ^৪ ভাগবত - ৩/২৬/১০, পৃ. ১১৯৩।
- ^৫ সাংখ্যকারিকা - ১১, পৃ. ১১৭।
- ^৬ গৌড়পাদভাষ্য, সাংখ্যকারিকা - ১০, পৃ. ৫৩।
- ^৭ সাংখ্যতত্ত্বকৌমুদী, সাংখ্যকারিকা - ৩, পৃ. ৩৬।
- ^৮ ভাগবত - ৩/২৬/১৭, পৃ. ১১৯৫।
- ^৯ সাংখ্যপ্রবচনভাষ্য, সাংখ্যসূত্র - ১/১২৫, পৃ. ৮৮।

- ¹¹ তত্ত্বকৌমুদী, সাংখ্যকারিকা - ৩, পৃ. ৩৬।
¹² সাংখ্যকারিকা - ৩, পৃ. ৩৫।
¹³ তত্ত্বকৌমুদী, সাংখ্যকারিকা - ৩, পৃ. ৩৬।
¹⁴ মাঠরবৃত্তি, সাংখ্যকারিকা - ৩, পৃ. ১১২।
¹⁵ ভাগবত - ৩/২৬/৪, ১১৯১।
¹⁶ শ্রীধরটীকা, ভাগবত - ৩/২৬/১০, পৃ. ১১৯৪।
¹⁷ মাঠরবৃত্তি, সাংখ্যকারিকা - ২, পৃ. ১১২।
¹⁸ শ্রীধরটীকা, ভাগবত - ৩/২৬/১০, ১১৯৪।
¹⁹ গৌড়পাদভাষ্য, সাংখ্যকারিকা - ১০, পৃ. ৫২।
²⁰ তত্রৈব।
²¹ ভাগবত - ৩/২৬/৪, পৃ. ১১৯১।
²² শ্রীধরটীকা, ভাগবত - ৩/২৬/৪, পৃ. ১১৯১।
²³ ভাগবত - ৩/৭/৪, পৃ. ৮৪৪।
²⁴ তদেব - ৮/১২/৩৮, পৃ. ৩০৮১।
²⁵ গৌড়পাদভাষ্য, সাংখ্যকারিকা - ২২, পৃ. ৯৪।
²⁶ সাংখ্যপ্রবচনভাষ্য, সাংখ্যসূত্র - ১/৯২, পৃ. ৭০।
²⁷ সাংখ্যসূত্র - ১/৯২, পৃ. ৭০।
²⁸ তত্ত্বকৌমুদী, সাংখ্যকারিকা - ৫৭, পৃ. ৩৩৩।
²⁹ সাংখ্যকারিকা - ৩১, পৃ. ২৪২।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

সংস্কৃত :

রুপিনঃ। সাংখ্যাসূত্রম্। সম্পা. রামশঙ্কর-ভট্টাচার্যঃ। বিজ্ঞানভিক্ষুকৃত-ভাষ্য-সমেতম্ । বারাণসী :
জাতীয়-বিদ্যা-প্রকাশন, ২০০২ বিক্রম-সম্বৎ (১৯৬৮)।

বাংলা :

ইশ্বরকৃষ্ণঃ। সাংখ্যকারিকা। সম্পা. স্বামী দিবাকরানন্দ। মাঠরবৃষ্টি সহ। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার,
১৯৬৮।

—। সম্পা. অশোককুমার বন্দোপাধ্যায়। গৌড়পদভাষ্য সহ। কলকাতা : সদেশ, ১৪১৪ বঙ্গাব্দ।

বাচস্পতিমিশ্র। সাংখ্যতত্ত্বকৌমুদী। সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী। কোলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার,
১৪০৬ বঙ্গাব্দ।

শ্রীমদ্ভাগবত। সম্পা. রাধাবিনোদ গোস্বামী। কলকাতা : গিরিজা লাইব্রেরী, ১৯৯৩।

English:

Basel, Peter Charles. *The Samkhya System of the Bhagavata Purana*. University of Iowa: (unpublished thesis), 2012.

Hulin, Michel. *A History of Indian Literature, vol. VI, fasc.3: Samkhya Literature*. Wiesbaden: Otto Harrassowitz, 1978.

Larson, Gerald James. *Classical Sāṃkhya*. Delhi: Motilal Banarsidass, 2011.

महाभाष्योक्तलोकन्यायानां वर्तमानसमाजे प्रासङ्गिकता स्वर्णलता पण्डा

शोधनिबन्धसारः

पाणिनीयं व्याकरणं न केवलं शब्दानां साधुत्वसम्पादने, प्रयोगोपपादने, अथवा प्रयोगार्हभूतानां शब्दानां वैज्ञानिकैरुपायैः सम्यग्परिशीलने चोद्दिष्टं वर्तते। अपि तु वर्तमानसमाजस्य सामाजिकावस्थायाः अर्थनैतिकावस्थायाश्च विकाशसाधने, धार्मिक-सांस्कृतिक-दार्शनिकतत्त्वानां तात्त्विकावबोधने च शास्त्रस्यास्य योगदानमतीव महत्त्वपूर्णं वर्तते इति तदनुशीलनात् प्रतिभाति। सूत्र-वार्तिक-भाष्यसंरचनेन तद्व्याकरणं त्रिमुनिव्याकरणभावेन ख्यातम्, यत्र महाभाष्यकारः पतञ्जलिः सैद्धान्तिक आचार्यभावेन ख्यातः। महाभाष्ये शास्त्रीयसिद्धान्तस्य समर्थने उपपादिताः बहवः लोकन्यायाः सामाजिक-राजनैतिकार्थनैतिकादिकं तत्त्वं साधयन्ति, तथैव दार्शनिकमूल्यबोधमपि निरूपयन्ति। महाभाष्ये चतुरशित्याद्विकेषु प्रायतः शताधिकाः लोकन्यायाः सन्ति, यत्र सर्वत्र शास्त्रियतत्त्वैः सह लौकिकतत्त्वानामपि निदर्शनं विहितं जायते। येषां सामाजिकदृष्ट्या दार्शनिकदृष्ट्या च अनुशीलनं परिशीलनं समीक्षणञ्च सर्वथा अपेक्षितं जायते। यथा- यत्कूटस्थेष्वविचालेषु - न्यायः। अत्र सिद्धशब्दः तस्य नित्यत्वं साधयितुं शब्दार्थयोः सम्बन्धः नित्य इति प्रतिपादितः। अस्मिन् न्याये ईश्वरः कूटस्थोऽविचाली इत्यपि वक्तुं शक्यते। नित्यः सर्वव्यापक ईश्वर एवास्ति, यत् खलु दर्शनस्य मूलतत्त्वरूपेण सर्वजनविदितः। ईश्वरस्य नित्यत्वं दर्शनशास्त्रेषूपलभ्यते। शब्दस्य नित्यत्वं तु व्याकरणे यथा शब्दस्य नित्यता प्रतिपादने कूटस्थाविचालयोः प्रयोगः दृश्यते, तथा ईश्वरस्य नित्यत्वप्रतिपादनेऽपि कूटस्थ-अचल- ध्रुवशब्दानां प्रयोगो वर्तते। येषां प्रायः समानार्थो भवति।

अतः यत्कूटस्थेष्वविचालेषु न्यायः दार्शनिकविचारेण ईश्वरस्य नित्यतां सर्वव्यापकतां च प्रतिपादयति। कूटस्थरूपं अविचाल्यवस्थां वा सूचयतीति, तथैव सामाजिकदृष्ट्या अपि समाजस्य हितसाधनाय मनसः स्थिरतामवलम्ब्य परिवारस्य समाजस्य वा कूटस्थरूपं सर्वथा स्वीकृत्य कर्मणि प्रवृत्ताय प्रेरयति। विषयबाहुल्यात् एतेषां सर्वेषां लोकन्यायानामेतादृशं समीक्षणं समयसापेक्षमिति धिया कतिपयन्यायानां शास्त्रीयतथ्योपपादनपुरःसरं वर्तमानसमाजे तेषां प्रासङ्गिकताविषयमुत्तरीकृत्य संक्षेपेन त्रयोपस्थाप्यते।

कूटशब्दाः लोकन्यायः, महाभाष्यम्, समाजः, नित्यः, प्रासङ्गिकता

लोकन्यायानां वर्तमानसमाजे प्रासङ्गिकता

‘पाणिनीयं काणादं च सर्वशास्त्रोपकारकम्’ इति धिया पाणिनीयं व्याकरणं न केवलं शब्दानां साधुत्वसम्पादने, प्रयोगोपपादने, अथवा प्रयोगार्हभूतानां शब्दानां वैज्ञानिकैरुपायैः सम्यग्परिशीलने चोद्दिष्टं वर्तते। अपि तु वर्तमानसमाजस्य सामाजिकावस्थायाः अर्थनैतिकावस्थायाश्च विकाशसाधने, धार्मिक-सांस्कृतिक-दार्शनिकतत्त्वानां तात्त्विकावबोधने च शास्त्रस्यास्य योगदानमतीव महत्त्वपूर्णं वर्तते इति तदनुशीलनात् प्रतिभाति। सूत्र-वार्तिक-भाष्यसंरचनेन तद्व्याकरणं त्रिमुनिव्याकरणभावेन ख्यातम्। ‘त्रयः मुनय अस्मिन् वंश्ये’ इति तात्पर्यात् यद्यपि तत् त्रिमुनिव्याकरणं विशेषतः पाणिनिना प्रोक्तमित्याशयेन (सूत्रकारस्य पाणिनेः अष्टाध्यायीमवलम्ब्य वार्तिककारस्य कात्यायनस्य वार्तिकसंयोजनं, सूत्रवार्तिकयोरुपरि व्याख्यानं विधाय पतञ्जलेः भाष्यसंरचनमिति धिया) तत्

पाणिनीयमिति कालगरिम्ना पाणिनीयपरिधिं प्रवृत्तिं वाऽऽधारीकृत्य प्रवर्त्तते, तथापि 'यथोत्तरमुनीनां प्रामाण्यम्' इति न्यायेन तत्र आचार्यपतञ्जलेराशयः सर्वथा सिद्धान्तत्वेन स्वीक्रियते विपश्चिद्भिः शब्दशास्त्रकारैः। अतः लिखितं महाभाष्यं प्रामाणिकग्रन्थत्वेनापि सर्वत्र प्रसिद्धिमवगम्यते। पाणिनीयसूत्राणां व्याख्यानावसरे वार्तिकानां प्रत्येकमुन्मोच्य सूत्राणां तात्पर्यसाधनम् — यद्यपि ग्रन्थस्यास्य प्रमुखमुद्देशयम्, तथापि तत्र प्रतिपादितेषु विषयसमूहेषु, बहुविधानां सामाजिकार्थनैतिक-वैज्ञानिकतथ्यानां, धार्मिक-सांस्कृतिक-दार्शनिकतत्त्वानां च परिचयः प्रयतो सूत्राणां व्याख्यानावसरे तत्र प्रतिपादितेषु विभिन्नेषूदाहरणेष्वपि तात्कालिकस्थितिं निरूप्य तदानीन्तनसमाजस्य स्वरूपं नीर्णयते, विशेषतः तत्र महाभाष्ये शास्त्रीयसिद्धान्तस्य समर्थने उपपादिताः बहवः लोकन्यायाः सामाजिक-राजनैतिकार्थनैतिकादिकं तत्त्वं साधयन्ति, तथैव दार्शनिकमूल्यबोधमपि निरूपयन्ति। दृश्यते प्रयते अनेनेति इति धिया दार्शनिकविचारः तत्र सर्वथा निरूप्यते। महाभाष्ये चतुरशित्याह्निकेषु प्रायतः शताधिकाः लोकन्यायाः सन्ति, यत्र सर्वत्र शास्त्रियतत्त्वैः सह लौकिकतत्त्वानामपि निदर्शनं विहितं जायते। येषां सामाजिकदृष्ट्या दार्शनिकदृष्ट्या च अनुशीलनं परिशीलनं समीक्षणञ्च सर्वथा अपेक्षितं जायते। यथा —

यत्कूटस्थेष्वविचालेषु - न्यायः

रूपखानकवद् न्यायः

कृत्रिमाकृत्रिमयोः कृत्रिमे कार्यं सम्प्रत्ययः

विश्वगुरानीयतामिति न्यायः

मण्डूकप्लुत्या न्यायः

प्रासादवासिन्यायः

नष्टदधरयवत् न्यायः

न हि देवदत्तस्य हन्तारि हते देवत्रस्य प्रादुर्भावो भवति इति न्यायः

सम्बन्धिशब्दा मातरि वर्तितव्यम् - इत् न्यायः

न हि भूक्तवानपि पुनर्भूक्ते कृतश्मश्रूश्च पुनः श्मश्रूणि कारयति इति न्यायः

शवताभिधानं तावतां प्रयोगे इत्यादयः न्यायाः —।

यद्यपि विषयबाहुल्यात् एतेषां सर्वेषां लोकन्यायानामेतादृशं समीक्षणं समयसापेक्षमिति धिया 'यत्कूटस्थेष्वविचालेषु...' इति केवलमेकस्यैव लोकन्यायस्य सामाजिकदृष्ट्या दार्शनिकदृष्ट्या च समीक्षणमत्र प्रतिपादयितुमुत्सहे। अनेन साकमन्येषां कतिपयन्यायानामपि वर्तमानसामाजे प्रासङ्गिकताविषयमुरोरीकृत्य संक्षेपेन प्रतिपादनं विधीयते।

'यत्कूटस्थेष्वविचालेषु...' इत्ययं न्यायः महाभाष्यस्य पस्पशाह्निके 'सिद्धे शब्दार्थसम्बन्धे' इत्यस्मिन् वार्तिकसन्दर्भे पतञ्जलिना समुपस्थापितः। यदुक्तं तत्र — अथ सिद्धशब्दस्य कः पदार्थः। नित्य पर्यायवाची सिद्धशब्दः। कथं ज्ञायते।

यत्कूटस्थेष्वविचालेषु - न्यायः

'यत्कूटस्थेष्वविचालेषु' इत्ययं न्यायः सिद्धे 'शब्दार्थसम्बन्धे...' अस्मिन् वार्तिकसन्दर्भे लिखितोऽस्ति। अत्र सिद्धशब्दः तस्य नित्यत्वं साधयितुं शब्दार्थयोः सम्बन्धः नित्य इति प्रतिपादितः।

अयं न्यायः महान् व्यापकोऽस्ति। शब्दो नित्यः इति वैयाकरणानां सिद्धान्तो वर्तते, परं प्रक्रियादशायां शब्दस्य काल्पनिकमनित्यत्वमपि स्वीक्रियते। यथा 'अदर्शनं लोपः'^१ अनेन सूत्रेण प्रक्रियायां निर्बोदुं लोपः स्वीक्रियते 'इको यणचि'^२ अनेन सूत्रेण इकारस्य स्थाने यकारः क्रियते, एवमन्यत्रापि लोपप्रत्ययागमादेशादयः सर्वा अपि प्रक्रिया अनित्यत्वेनैव स्वीक्रियन्ते। परं सिद्धान्तस्तु नित्यत्वमेवेति व्याहरति।

शब्दस्य नित्यत्वविषये सर्वेषां वैयाकरणानां एकमतमस्ति। मन्ये तन्मतं पोषयितुं पतञ्जलिना 'सिद्धे शब्दार्थसम्बन्धे...' इति वार्तिकः उद्धृतः स्वीकृतश्च। यथा शब्दस्य प्रक्रियायाश्चेति भेदद्वयं विहितं तथैव अत्रापि सिद्धशब्दः।

प्रसङ्गोऽस्मिन् महाभाष्यस्य पस्पशाह्निके उक्तं यत् — 'सिद्धे शब्दार्थसम्बन्धे - सिद्धे शब्दे अर्थे सम्बन्धे चेति अथ सिद्धशब्दस्य कः पदार्थः नित्यपर्यावाची सिद्धशब्दः। कथं ज्ञायते यत्कूटस्थव्यविचालेषु भावेषु वर्तते। तद्यथा - सिद्धा द्यौः सिद्धा पृथिवी, सिद्धमाकाशमिति'^३।

अत्र विशेषः यत् सिद्धमन्नं सिद्धः सूपः इत्याद्युदाहरणेन अनित्यत्वमपि लक्ष्यीक्रियते। नायं न्यायः लौकिकः, अयं तु वैदिकः न्यायोऽस्ति। अनित्यत्वपक्षे तु वयं तथैव तर्कयामः यथा भगवता रामकृष्णादिना शरीरं धारयित्वा लोके जायमानं सुखदुःखादिकं अनुभूतम् तथैव अनित्यत्वमस्ति। अस्मिन् न्याये शब्दस्य नित्यत्वसाधनाय कूटस्थ-अविचालीशब्दयोर्ग्रहणं कृतम्। कूटशब्दस्यार्थः - अयोधनः^४। विचालशब्दस्यार्थः स्थानान्तरसंक्रमा^५ वर्तते।

किञ्च शब्दार्थयोर्नित्यसम्बन्धोऽयमर्थोऽपि^६ अस्मिन् सन्दर्भे लभते। ईश्वरः सर्वव्यापकः तथैव शब्दोऽपि सर्वव्यापकः सर्वत्राकाशत्वात्। अन्यैः शास्त्रकारैरपि शास्त्रान्तरेषु शब्दार्थयोर्तुलना पार्वतीपरमेश्वराभ्यां सह स्वीकृता। स्फोटरूपं यतः सर्वं जगदेतद्विवर्तते इति धिया स्फोटरूपस्य शब्दस्य नित्यत्वमङ्गीकृतं जायते। तत्त्वस्यास्य प्रमाणीकर्तुं कानिचित् तथ्यान्यत्र समुपस्थापितानि।

१. महाभाष्यस्य पस्पशाह्निकम्

क. विचालः - स्थानान्तरसंक्रमा^४

ख. रूपान्तरापत्तिर्विचालः^५

ग. अयो हन्यते अस्मिन्निति अयोधनः।^६

अत्र ईश्वरस्य सर्वव्यापकतेव शब्दस्य सर्वव्यापकत्वं ब्रह्मरूपत्वमपि निरूपितम्।

१. ईशोपनिषद् -

ईशाव्यासमिदं सर्वं यत्किञ्च जगत्यां जगत्।^७

२. वाक्यपदीय ब्रह्मकाण्डम् -

न सोऽस्ति प्रत्ययलोके यः शब्दानुगमादृते।

अनुबिद्धमिव ज्ञानं सर्वं शब्देन भासते।^८

अत्र तात्पर्यं तु ईश्वर एव स्रष्टा, सर्वनियन्ता, विधाता, संहर्ता च। ईश्वरेणैव जगदिदं गतिशीलम्। ईश्वरेणैव जगदिदं परिव्याप्तम्। ईश्वरं विना न किमपि सम्भवति। तथैव शब्दज्ञानं विना न किमपि लभते। शब्देनैव जगदिदं गतिशीलम्। जगति सर्वं किञ्चित् शब्देनैवावभासते।

३. रघुवंशमहाकाव्ये मंगलाचरणम् -

वागर्थाविवसम्पृक्तौ वागर्थप्रतिपत्तये।

जगतः पितरौ वन्दे पार्वतीपरमेश्वरौ ॥^{१९}

एव च अर्थश्च वागर्थौ। शब्द एव अर्थापगूढः। परस्परं परस्परस्य परिपूरकः। अतः द्वयोः सम्बन्धः नित्यः।

४. महाभाष्यस्य पस्पशाह्निकम् -
सिद्धे शब्दार्थसम्बन्धे।^{२०}

एव नित्यस्य पर्यायवाची सिद्धशब्दः। अतः शब्दार्थयोः सम्बन्धः नित्य इति प्रतिपादितः।

५. भूषणसारस्य मंगलाचरणम् -
श्रीलक्ष्मीरमणं नौमि गौरीरमणमूपिणम्।
स्फोटरूपं यतः सर्वं जगदेतद्विवर्तते ॥^{२१}

वर्तमानसमाजे न्यायस्यास्य प्रासङ्गिकता -

एभिः प्रमाणैरपि शब्दो नित्यः परिलक्ष्यते। अस्मिन् न्याये ईश्वरः कूटस्थोऽविचाली इत्यपि वक्तुं शक्यते। नित्यः सर्वव्यापक ईश्वर एवास्ति, यत् खलु दर्शनस्य मूलतत्त्वरूपेण सर्वजनविदितः। ईश्वरस्य नित्यत्वं दर्शनशास्त्रेषूपलभ्यते। शब्दस्य नित्यत्वं तु व्याकरणे यथा शब्दस्य नित्यता प्रतिपादने कूटस्थाविचालयोः प्रयोगः दृश्यते, तथा ईश्वरस्य नित्यत्वप्रतिपादनेऽपि कूटस्थ-अचल-ध्रुवशब्दानां प्रयोगो वर्तते। येषां प्रायः समानार्थो भवति।

एवं अन्यैः शास्त्रकारैः पूर्वं शब्दस्य तन्नित्यत्वं दृष्टम्, पश्चात् स्वकीयेषु शास्त्रेषु तस्य प्रयोगः कृतः स्यात्। केवलं प्रक्रियानिर्वहणाय अनित्यत्वं स्वीकृत्य शब्दस्य भेदद्वयं परिकल्पितं जायते। नित्यत्वविषयेऽक्षरशब्दस्य प्रयोगोऽदृश्यते। परं तत्रापि कूटस्थशब्दस्य प्रयोगोऽस्ति।

द्वाविमौ पुरुषो लोके क्षरश्चाक्षर एव च।

क्षरः सर्वाणि भूतानि कूटस्थै अक्षर उच्यते ॥^{२२} (श्रीमद्भगवद्गीता, १५-१६)

ये त्वक्षरमनिर्देश्यमव्यक्तपर्युपासते।

सर्वत्र गमचिन्तयं च कूटस्थमचलं ध्रुवम् ॥^{२३} (धर्मविज्ञान खण्ड, ६३)

मन्त्रैवं विचार्यते यत् एकः स्फोटः नित्यो भवति, परं व्याकरणशास्त्रे परा-पश्यन्ती-मध्यमा-वैखरीभेदेन चत्वारो भेदाः कल्पिताः सन्ति।

परा वाङ्मूलचक्रस्था पश्यन्ती नाभिसंस्थिता।

हृदिस्था मध्यमा ज्ञेया वैखरी तु कण्ठदेशगा ॥^{२४}

(वाक्यपदीय, ब्रह्मकाण्डम्, पृ. ७)

तथैव ईश्वरो नित्यः कूटस्थोऽविचाली चास्ति। आकीटात् कुञ्जनपर्वन्त सर्वेषां प्राणिनामात्मा नित्यस्य ईश्वरस्यैव भेदाः सन्ति, तथैवाशयं गृहीत्वा लीके सूक्तयः सन्ति। तासु सूक्तिष्वयं संसारः ईश्वरस्यैव भेदप्रभेदभूतो वर्तते। सृष्टिनियामकः एक एवास्ति तथैव शब्दोऽपि इति तात्पर्यम्। वाक्यपदीये उत्पादविनाशशालित्वात् ध्वनेर्नाशो भवति न तु शब्दस्या। ईश्वरस्य नित्यत्वं शास्त्रसिद्धमस्ति लोकसिद्धं च। एवं शब्दस्यापि नित्यत्वं शास्त्रसिद्धमस्ति लोकसिद्धं च। उदाहरणार्थमत्र कैश्चित् श्लोकैः सह तुलना कृता अस्ति। यथा शब्दः ब्रह्मरूपः, अनादिरिति शास्त्रसिद्धत्वं साधयति, तथैव जगतः विवर्तनं प्रक्रियानिर्वहणं च संसाध्य लोकसिद्धत्वं सूचयति। अत एवोक्तं —

अनादिनिधनं ब्रह्म शब्दतत्त्वं यदक्षरम्।

विवर्तते अर्थभावेन प्रक्रिया जगतो यतः ॥^{२५}

एकस्येश्वरस्य भेदप्रभेदोऽपि लौकिकत्वं साधयति। तथैव शब्दोऽपि भेदप्रभेदेन शास्त्रप्रक्रियां निर्वाहयति। यतो हि शास्त्रस्य व्यवहारो लोके प्रतिपदं दृश्यते। यथा शब्दः व्याकरणस्य मूलभूतः प्रधानभूतश्च तथैव ईश्वरो जगतः कृते प्रधानभूतः। तस्य सप्तपदार्थाः नवद्व्याणि, चतुर्विंशतिगुणाः, ईश्वरस्य सजां साधयन्ति।

१. वाक्यपदीयस्य ब्रह्मकाण्डम्, कारिका २

एकमेव यदाम्नातं भिन्नं शक्तिव्यपाश्रयात् ।
अपृथकत्वेऽपि शक्तिभ्यः पृथकत्वेनैव वर्तते ॥^{२६}

२. वाक्यपदीयस्य ब्रह्मकाण्डम्

उत्पत्तौ च स्थितौ चापि विनाशे चापि तद्वताम् ।
निमित्तं कालमेवाहुर्विभक्तेनात्मना स्थितम् ॥^{२७}

३. वाक्यपदीयस्य ब्रह्मकाण्डम्, कारिका १

भर्तृहरिस्तावत् शब्दाद्वैतवादस्य प्रवक्ता । तन्मते शब्दात्मकं ब्रह्म अनादिरूपं, निधनरहितम्, अक्षरमपि च नित्यम्। शब्दब्रह्म एवार्थरूपेण जगतः प्रक्रियारूपं विवर्तञ्च साधयति। तन्मते जगदिदं शब्दब्रह्मणो विवर्तरूपम्। तथा हि न्यगादि तेन वाक्यपदीये ब्रह्मकाण्डे —

अनादिनिधनं ब्रह्मं शब्दतत्त्वं यदक्षरम्।

विवर्ततेऽर्थभावेन प्रक्रिया जगतो यतः॥^{२९} इति (वा. प. १।१)

अस्मान्मतवादात् भर्तृहरिः न केवलं शब्दाद्वैतवादस्य प्रवक्ता, अपि च शब्दविवर्तवादस्यापि प्रथमः प्रवक्तेति प्रमाणितम्। ब्रह्मकाण्डे स्फोटसंज्ञा, तस्य भेदाः, व्याकरणप्रयोजनं, शब्दाद्वैतवादे मोक्षस्वरूपं, मोक्षमार्गादयो व्याख्याताः। भर्तृहरिमते व्याकरणं प्रधानं वेदाङ्गमपि च मोक्षप्राप्तिसोपानम्। तथा चोक्तं तेन —

इदमाद्यं पदस्थानं सिद्धिसोपानपर्वणाम्।

इयं सा मोक्षमाणानामजिह्वा राजपद्धतिः॥^{३०} इति (वा. प. १।१६)

भर्तृहरिमते जगत्प्रपञ्चस्य मूलकारणं हि शब्दब्रह्म। शब्दब्रह्म अखण्डम्। अपि च, स्फोटात्मकशब्दरूपम्। स्फोटात्मकः शब्दो नित्य एकोऽद्वितीयश्च। स्फोटात्मकः शब्दः अभिव्यङ्ग्यः। अस्य व्यञ्जको भवति नादरूपो ध्वनिः। एकः शब्दः प्रक्रिययैव भिन्नार्थे प्रयुज्यते।

द्वावुपादानशब्देषु शब्दौ शब्दः विदो विदुः।

एको निमित्तं शब्दानामपरोऽर्थे प्रयुज्यते॥^{३१}

अतः यत्कूटस्थेष्वविचालेषु न्यायः दार्शनिकविचारेण ईश्वरस्य नित्यतां सर्वव्यापकतां च प्रतिपादयति। कूटस्थरूपं अविचाल्यवस्थां वा सूचयतीति, तथैव सामाजिकदृष्ट्या अपि समाजस्य हितसाधनाय मनसः स्थिरतामवलम्ब्य परिवारस्य समाजस्य वा कूटस्थरूपं सर्वथा स्वीकृत्य कर्मणि प्रवृत्ताय प्रेरयति। पुनश्च गतिशीलस्यास्य जगतः नियामकं ध्रुवम्-अविचालि-अनपायोजनविकारिमूलभूतं कूटस्थं किञ्चित् तत्त्वमस्ति, तदेव ब्रह्म। तदेव जगतः विवर्तोपादानम्। एतदेव सत्यस्य वास्तवं स्वरूपम्। एतदेव नित्यम्। उक्तञ्च नित्यस्य स्वरूपं महाभाष्यकारेण पतञ्जलिना तदीय महाभाष्यग्रन्थे - नित्यस्य लक्षणं तु यत् कूटस्थं ध्रुवम्-अविचालि-अनपायोजनविकारिमूलभूतं- ... ब्रह्मरूपधारकं नित्यस्वरूपमिदं सत्यं जगतः नियामकम्। सत्येनैव राष्ट्रमनुदिनं गच्छति, वृद्धिं प्राप्नोति च। भूक्तवन्तं ब्रूयात् मा भू... इति न्यायः —

चूर्णिकारः स्थानेऽन्तरतमे इति व्याख्यावसरे महाभाष्ये भुक्तवन्तं ब्रूयात् माभूक्ता न्यायं स्वीचकार। अस्य न्यायस्यायमर्थः यदि कश्चिज्जनः पूर्वभोजनं करोति तदनन्तरं कश्चिज्जनः तं वारयति तस्य निवारणं व्यर्थं भवति। न्यायस्तु स्थानेऽन्तरतमः सूत्रे संगृहीतोऽस्ति। लोकेऽपि यदि कश्चित् जनः किमपि कुकर्म कुर्यात् तदनन्तरं तस्य निवारणं व्यर्थं भवति। अत्र भाष्यकारस्यायमाशयः यदि किमपि कर्तव्यं भवति, तस्य विषये पूर्वं चिन्तनमावश्यकं भवति, तस्य पितरौ तं पूर्वमेव निवारयति तदेव शिक्षायाः सरणी वर्तते। यदि कश्चिदित्यं चिन्तयति, सत्यापराधे वयं झटिति अपाकुर्म इति कदापि सम्भवितुं नैव शक्यते। एवं विधाः सूक्तयः लोके दृश्यन्ते तसां सूक्तीनां भावः प्रायः पूर्णतया न्यायेन संगच्छते।

यथा भवने वह्निव्याप्तौ सत्यां हवनं कृत्वा हुतभुजं शमयितुं न प्रभवामस्तथैवायं न्यायः अस्मानुपदिशति। लोके प्रायः सर्वे अपि समीहन्ते यत् किमपि कर्म सुवितार्य कर्तव्यम्। इयमाशयं गृहीत्वा वहवः कवयः विभिन्नासु भाषासु अकथयन्।

तेना किञ्चित् प्रकारान्तरेण यदि वयं विचारयामः तदा यत् यस्य कृते आवश्यकं तदेव तस्मै दातव्यम्। यदि धनीनामपि कर्तव्यं स्यात् तदा दरिद्राणां कृते कल्याणाय भवति न तु धनिकानाम्।

1. बृहद् अनुवादचन्द्रिका (च. नौ., पृ. ४८८, सं १०)

क. न कृपखननं युक्तं प्रदीप्ते वह्निना गृहे

ख. हिमवति दिव्यौषधयः शीर्षे सर्वः समाविष्टः

यथा केनचित् भोजनं कृतम्, तदनन्तरं यदि कश्चित् निवारयेत् तस्य निवारणं सर्वदैव व्यर्थं भवति। शास्त्रे तु तस्य समाधानं विहितं प्रकल्प्य च अपवादविषयान् तत उत्सर्गः प्रवर्तते। अनया परिभाषया समाधानं कृतं परं लोके अयं न्यायः सर्वोपकारकः मार्गदर्शकश्च वर्तते। प्रायः अहं तु मन्ये सर्वस्मिन् लोके यत् सर्वे अपि जनाः कार्यात् प्राक् सर्वतोभावेन चिन्तनं कुर्वन्ति।

कृत्रिमाकृत्रिमयोः कृत्रिमे कार्यसम्प्रत्ययः - इति न्यायः -

अहिपतिना बहुगणवतुडति संख्या इति सूत्रभाष्ये कृत्रिमाकृत्रिमयोः कृत्रिमे कार्य सम्प्रत्ययः इति लौकिकन्यायः अङ्गीकृतः।

व्याकरणे लक्ष्याः शब्दाः लक्षणानि सूत्राणि। लक्षणानां सिद्ध्यर्थं कृत्रिमानां संज्ञानामेव माहात्म्यमस्ति। लोके तु द्वयमेव दृश्यते कृत्रिम अकृत्रिमश्च। अपि ये मिथ्यावादिनो भवन्ति ते सर्वमपि कृत्रिमं दर्शयन्ति। परं तेषां कृत्रिमत्वं लोकानां हानिकारको भवति। अथवा कृत्रिमाकृत्रिमशब्दयोः प्रयोगः सत्यमिथ्याशब्देनापि वेदान्तशास्त्रे दृश्यते। तत्र मिथ्या - कृत्रिमः, अकृत्रिमं सत्यम्। तत्र तु यद्यपि व्याकरणतुल्यं कृत्रिमत्वं नास्ति तथापि जगत् कृत्रिममिव भाषते। एतद्वक्तुं तु कठिनमस्ति यल्लोके सर्वमपि कार्यं कृत्रिमं भवति।

मन्मते लोके एवं दृश्यते प्रायः जनाः आडम्बरेण अथवा चाकचक्येन अधिकमुह्यन्ति ते वास्तविकतां न पश्यन्ति।

१. वयसि गते कः कामविकारः शुष्के नीरे काका सारः।

अयं व्याकरणशास्त्रस्य प्रधानभूतो न्यायः अस्ति। अस्य प्रयोगः केवलं संज्ञानां कृते वर्तते। जनाः लोके जानन्ति यदीश्वरोऽकृत्रिमो जगच्च कृत्रिमम् स्त्रिपुत्रादयोऽपि कृत्रिमः, तथापि अकृत्रिमम् ईश्वरं विहाय कृत्रिमे संसारे कार्यं कुर्वन्ति, तस्य प्राप्त्यर्थं यतन्ते। अस्य न्यायस्य भावात्मकः प्रभावो वर्तमानसमाजे अनेकत्र परिलक्ष्यते। विषयस्यास्य प्रतिपादनं बहुषु शास्त्रेषु काव्यानां बहुषु श्लोकेष्वपि दृश्यते।

जगति कृत्रिमशब्दः किञ्चित् अन्यार्थवाचकः मिथ्यात्वावाचकः शास्त्रे परिभाषार्थवाचकः एवं मनसिकृत्य मया तुलना क्रियते। प्रायः सर्वेष्वपि शास्त्रेषु ईश्वरमेव अकृत्रिमत्वेन वास्तविकत्वेन स्वीकृतमस्ति। यथा लोके विशेषईश्वरीयकार्याणि विधानादिकरूपेण कुर्वन्ति तथैव व्याकरणशास्त्रेऽपि संख्यादि संज्ञाः विशेषरूपेण स्वीकृता सन्ति।

एवमेव अन्ये अपि न्यायाः वर्तमानलौकिकजगतः कृते अपि प्रासङ्गिकतामावहन्तीति शम्।

उल्लेखपञ्जिः

१. संख्या वंशयेन - पा.सू., ६.२.३५।
२. प.शे.-प.सं।
३. म.भा., पस्पसाहिनकम्।
४. तदेव।
५. तदेव।
६. म.भा.-वा. - १।
७. तदेव।
८. पा. सू., १.१.६०।
९. पा. सू., ६.१.७७।
१०. म.भा.-वा. १।
११. म.भा., पस्पशा।
१२. चारुदेवः शास्त्री (संपा.), महाभाष्यम्, पस्पशाह्निकम्, पृ. २३।
१३. म.भा.-वा. - १।
१४. चारुदेवः शास्त्री (संपा.), पूर्वोक्तम्, पृ. २३।
१५. तत्रैवा
१६. तत्रैवा
१७. ईशोप.१.१।
१८. वा.प., १.१२३।
१९. र.वं., १.१।
२०. म.भा.-वा. - १।
२१. वै.भ.सा., मंगलाचरणम्।
२२. श्री.भ.गी., १५.१६।
२३. धर्मविज्ञान खण्ड, ६३।
२४. वा. प. ब्रह्म. उद्धृत, पृ. ७।
२५. वा.प.ब्रह्म., १.१।
२६. वा.प.ब्रह्म., १.२, पृ. ६।
२७. वा.प., ३.९।
२८. वा.प., १.१।
२९. तदेवा
३०. वा. प., १.१६।
३१. वा.प., १.४४।

निर्वाचितग्रन्थपञ्जिः

- द्वैपायनः। वैयाकरणभूषणसारः। संपा. प्रभाकरः मिश्रः। वाराणसीः चौखम्बा-सुरभारती-प्रकाशन, २००४।
- पतञ्जलिः। महाभाष्यम् (= व्याकरणमहाभाष्यम्)। संपा. चारुदेवः शास्त्री। व्याकरणमहाभाष्यम्, नवाह्निकम्। दिल्ली :
मोतीलाल-बनारस-दास, १९६८।
- । संपा. भार्गवशास्त्री जोशी। भाष्यप्रदीपः भाष्यप्रदीपोद्यतः संवलितः। दिल्ली : चौखाम्बाप्रतिष्ठानम्, १९८७।
- । संस्का. गुरुप्रसाद-शास्त्री। संपा. नन्दकिशोर-शास्त्री। नई देहली : राष्ट्रियसंस्कृतसंस्थानम्।
- पणिनि। अष्टाध्यायी। संपा. सत्यनारायण शास्त्री खण्डूडी। अष्टाध्यायीसूत्रपाठः। वाराणसी : कृष्णदास-संस्कृत-अकादमी,
१९८५।
- । प्रह्लादटिप्पणीसहितः। वाराणसी : कृष्णदास-संस्कृत-अकादमी। (कृष्णदास-संस्कृत-सीरीज ६५)।
- शालः, लोकमणिः (संपा.)। व्याकरणशास्त्रेतिहासः। दिल्ली : भारतीयविद्याप्रकाशन, २००७।
- द्विवेदी, कपिलदेवः (संपा.)। संस्कृतसाहित्येतिहासः। इलाहाबाद : रामनारायणलालविजयकुमार, १९८९।
- भर्तृहरिः। वाक्यपदीयम् । ब्रह्मकाण्डम् । संपा. वामदेवः आचार्यः। वाराणसी : चौखम्बा-कृष्णदास-संस्कृत-अकादमी,
१९८७।
- शुद्धोजिदीक्षितः। वैयाकरणसिद्धान्तकौमुदी । व्याख्याकारः रामचन्द्र-झा। वाराणसी : चौखम्बा-कृष्णदास-संस्कृत-अकादमी,
२००९।

English Book

Belvelkar, S.K. *Studies of Sanskrit Grammar*. Delhi: Bharatiya Vidya Prakashan, 1976.

পাণিনির দৃষ্টিতে ভারতীয় সমাজ : একটি সমীক্ষা

মানস কুমার ঘোষ

সারসংক্ষেপ :

ভাষা এবং লোকজীবনের মধ্যে এক ঘনিষ্ঠ সম্বন্ধ থাকে । এই লোক জীবনের বিবিধ অঙ্গের সঙ্গে সম্বন্ধিত শব্দ ভাষার মাধ্যমে বিবিধশাস্ত্রে প্রযুক্ত হয় । শাস্ত্র হল সমাজের মুখ তথা দর্পণ । সমাজের ভালো মন্দ সবকিছুই শাস্ত্ররূপ দর্পণে প্রতিকলিত হয় । আর এই সমাজ থেকেই রসগ্রহণ করে বিদগ্ধ রচনাকারেরা তাঁদের সৃষ্টিকে পরিপুষ্ট করে তোলেন । সুতরাং প্রাচীন থেকে আধুনিক সকল সাহিত্যকার তথা শাস্ত্রকারের রচনার সমাজের বিশ্বস্ত প্রতিচ্ছবি অভিপ্রেত । বৈয়াকরণ পাণিনির সৃষ্টিও এর ব্যতিক্রম নয় । তিনি তাঁর সমকালীন লোকজীবনকে শাব্দিকরূপে সূক্ষ্ম অধ্যয়ন করেছিলেন এবং নিজের শব্দশাস্ত্র *অষ্টাধ্যায়ী* তে পরোক্ষভাবে তা লিপিবদ্ধ করেছেন । পরোক্ষরূপে বর্ণিত পাণিনীকালীন সেই ভারতীয় সমাজটিকে ফুটিয়ে তোলাই আলোচ্য শোধপত্রের উদ্দেশ্য ।

কূটশব্দ :

সমাজ, ব্যাকরণ, পাণিনি, চতুর্বর্ণ, চতুরাশ্রম, জীবিকা, কৃষি, বাণিজ্য, বস্ত্র, অলংকার, চিকিৎসা, বিবাহ, চুরি, স্ত্রীশিক্ষা ইত্যাদি ।

ভূমিকা :

ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির ধারক ও বাহক হল সংস্কৃতসাহিত্য ও শাস্ত্র । প্রাচীন ভারতীয় মনীষীদের সমাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, ঐতিহাসিক, ভৌগোলিক প্রভৃতি সকল প্রকার চিন্তাধারার প্রতিফলন ঘটেছে সংস্কৃত বাঙ্গায়ে । এই সংস্কৃত বাঙ্গায়ে ব্যাকরণশাস্ত্রের ভূমিকা অন্যতম । মানুষের মনের ভাব প্রকাশের ক্ষেত্রে সবচেয়ে উপযুক্ত উপায় হল ভাষা । আর এই ভাষা চর্চার সঙ্গে অবিচ্ছেদ্য ভাবে জড়িয়ে আছে ব্যাকরণ চর্চা । বর্তমানে প্রচলিত ব্যাকরণগ্রন্থ গুলির মধ্যে মহর্ষি পাণিনির *অষ্টাধ্যায়ী* সর্বশ্রেষ্ঠ ব্যাকরণগ্রন্থ । পাণিনি শুধুমাত্র ত্রিমুনি ব্যাকরণের ক্ষেত্রেই নয়, শুধুমাত্র পাণিনি-সম্প্রদায়ের

ব্যাকরণগণের মধ্যেই নয়, সমগ্র সংস্কৃত ব্যাকরণশাস্ত্রের জগতেও মধ্যমণিরূপে পরিগণিত হন। এদেশে বহু রকমের সংস্কৃত ব্যাকরণ সম্প্রদায় প্রচলিত থাকলেও এই পাণিনিব্যাকরণের শ্রেষ্ঠত্বই পণ্ডিতেরা স্বীকার করে নিয়েছেন। পাণিনির ব্যাকরণকে মূলতঃ অষ্টাধ্যায়ীকে আজও বহু পণ্ডিত মানব মস্তিস্কের দ্বন্দ্বয় বলে মনে করেন।^১ বস্তুতঃ যুক্তি নির্ভর, সুশৃঙ্খল ও বৈজ্ঞানিক আলোচনার সুবাদে পাণিনি-ব্যাকরণ অন্যান্য ব্যাকরণের চেয়ে অনেক এগিয়ে রয়েছে। বৈদিক ও লৌকিক উভয় ভাষার জন্যই পাণিনি তাঁর অষ্টাধ্যায়ীতে প্রায় চার হাজার সূত্র রচনা করে ভাষায় তথা সমাজে ব্যবহৃত শব্দকে যেমন অনুশাসন করেছেন তেমনি অল্পাঙ্করাদি বিশিষ্ট মণ্ডিত সূত্রের সূক্ষ্ম বুননে তৎকালীন ভারতীয় সমাজব্যবস্থার চিত্রটিও প্রকাশ করে গেছেন। শোধপত্রের কলেবর পরিহারের নিমিত্ত সংক্ষিপ্তকারে পাণিনিকালীন সমাজচিত্রটি ব্যক্ত করা হল।

বর্ণাশ্রমব্যবস্থা :

আর্যরা যখন ভারতে প্রথম বসতি স্থাপন করে তখন এদেশের মানুষ দেহের বর্ণ অনুসারে শ্বেতকায় আর্য ও কৃষ্ণকায় আর্য - এই দুটি শ্রেণিতে বিভক্ত হয়ে যায়। পরবর্তীকালে গুণ ও কর্মের ভিত্তিতে সমাজ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র - এই চারটি শ্রেণিতে বিভক্ত হয়ে পড়ে। যারা যাগযজ্ঞ, উপাসনা, অধ্যাপনা করতেন তাঁরা ব্রাহ্মণ। যারা রাজ্য শাসন ও যুদ্ধবিদ্যায় পারদর্শী ছিলেন তাঁরা ক্ষত্রিয়। কৃষিকার্যে ও ব্যবসাবাণিজ্যে বৈশ্যরা নিযুক্ত থাকতেন। আর এই তিন বর্ণের সেবা করতেন শূদ্ররা। আবার ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য - এই তিন বর্ণের আর্যরা তাঁদের জীবনযাত্রাকে চারটি ভাগে ভাগ করেছিলেন যা চতুরাশ্রম প্রথা নামে পরিচিত। প্রথম পর্যায় ব্রহ্মচর্যে আর্য বালক গুরু গৃহে বাস করে ব্রহ্মচর্য পালন ও বিদ্যাচর্চা করত। দ্বিতীয় পর্যায়ে যৌবনে তারা সংসার ধর্ম পালন করত যা গার্হস্থ্য নামে পরিচিত। তৃতীয় পর্যায় প্রৌঢ় বয়সে তাদের সংসার ত্যাগ করে অরণ্যে গিয়ে ঈশ্বর চিন্তায় কালাতিপাত করতে হত, যা বানপ্রস্থ নামে পরিচিত। চতুর্থ পর্যায়ে সকলপ্রকার বন্ধন ছিন্ন করে তারা একমাত্র পরমার্থ চিন্তায় নিমগ্ন হত, যা সন্ন্যাস নামে অভিহিত।

মহর্ষি পাণিনির সময়েও ভারতীয় সমাজ বর্ণাশ্রমধর্মের প্রভাবে প্রভাবিত ছিল। পাণিনি তাঁর অষ্টাধ্যায়ীতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চার বর্ণের উল্লেখ করেছেন। "গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ কর্মণি চ"^২ এই সূত্রে 'ব্রাহ্মণ' পদের উল্লেখ পাওয়া। উক্ত সূত্রে বলা হয়েছে যে, ব্রাহ্মণের আদর্শ (ভাব) ও কর্ম (আচার) এরূপ অর্থ বুঝালে ব্রাহ্মণ শব্দের উত্তর য্যৎ প্রত্যয় যোগে 'ব্রাহ্মণ্য' পদ সিদ্ধ হয় - ব্রাহ্মণস্য কর্ম ভাবো বা ব্রাহ্মণ্যম্। অন্যদিকে পাণিনি নাম মাত্র আচারহীন ব্রাহ্মণদের জন্য 'ব্রাহ্মণজাতীয়' এই বিশেষণের ধর্যোগ করেছেন 'জাত্যন্তাচ্ছ বন্ধুনি' এই সূত্রে।^৩ এখানে 'বন্ধুনি' পদটি বাহ্যিক দেখনধারী জাতির পরিচায়ক।^৪ কাশিকাকারও নাম মাত্র আচার হীন ব্রাহ্মণকে 'ব্রহ্মবন্ধু' বলেছেন। এবিষয়টি স্পষ্ট হয়

'ব্রহ্মবন্ধুতর' এবং 'ব্রহ্মবন্ধুতম' পদের প্রয়োগ থেকে ।^{১৫} সুতরাং বোঝা যাচ্ছে যে, 'ব্রহ্মবন্ধু' পদের প্রয়োগের পিছনে নিশ্চয় কোনো নিন্দা তথা ব্যঙ্গাত্মক ভাব ছিল । পাণিনি স্বয়ং বলেছেন স্বধর্ম পালনকারী ব্রাহ্মণকে বলা হত 'মহাব্রহ্ম' বা 'মহাব্রহ্মা' আর আচারহীন ব্রাহ্মণ 'কুব্রহ্ম' বা 'কুব্রহ্মা' নামে অভিহিত হত ।^{১৬} আবার পাণিনীকালীন সময়ে জনপদ অনুসারে ব্রাহ্মণের নামকরণ প্রথাও প্রচলিত ছিল। যথা - সুরাষ্ট্রেষু ব্রহ্মা, 'সুরাষ্ট্রব্রহ্মঃ' ।^{১৭} এখানে উল্লেখ্য যে, পাণিনি 'ব্রাহ্মণ' ও 'ব্রহ্মন্' শব্দদুটিকে পর্যায়বাচী শব্দরূপে *অষ্টাধ্যায়ীতে* প্রয়োগ করেছেন - "ব্রহ্মন্ শব্দো ব্রাহ্মণপর্যায়ঃ" - *তত্ত্ববোধিনী*। ভাষ্যকার পতঞ্জলিও এবিষয়ে বলেছেন - 'সমানার্থাবেতৌ ব্রহ্মন্-শব্দো ব্রাহ্মণ-শব্দশ্চ' ।^{১৮} 'ক্ষত্রিয়' বর্ণেরও উল্লেখ *অষ্টাধ্যায়ীতে* পরিলক্ষিত হয় । পাণিনির সময়ে ক্ষত্রিয়ের নামানুসারে দেশের জনপদের নাম হত। যেমন - পঞ্চগলানাং রাজা পাঞ্চগলঃ, মগধানাং রাজা মাগধঃ।^{১৯} পাণিনির 'অর্যঃ স্বামিবৈশ্যয়োঃ' সূত্রে বৈশ্য বর্ণের উল্লেখ আছে ।^{২০} পাণিনি 'শূদ্রাণামনিরবসিতানাং' (২.৪.১০) এই সূত্রে দুই প্রকার শূদ্র জাতির উল্লেখ করেছেন, যথা - অনিরবসিত শূদ্র এবং নিরবসিত শূদ্র ।^{২১}

অষ্টাধ্যায়ীতে চার বর্ণের ন্যায় চার আশ্রমেরও উল্লেখ আছে । পাণিনি এই চার আশ্রমের নাম করেছেন এরূপ - ১. ব্রহ্মচারী^{২২}, ২. গৃহপতি^{২৩}, ৩. ভিক্ষু^{২৪} এবং ৪. পরিব্রাজক^{২৫}। পাণিনির সময়ে চতুরাশ্রম ব্যবস্থা খুব উন্নত ছিল, বিশেষতঃ ব্রহ্মচর্যাশ্রম । সেই সময় একই চরণ তথা বৈদিক শিক্ষাসংস্থাতে অনেক ব্রহ্মচারী অধ্যয়ন করত এবং সেই কারণে তাদেরকে 'সব্রহ্মচারী' বলা হত ।^{২৬} তৎকালে দুই প্রকার ছাত্র ছিল - মাণব এবং অন্তেবাসী ।^{২৭} পাণিনি মাণব ছাত্রকে দণ্ডমাণবও বলেছেন ।^{২৮} সেই সময় ব্রহ্মচারীদের নামকরণ বিধি কেমন ছিল সে বিষয়ে পাণিনি বলেছেন যে, একজন ছাত্র যতদিন যাবৎ ব্রহ্মচর্য ব্রত পালন করত সেই অবধি অনুসারে তার নাম হত । যেমন - পনের দিন ব্রহ্মচর্য ব্রত পালনকারীকে অর্ধমাসিক ব্রহ্মচারী বলা হত । এরূপ এক বৎসর ব্রহ্মচর্য ব্রত পালনকারীকে সাংবৎসরিক ব্রহ্মচারী বলা হত ।^{২৯} সুতরাং দেখা যাচ্ছে যে, পাণিনির সময়ে ভারতীয় সমাজ চতুর্বর্ণ্য ও চতুরাশ্রম ধর্মের প্রভাবে প্রভাবিত ছিল ।

জীবিকা :

পাণিনীকালীন ভারতবর্ষে কৃষিকার্য ছিল মানুষের অন্যতম জীবিকা । পাণিনির বহু সূত্রে প্রযুক্ত কৃষিকার্যের সঙ্গে সম্পর্কযুক্ত অনেক শব্দ এবিষয়ে প্রমাণ । যথা - কৃষীবল^{৩০}, হল^{৩১}, হলযতি^{৩২}, কষ^{৩৩}, বাপ(ক্ষেত্র)^{৩৪}, মূলাবর্হণ(নিরান)^{৩৫} ইত্যাদি । কৃষিক্ষেত্রেরও কয়েকটি নাম পাণিনি উল্লেখ করেছেন, যথা - হল্য^{৩৬}, উষর^{৩৭}, গোচর, ব্রজ^{৩৮}, সীতা^{৩৯}। আবার ধানের নাম অনুসারে ক্ষেত্রের কয়েকটি নাম পাণিনি উল্লেখ করেছেন, যথা - ব্রৈহেয় ও শালেয়^{৪০}, যব্য, যবক্য, যষ্টিক্য^{৪১}, তিল্য-তৈলীন, মাঘ্য-মাঘীণ, উম্য-ঔমীন, ভস্য-ভাসীন, অণব্য-আণবীন^{৪২}। কৃষিকার্য তৎকালীন জনসাধারণের প্রধান জীবিকা হলেও অন্যান্য

জীবিকাও যে সেসময় ছিল তার প্রমাণ পাণিনির সূত্রে পাওয়া যায় । কৃষি ছাড়াও নর্তকী, রজক^{৩৩}, গাথক^{৩৪}, চর্মকার^{৩৫}, তন্তুবায়^{৩৬} ইত্যাদি বৃত্তি তথা জীবিকার উল্লেখ পাণিনি করেছেন । সুতরাং দেখা যাচ্ছে যে, সে সময় কৃষিকাজ ছাড়াও ছোটো বহু রকম পেশার সাথে যুক্ত থেকে মানুষ জীবিকা নির্বাহ করত ।

ব্যবসাবাগিষ্ঠ্য :

পাণিনি তাঁর বেশ কিছু সূত্রে ব্যবসা বাগিষ্ঠ্য সম্পর্কিত কতিপয় পদের প্রয়োগ করেছেন, যা তৎকালীন সময়কার ব্যবসা বাগিষ্ঠ্য বিষয়ে একটা ধারণা প্রদান করে। যেমন “প্রে বণিজাম্”^{৩৭} সূত্রে বণিক্ এবং “গন্তব্যপণ্যং বাণিজ্যে”^{৩৮} সূত্রে পাণিনি বাণিজ্য পদের প্রয়োগ করেছেন। এছাড়াও তিনি আপণ^{৩৯}, ক্রয়-বিক্রয়^{৪০}, প্রভৃতি ব্যবসা বাগিষ্ঠ্য সম্পর্কিত পদের উল্লেখ অষ্টাধ্যাযীতে পরিলক্ষিত হয়। পণ্যদ্রব্য ক্রয়বিক্রয়ের নিমিত্ত দ্বিনিষ্ক, ত্রিনিষ্ক^{৪১}, শতমান, বিংশতিক, সহস্র^{৪২} দ্বিসহস্র, অর্ধসহস্র^{৪৩}, দ্বিশত্য, ত্রিশত্য^{৪৪} ইত্যাদি মূল্য নির্ধারক শব্দের উল্লেখ অষ্টাধ্যাযীতে আছে । পাণিনি “উত্তরপথেনাহতং চ”^{৪৫} এই সূত্রে ‘উত্তরপথ’ নামক বাগিষ্ঠ্য পথেরও উল্লেখ করেছেন। এছাড়াও পাণিনির সূত্রে কিছু পণ্যদ্রব্যের নাম পাওয়া যায়, যথা - লবণ (৪।৪।৫২), কিশর (৪.৪.৫৩), শলালু (সুগন্ধিদ্রব্যবিশেষ) (৪।৪।৫৪), পণ্যকম্বল (৬।২।৪২), লাক্ষা (৪।২।২), গুড় (৪।৪।১০৩), হৈয়ঙ্গবীন (নবনীত) (৫।২।২৩), শাক (৬।২।১২৮) ইত্যাদি।

খাদ্যদ্রব্য :

পাণিনি তৎকালীন ভারতীয়দের খাদ্য সামগ্রী সম্পর্কিত কিছু তথ্য লিপিবদ্ধ করেছেন । যেমন তিনি অষ্টাধ্যাযীতে কয়েক প্রকার চালের উল্লেখ করেছেন, যথা - শালি (৫।২।২), মহারীহি (৬।২।৩৮), যষ্টিকা (৫।১।৯০), যবক (৫।২।৩) ইত্যাদি। এছাড়া পিষ্টক (৪।৩।১৪৭), যবাণ্ড (৪।২।১৩৬), অপূপ (৫।১।৪), কুল্লাব (৫।২।৮৩), পলল (৬।২।১২৮), পয়স (৪।৩।১৬০), মুদগ (৪।৪।২৫), চূর্ণ (৪।৪।২৩), জাম (৪।৩।১৬৫), আম (৮।৪।৫) ইত্যাদি দ্রব্যের উল্লেখ পাণিনির সূত্রে পাওয়া যায়, যার দ্বারা আমরা তৎকালীন মানুষের ভোজ্য দ্রব্য সম্পর্কিত একটা সুস্পষ্ট ধারণা পাইছি।

রোগ তথা স্বাস্থ্য :

অষ্টাধ্যাযীতে অর্শস্ (৫।২।১২৭), কুষ্ঠ (৮।২।৯৭), বিক্ষার্ব (৩।৩।২৫), সংজ্বর (৩।২।১৪২), হৃদরোগ (৬।৩।৫১) ইত্যাদি রোগের উল্লেখ পাওয়া যায় । পাণিনি রোগের পর্যায়বাচী শব্দরূপে উপতাপ (৭।৩।৬১) পদের প্রয়োগ করেছেন । সেই সময় জড়ীবুটী দ্বারা ঔষধ তৈরী হত ।^{৪৬} তাছাড়া রোগের

চিকিৎসার জন্য মানুষের মধ্যে এক বিশেষ প্রকার ভাষার চল ছিল, যথা - প্রবাহিকাতঃ কুরু, কাসতঃ কুরু ইত্যাদি।^{৪৭}

বস্ত্র ও অলংকার :

পাণিনি তৎকালে মানুষের ব্যবহৃত কিছু অলংকারের উল্লেখ করেছেন। যেমন - অঙ্গুলীয় (৪।৩।৬২), কর্ণিকা (৪।৩।৬৫), ললাটিকা (৪।৩।৬৫) ইত্যাদি। মানুষের পরিহিত কিছু বস্ত্রেরও উল্লেখ অষ্টাধ্যায়ীতে আছে, যথা - ঔর্ণক (৪।৩।১৫৮) ইত্যাদি।

অবসর বিনোদন :

অবসর বিনোদনের উপায় হিসাবে পাণিনীকালীন সময়ে মল্লযুদ্ধ (৩।৩।৩৬), প্রহরণক্রীড়া (৪।২।৫৭), মৃগয়া (৫।৪।১২৬) অক্ষক্রীড়া (৪।৪।১৯) ইত্যাদি ক্রীড়ার ব্যবস্থা ছিল। এছাড়া আমোদ প্রমোদের জন্য নাচ (৩।৩।৯৫), গান (৩।১।১৪৫), বাদ্য (দর্দূর - ৪।৪।৩৪, মড্‌ডুক - ৪।৪।৫৬, ঝর্ঝর - ৪।৪।৫৬) এমন কি অভিনয়েরও^{৪৮} আয়োজন থাকত।

চৌর্যবৃত্তি :

পাণিনির সময়ে সমাজে চুরির প্রকোপ অধিক মাত্রায় ছিল বলা যায় কারণ বেশ কিছু সূত্র, বার্তিক বা বৃত্তিতে চৌর্যবৃত্তি সম্পর্কিত তথ্য পরিলক্ষিত হয়। যেমন - "ভীত্রার্থানাং ভয়হেতুঃ"^{৪৯} - এই সূত্রের বৃত্তিতে বলা হয়েছে - 'চৌরাং বিভেতি, চৌরাং ত্রায়তে'। "অন্তর্ধৌ যেনাদর্শনমিচ্ছতি"^{৫০} - এই দীক্ষিতকৃত ব্যাখ্যায় বলা হয়েছে - চৌরান্ন দিদৃক্ষতে। "রুজার্থানাং ভাববচনানামজ্বরেঃ"^{৫১} এই সূত্রের ব্যাখ্যায় বলা হয়েছে - 'রোগস্য চৌরস্য রুজা'। "জাসিনিপ্রহণনাটক্রাথপিষাং হিংসায়াম্"^{৫২} - এই সূত্রের বৃত্তিতে বলা হয়েছে - চৌরস্যাজ্জাসনম্। চৌরস্য নিপ্রহণম্। "পঞ্চমী ভয়েন"^{৫৩} এই সূত্রের ব্যাখ্যায় বলা হয়েছে - চৌরাভয়ং চৌরভয়ম্। "কণ্ঠাদিভ্যো যক্"^{৫৪} এই সূত্রের ব্যাখ্যায় বলা হয়েছে - চুরণ চৌর্যে। "অমনুষ্যকর্তৃকে চ"^{৫৫} এই সূত্রের ব্যাখ্যায় বলা হয়েছে - 'চোরঘাতো নগরঘাতো হস্তীতি তু বাহুলকাদপি'। সুতরাং দেখা যাচ্ছে যে, উক্ত সূত্রগুলির ব্যাখ্যায় কোথাও চুরি, কোথাও চোর কোথাও চোর থেকে ভয় বা রক্ষার কথা বলা হয়েছে। অতএব এর দ্বারা প্রমাণিত হয় যে পাণিনির সময়ে কিছু মানুষের কাছে চুরি একটা বৃত্তিতে পরিণত হয়েছিল।

বিচারব্যবস্থা :

পাণিনির যুগে রাজা ছিলেন সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। এই কারণে 'রাজা' পাণিনীয় ব্যাকরণে 'পার্শ্ব', 'ঈশ্বর', 'ভূপতি' প্রভৃতি বিশেষণে বিভূষিত^{৫৬}। রাজাকে সহায়তার জন্য পাণিনি মন্ত্রীপরিষদের উল্লেখ

করেছেন।^{৫৭} পরিষদে মন্ত্রীর কোনো সংখ্যা উল্লেখ করেননি তবে তিনি 'আর্যব্রাহ্মণ'(মুখ্যমন্ত্রী), 'আর্যকুমার'^{৫৮}, 'রাজব্রাহ্মণ', 'রাজকুমার'^{৫৯}, 'রাজপুত্র'^{৬০}, 'পুরোহিত'^{৬১} প্রভৃতি বিশিষ্ট ব্যক্তিত্বের কথা বলেছেন। পাণিনি তাঁর সূত্রে ন্যায়ালয়ের সহিত সম্পর্কিত কিছু শব্দের প্রয়োগ করেছেন, যথা - 'ধর্মপতি'^{৬২} এটি সম্ভবত ধর্মাধ্যক্ষের জন্য প্রযুক্ত হত। 'স্থেয়'^{৬৩}, 'পরিবাদী'^{৬৪}, 'পরিবাদক'^{৬৫}, 'সাক্ষী'(বিবাদস্য বিবাদে সাক্ষী), 'প্রতিভূ'^{৬৬} ইত্যাদি। পাণিনির সময়ে যেমন অসামাজিক অপরাধমূলক কার্যের কিছু নিদর্শন পাওয়া যায় (চুরি^{৬৭}, লুণ্টাক^{৬৮}, ব্রহ্মহত্যা, জ্ঞানহত্যা^{৬৯}) তেমনি অপরাধ করলে দণ্ডবিধানেরও ঐঙ্গিত পাণিনি দিয়েছেন। তিনি "দণ্ডব্যবসর্গয়োশ্চ"(৫।৪।২) এই সূত্রে অর্থ (দ্বিশতিকাং দণ্ডিতঃ) দণ্ডের কথা বলেছেন। আবার 'দণ্ডমহতি দণ্ডঃ'^{৭০} এরূপ শারীরিক দণ্ডের কথাও বলেছেন।

বিবাহ :

পাণিনি বিবাহের পর্যায়বাচী শব্দরূপে 'উপযমন'^{৭১} এবং 'স্বকরণ'^{৭২} শব্দের প্রয়োগ করেছেন। "নিত্যং হস্তে পাণাবুপযমনে" (১।৪।৭৭) এই সূত্রে পাণিনি বলেছেন পতি কর্তৃক পত্নীর পাণিগ্রহণ রূপ কার্যের পরই বিবাহ সংস্কার সম্পন্ন হত। এবিষয়ে তিনি 'পাণৌকৃত্য' এবং 'হস্তেকৃত্য' এই দুটি বিবাহের পর্যায়বাচী পদের উল্লেখ করেছেন। বিবাহ সম্পন্নের ক্ষেত্রে বর দ্বারা বধূর পাণি গ্রহণের মহত্ত্ব ঐর্ভিককার কাত্যায়নের উক্তি স্পষ্ট বোধগম্য হয়, তিনি বলেছেন 'পাণিগৃহীতী' শব্দটি বিধিবৎ পরিণীতা স্ত্রীর জন্য প্রযোজ্য আর 'পাণিগৃহীতা' শব্দটি বিধিবাহ্য স্ত্রীর জন্য প্রযোজ্য।^{৭৩} যে কন্যাকে পুরুষ বিবাহ করত তাকে কুমারী হতে হত।^{৭৪} বিধিবৎ পরিণীতা স্ত্রী পতির সহিত যজ্ঞ কর্মে অংশ গ্রহণ করতে পারত কিন্তু বিধিবাহ্য স্ত্রীর সেই অধিকার ছিল না।^{৭৫}

শিক্ষা :

সুপ্রাচীন বেদের যুগ থেকেই যে এদেশে নারী শিক্ষার প্রচলন ছিল তা গার্গী, মৈত্রেয়ী প্রমুখ বিদূষী রমণীগণের কাহিনী থেকে স্পষ্ট জানা যায়। পাণিনির সময়েও শিক্ষাক্ষেত্রে নারীদের যথেষ্ট সম্মানিত স্থান ছিল। সেই সময় নারীরা ব্যাকরণ শাস্ত্রের মত জটিল বিষয়ের অধ্যয়ন করত। এবিষয়ে প্রমাণ হল- আপিশলি-ব্যাকরণ পাঠরত নারীকে 'আপিশলা' বলা হত।^{৭৬} স্বয়ং অধ্যয়নরত নারীকে বলা হত আচার্যা।^{৭৭} সেই সময় নারী শিক্ষার্থীদের জন্য ছাত্রশালারও^{৭৮} ব্যবস্থা ছিল, যা তৎকালীন স্ত্রীশিক্ষার অগ্রগামীতারই এক নিদর্শন বহন করে।

উপসংহার :

উপসংহারে বলা যায় যে, অল্পাঙ্কর বৈশিষ্ট্য মণ্ডিত সূত্রের সূক্ষ্মাতিসূক্ষ্ম নিয়মের দ্বারা পাণিনি কেবল শব্দকে অনুশাসনই করেননি, সেই সঙ্গে তার সময়ের (খ্রিঃ পূঃ চতুর্থ শতক) ভারতবর্ষের একটা সুনির্দিষ্ট

সমাজের চিত্রকেও অঙ্কন করে গেছেন । তিনি সমাজের সঙ্গে নিবিড়বন্ধনে আবদ্ধ ছিলেন বলেই নিয়মের কঠোর বন্ধনের মধ্যেও সামাজিক বিষয়গুলিকে অনায়াসেই ব্যক্ত করতে পেরেছিলেন । তিনি সমাজ সম্পর্কে অবগত ছিলেন বলেই চোর, চুরি, চোর হতে গৃহস্থের ভয় ইত্যাদি বিষয় বারংবার উল্লেখ করেছেন । তাছাড়া সমগ্র অষ্টাধ্যায়ী অধ্যয়ন করে দেখা যাচ্ছে যে, পাণিনির যুগে চতুর্বর্ণের মধ্যে ব্রাহ্মণের স্থান ছিল সর্বগ্রাে, তবে কিছু আচারহীন নিন্দনীয় ব্রাহ্মণেরও ('ব্রহ্মবন্ধুতর', 'ব্রহ্মদুতম', কুব্রহ্ম, কুব্রহ্মা) পরিচয় পাওয়া যায়। সেই সময় চতুরাশ্রমের মধ্যে ব্রহ্মচর্য ছিল খুব উন্নত। মানুষের প্রধান জীবিকা কৃষি হলেও পাশাপাশি চর্মকার, তন্তুবায়, রজক ইত্যাদি বৃত্তির উল্লেখ আছে । তৎকালীন সময়ে মানুষের অবসর বিনোদনের জন্য মল্লযুদ্ধাদি ক্রীড়ার ব্যবস্থা ছিল এবং নাচ, গান, অভিনয় ছিল তাদের আমোদ প্রমোদের অঙ্গ । সেই সময় রোগীর চিকিৎসা ব্যবস্থা ও জড়ীবুটী থেকে ঔষুধ তৈরীর বিবরণও পাওয়া যায় । সেই সময় সমাজে যেমন বিভিন্ন অসামাজিক অপরাধমূলক কার্যের নিদর্শন মেলে তেমনি তার শাস্তি স্বরূপ দণ্ডবিধানের কথাও জানা যায় । আবার জানা যায় যে, সেই সময় বিধিবৎ পরিণীতা পত্নীই কেবল যজ্ঞানুষ্ঠানে পতির সহিত অংশ গ্রহণ করতে পারত , বিধিবাহ্য স্ত্রীর সেই অধিকার ছিল না । শিক্ষার ক্ষেত্রে নারীর সম্মানজনক স্থানটিও পাণিনির কলমে ফুটে উঠেছে । অতএব বলা যায় যে, পাণিনি সমাজ সম্পর্কে সচেতন ছিলেন বলেই সূত্রের কঠোর নিয়ম কানুনের মধ্যেও অতি সংক্ষিপ্তরূপে কোথাও স্পষ্টভাবে কোথাও পরোক্ষরূপে সমাজের বিভিন্ন দিকগুলি বিশ্লেষণ করার জন্যই তৎকালীন ভারতের একটা সুনির্দিষ্ট সমাজচিত্র পাণিনীয় ব্যাকরণশাস্ত্রে প্রতিফলিত হয়েছে ।

উল্লেখপঞ্জি

১. "Sanskrit has a scientific base which no other language in the world has including Greek, and Latin with which it has close affinity both in vocabulary, and grammar. This is largely due to its grammatical organization, particularly the Paninian tradition as formulated by Panini in his book, the Astadhyayi written about 2500 years ago, and divided into eight books of four chapters each. Panini's book is one of the greatest exhibits of human intellect. It is the first attempt in the history of the human mind to take a sort of "chemical analysis" of a language of scientific lines. His grammar is not only considered a masterpiece of close-reasoning and artistic arrangement, but remains till today unsurpassed in its economy of the words to describe linguistic features." – Sanskrit Grammar, Dr. Raja Ramana, Bhavan's Journal, p., - 1. (পাদটীকা- শশিভূষণ মিশ্র সম্পাদিত কারকপ্রকরণম্, বি. এন্. পাবলিকেশন্, কোলকাতা, 2016. পৃ.13.)।

২. পা. ৫।১।১২৮।

৩. পা. ৫।৪।৯।

৪. 'যেন ব্রহ্মণত্বাদিজাতির্ব্রাহ্মণ্যতে তদ্বদু ভবাম্ ।' - (কাশিকা, ৫।৪।৯)।

৫. 'নদ্যাঃ শেষস্যান্যতরস্যাম্' (৬।৩।৪৪)।

৫. 'কুমহজ্জামন্যাতরস্যাম্' (৫।৪।১০৫)।
৬. 'ব্রহ্মণো জানপদাখ্যায়াম্' (৫।৪।১০৪)।
৭. পা. ৫।১।৭।
৮. জনপদশব্দাৎ ক্ষত্রিয়াদণ্ডেঃ (৪।১।১৬৮)।
৯. পা. ৩।১।১০৩।
১০. "যৈর্ভক্তং পাত্ৰং ক্ষারোদকপ্রক্ষালনেন সংস্কারেণাপি ন শুধ্যত তে নিরবসিতাঃ , - চণ্ডালাদয়াঃ । যৈস্ত্ব ভক্তং পাত্ৰং সংস্কারেণ শুধ্যতি তেহনিরবসিতাঃ" ইতি ভাষ্যে স্পষ্টমা । - বালমনোরমা (২।৪।১০)।
১১. 'বর্ণাদ্ ব্রহ্মচারিণী' (৫।২।১৩৪)।
১২. 'গৃহপতিনা সংযুক্তে ঞ্জঃ' (৪।৪।৯০)।
১৩. 'সনাশংসভিক্ষ উঃ' (৩।২।১৬৮)।
১৪. 'মঙ্করমঙ্করিণী বেণুপরিব্রাজকয়োঃ' (৬।১।১৫৩)।
১৫. 'চরণে ব্রহ্মচারিণী' (৬।৩।৮৬)।
১৬. 'গোত্রান্তেবাসিমাণবব্রাহ্মণেষু ক্ষেপে' (৬।২।৬৯)।
১৭. 'ন দণ্ডমাণবান্তেবাসিস্ব' (৪।৩।১৩০)।
১৮. 'তদস্য ব্রহ্মচর্যম্' (৫।১।৯৪)।
১৯. "ব্রজঃকৃম্যাসুতিপরিষদো বলচ্" (৫।২।১১২)।
২০. "হলসুকরয়োঃ পুবঃ" (৩।২।১৮৩), "হলসীরাষ্টক্" (৪.৪.৮১)।
২১. পা. ৩।১।২১।
২২. পা. ৪।৪।৯৭।
২৩. "তস্য বাপঃ" (৫।১।৪৫)।
২৪. পা. ৪।৪।৮৮।
২৫. পা. ৪।৪।৯৭।
২৬. 'উবরং ক্ষেত্রম্' - কাশিকা । "উবর ইতি, উষঃ ক্ষারমৃত্তিকাবিশেষোহস্যাভীতি বিগ্রহঃ" - বালমনোরমা (৫।২।১০৭)।

୨୪. ପା. ୩।୩।୧୧୯।

୨୫. "ସୀତୟା ସମିତଂ ସୀତାଂ ହେତ୍ରମ୍" - କାଶିକା । (ପା. ୫।୫।୧୧୧)।

୩୦. ପା. ୫।୨।୨।

୩୧. ପା. ୫।୨।୩।

୩୨. ପା. ୫।୨।୫।

୩୩. ପା. ୩।୧।୧୫୫।

୩୪. ପା. ୩।୧।୧୫୬।

୩୫. ପା. ୫।୧।୧୫୫।

୩୬. ପା. ୬।୨।୧୭୬।

୩୭. ପା. ୩।୩।୧୫୨।

୩୮. ପା. ୬।୨।୧୩୩।

୩୯. ପା. ୩।୩।୧୧୯।

୪୦. ପା. ୫।୫।୧୩୩।

୪୧. ପା. ୫।୧।୧୩୦, ପା. ୫।୧।୧୨୦।

୪୨. ପା. ୫।୧।୧୨୧।

୪୩. ପା. ୫।୧।୧୨୨।

୪୪. ପା. ୫।୧।୧୩୫।

୪୫. ପା. ୫।୧।୧୭୭।

୪୬. ପା. ୫।୫।୧୩୭।

୪୭. ପା. ୫।୫।୧୫୯।

୪୮. ପା. ୫।୩।୧୧୦।

୪୯. ପା. ୧।୩।୧୦୫।

৫০. পা. ১।৪।২৮।

৫১. পা. ২।৩।৫৪।

৫২. পা. ২।৩।৫৬।

৫৩. পা. ২।১।৩৭।

৫৪. পা. ৩।১।২৭।

৫৫. পা. ৩।২।৫৩।

৫৬. পা. ৫।১।৪১, পা. ৫।১।৪২, পা. ১।৪।৯৭, পা. ২।৩।৯., পা. ৬।২।১৯।

৫৭. পা. ৫।১।১১২, পা. ৪।৪।১০১, পা. ৪।৪।৪৪।

৫৮. পা. ৬।২।৫৮।

৫৯. পা. ৬।২।৫৯।

৬০. পা. ৪।২।৩৯।

৬১. পা. ৫।১।১২৮।

৬২. অশ্বাপখাদিগণে পঠিত - পা. ৪।১।৮৪।

৬৩. 'বিবাদপদনির্ঘেতা লোকে স্থেয়ঃ ইতি প্রসিধঃ' - কাশিকা । "স্থেয়ো - বিবাদপদনির্ঘেতা, তিষ্ঠন্তেহস্থিন্ বিবাদপদনির্ময়ার্থমিতি ব্যুৎপত্তেঃ । বাহুল্যাদধিকরণে "অচো যত্" স্থেয়ো বিবাদস্থানস্য নির্ঘেতারি পুরোহিতে" ইতি মেদিনী ।"
- তত্ত্ববোধিনী। - পা. ১।৩।২৩।

৬৪. পা. ৩।২।১৪২।

৬৫. পা. ৩।২।১৪৬।

৬৬. পা. ২।৩।৩৯।

৬৭. পা. ৫।১।১২৫।

৬৮. 'লুপ্ত স্থেয়ো, চৌরাদিকাবিমৌ।' - তত্ত্ববোধিনী । পা. ৩।২।১৫৫।

৬৯. পা. ৩।২।৮৭।

৭০. পা. ৫।১।৬৬।

৭১. পা. ১।২।১৬।

৭২. পা. ১।৩।৫৬।

৭৩. "পানিগৃহীতি ভাৰ্য্যাম্ । পানিগৃহীতীতি । যস্যাঃ পানিরনিসাঙ্কিকং গৃহ্যতে তস্যাৎ বাচ্যায়াৎ পানিগৃহীতশব্দান্বিতব্ধব্য ইত্যর্থঃ । অনোতি কোতুকাদিনা পানিগৃহীতো যস্যা দাস্যাদেঃ সা পানিগৃহীতা ।"- *তত্ত্ববোধিনী*। - 'পানিগৃহীতী ভাৰ্য্যাম্' - *বাব্তিক*। পা. ৪।১।৫২।

৭৪. 'অপূৰ্বপতিঃ কুমারী পতিমুপপন্ন কৌমারী ভাৰ্য্য'- *সিদ্ধান্তকৌমুদী* । পা. ৪।২।১৩।

৭৫. পা. ৪।১।৩৩।

৭৬. 'আপিশলমধীতে ব্রাহ্মণী আপিশলা' - *ভাষ্য* ৪।১।১৪।

৭৭. পা. ৪।১।৪৯।

৭৮. পা. ৬।২।৮৬।

নিৰ্বাচিত গ্রন্থপঞ্জি

পানিনি। *অষ্টাধ্যায়ী*। সম্পা. সত্যনারায়ণ চক্রবর্তী। *অষ্টাধ্যায়ীসূত্রপাঠঃ* (বাব্তিক, গণপাঠ ও পানিনীয় শিক্ষা সহ)। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১২।

—। সম্পা. তপনশঙ্কর ভট্টাচার্য্য। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১২।

ভট্টোজিদীক্ষিত। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী*। সম্পা. সচ্চিদানন্দ মুখোপাধ্যায়। *বৈয়াকরণ সিদ্ধান্তকৌমুদী (কারক প্রকরণ)*। কলকাতা: সাহিত্য নিকেতন, ১৯৭১।

—। সম্পা. সচ্চিদানন্দ মুখোপাধ্যায়। *বৈয়াকরণ সিদ্ধান্তকৌমুদী (সমাস প্রকরণ)*। কলকাতা: সাহিত্য নিকেতন, ১৯৭২।

—। সম্পা. গিরিধর শর্মা এবং পরমেশ্বর শর্মা। *বৈয়াকরণ সিদ্ধান্তকৌমুদী* (বাসুদেব দীক্ষিত প্রণীত *বালমনোরমা*, জ্ঞানেন্দ্র সরস্বতী বিরচিত *তত্ত্ববোধিনী* সহ)। খণ্ড ১-৪। দিল্লী: মোতীলাল বেনারসীদাস, ১৯৭৭ (প্রথম ভাগ), ১৯৮২ (দ্বিতীয় ভাগ), ১৯৭৭ (তৃতীয় ভাগ), ১৯৭৯ (চতুর্থ ভাগ)।

—। সম্পা. বিশ্বরঞ্জন গোস্বামী। *বৈয়াকরণ সিদ্ধান্তকৌমুদী (কারক প্রকরণ)*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৮।

—। সম্পা. রামবিলাস চৌধুরী। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী (তদ্ধিতে মতুর্থীয় প্রকরণম্ এবং তিস্তে ভূ-এধ্ ধাতুব্বেচনম্)*। দিল্লী: মোতীলাল বেনারসী দাস, ২০০২।

- । সম্পা. করুণাসিন্ধু দাস। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী (সন্ধি-প্রকরণ)*। কলকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৪।
- । সম্পা. বিনোদলাল সেন ও সত্যরঞ্জন বন্দ্যোপাধ্যায় কর্তৃক ভূমিকা সম্বলিত। *সিদ্ধান্তকৌমুদী*। কলকাতা: সদেশ, ২০০৫।
- । সম্পা. পার্বতী চক্রবর্তী। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী (তদ্ধিত পর্যালোচনা - কতিপয় অর্থের প্রেক্ষাপটে)*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৪।
- । সম্পা. শশিভূষণ মিশ্র। *বৈয়াকরণ সিদ্ধান্তকৌমুদী (কারক প্রকরণ)*। কলকাতা: বি. এন. পাবলিকেশন্স, ২০১৬।
- দেবশর্মা (চক্রবর্তী), কালীজীবন। *শব্দশাস্ত্রের ইতিহাস*। কলকাতা : রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব রিসার্চ, ১৯৯৫।
- বন্দ্যোপাধ্যায়, ঈশ্বরচন্দ্র। *সমগ্র ব্যাকরণ-কৌমুদী*। সম্পা. হেমচন্দ্র ভট্টাচার্য্য। কলকাতা: চলন্তিকা প্রকাশক, ১৪১৮ বঙ্গাব্দ।
- বরদরাজ। *লঘুসিদ্ধান্তকৌমুদী*। সম্পা. তপনশঙ্কর ভট্টাচার্য্য। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১০।
- । সম্পা. ভীমসেন শাস্ত্রী। ১-৬ খণ্ড। ভৈরবী প্রকাশন, ২০১৭ (প্রথম ভাগ), ২০১৪ (দ্বিতীয় ভাগ), ২০১৫ (তৃতীয় ভাগ), ২০১৪ (চতুর্থভাগ), ২০১৫ (পঞ্চমভাগ), ২০১৭ (ষষ্ঠভাগ)।
- বামন ও জয়াদিত্য। *কাশিকা*। সম্পা. দ্বারিকাদাস শাস্ত্রী এবং কালিকাপ্রসাদ গুপ্ত। *কাশিকাবৃষ্টিঃ* (ন্যাস, পদমঞ্জরী ব্যাখ্যা সহ ছয় খণ্ডে প্রকাশিত)। বারাণসী: সুধীপ্রকাশন, ১৯৮৩।
- মিশ্র, গোপবন্ধু (সম্পা.)। *কৃৎ-প্রত্যয়বিশ্লেষণ*। বারাণসী: চৌখায়া বিদ্যাভবন, ২০১২।
- শাস্ত্রী, হরীকেশ ও প্রবোধচন্দ্র লাহিড়ী (সঙ্কলয়িতা)। *পাণিনীয়ম্*। কলকাতা: দি ঢাকা স্টুডেন্টস্ লাইব্রেরী, ২০১৬।
- ফলদার, গুরুপদ। *ব্যাকরণ দর্শনের ইতিহাস*। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০০৬।
- Kale, M.R. *A Higher Sanskrit Grammar*. Delhi/Patna/Varanasi: MLBD, 1986.
- Pāṇini. *Aṣṭādhyāyī*. Ed. Śrīśa Chandra Vasu. *Aṣṭādhyāyī of Pāṇini*. Vols. I and II. Delhi/Patna/Varanasi: MLBD, 1980.
- Whitney, William Dwight. *Sanskrit Grammar*. Delhi.

पाणिनीयव्याकरणे परिभाषापर्यालोचनम्

अरिन्दम-मण्डलः

संस्कृतसाहित्ये व्याकरणस्य स्थानम् अतीवोल्लेखयोग्यम् । वेदार्थज्ञानाय येषां शास्त्राणामावश्यकता भवति, तान्येव शास्त्राणि वेदाङ्गानि इति । षड् वेदाङ्गानि यथा – शिक्षा, कल्पः, व्याकरणम्, निरुक्तम्, छन्दः, ज्योतिषश्च । षड्वेदाङ्गेषु व्याकरणमेव मुख्यम् । महाभाष्यकारेण पतञ्जलिना उक्तम् – ‘प्रधानं च षट्ष्वङ्गेषु व्याकरणम् । प्रधाने च कृतो यत्नः फलवान् भवति’ इति । उक्तञ्च पाणिनीयशिक्षायामपि ‘मुखं व्याकरणं स्मृतम्’ इति । अर्थात् वेदाङ्गेषु व्याकरणं वेदपुरुषस्य मुखस्वरूपमिति कल्पितम् । ऋग्वैदिककालतः लौकिकसंस्कृतेऽपि व्याकरणशास्त्रस्य निर्देशः समुपलभ्यते । वस्तुतः व्याकरणशब्दस्यार्थस्तावत् ‘विश्लेषणम्’ । व्याकरणज्ञानं विना भाषायाः यथार्थबोधः कालान्तरेऽपि न सम्भवति ।

व्याकरणस्य मुख्यतः प्रयोजनद्वयं वर्तते – दृष्टमदृष्टञ्चेति । भाष्याशयानुसारं दृष्टप्रयोजनं पुनः द्विविधम् – मुख्यप्रयोजनं गौणप्रयोजनञ्चेति । मुख्यप्रयोजनानि पुनः पञ्च – रक्षा, ऊहः, आगमः, लघुः, असन्देहश्चेति । तथाहि भाष्ये – ‘रक्षोहागमलघ्वसन्देहाः प्रयोजनम्’ इति । अत्र शास्त्रेषु यदि कुत्रापि सन्देहः स्यात् तर्हि शास्त्रमशास्त्रमिति न मन्तव्यम्, तत्र ‘व्याख्यानतो विशेषप्रतिपत्तिर्न हि सन्देहादलक्षणम्’ इति परिभाषापरिष्कृतार्थवलात् । अतः असन्देहार्थं व्याकरणम् अवश्यपठनीयम् । ‘व्याकरण’शब्देन शब्दशास्त्रामपि व्यपदिष्यते । तथोक्तं वाक्यपदीयकारेण – ‘साधुत्वज्ञानविषया सैषा व्याकरणस्मृतिः’ इति ।

संस्कृतव्याकरणसाहित्ये येषां व्याकरणानां नामोल्लेखं परिदृश्यन्ते तानि खलु प्राक्पाणिनीय-पाणिनीय-अपाणिनीय(पाणिनिपरवर्ती)व्याकरणानि । अस्माकं वङ्गप्रदेशे बहुविधेषु व्याकरणशास्त्रेषु पाणिनिव्याकरणस्य प्राधान्यं सर्वोत्कृष्टम् । पाणिनीयं व्याकरणं खलु त्रिमुनिव्याकरणमेव । त्रिमुनिव्याकरणस्य मुनित्रयं भवति – सूत्रकारः पाणिनिः, वार्तिककारः कात्यायनः, भाष्यकारः पतञ्जलिश्च । अस्मिन् विषये उक्तमस्ति –

वाक्यकारं वररुचिं भाष्यकारं पतञ्जलिम् ।

पाणिनिं सूत्रकारञ्च प्रणतोऽस्मि मुनित्रयम् ॥^१

त्रिमुनिव्याकरणस्य प्रधानो ग्रन्थो अष्टाध्यायी इति, महर्षिपाणिनिविरचितः सूत्रमूलको वैज्ञानिकग्रन्थोऽयम् । अस्मिन् ग्रन्थे प्रायः चतुःसहस्राणि सूत्राणि सन्ति । एतेषां सूत्राणामाधारेण संस्कृतभाषायाः सर्वे शब्दाः अनुशिष्यन्ते । ‘आदेच उपदेशोऽशिति’ इति सूत्रभाष्ये सूत्राण्युपदेशरूपेण उल्लिख्यन्ते स्म । तथा हि –

धातुसूत्रगणोणादिवाक्यलिङ्गानुशासनम् ।
आगमप्रत्ययादेशाः उपदेशाः प्रकीर्तिताः ॥

खि. त्रयोदशशतके गोयीचन्द्रेणोक्तं सूत्रं षड्विधं भवति -

संज्ञा च परिभाषा च विधिर्नियम एव च ।
अतिदेशोऽधिकारश्च षड्विधं सूत्रलक्षणम् ॥

अर्थात् संज्ञा-परिभाषा-विधि-नियम-अतिदेश-अधिकारभेदात् सूत्रं षड्विधं भवति । महामुनिपाणिनिना 'परिभाषा' इति नाम नोच्चारितम्, तस्य लक्षणमपि न प्रदत्तम् । तथापि परवर्तिनः आचार्याः परिभाषापदार्थनिरूपणे लेखनीं व्यापारयामासुः । इमां परिभाषामाश्रित्य व्याकरणनिकाये बहुनि शास्त्राणि रचितानि परिभाषेन्दुशेखरात् पूर्वं प्रायः षड्विंशत्यवृत्तिग्रन्थाः रचिताः, तत्परं परिभाषाभास्कर इति वृत्तिः रचिता ।

